লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

HSC সৃজনশীল

# সেইভ ইজি টু টেস্ট পেপারস

## হিসাববিজ্ঞান

দ্বিতীয় পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

## ঢাকা বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** কখগ কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**কখগ কোম্পানি লি. এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২৩) | ৩৫,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ১,৩৮,০০০ | ২,০৭,০০০ |
| শেয়ার অধিহার | | ৩০,০০০ |
| ১০% বিনিয়োগ | ১,০০,০০০ | |
| দালানকোঠা | ১,০০,০০০ | |
| সুনাম | ২০,০০০ | |
| মজুরি | ৪০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৫০,০০০ | ৫০,০০০ |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ২০,০০০ | ২৫,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | | ১৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ২৫,০০০ |
| ১৫% ঋণপত্র | | ৬০,০০০ |
| আয়কর | ৭,০০০ | |
| নগদ তহবিল | ৩০,০০০ | |
| আসবাবপত্র | ৩৫,০০০ | |
| শেয়ার মূলধন (২০,০০০ শেয়ার এবং তলবকৃত ৮ টাকা) | | ১,৬০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের | | ২৮,০০০ |
| | ৬,০০,০০০ | ৬,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৪০,০০০ টাকা; (২) বকেয়া মজুরি ৫,০০০ টাকা; (৩) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধার্য করতে হবে; (৪) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২
খ. আয় বিবরণীর মাধ্যমে মোট লাভ বা মোট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীর মাধ্যমে কোম্পানির মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

**২ ▸** মুন কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন ৮,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**মুন কোম্পানি লি.-এর**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ উদ্বৃত্ত | ১০,০০০ | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| শেয়ার অধিহার | | ৩৮,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ১০,০০০ |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ২০,০০০ | ১৫,০০০ |
| ইজারা সম্পদ (১০ বছর) | ২,০০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২৩) | ৩০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ১,২০,০০০ | ২,৭০,০০০ |
| ক্রয় পরিবহন | ১০,০০০ | |
| মজুরি | ১৫,০০০ | |
| বেতন | ২৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬৫,০০০ | ৫,০০০ |
| প্রদেয় বিল | | ৪,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ১৫,০০০ |
| পেনশন তহবিল | | ৩,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১৩,০০০ |
| ১০% ঋণপত্র | | ২০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের (১-১-২৩) | | ২২,০০০ |
| শেয়ার মূলধন (২০,০০০ শেয়ার) | | ২,০০,০০০ |
| | ৬,১৫,০০০ | ৬,১৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৩০,০০০ টাকা যার বাজারমূল্য ২৮,০০০ টাকা; (২) ঋণপত্রের সুদ বকেয়া রয়েছে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিলে ১০,০০০ টাকা স্থানান্তর কর; (৪) পেনশন তহবিলে ৫,০০০ টাকা স্থানান্তর কর; (৫) শেয়ার মূলধনের ১০% হারে চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. নিট মুনাফা ৯৫,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪
গ. কোম্পানির মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩ ▸** A ও B একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা। তারা কারবারের লাভ-ক্ষতি মূলধন অনুপাতে বণ্টন করে নেয়। ব্যবসায় পরিচালনার জন্য B প্রত্যেক মাসে ২,৫০০ টাকা করে বেতন পাবে। A ও B প্রত্যেক মাসের প্রথম তারিখে নগদ ১,০০০ টাকা ও ৮০০ টাকা উত্তোলন করে। নগদ উত্তোলন ছাড়াও A ২,০০০ টাকার পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি। মূলধন ও নগদ উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে।

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট মুনাফা দাঁড়ায় ৬৫,১০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের লাভ-ক্ষতি আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▸** পদ্মা কোম্পানি লি. ১০০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ারে বিভক্ত, যা ৬০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি এর ১০,০০০ শেয়ার ১০% অধিহারে ইস্যু করে। মোট ১১,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি ১০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বণ্টন করে। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের মধ্যে ফেরত দেওয়া হলো।

ক. শেয়ার প্রতি অধিহার এবং অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ মোহনা লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণীর তথ্যসমূহ নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩০,০০০ | আসবাবপত্র | ২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১৯,০০০ | মেশিন | ১৫,০০০ |
| সংরক্ষিত আয় | ১,০০০ | সমাপনী মজুদ | ২০,০০০ |
| ১৫% ঋণপত্র | ২০,০০০ | প্রাপ্য হিসাব | ৮,০০০ |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | প্রাপ্য বিল | ৭,০০০ |
| প্রদেয় বিল | ৫,০০০ | নগদ তহবিল | ৫,০০০ |
| | | শেয়ার অবহার | ১০,০০০ |

ক. চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ অফিস কর্মচারী A ও B এর ২০২৩ সালের জুন মাসের বেতনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | A টাকা | B টাকা |
|---|---|---|
| মূল বেতন | ১২,০০০ | ১৪,০০০ |
| বাড়িভাড়া (মূল বেতনের) | ৩০% | ৩০% |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ১৫% | ১৫% |
| ওভার টাইম (ঘণ্টা) | ২০ | ১৫ |
| প্রভিডেন্ট ফান্ডে চাঁদা (মূল বেতনের) | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে চাঁদা (মূল বেতনের) | ৫% | ৫% |

উক্ত মাসে স্বাভাবিক কর্মঘণ্টা ছিল ২০০ ঘণ্টা।
ওভার টাইম বেতন স্বাভাবিক বেতনের দ্বিগুণ।

ক. ওভার টাইম বেতনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কর্মচারীদের মোট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. কর্মচারীদের মোট কর্তন ও নিট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ মেঘনা লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | ৬,০০০ |
| কাঁচামালের সমাপনী মজুদ | ৮,০০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ৭,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৩২,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ২৫,০০০ |
| কারখানা উপরিব্যয় | ১৫,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ২৫,০০০ |
| বিক্রয় খরচ | ১৫,০০০ |
| বিক্রয়মূল্য | ১,৫১,২৫০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. উৎপাদন ব্যয় বিবরণীর মাধ্যমে নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ কখগ কোম্পানি লি. এর ২০২৩ সালের মে মাসের কাঁচামাল ক্রয় ও কারখানায় ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

২০২৩
মে ১ প্রারম্ভিক মজুদ প্রতি একক ৪ টাকা দরে ১,২০০ একক।
" ৫ কাঁচামাল ক্রয় প্রতি একক পাঁচ টাকা দরে ১,০০০ একক।
" ১০ কারখানায় ইস্যু ৫০০ একক।
" ২০ কাঁচামাল ক্রয় প্রতি একক ৭ টাকা দরে ৮০০ একক।
" ৩০ কারখানায় ইস্যু ৯০০ একক।

ক. বিক্রয়যোগ্য পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

৯ ▸ X ও Y একটি অংশীদারি কারবারের দুজন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা। তারা কারবারের লাভ-ক্ষতি ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়।

Y বছরে ১০,০০০ টাকা বেতনস্বরূপ পাবে। ১ জুলাই তারিখে X ৫০,০০০ টাকা কারবারে অতিরিক্ত মূলধন প্রদান করে এবং Y কারবারে ৪০,০০০ টাকা ঋণ প্রদান করে। X ও Y সারা বছরে কারবার থেকে যথাক্রমে নগদ ৩০,০০০ টাকা ও ২৪,০০০ টাকা উত্তোলন করে। মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে।

Y এর বেতন ডেবিট করার পর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারে নিট মুনাফা দাঁড়ায় ৫২,৯০০ টাকা।

ক. উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের লাভ-ক্ষতি আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ সান কোম্পানি লি. প্রতিটি ২০ টাকা মূল্যের ৭৫,০০০ শেয়ারে বিভক্ত ১৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি এর ২০,০০০ শেয়ার ১০% অবহারে ইস্যু করে। ১৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল এবং সংশ্লিষ্ট আবেদনকারীদের মধ্যে বণ্টন করে। কোম্পানি শেয়ার প্রতি ২ টাকা করে অবলেখকের কমিশন প্রদান করে।

ক. শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

১১ ▸ ওমেগা কোম্পানি লিমিটেডের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| | |
|---|---|
| চলতি সম্পত্তি | ২,০০,০০০ টাকা |
| চলতি দায় | ১,০০,০০০ টাকা |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ টাকা |
| মজুদ পণ্য | ৪০,০০০ টাকা |
| ১০% ঋণপত্র | ১,০০,০০০ টাকা |
| বিক্রয় | ২,০০,০০০ টাকা |
| মোট লাভ | ৪০,০০০ টাকা |
| শেয়ার মূলধন | ২,০০,০০০ টাকা |
| সঞ্চিতি তহবিল | ৭০,০০০ টাকা |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ টাকা |

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪
গ. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় এবং মন্তব্য কর। ৪

# রাজশাহী বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

**১ ▸** রাবেয়া কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ২০,০০,০০০ টাকা; যা প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত, ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**রাবেয়া লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮০,০০০ শেয়ার) | | ৮,০০,০০০ |
| ১২% ঋণপত্র (৩০-৬-২৩) | | ২,০০,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৮,৬০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৭৫,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ৪,৫০,০০০ | ৮,৯০,০০০ |
| পণ্য ফেরত | ১৫,০০০ | ১০,৫০০ |
| আমদানি শুল্ক | ৫০,০০০ | |
| সাধারণ খরচ | ২০,০০০ | |
| বেতন খরচ | ১,২০,০০০ | |
| ভাড়া খরচ | ৪৫,০০০ | |
| অনাদায়ি পাওনা ও অনাদায়ি পাওনা সঞ্চিতি | ১৫,০০০ | ১২,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | ৮০,০০০ |
| নগদ তহবিল | ১৪,০০০ | |
| আন্তঃপরিবহন | ১,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-৭-২২) | ৮০,০০০ | |
| বাট্টা | ২,০০০ | ৪,৫০০ |
| | ১৯,৯৭,০০০ | ১৯,৯৭,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২,২০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; যার মধ্যে ৬,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত রয়েছে; (২) ভাড়া প্রদানের মাসিক হার ৩,৫০০ টাকা; (৩) অনাদায়ি পাওনা সঞ্চিতি ৪,০০০ টাকা দ্বারা বৃদ্ধি করতে হবে; (৪) ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (৫) কলকব্জা ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. অনাদায়ি পাওনা বাবদ চলতি বছরের খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কোম্পানির মোট লাভের পরিমাণ ৪,০৩,৫০০ টাকা ধরে সমাপ্ত বছরের নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

**২ ▸** এন. আর. এস কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৬০,০০০ শেয়ার) | | ৬,০০,০০০ |
| মজুদ পণ্য (১-১-২৩) | ১,৯৩,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৪,০৫,০০০ | ৫,৬০,০০০ |
| বেতন | ৫৯,০০০ | |
| মজুরি | ৩০,০০০ | |
| বিজ্ঞাপন | ৬০,০০০ | |
| প্রাথমিক খরচাবলি | ২৮,০০০ | |
| সংরক্ষিত আয় বিবরণীর জের (১-১-২৩) | | ৭৫,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২,০০,০০০ | ৬০,০০০ |
| নগদ ও ব্যাংক উদ্বৃত্ত | ৬৯,০০০ | |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ৭০,০০০ |
| ইজারা সম্পদ (৫ বছররের জন্য) | ৫০,০০০ | |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৬,০০০ | ৫,০০০ |
| অফিস সরঞ্জাম | ৯০,০০০ | |
| ১২% বিনিয়োগ | ১,৫০,০০০ | |
| | ১৩,৭০,০০০ | ১৩,৭০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১,৮৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার বাজারমূল্য ২,২০,০০০ টাকা; (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ২০,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপন খরচকে পর পর চারটি আর্থিক বছরে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (৩) শেয়ার প্রতি ১ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (৪) সাধারণ সঞ্চিতি তহবিল ১,০০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৫) শ্রমিকদের মুনাফা অংশীদারিত্ব তহবিলে নিট লাভের ১০% স্থানান্তর করতে হবে।

ক. বিলম্বিত বিজ্ঞানের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট লাভ ৬৬,০০০ টাকা ধরে কোম্পানির সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগ

**৩ ▸** ইমন, খালেদ ও শারফি একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৪ ঃ ৩ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। চুক্তি অনুযায়ী খালেদ মাসিক ৩,০০০ টাকা করে বেতন পাবেন এবং অংশীদারগণের মূলধন ও উত্তোলনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের নিম্নোক্ত হিসাব উদ্বৃত্তসমূহ ছিল :

| | | |
|---|---|---|
| মূলধন : | ইমন | ১,৮০,০০০ টাকা |
| | খালেদ | ১,৪০,০০০ টাকা |
| | শারফি | ৮০,০০০ টাকা |
| চলতি হিসাব : | ইমন | ১৪,০০০ টাকা (ক্রেডিট) |
| | খালেদ | ৬,০০০ টাকা (ডেবিট) |
| | শারফি | ৮,০০০ টাকা (ক্রেডিট) |

খালেদের ঋণ হিসাবের উদ্বৃত্ত ছিল ২০,০০০ টাকা

সারা বছরে তাদের উত্তোলনের পরিমাণ ছিল ইমন ২০,০০০ টাকা, খালেদ ১৪,০০০ টাকা ও শারফি ৮,০০০ টাকা। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে কিন্তু খালেদ এর বেতন ডেবিট করার পর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ ৮০,৭০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারগণের উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারগণের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. ইমন ও খালেদের চলতি হিসাব প্রস্তুত কর। [মুনাফার অংশ ইমন ২০,৮০০ টাকা ও খালেদ ১৫,৬০০ টাকা ধরে।] ৪

**৪ ▸** মাহদি কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৮০% শেয়ার প্রতি শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের জন্য আবেদনপত্র আহ্বান করে। জনসাধারণের নিকট হতে ৩,৫০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি যথারীতি ইস্যুকৃত সমস্ত শেয়ার বিলি করল। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের মধ্যে ফেরত দেওয়া হলো। কোম্পানি শেয়ার প্রতি ০.২৫ টাকা করে ব্যাংক চার্জ প্রদান করে।

ক. ইস্যুকৃত শেয়ার সংখ্যা ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। [ব্যাংক জমার উদ্বৃত্ত ৩৪,৪০,০০০ টাকা] ৪

**৫ ▸** ২০২৩ সালের সালমান লি. এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২৩

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৮,৭৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৫০,০০০ | আসবাবপত্র | ২,৫০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের | ১,০০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ৫০,০০০ |
| ৬% ঋণপত্র | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,১০,০০০ | নগদ জমা | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২৫,০০০ | প্রাপ্য নোটস | ২০,০০০ |
| বকেয়া খরচাবলি | ১৫,০০০ | অবলেখকের কমিশন | ৫,০০০ |
| | ১৫,০০,০০০ | | ১৫,০০,০০০ |

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. মালিকানা-মোট সম্পদ অনুপাত এবং দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**৬ ▸** নাফি এন্ড ব্রাদার্স লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামালের ব্যয় | ৫,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ২,০০,০০০ |
| অফিস ও প্রশাসনিক উপরিব্যয় | ১,৫০,০০০ |

ক. উপর্যুক্ত তথ্য হতে প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুতপূর্বক কারখানা ব্যয়ের ওপর অফিস ও প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের সাহায্যে একটি দরপত্র মূল্য নির্ণয় কর যার জন্য কাঁচামাল ব্যয় ১,০০,০০০ টাকা ও মজুরি ব্যয় ৮০,০০০ টাকা হবে। প্রতিষ্ঠানটি বিক্রয়মূল্যের ওপর ২০% মুনাফা অর্জন করতে চায়। ৪

**৭ ▸** ২০২৩ সালের জুন মাসের ফখরুল লি. এর দুইজন কর্মীর বেতনসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | শাহীন | রিপন |
|---|---|---|
| মূল বেতন | ৩০,০০০ টাকা | ২৪,০০০ টাকা |
| মহার্ঘভাতা [মূল বেতনের] | ১০% | ১০% |
| বাড়িভাড়া ভাতা [মূল বেতনের] | ৪০% | ৪০% |
| উৎসব ভাতা | ১৫,০০০ টাকা | ১২,০০০ টাকা |
| প্রভিডেন্ট ফান্ডে নিয়োগ কর্তা ও কর্মীর দান [মূল বেতনের] | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে চাঁদা [মূল বেতনের] | ২% | ২% |

শাহীন ৩ দিন ও রিপন ২ দিন বিনা বেতনে ছুটি কাটিয়েছেন।

ক. বিনা বেতনে ছুটি বাবদ মোট কর্তনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কর্মীদের মোট অর্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কর্মীদের মোট কর্তন ও নিট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

**৮ ▸** সোনিয়া ট্রেডার্স-এর ২০২৩ সালের জুলাই মাসের কাঁচামাল ক্রয় ও ইস্যু সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

জুলাই ১ প্রারম্ভিক উদ্বৃত্ত প্রতি একক ১০ টাকা দরে ৭০০ একক।
" ৩ কাঁচামাল ক্রয় প্রতি একক ১২ টাকা দরে ১,২০০ একক।
" ৭ কারখানায় ইস্যু ৯০০ একক।
" ১২ কাঁচামাল ক্রয় প্রতি একক ১৫ টাকা দরে ৮০০ একক।
" ১৮ কারখানায় ইস্যু ১,৫০০ একক।
" ২৫ সরবরাহকারীকে ফেরত ১০০ একক। (জুলাই ১২ তারিখে ক্রয়কৃত)
" ৩১ সমাপনী কাঁচামালের মজুদ ১৫০ একক।

ক. মাসের শেষে ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**৯ ▸** তারিক, মিলি ও মাওলা একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তারিক ২,০০,০০০ টাকা; মিলি ১,৫০,০০০ টাকা ও মাওলা ১,০০,০০০ টাকা মূলধন বিনিয়োগ করে ব্যবসায় শুরু করেন। চুক্তি অনুযায়ী অংশীদারগণের মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করতে হবে। মিলি ব্যবসায়ের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মাসিক ৪,০০০ টাকা করে বেতন পাবে যা নগদে তুলে নেয়। প্রতি মাসের শুরুতে তারিক ১,২০০ টাকা, প্রতি মাসের মাঝামাঝি মিলি ১,০০০ টাকা ও প্রতি মাসের শেষে মাওলা ৮০০ টাকা করে নগদ উত্তোলন করেন। এছাড়াও মাওলা ১,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন যা হিসাবভুক্ত হয়নি। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট মুনাফা ১,৪১,০০০ টাকায় উপনীত হয়। তারিক ও মাওলা মিলিকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেন যে, মিলি মুনাফার অংশ বাবদ কমপক্ষে ৩০,০০০ টাকা পাবেন।

ক. অংশীদারগণের উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**১০ ▸** আছিয়া লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ইহার ৭০,০০০ শেয়ার প্রতি শেয়ার ১০% অবহারে জনগণের কাছে বিক্রয়ের উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। জনগণের নিকট হতে ৬০,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া যায় এবং যথারীতি বিলি করা হয়। কোম্পানি সমমূল্যে ১০,০০০ শেয়ারের বিনিময়ে সায়মা লি. হতে একটি কম্পিউটার ক্রয় করেন।

ক. শেয়ার প্রতি অবহার এবং মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। [ব্যাংক জমার উদ্বৃত্ত ৫,৪০,০০০ টাকা] ৪

**১১ ▸** এ.এস.আর লি.-এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**এ.এস.আর লি.**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২৩

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৪,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ২,৫০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার মূলধন | ২,০০,০০০ | কলকজা ও যন্ত্রপাতি | ৩,০০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের | ৪০,০০০ | মজুদ পণ্য | ১,২০,০০০ |
| ১২% ঋণপত্র | ৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ৮০,০০০ | নগদ তহবিল | ৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৪০,০০০ | অগ্রিম খরচাবলি | ৩০,০০০ |
| | ৮,১০,০০০ | | ৮,১০,০০০ |

উক্ত বছরে কোম্পানির মোট বিক্রয়ের পরিমাণ ১২,০০,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ৮,৪০,০০০ টাকা এবং পরিচালন খরচের পরিমাণ ১,৮৬,০০০ টাকা।

ক. কোম্পানির মোট লাভ অনুপাত নির্ণয় কর। ২

খ. নিট লাভ অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. কোম্পানির তারল্য অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

# যশোর বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

**১ ▸** ছন্দ লিমিটেডের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**ছন্দ লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ২,৩০,০০০ | ৩,৪০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২,০০,০০০ | ৫০,০০০ |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ার) | | ৩,০০,০০০ |
| ১০% বিনিয়োগ (১-৭-২৩) | ৮৫,০০০ | |
| প্রাথমিক খরচ | ২০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| শেয়ার অধিহার | | ১৫,০০০ |
| মজুরি | ৮,০০০ | |
| বেতন (১০ মাস) | ১৫,০০০ | |
| রক্ষিত আয়ের উদ্বৃত্ত (১-১-২৩) | | ৪৫,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ২২,০০০ | |
| ব্যাংক জমা | ৩০,০০০ | |
| | ৭,৫০,০০০ | ৭,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা; (২) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ১০,০০০ টাকা; (৩) অলিখিত ক্রয় ২০,০০০ টাকা; (৪) আসবাবপত্রের ওপর ১০% অবচয় ধরতে হবে; (৫) শেয়ার প্রতি ১ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির মোট লাভ ১,০২,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় কর। ৪

গ. কোম্পানির রক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ৬৪,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব ও মোট দায় নির্ণয় কর। ৪

**২ ▸** মাধবী লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যে ৩,০০,০০০ শেয়ারে নিবন্ধিত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**মাধবী লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ১০,০০,০০০ | শেয়ার মূলধন | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫,০০,০০০ | (প্রতিটি ১০ টাকা | |
| মজুরি ও বেতন | ৩০,০০০ | মূল্যের | |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | ২,০০,০০০ শেয়ার) | ২০,০০,০০০ |
| আন্তঃপরিবহন | ৮,০০০ | বিক্রয় | ১২,০০,০০০ |
| বহিঃপরিবহন | ৭,০০০ | উপভাড়া (১০ মাসের) | ৬০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,০৫,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| হাতে নগদ | ১৫,০০,০০০ | | |
| | ৩৩,০০,০০০ | | ৩৩,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪,০০,০০০ টাকা মূল্যায়ন করা হয়; (২) মজুরি ও বেতন ৪,০০০ টাকা বকেয়া রয়েছে; (৩) মোট বিজ্ঞাপন খরচের ৪/৫ অংশ বিলম্বিত করতে হবে; (৪) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

## খ বিভাগ

**৩ ▸** নদী লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,২০,০০০ শেয়ারে বিভক্ত ১২,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি এর ১,০০,০০০ শেয়ার ২ টাকা অধিহারে ইস্যু করে ১,২০,০০০ শেয়ারের আবেদনপত্র পেল। ইস্যুকৃত শেয়ার যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৪ ▸** মডার্ন কোম্পানি লিমিটেড প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যে ৫০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত। কোম্পানি ১০% অবহারে অনুমোদিত মূলধনের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের ২৫% অতিরিক্ত আবেদন পাওয়া যায়। শেয়ারগুলো যথাযথভাবে বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়। কোম্পানি জমি ক্রয়ের জন্য স্কয়ার কোম্পানির বরাবর অবহারসহ ১০,০০০ শেয়ার ইস্যু করা হয়।

ক. জমির ক্রয়মূল্য নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

গ. কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব ও শেয়ার অবহার হিসাব তৈরি কর। ৪

**৫ ▸** প্রতীক লিমিটেডের কারখানায় ২০২৩ সালের জুন মাসে কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নরূপ :

জুন ১ প্রারম্ভিক জের ১,০০০ একক ১০ টাকা হারে

| | | | |
|---|---|---|---|
| ” | ৫ | ক্রয় | ৮৫০ একক ১১ টাকা হারে |
| ” | ৮ | ইস্যু | ৪৫০ একক |
| ” | ১২ | ইস্যু | ১,২০০ একক |
| ” | ১৫ | ক্রয় | ৯০০ একক ১২ টাকা হারে |
| ” | ২৫ | ইস্যু | ৮০০ একক |
| ” | ৩০ | সমাপনী মজুদ | ৩০০ একক |

ক. অতিরিক্ত অথবা ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

**৬** ▸ একটি কারখানায় ৫০ জন শ্রমিক সপ্তাহে ৪৮ ঘণ্টা কাজ করেন। ঘণ্টা প্রতি তারা ১০ টাকা হারে স্বাভাবিক মজুরি পান। ২০২৩ সালের এপ্রিল মাসের প্রথম সপ্তাহে কারখানাটি ৬০ ঘণ্টা চালু ছিল। ওভারটাইম মজুরির হার স্বাভাবিক মজুরির দ্বিগুণ। শ্রমিকগণ নিয়মিত মজুরির ৫০% বাড়িভাড়া ভাতা, ২০% যাতায়াত ভাতা, ১০% টিফিন ভাতা এবং ৫% চিকিৎসা ভাতা পান। শ্রমিকগণ স্বাভাবিক মজুরির ১০% ভবিষ্য তহবিলে এবং ২% কল্যাণ তহবিলে দান করেন।

ক. ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. শ্রমিকদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. শ্রমিকদের নিট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

**৭** ▸ সান কোম্পানির উৎপাদন বিভাগ থেকে প্রাপ্ত কাঁচামালসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

SURE SUCCESS

২০২৩

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০ কেজি প্রতি কেজি ২০০ টাকা |
| ” | ৮ | কাঁচামাল ক্রয় ৭০ কেজি প্রতি কেজি ১৫০ টাকা |
| ” | ১৫ | কারখানায় ইস্যু ৯০ কেজি |
| ” | ২০ | কাঁচামাল ক্রয় ৪০ কেজি প্রতি কেজি ১০০ টাকা |
| ” | ২৫ | কারখানায় ইস্যু ৫৫ কেজি |

ক. সমাপনী কাঁচামালের (একক) পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রয়যোগ্য মালের মূল্য নির্ণয় কর। ৪

গ. FIFO পদ্ধতিতে সমাপনী কাঁচামালের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ৪

**৮** ▸ মুন ফার্নিচার কোম্পানি ২০২৩ সালের এপ্রিল মাসের উৎপাদনসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

প্রারম্ভিক মজুদ ৮০০ একক প্রতি একক ১,০০০ টাকা। উৎপাদন ১,০০০ একক, বিক্রয় ১,৫০০ একক, প্রতি একক ৪,০০০ টাকা। প্রত্যক্ষ মাল ১,৫০০ টাকা প্রতি একক। প্রত্যক্ষ শ্রম ১,২০০ টাকা, প্রতি একক কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ শ্রমের ৭৫%, প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ২৫% এবং বিক্রয় খরচ ৭৫,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. একটি আয়-বিবরণী তৈরি কর। ৪

**৯** ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেখা লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেওয়া হলো :

| দায় ও মূলধন | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৭৫,০০০ | ভূমি ও দালান | ৪০,০০০ |
| সংরক্ষিত আয় | ২৫,০০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ৩০,০০০ |
| ১০% ঋণপত্র | ৩০,০০০ | হাতে নগদ | ৩০,০০০ |
| | | প্রাথমিক খরচ | ১০,০০০ |
| | ১,৬০,০০০ | | ১,৬০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৪,৫০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% মুনাফা ধরে পণ্য বিক্রয় করা হয়েছে। ব্যবসায়ের পরিচালন ব্যয়ের পরিমাণ ৩০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত ও চলতি অনুপাত নির্ণয় কর। ৪

**১০** ▸ বাদশা লিমিটেডের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থা নিম্নরূপ :

**বাদশা লিমিটেড**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২৩

| দায় ও মূলধন | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,৫০,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৮০,০০০ |
| ১০% ঋণপত্র | ৫০,০০০ | যন্ত্রপাতি | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৭০,০০০ |
| ব্যাংকে জমাতিরিক্ত | ২০,০০০ | হাতে নগদ | ২০,০০০ |
| | ৪,৭০,০০০ | | ৪,৭০,০০০ |

বছরের শেষে নিট লাভ ১,০০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধন নির্ণয় কর। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত এবং ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. মালিকানা অনুপাত এবং বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

**১১** ▸ সান ও মুন একটি অংশীদারি কারবারের দু'জন অংশীদার। তাদের লাভ লোকসান বণ্টনের অনুপাত ৭ ঃ ৩। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ১,৮০,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। সান প্রতি মাসে ২,০০০ টাকা বেতন পাবে। সারা বছর ধরে অংশীদারদগণ প্রতিমাসের শেষে ব্যবসায় থেকে যথাক্রমে ১,৮০০ টাকা ও ১,০০০ টাকা নগদে উত্তোলন করেন। ১ জুলাই তারিখে মুন ২০,০০০ টাকা ঋণ হিসেবে প্রদান করে সান এর বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য বিষয়সমূহ বিবেচনা করার পূর্বে ব্যবসায়ের নিট লাভের পরিমাণ ছিল ১,৬০,০০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট | হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১ ▸ **কোহিনুর কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সুনাম | ৫০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,৩০,০০০ | |
| বিনিয়োগ | ২,২০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | ২০,০০০ | |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৩০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ৭৫,০০০ | |
| ডক চার্জ | ২,০০০ | |
| জাহাজ ভাড়া | ৩,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা করে) | | ৩,০০,০০০ |
| শেয়ার অধিহার | | ৩০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ২৫,০০০ |
| দাবিহীন লভ্যাংশ | | ৮,০০০ |
| ঋণপত্র | | ৪০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩৫,০০০ |
| সংরক্ষিত আয় | | ৩২,৫০০ |
| বিক্রয় (১৫% ভ্যাটসহ) | | ৩,৭৯,৫০০ |
| | ৮,৫০,০০০ | ৮,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ ৯৫,০০০ টাকা; (২) শেয়ার মূলধনের ওপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি ৫৫,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি ১৫,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. চলতি বছরের মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর সংরক্ষিত আয় বিবরণীর জের ১,৪৮,৫০০ টাকা ধরে মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ **তামান্না কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতি | ১,৫০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৩,৫০,০০০ |
| প্রারম্ভিক মজুদ | ৬০,৫০০ | |
| ক্রয় | ৪,০২,০০০ | |
| বিক্রয় | | ৫,৪৪,৫০০ |
| ফেরত | ১০,০০০ | ৮,০০০ |
| প্রাপ্য হিসাব | ৭০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৮২,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ২২,০০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০৯-২০২৩) | ১,২০,০০০ | |
| আসবাবপত্র | ১,১০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৩,০০০ | |
| বেতন (৯ মাসের) | ১৮,০০০ | |
| বহিঃপরিবহন | ৭,০০০ | |
| মজুরি | ১২,০০০ | |
| | ৯,৮৪,৫০০ | ৯,৮৪,৫০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ ৭০,৫০০ টাকা; (২) আসবাবপত্র ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৩) মজুরির $^1/_3$ অংশ বকেয়া রয়েছে; (৪) বিজ্ঞাপনের $^1/_4$ অংশ বিলম্বিত করতে হবে।

ক. প্রত্যক্ষ খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ১,৩০,৫০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. বছর শেষে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগ

৩ ▸ বিলকিস, হালিমা ও রিমি একটি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ-ক্ষতি যথাক্রমে ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৫০,০০০ টাকা, ১,৩০,০০০ টাকা এবং ১,২০,০০০ টাকা। বিলকিস প্রতি মাসে ১,৮০০ টাকা বেতন পাবে। হালিমা ও রিমি সারা বছরে ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকা নগদ উত্তোলন করেছে। মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করার সিদ্ধান্ত হয়। বিলকিস রিমিকে এ মর্মে নিশ্চয়তা দিয়েছে যে, রিমি মুনাফার অংশ বাবদ কমপক্ষে ৪,০০০ টাকা পাবে। উপরে উল্লিখিত সমন্বয়সাধনের পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট লাভ ৬১,০৫০ টাকা।

ক. মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. বিলকিস ও রিমির মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ ফরিদ ও ফারুক ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা নিয়ে একটি অংশীদারি ব্যবসায় শুরু করে। চুক্তি অনুযায়ী ফরিদ মাসে ১,৫০০ টাকা ও ফারুক ১,০০০ টাকা বেতন পাবে। মূলধনের ওপর ১০% সুদ ধার্য করতে হবে। ফারুক নিট লাভের ওপর ৫% কমিশন পাবে। নিট লাভ হতে বেতন ও মূলধনের সুদ চার্জ করার পরে কিন্তু কমিশন চার্জ করার পূর্বে এ কমিশন ধার্য করতে হবে। সারা বছরে তাদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ১৫,০০০ ও ১৮,০০০ টাকা। কারবারের প্রয়োজনে বছরের মাঝামাঝি সময়ে ফারুক ২৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে আনয়ন করে। উপরে উল্লিখিত সমন্বয়সাধনের পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট মুনাফা ছিল ১,৯৬,০০০ টাকা।

ক. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ কামাল লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৩০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ২৫,০০০ শেয়ার প্রতিটি ২০ টাকা অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। ২৭,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো।

ক. শেয়ার আবেদনে প্রাপ্ত অতিরিক্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ সুমন লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,৫০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৮০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য ইস্যু করে। ৭৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হয়। এছাড়া কোম্পানি ২৫,০০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে একটি মেশিন ক্রয় করে। অবলেখকের দস্তুরি শেয়ার প্রতি ০.৭৫ টাকা এবং শেয়ার প্রতি ০.৪৫ টাকা হারে ব্যাংক চার্জ ধার্য করা হয়।

ক. অবলেখকের দস্তুরি ও ব্যাংক চার্জ এর পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸

**রূপালি কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২৩

| বিবরণ | টাকা |
|---|---|
| **সম্পত্তিসমূহ :** | |
| কলকব্জা | ১,৫৫,০০০ |
| আসবাবপত্র | ১,২৫,০০০ |
| হাতে নগদ | ১০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ |
| মজুদ পণ্য | ১৫,০০০ |
| শেয়ার অবহার | ৫,০০০ |
| মোট | ৩,৪০,০০০ |
| **দায় ও মালিকানাস্বত্ব :** | |
| শেয়ার মূলধন | ১,৫০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ৫০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ৩০,০০০ |
| ১০% ঋণপত্র | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৮,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১২,০০০ |
| মোট | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** নিট মুনাফা ২২,০০০ টাকা।

ক. মালিকানা তহবিল নির্ণয় কর। ২

খ. দায়-মালিকানা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের স্বল্পমেয়াদি দায় পরিশোধ ক্ষমতা দুটি অনুপাতের সাহায্যে নির্ণয় কর এবং মন্তব্য লেখ। ৪

৮ ▸

**সুরমা কোম্পানি লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২৩

| বিবরণ | টাকা |
|---|---|
| **সম্পত্তিসমূহ :** | |
| আসবাবপত্র | ২,০০,০০০ |
| মজুদ পণ্য | ৬০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩৫,০০০ |
| হাতে নগদ | ২৫,০০০ |
| অগ্রিম ভাড়া | ৮,০০০ |
| প্রাথমিক খরচ | ২২,০০০ |
| মোট | ৩,৫০,০০০ |
| **মালিকানাস্বত্ব ও দায়সমূহ :** | |
| শেয়ার মূলধন | ১,৬০,০০০ |
| সংরক্ষিত আয় | ৭০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ |
| বকেয়া বেতন | ১০,০০০ |
| ১০% ঋণপত্র | ৬০,০০০ |
| মোট | ৩,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** নিট বিক্রয় ৩,৩০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ২,৬০,০০০ টাকা, পরিচালন খরচ ৩৫,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও মূলধন গিয়ারিং অনুপাত নির্ণয় কর। ৪

গ. দুটি অনুপাতের সাহায্যে প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা নির্ণয় এবং মন্তব্য লেখ। ৪

৯ ▸ কুশিয়ারা বেকারির ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১,২০,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৭০,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ৪০,০০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৩০,০০,০০০ |

ক. উপরোল্লিখিত তথ্য হতে প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ২

খ. উপরোল্লিখিত তথ্যাবলি হতে উৎপাদন ব্যয় বিবরণী তৈরি কর এবং কারখানা উপরিব্যয়ের ওপর প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ৪

গ. উপরোল্লিখিত তথ্যের সাহায্যে একটি দরপত্রের মূল্য নির্ণয় কর যদি কাঁচামাল ও মজুরি যথাক্রমে ১০,০০,০০০ টাকা ও ৭,০০,০০০ টাকা হয়। মুনাফার হার বিক্রয়মূল্যের ওপর ২০%। ৪

১০ ▸ একটি কারখানায় ৩ জন শ্রমিকের মজুরিসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ : স্বাভাবিক মজুরি ঘণ্টাপ্রতি ৩০ টাকা, ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির দ্বিগুণ, মহার্ঘভাতা স্বাভাবিক মজুরির ১৫%, বাড়িভাড়া ভাতা স্বাভাবিক মজুরির ৫০%, চিকিৎসা ভাতা প্রতি সপ্তাহে ২০০ টাকা, জনপ্রতি যাতায়াত ভাতা স্বাভাবিক মজুরির ১০%, ভবিষ্যৎ তহবিলে কর্তন স্বাভাবিক মজুরির ১০%। ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে ১ সপ্তাহে শ্রমিকগণ নিম্নোক্ত হারে কাজ করেন।

| শ্রমিকের নাম | স্বাভাবিক কার্যঘণ্টা | ওভারটাইম কার্যঘণ্টা |
|---|---|---|
| A | ৪৮ | ১২ |
| B | ৪৮ | ১৪ |
| C | ৪৮ | ১৫ |

ক. শ্রমিকদের ওভারটাইম মজুরি নির্ণয় কর। ২

খ. ফেব্রুয়ারি মাসে ১ সপ্তাহে শ্রমিকদের মোট মজুরি নির্ণয় কর। ৪

গ. ফেব্রুয়ারি মাসে ১ সপ্তাহে শ্রমিকদের নিট মজুরি নির্ণয় কর। ৪

১১ ▸ বেঙ্গল লিমিটেডের মজুদ বিভাগ নিম্নলিখিত তথ্য উপস্থাপন করেছে।

২০২৩

জুলাই ১ মজুদ মাল ১০০০ একক, প্রতি একক ১০ টাকা।
" ১০ ক্রয় ১,২০০ একক, প্রতি একক ১২ টাকা।
" ১৮ ইস্যু ১,৩০০ একক।
" ২৫ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১৪ টাকা।
" ৩১ ইস্যু ৯০০ একক।

**অন্যান্য তথ্যাবলি :** ৩১ জুলাই তারিখে কাঁচামালের মজুদ ৪৫০ একক।

ক. ঘাটতি কাঁচামালের একক নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

SURE SUCCESS

# চট্টগ্রাম বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১** ▸ পদ্মা কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন ১২,০০,০০০ টাকা যার প্রতিটি ১০ টাকা মূল্যের ১,২০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**পদ্মা কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১শে ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১,০০,০০০ শেয়ার) | | ১০,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ২,০০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৫,০০,০০০ | |
| আসবাবপত্র | ২,০০,০০০ | |
| ব্যাংক জমা | ৫৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৭০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৬,৬০,০০০ | ৮,৫০,০০০ |
| পণ্য ফেরত | ১০,০০০ | ৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭০,০০০ | ১,২০,০০০ |
| মজুরি | ৬৫,০০০ | |
| জাহাজ ভাড়া | ৭৫,০০০ | |
| বিমা সেলামি (২৪ মাস) | ৪০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ২০,০০০ |
| কমিশন আয় | | ৫০,০০০ |
| | ২০,৪৫,০০০ | ২০,৪৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ২,২০,০০০ টাকা; কিন্তু বাজারমূল্য এর চেয়ে ১০% বেশি; (২) ০১-০৭-২০২৩ তারিখে একটি নতুন মেশিন ২,০০,০০০ টাকায় ক্রয় করা হয় যার সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে; (৩) প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা আদায়যোগ্য নয়; (৪) কলকব্জা ও যন্ত্রপাতি এবং আসবাবপত্রের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

ক. কলকব্জা ও যন্ত্রপাতি এবং আসবাবপত্রের ওপর অবচয় নির্ণয় কর। ২
খ. পদ্মা কোম্পানি লি. এর মোট লাভ/মোট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. মোট লাভ ৫,২৫,০০০ টাকা ধরে নিট লাভ/নিট ক্ষতি নির্ণয় কর। ৪

**২** ▸ তিস্তা লিমিটেডের রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

**তিস্তা লিমিটেড**
**রেওয়ামিল**
৩১শে ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (শেয়ার প্রতি ১০ টাকা) | | ৭,০০,০০০ |
| বিজ্ঞাপন | ৩০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (ভ্যাটসহ) | ৩,৫০,০০০ | ৪,৮০,০০০ |
| ১০% বিনিয়োগ | ৩,২০,০০০ | |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| আসবাবপত্র | ১,৮০,০০০ | |
| ব্যাংক জমা | ৬০,০০০ | |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (১.১.২৩) | | ১,১৫,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৬০,০০০ |
| ১০% ঋণপত্র (১.৭.২৩) | | ১,২০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,২৫,০০০ | ৩০,০০০ |
| শেয়ার অধিহার | | ১০,০০০ |
| সুনাম | ২,৫০,০০০ | |
| | ১৫,১৫,০০০ | ১৫,১৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৯০,০০০ টাকা; (২) সঞ্চিতি তহবিল ১,৩০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৩) আয়কর প্রদানের জন্য ১০,০০০ টাকা সংরক্ষণ করতে হবে; (৪) শেয়ার মূলধনের ওপর ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. ক্রয় ভ্যাটের পরিমাণ ও বিক্রয় ভ্যাটের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট মুনাফা ৫০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ২,২৫,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণীর শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩** ▸ রফিক, সফিক ও নাফিস একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান যথাক্রমে ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৪,০০,০০০ টাকা; ৩,০০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা। অংশীদারি চুক্তিপত্র মোতাবেক প্রত্যেক অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধরতে হবে। ব্যবসায়ের সার্বিক দায়িত্ব পালনের জন্য সফিক ২,০০০ টাকা করে মাসিক বেতন পাবে। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ সারাবছর ধরে ব্যবসায় থেকে যথাক্রমে ১০,০০০ টাকা; ৫,০০০ টাকা ও ৪,০০০ টাকা উত্তোলন করে। রফিক ২০২৩ সালের ১ জুলাই তারিখে ২০,০০০ টাকা ঋণ হিসাবে ব্যবসায়ে সরবরাহ করে।

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে সমাপ্ত বছরে ব্যবসায়ের মুনাফার পরিমাণ দাঁড়ায় ২,২০,০০০ টাকা।

ক. রফিকের ঋণের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. সফিক ও নাফিসের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪** ▸ জামাল, কামাল ও আপন একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা; ১,৫০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। সম্ভাব্য লাভের আশায় অংশীদারগণ প্রতিমাসের শেষে ২,০০০ টাকা; ১,০০০ টাকা ও ৬০০ টাকা করে নগদ উত্তোলন করে। নগদ উত্তোলন ছাড়াও জামাল ব্যক্তিগত ব্যবহারের জন্য ১০,০০০ টাকার পণ্য ব্যবসায়ে হতে উত্তোলন করে যা হিসাব বইতে লেখা হয়নি। মূলধন ও উত্তোলনের ওপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। ২০২৩ সালে ১ জানুয়ারি তারিখে তাঁদের চলতি হিসাবের ব্যালেন্স (উদ্বৃত্ত) ছিল জামাল ২০,০০০ টাকা (ক্রেডিট); কামাল ১৫,০০০ টাকা (ডেবিট) ও আপন ১০,০০০ টাকা (ক্রেডিট)।

উপরিউক্ত সমন্বয়সাধনের পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট মুনাফা ২,০০,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪
গ. কামাল ও আপনের চলতি হিসাব তৈরি কর। ৪

৫ ▸ যমুনা কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি এর ৭,০০০ শেয়ার ১০% অধিহারে ইস্যুর উদ্দেশ্যে বিবরণপত্র প্রচার করে। কোম্পানি মোট ৮,০০০ শেয়ারের আবেদন পায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বিলি করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত প্রদান করে। কোম্পানি অবলেখকের কমিশন বাবদ শেয়ার প্রতি ০.৩০ টাকা প্রদান করে।

ক. যমুনা কোম্পানি লি. এর অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. যমুনা কোম্পানি লি. এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ জারিফ কোম্পানি লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ১০% অবহারে ১০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিবরণপত্র প্রচার করে। কোম্পানি মোট ১২,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবেদনকারীদের মধ্যে বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয়। কোম্পানি ২,০০০ শেয়ারের বিপরীতে মেঘনা ডেভেলোপার কোম্পানি হতে ১৮,০০০ টাকা মূল্যের একটি জমি ক্রয় করে।

ক. শেয়ার প্রতি অবহারের পরিমাণ এবং মোট অলীক সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. কোম্পানির হিসাব বইতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ বর্ণালী লিমিডেট এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৪,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ২,০০,০০০ | আসবাবপত্র | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | কলকব্জা ও যন্ত্রপাতি | ৩,০০,০০০ |
| বকেয়া খরচাবলি | ৭০,০০০ | ব্যাংক জমা | ২,০০,০০০ |
| | | মজুদ পণ্য | ১,৫০,০০০ |
| | | প্রাপ্য হিসাব | ১,২০,০০০ |
| | ১৩,৭০,০০০ | | ১৩,৭০,০০০ |

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ মধুমতি লিমিটেড এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৬,০০,০০০ | দালানকোঠা | ৫,০০,০০০ |
| রক্ষিত আয় বিবরণী | ২,০০,০০০ | আসবাবপত্র | ২,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ২,৫০,০০০ | মজুদ পণ্য | ২,৭৫,০০০ |
| বকেয়া খরচ | ৭৫,০০০ | প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ৫০,০০০ |
| | | ব্যাংক জমা | ৫০,০০০ |
| | ১২,৭৫,০০০ | | ১২,৭৫,০০০ |

**অন্যান্য তথ্য :** প্রারম্ভিক মজুদ পণ্য ২,৫০,০০০ টাকা। উক্ত বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ১২,০০,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ৬,৫০,০০০ টাকা; প্রশাসনিক খরচ ২,০০,০০০ টাকা এবং বিক্রয় ও বিতরণ খরচ ১,৫০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ অনুপাত ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে মেঘনা লি. এর উৎপাদনসংক্রান্ত ব্যয়ের তথ্যসমূহ নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক কাঁচামালের মজুদ | ১,১০,০০০ |
| সমাপনী কাঁচামালের মজুদ | ৮০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৩,০০,০০০ |
| প্রারম্ভিক তৈরি পণ্যের মজুদ | ২০,০০০ |
| সমাপনী তৈরি পণ্যের মজুদ | ১৮,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ৫০,০০০ |
| পরোক্ষ শ্রম | ২৫,০০০ |
| কারখানার ভাড়া | ১০,০০০ |
| কাঁচামাল ক্রয়ের পরিবহন খরচ | ৫,০০০ |
| পরোক্ষ কাঁচামালের ব্যয় | ৮,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ২০,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ১০,০০০ |
| মোট মুনাফা বিক্রীত পণ্যের ব্যয়ের | ২৫% |

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. মেঘনা লি. এর আয় বিবরণী প্রস্তুত করে নিট মুনাফা নির্ণয় কর। ৪

১০ ▸ তিতাস কারখানায় ৭০ জন শ্রমিক আছে। সপ্তাহে স্বাভাবিক কর্মঘণ্টা ৪৮ ঘণ্টা। ঘণ্টা প্রতি তারা ৫০ টাকা হারে স্বাভাবিক মজুরি পায়। জুন মাসের তৃতীয় সপ্তাহে কারখানা ৭২ ঘণ্টা চালু ছিল। ওভারটাইম মজুরির হার স্বাভাবিক মজুরির দেড়গুণ। শ্রমিকগণ নিয়মিত মজুরির ৬০% বাড়িভাড়া ভাতা, ৩০% যাতায়াত ভাতা, ১৫% টিফিন ভাতা এবং ৫% চিকিৎসা ভাতা পান। শ্রমিকগণ স্বাভাবিক মজুরির ১০% ভবিষ্যৎ তহবিলে, ৪% কল্যাণ তহবিলে দান করেন ও ২% যৌথ বিমা তহবিলে দান করেন।

ক. জনপ্রতি ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. শ্রমিকদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. শ্রমিকদের মোট কর্তনসহ নিট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▸ ২০২৩ সালের মার্চ মাসের ঝর্ণা লি. এ পণ্য ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্য নিম্নে দেওয়া হলো :

| তারিখ | বিবরণ | একক | এককপ্রতি দর (টাকা) |
|---|---|---|---|
| মার্চ ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত | ৪০০ | ৪০ |
| " ৩ | ক্রয় | ৭০০ | ৪৫ |
| " ৮ | ইস্যু | ৫০০ | — |
| " ১৮ | ইস্যু | ২৫০ | — |
| " ২৫ | ক্রয় | ৮০০ | ৫০ |
| " ৩১ | ইস্যু | ৪৫০ | — |

ক. সমাপনী মজুদ এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

## সিলেট বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ প্রাইম বাংলা লিমিটেডের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**প্রাইম বাংলা লিমিটেডের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের) | | ৪,০০,০০০ |
| শেয়ার হস্তান্তর ফি | | ২,৪০০ |
| আসবাবপত্র | ১,৭৪,২০০ | |
| উৎসব বোনাস | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৬৪,০০০ | ৩,৬০,০০০ |
| মজুদ পণ্য (১.১.২৩) | ৭৬,০০০ | |
| বেতন | ৮৮,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ২৪,০০০ |
| রক্ষিত আয় বিবরণী উদ্বৃত্ত | | ১,৭০,৮০০ |
| বিজ্ঞাপন | ২৪,০০০ | |
| আয়কর | ১৭,০০০ | |
| মজুরি | ২৫,০০০ | |
| ইজারা সম্পত্তি (৮ বছর) | ৬৪,০০০ | |
| জলযান ভাড়া | ৫,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১,০০,০০০ |
| মেশিনারিজ | ৪,০০,০০০ | |
| | ১০,৫৭,২০০ | ১০,৫৭,২০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩০,০০০ টাকা; (২) সাধারণ শেয়ার মূলধনের ওপর ২০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডে ২০,০০০ টাকা রাখতে হবে; (৪) একটি নতুন মেশিন সংস্থাপন ব্যয় ১৬,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে। মেশিনটি ০১-০৭-২০২৩ তারিখে সংস্থাপন করা হয়। মেশিনের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৫) বিজ্ঞাপন ৫টি আর্থিক বছরে সমন্বয় করতে হবে; (৬) ১ মাসের বেতন বকেয়া রয়েছে।

ক. ইজারা সম্পত্তির বার্ষিক অবলোপনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট লাভ ১,৩৬,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. রক্ষিত আয় বিবরণীর জের ১,৫০,৬০০ টাকা ধরে মোট দায় ও মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মৌবন লিমিটেড এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**মৌবন লিমিটেডের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১৮,০০০ শেয়ার) | | ১,৮০,০০০ |
| কারিগরি জ্ঞান | ৩০,০০০ | |
| ১৫% বিনিয়োগ (১.১.২৩) | ৮০,০০০ | |
| দালানকোঠা | ১,০০,০০০ | |
| শুল্ক | ১০,০০০ | |
| বিজ্ঞাপন | ৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৫০,০০০ | ২৬,০০০ |
| ভাড়া | ৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৬৪,০০০ | ২,৫৫,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৫,০০০ | |
| আয়কর | ৫,০০০ | |
| ফেরত | ৫,০০০ | ৪,০০০ |
| লভ্যাংশ প্রদান | ১৪,০০০ | |
| রক্ষিত আয় বিবরণীর জের (১.১.২৩) | | ৫০,০০০ |
| ব্যাংক জমা | ১২,০০০ | |
| আয়কর ফেরত | | ২,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০০ | |
| | ৫,১৭,০০০ | ৫,১৭,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা; যার মধ্যে ৫,০০০ টাকা বিক্রীত পণ্য আছে যা সরবরাহ করা হয়নি; (২) সঞ্চিতি তহবিলে ১২,০০০ টাকা স্থানান্তর কর; (৩) দালানকোঠার ওপর ৫% অবচয় ধার্য কর; (৪) কারিগরি জ্ঞান ১০ বছরের জন্য; (৫) প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধার্য কর।

ক. বিনিয়োগের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট লাভ ৮৯,৫০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ সুমন ও রেজা দুজন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারা যথাক্রমে ৯০,০০০ টাকা, ৬০,০০০ টাকা নিয়ে অংশীদারি ব্যবসায় শুরু করে। ২০২৩ সালের ১ এপ্রিল সুমন ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে। সুমন ও রেজা যথাক্রমে ৭০০ ও ৮০০ টাকা মাসিক বেতন পায়। প্রত্যেক মাসের শেষ তারিখে সুমন ও রেজা ব্যবসায় হতে যথাক্রমে ৫০০ ও ৪০০ টাকা উত্তোলন করে। মুনাফা প্রারম্ভিক মূলধন অনুপাতে বণ্টিত হবে। উত্তোলন ও মূলধনের ওপর ৫% হারে সুদ ধরতে হবে। রেজা ব্যবসায় হতে ১,০০০ টাকার পণ্য উত্তোলন করে। উপরিউক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে ২০২৩ সালে সমাপ্ত বছরে ব্যবসায়ের লাভ হয় ৬৮,৬০০ টাকা।

ক. উত্তোলনের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ ক, খ ও গ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা; ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা। গ মাসিক ৮০০ টাকা করে বেতন পাবে। ২০২৩ সালে ১ জানুয়ারি তারিখে চলতি হিসাবের ব্যালেন্স ক ৩,০০০ টাকা (ক্রেডিট); খ ১,০০০ টাকা (ডেবিট) ও গ ১,৫০০ টাকা (ক্রেডিট) ছিল। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। ক ১ জুলাই, ২০২৩ তারিখে ১০,০০০ টাকা ঋণ প্রদান করেন। সারা বছর ধরে ক ১০,০০০ টাকা; খ ৮,০০০ টাকা ও গ ৫,০০০ টাকা নগদ উত্তোলন করেন। এই উত্তোলনের ওপর যথাক্রমে ৪০০ টাকা; ২৬০ টাকা ও ২০০ টাকা সুদ ধার্য করা হয়। কারবারের লাভ-লোকসান বণ্টন অনুপাত ৪ : ৩ : ২ ছিল। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে মুনাফার পরিমাণ ছিল ৫০,০৫০ টাকা।

ক. অংশীদার ক এর ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবন্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ মেঘনা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ারে বিভক্ত ২৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি ২,০০,০০০ শেয়ার ইস্যু করার সিদ্ধান্ত নেয়।

২০২৩

জানু. ১০ ৫০,০০০ শেয়ারের (২ টাকা অধিহারে) বিনিময়ে জমি ক্রয় করা হয়।
" ১৫ অবশিষ্ট শেয়ারগুলো ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়।
" ২০ ১,৭০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়।
" ২৫ অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয় এবং ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হয়।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. ৩১ জানুয়ারি ২০২৩ তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ আকাশ কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮,০০,০০০ শেয়ারে বিভক্ত ৮০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি তার ৬,০০,০০০ শেয়ার ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি ৬,৫০,০০০ শেয়ারের আবেদন পেল। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো এবং ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো। শেয়ারপ্রতি ০.১০ টাকা অবলেখকের কমিশন ও ০.০৬ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ লিমা কোম্পানি লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের তথ্যাবলি নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৬,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২৭,০০০ | কলকব্জা | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | আসবাবপত্র | ৬৫,০০০ |
| ১২% ঋণপত্র | ২,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৯০,০০০ |
| প্রদেয় নোটস | ৪০,০০০ | প্রাপ্য নোটস্ | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ | হাতে নগদ | ১০,০০০ |
| | | প্রাথমিক খরচাবলি | ১,৪২,০০০ |
| | ১৫,০৭,০০০ | | ১৫,০৭,০০০ |

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ নিপু কোম্পানি লি. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সম্পদ, দায় ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| মজুদ পণ্য | ৬০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৪০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৫০,০০০ |
| ব্যাংক জমা | ৬০,০০০ |
| প্রাপ্য নোটস্ | ৩০,০০০ |
| দালানকোঠা | ১,৫০,০০০ |
| শেয়ার মূলধন | ১,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| প্রদেয় নোটস | ১৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ |
| মোট বিক্রয় | ৪,৫০,০০০ |
| মোট মুনাফা বিক্রয়ের ২০% | |
| পরিচালন ব্যয় | ২০,০০০ |

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. মোট মুনাফা এবং নিট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪
গ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত এবং মালিকানা মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ এলিট ম্যানুফ্যাকচারিং কোম্পানি লি. এর ২০২৩ সালের জুন মাসের তথ্যাবলি নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের ব্যবহার | ২০,০০,০০০ |
| উৎপাদন মজুরি | ১২,০০,০০০ |
| কারখানার উপরিব্যয় | ৭,৫০,০০০ |
| উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ (২,০০০ একক) | ৯০,০০০ |
| প্রশাসনিক ও অফিস খরচ | ৪,৯০,০০০ |
| বিক্রয় ও বণ্টন উপরিব্যয় | ২,৪৫,০০০ |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ (৩,০০০ একক) | ২,৩৭,০০০ |
| বিক্রয় (৪৯,০০০ একক) | ৬৪,৫০,০০০ |

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী তৈরি কর। ৪
গ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ রুমী লি.-এর উৎপাদন বিভাগ হতে কাঁচামালসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

২০২৩

ডিসে. ১ প্রারম্ভিক জের ২০০ টন, প্রতি টন ২৫ টাকা দরে।
" ৬ ক্রয় ৪২০ টন, প্রতি টন ২৭ টাকা দরে।
" ১০ ইস্যু ৪৫০ টন।
" ১৭ ক্রয় ৩৫০ টন; প্রতি টন ২৮ টাকা দরে।
" ২৫ ইস্যু ৩৪০ টন।
" ৩১ সমাপনী মজুদ ১৬০ টন।

ক. ঘাটতি মালের পরিমাণ (একক) নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ জি. এম. গার্মেন্টস ২০২৩ সালের জানুয়ারি মাসের কাঁচামাল সম্পর্কিত তথ্য নিম্নরূপ :

২০২৩

জানু. ১ প্রারম্ভিক জের ৫,০০০ একক; প্রতি একক ৫ টাকা দরে।
" ৮ ক্রয় ৬,০০০ একক; প্রতি একক ৬ টাকা দরে।
" ১৮ ইস্যু ৭,০০০ একক।
" ২০ সরবরাহকারীকে ফেরত ১,০০০ একক। (জানুয়ারি-৮)
" ২২ ক্রয় ৩,০০০ একক; প্রতি একক ৭ টাকা দরে।
" ২৫ ইস্যু ৪,০০০ একক।
" ২৭ ক্রয় ৬,০০০ একক; প্রতি একক ৮ টাকা দরে।
" ২৮ ইস্যু ৫,০০০ একক।

ক. নিট ক্রয়কৃত মালের পরিমাণ (একক) নির্ণয় কর। ২
খ. বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

# বরিশাল বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ABC কোং লি. এর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**ABC কোং লিমিটেড**
**রেওয়ামিল**
ডিসেম্বর, ৩১, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | শেয়ার মূলধন | ৩,০০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৮০,০০০ | প্রদেয় হিসাব | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ | ১২% ঋণ | ১,২০,০০০ |
| ব্যাংক জমা | ১,০৩,০০০ | সাধারণ সঞ্চিতি | ৭৫,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৯০,০০০ | সংরক্ষিত আয় উদ্বৃত্ত | ৮০,০০০ |
| ১০% বিনিয়োগ | ১,৫০,০০০ | বিনিয়োগের সুদ | ১৫,০০০ |
| ভাড়া (২/৩ অংশ) | ৪৫,০০০ | নিঃ দাবি লভ্যাংশ | ৩০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | | |
| বেতন | ১২,০০০ | | |
| | ৭,২০,০০০ | | ৭,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১,২৫,০০০ টাকা; (২) বেতন বকেয়া ৫,০০০ টাকা; (৩) সুনামের ২৫% অবলোপন করতে হবে; (৪) আসবাবপত্রের অবচয় ১০%; (৫) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% সঞ্চিতি ধরতে হবে; (৬) সাধারণ শেয়ারহোল্ডারদের ১০% চূড়ান্ত লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. প্রস্তাবিত লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২

খ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর (চলতি বছরের নিট লাভ ৭৭,০০০ টাকা)। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ বলাকা কোম্পানি লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৯০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| সাপ্লাইজ মজুদ | ৫,০০০ | |
| অগ্রিম বিমা | ৮,০০০ | |
| ভাড়া | ৩০,০০০ | |
| সরঞ্জাম | ১,৫০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-সরঞ্জাম | | ১৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ১০,০০০ |
| প্রদেয় নোট | | ১০,০০০ |
| মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ সাধারণ শেয়ার) | | ২,০০,০০০ |
| সেবা আয় | | ১,৮০,০০০ |
| বেতন খরচ | ৫০,০০০ | |
| সাধারণ খরচ | ৩০,০০০ | |
| বন্ধকি ঋণ | | ৩৮,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২৩) | | ১০,০০০ |
| | ৪,৬৩,০০০ | ৪,৬৩,০০০ |

**অন্যান্য তথ্য :** (১) বছরান্তে অব্যবহৃত সাপ্লাইজ রয়েছে ১,০০০ টাকা; (২) অগ্রিম বিমা ৩,০০০ টাকা; (৩) সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধরতে হবে; (৪) প্রাপ্য সেবা আয় ১০,০০০ টাকা; (৫) শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. নিট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আয় বিবরণীর মাধ্যমে নিট আয় বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. আর্থিক বিবরণীর মাধ্যমে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ক, খ ও গ ২০২৩ সালের ১ জানুয়ারি একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করে। ২০২৩ সালের ১ জানুয়ারিতে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ক-২,০০,০০০ টাকা, খ-১,৫০,০০০ টাকা ও গ-১,০০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। ব্যবসায়ের লাভক্ষতি ২ : ২ : ১ অনুপাতে বণ্টিত হবে। ব্যবসায়ের দায়িত্ব পালনের জন্য গ মাসিক ১,০০০ টাকা বেতন পাবে। খ কারবারে ৩০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করে। সারাবছর অংশীদারগণ প্রত্যেকে ১০,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। উপরিউক্ত বিষয়াদি বিবেচনা করার পূর্বে ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের লাভ ছিল ৮০,০০০ টাকা।

ক. খ এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ X ও Y একটি অংশীদারি ব্যবসায়ের দুই জন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধনের পরিমাণ ৮০,০০০ টাকা ও ১,০০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধরতে হবে। X ও Y কারবার হতে নগদ ১০,০০০ টাকা ও ৮,০০০ টাকা উত্তোলন করে। X ব্যক্তিগত প্রয়োজনে ব্যবসায় থেকে ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২৩ সালের শেষে ব্যবসায়ের লাভের পরিমাণ ৬৫,০০০ টাকা।

ক. উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

৫ ▸ আলফা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২,০০,০০০ টাকা মূলধনসহ নিবন্ধিত হলো। কোম্পানি ১০,০০০ শেয়ার ১ টাকা অবহারে বিক্রির উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। তার মধ্যে ৮,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল।

ক. শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৬ ▸ বলাকা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। কোম্পানি ৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রচার করে। ৫২,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল। অতিরিক্ত আবেদনপত্রের অর্থ ফেরত দিল।

ক. ব্যাংক হিসাব প্রস্তুত কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ জামান লিমিটেডের হিসাব বই হতে নিচের তথ্যগুলো পাওয়া গেল :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ |
| নগদ তহবিল | ৮,০০০ |
| প্রদেয় বিল | ১০,০০০ |
| বকেয়া খরচ | ১০,০০০ |
| প্রাপ্য বিল | ৩০,০০০ |
| বিক্রয় | ২,০০,০০০ |
| মোট লাভ | ৫০,০০০ |

ক. চলতি অনুপাত নির্ণয় কর। ২

খ. তারল্য অনুপাত ও চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় ও মন্তব্য কর। ৪

৮ ▸ XYZ কোং লি. এর নিম্নোক্ত তথ্যাবলি সরবরাহ করা হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৭০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ৫০,০০০ |
| প্রারম্ভিক কাঁচামাল | ১০,০০০ |
| সমাপনী কাঁচামাল | ৫,০০০ |
| কারখানা উপরি খরচ | ৩০,০০০ |
| অফিস ও প্রশাসনিক উপরি খরচ | ১৫,০০০ |
| বিক্রয় | ২,৩২,৫০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ৬,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ১০,০০০ |
| বিক্রয় খরচ | ২০,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণীর মাধ্যমে নিট লাভ বা নিট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▸ অফিস কর্মচারী A ও B এর ২০২৩ সালের ডিসেম্বর মাসের নিম্নরূপ তথ্য প্রদত্ত হলো :

| বিবরণ | A (টাকা) | B (টাকা) |
|---|---|---|
| মূল বেতন | ১৫,০০০ | ১০,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| বাড়িভাড়া ভাতা (মূল বেতনের) | ৩০% | ৩০% |
| চিকিৎসা ভাতা | ১২০ | ১২০ |
| ওভারটাইম (ঘণ্টা) | ২০ | ১৫ |
| আয়কর (মূল বেতনের) | ৫% | ৫% |

উক্ত মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ছিল ২০০ ঘণ্টা ওভারটাইম বেতন মূলবেতন হারের দ্বিগুণ।

ক. ওভারটাইম বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. A ও B এর মোট বেতন নির্ণয় কর। ৪

গ. A ও B এর নিট বেতন নির্ণয় কর। ৪

১০ ▸ ওমেগা ফ্যাশন লি.-এর গুদামভাণ্ডার থেকে নিম্নোক্ত তথ্যাদি নেয়া হয়েছে :

জুলাই ১ প্রারম্ভিক উদ্বৃত্ত প্রতি একক ১০ টাকা দরে ৭০০ একক।
" ৪ প্রতি একক ১২ টাকা দরে ৮০০ একক ক্রয়।
" ৯ ৫০০ একক ইস্যু।
" ২০ প্রতি একক ১৫ টাকা দরে ৭০০ একক ক্রয়।
" ৩০ ৭০০ একক ইস্যু।

SURE SUCCESS

ক. সমাপনী এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগের মাল আগে ছাড়া (FIFO) পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

১১ ▸ PQR লি. এর ২০২৩ সালের আগস্ট মাসের আগমন ও নির্গমন সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

২০২৩

আগস্ট ১ প্রারম্ভিক জের ১,০০০ একক; প্রতি একক ২০ টাকা।
" ৩ কারখানায় ইস্যু ৩০০ একক।
" ৭ ক্রয় ৭০০ একক; প্রতি একক ১৩ টাকা করে।
" ১৭ কারখানায় ইস্যু ৩০০ একক।
" ২০ কারখানায় ইস্যু ৬০০ একক।
" ২১ ক্রয় ১,২০০ একক; প্রতি একক ১৬ টাকা করে।
" ৩০ কারখানায় ইস্যু ২০০ একক।

ক. ক্রয়কৃত এককের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

গ. উপরিউক্ত তথ্য অনুযায়ী FIFO পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

# দিনাজপুর বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▶** আপন কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে নিবন্ধিত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানটির আর্থিক তথ্যাবলি নিম্নরূপ :

**আপন কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রাপ্য হিসাব | ৯৮,০০০ | |
| যন্ত্রপাতি | ৪০,০০০ | |
| নিষ্কর প্রিমিসেস | ৩,২০,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ার) | | ৩,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৪০,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ৫,০০০ |
| সংরক্ষিত আয় (১.১.২৩) | | ৬১,২০০ |
| মোট মুনাফা (৩১.১২.২৩) | | ১,২০,০০০ |
| বেতন | ১৫,৫০০ | |
| ভাড়া | ৩০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৫,৭০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৭,০০০ | |
| | ৫,২৬,২০০ | ৫,২৬,২০০ |

**সমন্বয়সমূহ :** (১) বেতন দুই মাসের বকেয়া আছে; (২) নতুন অনাদায়ি পাওনা ১৫০০ টাকা ধরতে হবে; (৩) নিষ্কর প্রিমিসেসের ওপর ৫% অবচয় ধার্য করতে হবে; (৪) সাধারণ সঞ্চিতি তহবিলে ২০,০০০ টাকা স্থানান্তর করতে হবে; (৫) অন্তর্বর্তীকালীন লভ্যাংশসহ শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের জন্য নিট আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট আয় ৭২,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

**২ ▶** আবরার কোম্পানি লি. এর রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

**আবরার কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতি | ২,৮০,০০০ | |
| আসবাবপত্র | ১,৩৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৩৫,০০০ | ৩,৬৯,০০০ |
| মজুদ পণ্য (১.১.২৩) | ৬৬,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৭৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ১৮,০০০ শেয়ার) | | ১,৮০,০০০ |
| আয়কর | ৭,৫০০ | |
| লভ্যাংশ | ২৭,০০০ | |
| বেতন | ২২,৫০০ | |
| বিজ্ঞাপন | ৫,০০০ | |
| মজুরি | ২২,০০০ | |
| হাতে নগদ | ৩২,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৩৩,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | | ৫,০০০ |
| | ৬,৬২,০০০ | ৬,৬২,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৪৫,০০০ টাকা; (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে ৪,০০০ টাকার পণ্য ভোক্তাদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে, যা এখনও হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপনের ১/৩ অংশ বিলম্বিত করতে হবে; (৩) কোম্পানির শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (৪) মজুরি বকেয়া রয়েছে ৩,০০০ টাকা।

ক. কোম্পানির পরিচালন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. কোম্পানির মোট সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩ ▶** সনি, মনি, রনি একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ২ : ২ : ১ অনুপাতে লাভ-লোকসান বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ৫০,০০০ টাকা; ৬০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা মূলধন সরবরাহের মাধ্যমে ব্যবসায় আরম্ভ করে। মনি সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য কারবার হতে প্রতি মাসে ৪,০০০ টাকা করে বেতন পাবে। অংশীদারগণ প্রত্যেকে মাসের ১ তারিখে ব্যবসায় হতে ২,০০০ টাকা উত্তোলন করে। অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর ৬% হারে সুদ ধরতে হবে। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট মুনাফা হয় ২,০০,০০০ টাকা।

ক. সনি ও মনির মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. মুনাফার অংশ মনির ৫০,০০০ টাকা ও রনির ২৫,০০০ টাকা ধরে তাদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▶** আজাদ ও শাহিন একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। ১ জানুয়ারি ২০২৩ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধরতে হবে। আজাদ প্রতি মাসে ৩,০০০ টাকা করে বেতন পাবে। সারা বছরে আজাদ ও শাহিন ব্যবসা থেকে যথাক্রমে ১২,০০০ টাকা ও ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ১ জুলাই ২০২৩ তারিখে শাহিন ব্যবসায়ে ২০,০০০ টাকা ঋণ হিসেবে আনয়ন করেন। উপরিউক্ত সমন্বয়সমূহ হিসাবভুক্ত করার পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের নিট লাভ ছিল ৯০,০০০ টাকা।

ক. শাহিনের ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

SURE SUCCESS

গ. মুনাফার অংশ আজাদের ২০,০০০ টাকা ও শাহিনের ২৫,০০০ টাকা ধরে মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ হাবিব কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১২,০০,০০০ শেয়ারে বিভক্ত ১,২০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি উহার ৭,০০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রির উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। কোম্পানি মোট ৮,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পেল। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো। শেয়ার প্রতি ০.২০ টাকা অবলেখকের কমিশন ও ০.০৬ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ অরিন লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫০,০০,০০০ টাকার মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি নিবন্ধিত শেয়ারের ৮০% শেয়ার জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। জনসাধারণ ইস্যুকৃত শেয়ারের চেয়ে ২০% বেশি শেয়ারের জন্য আবেদন করে। কোম্পানি ইস্যুকৃত সকল শেয়ার বিলি করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীকে ফেরত দেয় এবং অবলেখককে ২% কমিশন প্রদান করে।

ক. আবেদনকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত লেনদেনগুলো জাবেদাভুক্ত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৭ ▸ নাফিসা এন্ড কোং এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী এবং অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৮,০০,০০০ | দালানকোঠা | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,৮০,০০০ | মজুদ পণ্য | ৪,৮০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৮০,০০০ | নগদ তহবিল | ১,৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৬০,০০০ | প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| প্রদেয় নোট | ৪০,০০০ | প্রাপ্য নোট | ১,২০,০০০ |
| | ১৩,৬০,০০০ | | ১৩,৬০,০০০ |

মোট বিক্রয় ২৫,০০,০০০ টাকা; মোট মুনাফা ১০,০০,০০০ টাকা; নিট মুনাফা ৩,৫০,০০০ টাকা; মোট ক্রয় ১২,৫০,০০০ টাকা।

ক. মোট মুনাফা ও নিট মুনাফার অনুপাত নির্ণয় কর। ২

খ. (i) মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। (ii) চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. প্রদেয় হিসাব ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ আনাস লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| দায় ও শেয়ারহোল্ডারদের স্বত্ব | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৮,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৬,৪০,০০০ |
| ১০% ঋণপত্র | ২,০০,০০০ | ব্যাংক জমা | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৬০,০০০ | মজুদ পণ্য | ১,২০,০০০ |
| বকেয়া খরচাবলি | ৮০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| | | অগ্রিম খরচ | ৮০,০০০ |
| | ১২,৪০,০০০ | | ১২,৪০,০০০ |

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ সাজ্জাদ কারখানার ২০২৩ সালের জুলাই মাসের উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ১,৫০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৪,৫০,০০০ |
| উৎপাদন মজুরি | ১,২০,০০০ |
| কারখানার ভাড়া | ১,০০,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ৮০,০০০ |
| সমাপনী কাঁচামাল | ২,০০,০০০ |
| অন্যান্য প্রত্যক্ষ ব্যয় | ১০,০০০ |
| পরোক্ষ শ্রম | ৪০,০০০ |
| বিক্রয় পরিবহন | ৮,০০০ |
| পরোক্ষ কাঁচামালের ব্যয় | ৬,০০০ |
| বিক্রয় খরচ | ১২,০০০ |
| মুনাফা মোট ব্যয়ের ২৫% | |

ক. কারখানার উপরিব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বিক্রয়মূল্য নির্ণয় কর। (মোট ব্যয় ৭,০০,০০০ টাকা ধরে।) ৪

১০ ▸ শওকত ট্রেডার্সের দুইজন কর্মচারীর ২০২৩ সালের জুন মাসের বেতনসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | সালাম | কালাম |
|---|---|---|
| মূল বেতন | ৫০,০০০ | ৪০,০০০ |
| উৎস ভাতা | ৭৫% | ৭৫% |
| চিকিৎসা ভাতা | ২৫% | ২৫% |
| বাড়িভাড়া ভাতা | ৬০% | ৬০% |
| প্রভিডেন্ট ফান্ড | ১০% | ১০% |
| দলীয় বিমা | ৫০০ | ৫০০ |

প্রভিডেন্ট ফান্ডে নিয়োগকারী প্রতিষ্ঠানও সমপরিমাণ জমা করে।

ক. প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. বেতন বিবরণী প্রস্তুত কর। ৪

গ. শওকত ট্রেডার্সের হিসাব বহিতে বেতনসংক্রান্ত লেনদেনের প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ হারুন লিমিটেডের জুলাই মাসের মজুদ পণ্য এবং কারখানায় ইস্যুকরণের উদ্দেশ্যে ক্রয়কৃত ও ইস্যুকৃত মালের তথ্য নিম্নে উপস্থাপন করা হলো—

২০২৩

জুলাই ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ একক প্রতি একক ১০ টাকা।

" ৫ ক্রয় ১,০০০ একক প্রতি একক ১২ টাকা।

" ১০ ইস্যু ১,০০০ একক।

" ১৮ ক্রয় ১,৪০০ একক প্রতি একক ১৫ টাকা।

" ২০ সরবরাহকারীকে ফেরত ২০০ একক।

" ২৫ ইস্যু ১,০০০ একক।

" ২৮ কারখানা থেকে ফেরত ২০০ একক।

ক. হারুন লিমিটেডের জুলাই মাসের মোট ক্রয় (একক) নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

**হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন**

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১ ▶ রাব্বি লিমিটেডের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**রাব্বি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| বিবরণ | ডেবিট টাকা | বিবরণ | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল | ৮০,০০০ | প্রদেয় হিসাব | ৭০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | প্রদেয় নোট | ২৫,০০০ |
| প্রাপ্য নোট | ৪০,০০০ | ৮% ঋণপত্র | ৯০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৭০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৩০,০০০ |
| বিমা সেলামি | ১১,০০০ | ইস্যুকৃত শেয়ার মূলধন | ৩,০০,০০০ |
| বেতন | ৪১,০০০ | সংরক্ষিত আয় (১.১.২৩) | ৪০,০০০ |
| ভাড়া | ২৪,০০০ | বিক্রয় | ৩,৪০,০০০ |
| অনাদায়ি পাওনা | ৬,০০০ | বকেয়া বেতন | ৫,০০০ |
| প্রদত্ত লভ্যাংশ | ১৫,০০০ | | |
| বিক্রীত পণ্যের ব্যয় | ২,০০,০০০ | | |
| যন্ত্রপাতি | ২,৭৩,০০০ | | |
| প্রাথমিক খরচ | ২০,০০০ | | |
| | ৯,০০,০০০ | | ৯,০০,০০০ |

**অতিরিক্ত তথ্যাবলি :** (১) ঋণপত্রের উপর ছয় মাসের সুদ অপ্রদত্ত রয়েছে; (২) প্রাথমিক খরচের এক-চতুর্থাংশ অবলোপন কর; (৩) প্রাপ্য হিসাবের ৬% আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৪% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে; (৪) শেয়ার মূলধনের ওপর ৭% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) বিক্রয় ব্যবস্থাপককে তাঁর কমিশন ধার্য করার পূর্ববর্তী পরিচালন লাভের ওপর ৫% হারে কমিশন প্রদান করতে হবে।

ক. আর্থিক বিবরণীতে প্রদর্শিতব্য নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২৩ সালের সমাপ্ত বছরের জন্য বিশদ আয় বিবরণী তৈরি কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২৩ সালের সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

২ ▶ যমুনা কোম্পানি লিমিটেডের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| বিবরণ | ডেবিট টাকা | বিবরণ | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| অফিস সাপ্লাইজ | ২৬,০০০ | শেয়ার মূলধন (৬,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা) | ৬০,০০০ |
| অগ্রিম বিমা | ১৩,০০০ | | |
| বেতন | ১৫,০০০ | প্রদেয় মজুরি | ১৫,০০০ |
| অফিস সরঞ্জাম | ৯০,০০০ | পুঞ্জীভূত অবচয় | ৮,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৪,০০০ | সেবা আয় | ৭২,০০০ |
| সুনাম | ২২,০০০ | অনুপার্জিত সেবা আয় | ৬,০০০ |
| বিজ্ঞাপন | ১৫,০০০ | কমিশন | ৪,০০০ |
| | | সংরক্ষিত আয় | ২০,০০০ |
| | ১,৮৫,০০০ | | ১,৮৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) চলতি বছরের অফিস সাপ্লাইজ খরচ ১৬,০০০ টাকা এবং অগ্রিম প্রদত্ত বিজ্ঞাপন ৮,০০০ টাকা; (২) অনুপার্জিত সেবা আয় অর্জিত হয়েছে ২,৫০০ টাকা; (৩) লভ্যাংশ ঘোষণা করা হয়েছে ৯%; (৪) নিট আয়ের ২০% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে; (৫) অফিস সরঞ্জামের অবচয় ধার্য করতে হবে ৯,০০০ টাকা।

ক. প্রস্তাবিত লভ্যাংশ ও অনুপার্জিত সেবা আয় নির্ণয় কর। ২

খ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

## খ বিভাগ

৩ ▶ রূপসা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি এর ৯০% শেয়ার ২০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র প্রচার করে। ইস্যুকৃত শেয়ারের ১০% বেশি শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো।

ক. বিলিকৃত শেয়ারের সংখ্যা এবং শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. রূপসা কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৪ ▶ বর্ণ কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ খানি সাধারণ শেয়ারে বিভক্ত ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। ২০২৩ সালের জানুয়ারি মাসের ১ তারিখে কোম্পানিটি ২৫,০০০ খানি শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিবরণীপত্র প্রচার করল। জনসাধারণ ২৫,০০০ খানি শেয়ারের জন্য আবেদন করল।

ক. কোম্পানিটি সমমূল্যে শেয়ার বিক্রি করলে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ২

খ. কোম্পানিটি ১৫% অধিহারে শেয়ার ইস্যু করলে, প্রয়োজনীয় জাবেদা দাখিলা ও ব্যাংক হিসাব তৈরি কর। ৪

গ. কোম্পানিটি ১০% অবহারে শেয়ার ইস্যু করলে, প্রয়োজনীয় জাবেদা ও উদ্বৃত্তপত্র প্রস্তুত কর। ৪

৫ ▶ চন্দ্র, সূর্য ও তারা একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৫ : ৩ : ২ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তাদের মূলধন যথাক্রমে ৫,০০,০০০ টাকা; ৩,০০,০০০ টাকা এবং ২,৫০,০০০ টাকা ছিল। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। সূর্য তার সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ৩,০০০ টাকা করে বেতন পাবে। ২০২৩ সালের ১ জুলাই চন্দ্র ব্যবসায়ে ৯০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করেন। অংশীদারগণ প্রত্যেকে কারবার হতে প্রতি মাসের শুরুতে ২,৫০০ টাকা করে উত্তোলন করেন। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে ব্যবসায়ের নিট লাভ ২,৮০,০০০ টাকা ছিল।

ক. চন্দ্রের ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. সূর্য ও তারার মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৬ ▶ P, Q ও R একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৯০,০০০ টাকা;

৬০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা। তাঁদের চলতি হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ ছিল :

P ১০,০০০ টাকা (ক্রেডিট)
Q ৪,০০০ টাকা (ডেবিট)
R ৭,০০০ টাকা (ক্রেডিট)

তাঁদের অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধন ও চলতি হিসাবের উদ্বৃত্তের ওপর ৬% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই ২০২৩ তারিখে P ১৫,০০০ টাকা ঋণ সরবরাহ করে। R তাঁর বেতন বাবদ বাৎসরিক ৭,০০০ টাকা পাবে। ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে কারবারের নিট আয় ছিল ২৯,০০০ টাকা।

ক. P-এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. Q এবং R-এর চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৭** ▸ জাব্বার লিমিটেডের ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের উদ্বৃত্তপত্র নিম্নে দেয়া হলো :

**জাব্বার লিমিটেড**
৩১ ডিসেম্বর, ২০২৩

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৮,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৭,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| বকেয়া খরচ | ১,৫০,০০০ | প্রাপ্য নোট | ১,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | নগদ তহবিল | ১,৫০,০০০ |
| | | অগ্রিম বিমা | ৯০,০০০ |
| | | প্রাথমিক খরচাবলি | ১০,০০০ |
| | ১৫,০০,০০০ | | ১৫,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে। ২০২৩ সালে বিক্রয়ের পরিমাণ ছিল ১৮,০০,০০০ টাকা এবং পরিচালন খরচ ২,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. নিট লাভ অনুপাত ও চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

**৮** ▸ নদী লিমিটেডের ৩১ মার্চ, ২০২৩ তারিখে সমাপ্ত তিন মাসের উৎপাদন সংশ্লিষ্ট তথ্যসমূহ নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ২৬,০০০ |
| কাঁচামাল ক্রয় (পরোক্ষ কাঁচামাল ৩,৫০০ টাকাসহ) | ১,২৩,৫০০ |
| কাঁচামাল ফেরত | ৩,৫০০ |
| আন্তঃপরিবহন | ১,২০০ |
| সমাপ্তি কাঁচামাল | ২০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম ব্যয় | ৩৬,০০০ |
| পরোক্ষ শ্রম ব্যয় | ৩,০০০ |
| কারখানা ভাড়া ও বিমা | ৫,০০০ |
| বিবিধ কারখানা খরচ | ৩,৫০০ |
| অফিস উপরিখরচ | ১২,৮০০ |
| বিক্রয় উপরিখরচ | ৮,০০০ |

ক. নদী লিমিটেডের কারখানা উপরিব্যয়ের পরিমাণ নিরূপণ কর। ২
খ. নদী লিমিটেডের প্রত্যক্ষ কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ৪
গ. নদী লিমিটেডের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

**৯** ▸ আলফা ফ্যাক্টরিতে ৩ জন শ্রমিক কাজ করে। ৪৮ ঘণ্টা সপ্তাহে মূল মজুরির হার ঘণ্টা প্রতি ১০ টাকা। ওভারটাইম কাজের জন্য মূল মজুরি হারের দ্বিগুণ হারে মজুরি প্রদান করা হয়। এছাড়া শ্রমিকগণ মূল মজুরির ১০% মহার্ঘ ভাতা, ৫০% বাড়িভাড়া ভাতা এবং ১০% যাতায়াত ভাতা পেয়ে থাকে। প্রত্যেক শ্রমিকের মূল মজুরি থেকে সপ্তাহে ১০% প্রভিডেন্ট ফান্ডের চাঁদা এবং ২২ টাকা কল্যাণ তহবিলের চাঁদা বাবদ কর্তন করা হয়। ২০২৩ সালের জুলাই মাসের প্রথম সপ্তাহে শ্রমিকগণ নিম্নোক্ত শ্রমঘণ্টা কাজ করেছে :

| শ্রমিকের নাম | মোট কর্মঘণ্টা |
|---|---|
| X | ৫৬ |
| Y | ৫৪ |
| Z | ৫২ |

ক. ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২
খ. আলফা ফ্যাক্টরির মজুরি বিবরণী প্রস্তুত কর। ৪
গ. মজুরিসংক্রান্ত লেনদেনের জাবেদা দাখিলা দেখাও। ৪

**১০** ▸ নিম্নোক্ত তথ্যসমূহ ২০২৩ সালের জানুয়ারি মাসের গোমতী কোম্পানির হিসাব বহি হতে সংগ্রহ করা হয়েছে :

২০২৩

| | | |
|---|---|---|
| জানু. | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ৭০০ কেজি ১০ টাকা দরে। |
| ” | ৫ | কাঁচামাল ক্রয় ৬০০ কেজি ১৩ টাকা দরে। |
| ” | ৯ | কারখানায় ইস্যু ৮০০ কেজি। |
| ” | ১৯ | কাঁচামাল ক্রয় ৪০০ কেজি ১৪ টাকা দরে। |
| ” | ২৭ | কারখানায় ইস্যু ৭০০ কেজি। |
| ” | ৩১ | পরিবহনে বিনষ্ট ২৫ কেজি (১৯ তারিখে ক্রয়কৃত) |

ক. ২০২৩ সালের জানুয়ারি মাসে মোট প্রাপ্তির পরিমাণ এককে ও টাকায় নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**১১** ▸ আরিফ গার্মেন্টস লিমিটেডের ২০২৩ সালের ডিসেম্বর মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ডিসে. | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ১,৬০০ একক; প্রতি একক ১২ টাকা দরে। |
| ” | ৪ | ক্রয় ২,৯০০ একক; প্রতি একক ১১ টাকা দরে। |
| ” | ৮ | ইস্যু ১,৪০০ একক। |
| ” | ১৩ | ইস্যু ১,৭০০ একক। |
| ” | ২২ | ক্রয় ২,৪০০ একক; প্রতি একক ১৫ টাকা দরে। |
| ” | ২৬ | ইস্যু ২,১০০ একক। |
| ” | ২৮ | ক্রয় ১,৫০০ একক; প্রতি একক ১৬ টাকা দরে। |
| ” | ২৯ | ইস্যু ১,৬০০ একক। |
| ” | ৩১ | সমাপনী মজুদ পণ্য ১,৪০০ একক। |

ক. ঘাটতি মালের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১, ৪, ৮ ও ১৩ ডিসেম্বর তারিখের দফাগুলো নিয়ে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ১, ২২, ২৬ ও ২৮ ডিসেম্বর তারিখের দফাগুলো নিয়ে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

## ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** মেঘনা লিমিটেডের অনুমোদিত মূলধন ৪,০০,০০০ টাকা যা প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিলটি নিম্নরূপ :

**মেঘনা লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ১,৫০,০০০ | |
| সুনাম | ১,০০,০০০ | |
| শেয়ার মূলধন | | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২২) | | ৪০,০০০ |
| ক্রয় | ২,০০,০০০ | |
| বেতন | ২৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,২৫,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ২৫,০০০ |
| ৬% ঋণপত্র (০১-০৭-২০২২) | | ৫০,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ১০,০০০ |
| মনিহারি | ১০,০০০ | |
| বিজ্ঞাপন | ৫,০০০ | |
| বিক্রয় | | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| হাতে নগদ | ১৫,০০০ | |
| আয়কর | ৫,০০০ | |
| | ৬,৭৫,০০০ | ৬,৭৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা; (২) বকেয়া বেতন ৫,০০০ টাকা; (৩) আয়কর সঞ্চিতি ধার্য কর ১২,০০০ টাকা; (৪) সাধারণ সঞ্চিতি ৪০,০০০ টাকায় উন্নীত কর; (৫) শেয়ার মূলধনের উপর ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. মেঘনা লিমিটেডের মোট লাভ নির্ণয় কর। ২
খ. মেঘনা লিমিটেডের নিট লাভ নির্ণয় কর। ৪
গ. করবাদ নিট মুনাফা ৪০,০০০ টাকা বিবেচনাপূর্বক মেঘনা লিমিটেডের সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪

**২ ▸** সান কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে কোম্পানির রেওয়ামিলটি নিম্নরূপ :

**সান কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ১,০০,০০০ |
| শেয়ার অধিহার | | ১০,০০০ |
| রক্ষিত আয় (০১-০১-২০২২) | | ৩০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| জমি ও দালানকোঠা | ৬০,০০০ | |
| ইজারা সম্পত্তি (৫ বছর) | ৪০,০০০ | |
| বিক্রয় | | ১,৮০,০০০ |
| ভাড়া আয় | | ২০,০০০ |
| কলকব্জা | ৫০,০০০ | |
| বেতন | ১০,০০০ | |
| ক্রয় | ১,০০,০০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| নগদ তহবিল | ৪০,০০০ | |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা; (২) ১০,০০০ টাকার একটি নতুন কলকব্জা ০১-০৭-২০২২ তারিখে ক্রয় করা হলো যার সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে; (৩) কলকব্জার উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা সংরক্ষণ কর।

ক. কলকব্জার অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. বছর শেষে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩ ▸** আলফা, বেটা ও গামা একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ৭০,০০০ টাকা; ৫০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। অংশীদারি চুক্তির শর্ত অনুযায়ী প্রত্যেক অংশীদারদের মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। আলফা সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বাৎসরিক ৫,০০০ টাকা বেতন পাবে। ২০২২ সালের ১ জুলাই তারিখে গামা ব্যবসায়ে ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন। ব্যবসায়ের মুনাফা ২ : ২ : ১ অনুপাতে বণ্টিত হবে। প্রতি মাসের শেষে আলফা, বেটা ও গামা যথাক্রমে ৭০০ টাকা, ৫০০ টাকা ও ৩০০ টাকা করে কারবার হতে নগদ উত্তোলন করেছেন।

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে বছর শেষে ব্যবসায়ের নিট লাভ হয়েছিল ৫০,০০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

**৪ ▸** সুরমা কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির ৭০,০০০ শেয়ার ১০% অবহারে বাজারে বিক্রয় করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ৬০,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া যায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হয়। কোম্পানি শেয়ার প্রতি ০.৫০ টাকা করে অবলেখকের কমিশন এবং শেয়ার প্রতি ০.২৫ টাকা করে ব্যাংক চার্জ প্রদান করেন।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

**৫ ▸** ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে এসিআই কোম্পানি লি. এর আর্থিক অবস্থার বিবরণী এবং অন্যান্য তথ্যাবলি নিচে দেয়া হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৬,০০,০০০ | ভূমি ও দালান | ৫,০০,০০০ |

SURE SUCCESS

| | | | |
|---|---|---|---|
| রক্ষিত আয় | ৩,০০,০০০ | আসবাবপত্র | ২,০০,০০০ |
| ঋণপত্র | ৪,০০,০০০ | বিনিয়োগ | ১,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৭৫,০০০ | প্রাপ্য হিসাব | ৪,০০,০০০ |
| বকেয়া খরচ | ২৫,০০০ | নগদ তহবিল | ৫০,০০০ |
| | ১৫,৫০,০০০ | | ১৫,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** উক্ত বছরে বিক্রয়ের পরিমাণ ১৮,০০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয় ১৪,০০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ পণ্য ২,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির চলতি অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

গ. কোম্পানির মোট লাভ অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

**৬ ▸** আরিফ ও রহমান বেঙ্গল ফার্নিচার লি. এর দুইজন কর্মী। ২০২২ সালের জানুয়ারি মাসে তাদের মজুরি সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | আরিফ | রহমান |
|---|---|---|
| মূল মজুরি | ৭,০০০ | ৫,০০০ |
| বাড়িভাড়া ভাতা | ৪০% | ৪০% |
| মহার্ঘ ভাতা | ২৫% | ২৫% |
| চিকিৎসা ভাতা | ৪০০ | ৩০০ |
| ওভারটাইম | ২০ ঘণ্টা | ১৫ ঘণ্টা |
| প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান | ১০% | ১০% |
| মজুরি থেকে অগ্রিম কর্তন | ৭০০ | ৫০০ |
| কল্যাণ তহবিলে চাঁদা | ৫০ | ৫০ |
| গৃহনির্মাণ ঋণ বাবদ কর্তন | ৪০০ | ৪০০ |

স্বাভাবিক কর্মঘণ্টা ২০০। ওভারটাইম মজুরির হার স্বাভাবিক হারের দ্বিগুণ।

ক. শ্রমিকদের ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. শ্রমিকদের মোট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. শ্রমিকদের নিট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪

**৭ ▸** ২০২২ সালের 'সিলেট ড্রেস হাউসের' নিম্নবর্ণিত তথ্যসমূহ মজুদ বিভাগ হতে নেয়া হয়েছে :

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ একক, প্রতি একক ৫২ টাকা দরে।
" ৫ ক্রয় ১,২০০ একক, প্রতি একক ৫০ টাকা দরে।
" ১০ ইস্যু ১,০০০ একক।
" ১৫ ক্রয় ৭০০ একক, প্রতি একক ৫৪ টাকা দরে।
" ২০ ইস্যু ৮০০ একক।
" ২৫ ক্রয় ৫০০ একক, প্রতি একক ৫৬ টাকা দরে।
" ৩০ ইস্যু ৮০০ একক।

ক. সমাপনী মজুদ মালের একক নির্ণয় কর। ২

খ. আগের মাল আগে ছাড়া পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**৮ ▸** জন ও জেইন একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ১,৪০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। অংশীদারি চুক্তির শর্ত অনুযায়ী প্রত্যেক অংশীদারদের মূলধন ও উত্তোলনের উপর ৫% হারে সুদ ধার্য করা হবে। জন মাসিক ১,২০০ টাকা করে বেতন পাবে। ২০২২ সালের ১ অক্টোবর তারিখে জেইন ব্যবসায়ে ১৫,০০০ টাকা ঋণ হিসাবে আনেন। ব্যবসায়ের মুনাফা ২ : ১ অনুপাতে বণ্টিত হবে। ঐ বছরে জন ও জেইন যথাক্রমে ২৫,০০০ টাকা ও ২০,০০০ টাকা কারবার হতে উত্তোলন করেছিলেন।

উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে বছর শেষে ব্যবসায়ের নিট লাভ হয়েছিল ১,৩০,০০০ টাকা।

ক. জেইনের ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৯ ▸** হিরা কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ারে বিভক্ত ৬,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির ৪০,০০০ শেয়ার ১০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ৪৫,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া যায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হয়। কোম্পানি শেয়ার প্রতি ০.৭৫ টাকা ব্যাংক চার্জ প্রদান করেন।

ক. মোট শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যা ব্যতীত)। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**১০ ▸** নাসির কোম্পানি লি. এর উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | ৫০,০০০ |
| কাঁচামালের সমাপনী মজুদ | ১০,০০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (২০০ একক) | ২,০০,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩০০ একক) | ? |
| কাঁচামাল ক্রয় | ১৮,০০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ৫,০০,০০০ |
| কারখানার উপরিব্যয় | ৩,০০,০০০ |
| বিক্রয় উপরিব্যয় | ২,৫০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৪,০০,০০০ |
| বিক্রয় | ৪২,০০,০০০ |

উক্ত বছরে কোম্পানি ৬০০ একক পণ্য বিক্রয় করে।

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় বিবরণী তৈরি কর। ৪

গ. আয় বিবরণী তৈরি কর। ৪

**১১ ▸** ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে মধুমতি কোম্পানি লি. এর সম্পদ, দায় এবং অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| মজুদ পণ্য | ৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| নগদ তহবিল | ৬০,০০০ |
| প্রাপ্য নোট | ৪০,০০০ |
| দালানকোঠা | ২,০০,০০০ |
| মূলধন | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ |
| প্রদেয় নোট | ৪০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ |
| মোট বিক্রয় | ১০,০০,০০০ |

মোট মুনাফা ২,০০,০০০ টাকা; নিট মুনাফা বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ১০%।

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ত্বরিত অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফা অনুপাত ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

## রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** নদী লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

**নদী লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮,০০০ শেয়ার) | | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৫,০০০ | ১২,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৬০,০০০ | ১,২৫,০০০ |
| দালানকোঠা | ৪০,০০০ | |
| কলকব্জা | ৬০,০০০ | |
| মজুরি | ৬,০০০ | |
| বেতন (১৭ মাস) | ১৭,০০০ | |
| ভাড়া | ৫,৫০০ | |
| অনাদায়ি পাওনা | ১,৩০০ | |
| ফেরত | ৪,০০০ | ৩,৫০০ |
| আয়কর | ৫,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ১৫,০০০ | |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২১) | | ৪০,০০০ |
| ব্যাংক জমা | ১১,৭০০ | |
| | ২,৬০,৫০০ | ২,৬০,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩৫,০০০ টাকা; (২) বকেয়া মজুরি ৫০০ টাকা এবং বকেয়া ভাড়া ১,০০০ টাকা; (৩) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) দালানকোঠার উপর ৫% এবং কলকব্জার উপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৫) সঞ্চিতি তহবিলে ৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে।

ক. অগ্রিম বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিট লাভ নির্ণয় কর। ৪

গ. বছর শেষে শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ নির্ণয় কর। ৪

**২ ▸** সাগর লি. এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৯০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৮০,০০০ | |
| সাপ্লাইজ | ১০,০০০ | |
| অগ্রিম বিমা | ৮,০০০ | |
| অগ্রিম ভাড়া | ৩০,০০০ | |
| সরঞ্জাম | ২,৫০,০০০ | |
| পুঞ্জীভূত অবচয়-সরঞ্জাম | | ১৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ৪০,০০০ |
| প্রদেয় নোট | | ৩০,০০০ |
| মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ সাধারণ শেয়ার) | | ২,০০,০০০ |
| সেবা আয় | | ২,৮৬,০০০ |
| বেতন খরচ | ১,৩০,০০০ | |
| আইন খরচ | ৩৩,০০০ | |
| বন্ধকি ঋণ | | ১,০০,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০১-২২) | | ৬০,০০০ |
| | ৭,৩১,০০০ | ৭,৩১,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) বছরান্তে অব্যবহৃত সাপ্লাইজ রয়েছে ২,০০০ টাকা; (২) বিমা খরচ ৩,০০০ টাকা; (৩) সরঞ্জামের প্রত্যাশিত আয়ুষ্কাল ১০ বছর; (৪) সেবা আয় বকেয়া রয়েছে ৪,০০০ টাকা; (৫) শেয়ার মূলধনের উপর ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে সমাপ্ত বছরের নিট লাভ নির্ণয় কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখের আর্থিক অবস্থার বিবরণীর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

SURE SUCCESS

### খ বিভাগ

**৩ ▸** সান, মুন ও স্টার একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান যথাক্রমে ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৫০,০০০ টাকা; ৪০,০০০ টাকা ও ৩০,০০০ টাকা। অংশীদারি চুক্তিপত্র মোতাবেক প্রত্যেক অংশীদারের মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৮% হারে সুদ ধরতে হবে। ব্যবসায়ের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য মুন ও স্টার যথাক্রমে বার্ষিক ৩৬,০০০ টাকা ও ২৪,০০০ টাকা বেতন পাবেন। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ সারা বছর ধরে ব্যবসায় থেকে যথাক্রমে ৮,০০০ টাকা; ৬,০০০ টাকা ও ৪,০০০ টাকা উত্তোলন করেন। ২০২২ সালের ১ জুলাই তারিখে স্টার ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন এবং মুন ১৫,০০০ টাকা ঋণ হিসাবে কারবারে সরবরাহ করেন। মুনের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য বিষয়গুলো সমন্বয়সাধন করার পূর্বে ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে কারবারের নিট লাভ ১,২০,০০০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. মুনের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▸** X, Y, Z একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৯০,০০০ টাকা; ৭৫,০০০ টাকা এবং ৬৫,০০০ টাকা। তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল :

X – ১০,০০০ টাকা (ক্রেডিট)

Y – ৪,০০০ টাকা (ডেবিট)

Z – ৬,০০০ টাকা (ক্রেডিট)

অংশীদারি চুক্তিপত্র অনুযায়ী মূলধনের উপর ৬% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই ২০২২ তারিখে Z, ১০,০০০ টাকা ব্যবসায়ে ঋণ প্রদান করেন। কারবারে সার্বক্ষণিক কাজের জন্য Y প্রতিমাসে ২৫০ টাকা করে বেতন পাবেন। ডিসেম্বর ২০২২ তারিখে কারবারের নিট আয় ছিল ২৭,৬২০ টাকা।

ক. Y এর বার্ষিক বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবন্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. Y ও Z এর চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৫ ▸** আকাশ কোম্পানি লি. ৪০,০০,০০০ টাকা মূলধন নিয়ে নিবন্ধিত হলো। প্রতিটি শেয়ারের মূল্য ১০ টাকা করে ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত। অনুমোদিত শেয়ার থেকে কোম্পানি ৫০% শেয়ার ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য বিজ্ঞাপন প্রদান করে। সর্বমোট ২,৩০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হয়।

ক. শেয়ার অধিহারের পরিমাণ এবং ফেরতকৃত শেয়ারের সংখ্যা ও অর্থের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৬ ▸** সান লি. এর নিবন্ধিত মূলধন ২০,০০,০০০ টাকা; যা প্রতিটি ১০০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ১০% অবহারে ৪,০০০ শেয়ার ইস্যুর উদ্দেশ্যে বিবরণপত্র বিলি করে। কোম্পানি মোট ৫,০০০ শেয়ারের আবেদন পেল। কোম্পানি ৪,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বণ্টন করার সিদ্ধান্ত গ্রহণ করে।

ক. শেয়ারপ্রতি অবহারের পরিমাণ এবং মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীতে মূলধন ও দায়ের অংশ প্রদর্শন কর। ৪

**৭ ▸** ঈগল কোম্পানি লি. এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৬,০০,০০০ | দালানকোঠা | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২৫,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| ১৫% ঋণপত্র | ২,৫০,০০০ | যন্ত্রপাতি | ২,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২৫,০০০ | মজুদ পণ্য | ১,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | ব্যাংক জমা | ৭০,০০০ |
| | | প্রাপ্য হিসাব | ৮০,০০০ |
| | ১০,০০,০০০ | | ১০,০০,০০০ |

প্রারম্ভিক মজুদ পণ্য ৬০,০০০ টাকা; বিক্রয় ৪,০০,০০০ টাকা; মোট লাভ ৮৮,০০০ টাকা এবং নিট লাভ ৪৮,০০০ টাকা।

ক. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট লাভ অনুপাত ও চলতি অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**৮ ▸** আব্দুল্লাহ লি. এর নিম্নোক্ত তথ্যাবলি প্রদত্ত হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,০০,০০০ | মজুদ পণ্য | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ৪০,০০০ | প্রাপ্য হিসাব | ২০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ | হাতে নগদ | ৩৮,০০০ |
| প্রদেয় নোট | ৫,০০০ | স্থায়ী সম্পদ | ১,৪০,০০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ | | |
| | ২,৫৮,০০০ | | ২,৫৮,০০০ |

সারা বছরে বিক্রয়ের পরিমাণ ১২,০০,০০০ টাকা। কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২০% লাভে পণ্য বিক্রয় করে। নিট মুনাফার পরিমাণ ৬০,০০০ টাকা।

ক. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**৯ ▸** ABC লি. এর উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ৪০,০০০ |
| চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | ৫,০০০ |
| চলতি কার্যের সমাপনী মজুদ | ৬,৫০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ১৩,৫০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৮,৫০০ |
| প্রত্যক্ষ মজুরি ২৪,০০০ ঘণ্টা (ঘণ্টাপ্রতি ৪ টাকা করে) | ? |
| পরোক্ষ কাঁচামাল | ৪,৫০০ |
| পরোক্ষ শ্রম | ৯,০০০ |
| কারখানার বিবিধ খরচ | ৫,০০০ |
| প্রশাসনিক খরচ | ১০,০০০ |
| বিক্রয় খরচ | ১০,০০০ |

মুনাফা বিক্রয়ের ২০%।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কোম্পানির নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

**১০ ▸** ২০২২ সালের জুলাই মাসের নদী ও সাগরের মজুরিসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | নদী | সাগর |
|---|---|---|
| মূল মজুরি | ১০,০০০ টাকা | ৮,০০০ টাকা |
| বাড়িভাড়া ভাতা | ৫০% | ৫০% |
| মহার্ঘ ভাতা | ১০% | ১০% |
| ওভারটাইম | ৩০ ঘণ্টা | ২০ ঘণ্টা |
| চিকিৎসা ভাতা | ৩০০ টাকা | ৩০০ টাকা |
| ভবিষ্য তহবিল | ১০% | ১০% |
| কল্যাণ তহবিল | ১% | ১% |
| অগ্রিম মজুরি | ৪০০ টাকা | ৩০০ টাকা |

স্বাভাবিক কর্মঘণ্টা ছিল ২০০ ঘণ্টা এবং কর্মিগণ স্বাভাবিক হারের দ্বিগুণ হারে ওভারটাইম মজুরি পায়।

ক. নদী ও সাগরের জুলাই মাসের ওভারটাইম মজুরি নির্ণয় কর। ২

খ. কর্মীদের মোট উপার্জন নির্ণয় কর। ৪

গ. কর্মীদের নিট উপার্জন নির্ণয় কর। ৪

**১১ ▸** ২০২২ সালের জানুয়ারি মাসে পলাশ লি. এর পণ্য ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্য নিম্নে প্রদান করা হলো :

জানু. ১ প্রারম্ভিক মজুদ ৩০০ একক, প্রতি একক ১০ টাকা দরে।
" ২ ক্রয় ৩০০ একক, প্রতি একক ১১ টাকা দরে।
" ৩ ইস্যু ৪০০ একক।
" ৭ ইস্যু ১০০ একক।
" ১০ ক্রয় ৪০০ একক, প্রতি একক ১২ টাকা দরে।
" ২৫ ইস্যু ২০০ একক।

ক. বিক্রয়যোগ্য পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

# যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

**১ ▸** এম. আর কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা; যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৫,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,০০,০০০ | ৬০,০০০ |
| বেতন (১১ মাসের) | ৪৪,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ৩০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ২,৮০,০০০ | ৩,৭৫,০০০ |
| মজুরি | ৫০,০০০ | |
| বিজ্ঞাপন | ৪০,০০০ | |
| জাহাজ ভাড়া | ৩৫,০০০ | |
| ভাড়া | ২০,০০০ | |
| বাট্টা | ৮,০০০ | ৬,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ১,৬০,০০০ | |
| নগদ ও ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৮০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি (২ বছরের জন্য) | | ৪,০০০ |
| অনাদায়ি পাওনা | ৩,০০০ | |
| অনাদায়ি সঞ্চিতি | | ৫,০০০ |
| | ৯,৫০,০০০ | ৯,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে। যার মধ্যে ১৫,০০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে যা সংশ্লিষ্ট ক্রেতাকে সরবরাহ করা হয়নি; (২) উক্ত বছরে মোট অনাদায়ি পাওনার পরিমাণ ৫,০০০ টাকা। অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ১০,০০০ টাকা বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে; (৪) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ ৮,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।

ক. বছরের শেষে কোম্পানির চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. সমাপ্ত বছরের জন্য কোম্পানির মোট মুনাফা বা মোট ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কোম্পানির মোট মুনাফা ১,২৩,০০০ টাকা ধরে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

**২ ▸** সালমান কোম্পানি লি. এর অনুমোদিত মূলধনের পরিমাণ ২০,০০,০০০ টাকা; যা প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ভূমি ও দালানকোঠা | ৭,০০,০০০ | |
| ১০% ঋণপত্র (৩১-১২-২০২২) | | ৮০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৪০,০০০ | |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৮,০০০ | ৩,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ৭০,০০০ |
| ঋণপত্রের অবহার ও শেয়ার অধিহার | ১০,০০০ | ৬৪,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৩,২১,০০০ | |
| প্রাথমিক খরচ | ৩৫,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৯০,০০০ | |
| সংরক্ষিত আয়ের জের (০১-০১-২২) | | ৬২,০০০ |
| বিশদ আয় বিবরণী (চলতি বছরের নিট লাভ) | | ১,২৫,০০০ |
| শেয়ার মূলধন (১,০০,০০০ শেয়ার) | | ১০,০০,০০০ |
| সুনাম | ২,০০,০০০ | |
| | ১৪,০৪,০০০ | ১৪,০৪,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) শেয়ার অধিহারের অর্ধাংশ সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (২) শেয়ার মূলধনের ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিল ৮০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি বাবদ ৮,০০০ টাকার সংস্থান করতে হবে; (৫) কর্মচারী কল্যাণ তহবিলে ১৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে।

ক. অলীক সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীতে শেয়ার মালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগ

**৩ ▸** আছিয়া, সোনিয়া ও সামিয়া একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা; ৬০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। চুক্তি অনুযায়ী অংশীদারগণের মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ ধার্য করতে হবে। ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণের জন্য সোনিয়া মাসিক ১,৫০০ টাকা করে বেতন পাবেন। উক্ত বছরের মাঝামাঝি সময়ে সামিয়া ১০,০০০ টাকা ব্যবসায়ে ঋণ প্রদান করেন। ব্যক্তিগত প্রয়োজনে আছিয়া প্রতি মাসের প্রথমে ৬০০ টাকা, সোনিয়া প্রতি মাসের মাঝামাঝি ৫০০ টাকা এবং সামিয়া প্রতি মাসের শেষে ৪০০ টাকা করে নগদ উত্তোলন করেন। আছিয়া নগদ উত্তোলন ছাড়াও ২,৫০০ টাকার পণ্য উত্তোলন করেন যা হিসাবভুক্ত হয়নি। উপর্যুক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে কিন্তু সোনিয়ার বেতন ডেবিট করার পর ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট মুনাফা ৬৫,১৫০ টাকায় উপনীত হয়।

ক. অংশীদারগণের উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. সমাপ্ত বছরের জন্য অংশীদারগণের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. আছিয়া ও সোনিয়ার মূলধন হিসাব প্রস্তুত কর। [মুনাফার অংশ আছিয়া ২৪,৬৩০ টাকা ও সোনিয়া ১৬,৪২০ টাকা] ৪

**৪ ▸** রাবেয়া কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ারে বিভক্ত ৩০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত। কোম্পানি ২,০০,০০০ শেয়ার প্রতিটি ১০% অধিহারে বিক্রয়ের জন্য আবেদনপত্র আহ্বান করে। জনসাধারণের নিকট হতে ২,৫০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি যথারীতি ইস্যুকৃত শেয়ারগুলো বিলি করল। শেয়ার ইস্যুসংক্রান্ত দায়িত্ব গ্রহণ করায় অবলেখককে শেয়ার প্রতি ০.৬০ টাকা করে কমিশন প্রদান করা হয়।

ক. সংরক্ষিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনের জন্য কোম্পানির হিসাব বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। [ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,৮০,০০০ টাকা] ৪

৫ ▸ আনোয়ারা লি. এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে প্রদত্ত হলো :

| মালিকানাস্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,০০,০০০ | মজুদ পণ্য | ৫০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের | ৪০,০০০ | প্রাপ্য হিসাব | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ৬০,০০০ | হাতে নগদ | ৫৬,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৪০,০০০ | অগ্রিম ভাড়া | ৮,০০০ |
| প্রদেয় নোটস | ১০,০০০ | স্থায়ী সম্পদ | ১,৯২,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১১,০০০ | প্রাথমিক খরচ | ১৫,০০০ |
| ১০% ঋণপত্র | ২০,০০০ | | |
| | ৩,৮১,০০০ | | ৩,৮১,০০০ |

সারাবছরে আনোয়ারা লি. এর বিক্রয়ের পরিমাণ ১৫,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের উপর ২০% মুনাফায় পণ্য বিক্রয় করে।

ক. কোম্পানির বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্য হতে কোম্পানির চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪
গ. কোম্পানির দায় মালিকানা অনুপাত ও মোট লাভের অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ মনু লি. এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি পণ্যের মজুদ (০১-০১-২০২২) ৮,০০০ একক | ৪০,০০০ |
| ব্যবহৃত কাঁচামাল | ২,৮০,০০০ |
| উৎপাদন মজুরি | ১,৪০,০০০ |
| কারখানা উপরি খরচ | ৫২,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ৯০,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ৪৫,০০০ |

৩১-১২-২০২২ তারিখে তৈরি পণ্যের মজুদ ১৬,০০০ একক, বিক্রয়ের পরিমাণ ৪০,০০০ একক এবং বিক্রয়ের উপর ২০% মুনাফা অর্জিত হয়।

ক. উপর্যুক্ত তথ্য হতে উৎপাদিত পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২
খ. উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করে উৎপাদন ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. মনু লি. এর আয় বিবরণী প্রস্তুত করে নিট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৭ ▸ নিম্নে শাফি লি. কোম্পানির ২ জন কর্মী শাম্মি ও মাহিনের ২০২২ সালের ডিসেম্বর মাসের বেতনসংক্রান্ত তথ্যাবলি দেওয়া হলো :

| বিবরণ | শাম্মি | মাহিন |
|---|---|---|
| মূল বেতন | ৩৪,০০০ | ২২,০০০ |
| বাড়িভাড়া ভাতা [মূল বেতনের] | ৪০% | ৪০% |
| মহার্ঘ ভাতা [মূল বেতনের] | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে দান [সর্বনিম্ন ১,২০০ টাকা] | ৫% | ৫% |
| চিকিৎসা ভাতা | ১,৫০০ | ১,৫০০ |
| ভবিষ্যৎ তহবিলে নিয়োগ কর্তা ও কর্মীর দান (প্রত্যেকে) | ১০% | ১০% |
| অগ্রিম বেতন কর্তন | ৩,০০০ | ২,০০০ |

ক. ভবিষ্যৎ তহবিলে জমাকৃত মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
খ. কর্মীদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. কর্মীদের মোট কর্তন ও নিট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

৮ ▸ রাফি লি. এর ২০২২ সালের নভেম্বর মাসের কাঁচামাল ক্রয় ও কারখানায় ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

২০২২

নভে. ১ প্রারম্ভিক মজুদ প্রতি একক ১২ টাকা দরে ২০০ একক।
" ৭ কাঁচামাল ক্রয় প্রতি একক ১৪ টাকা দরে ৯০০ একক।
" ১১ কারখানায় ইস্যু ৭০০।
" ১৫ কাঁচামাল ক্রয় প্রতি একক ১৫ টাকা দরে ৪০০ একক।
" ২১ কারখানা হতে ফেরত ৫০ একক।
" ৩০ কারখানায় ইস্যু ৫০০ একক।

ক. উপর্যুক্ত তথ্য হতে সমাপনী মজুদের পরিমাণ (একক) নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৯ ▸ মিনা, রুনা ও কনা একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৫ : ৩ : ২ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধনের উদ্বৃত্ত ছিল, মিনা ২,০০,০০০ টাকা; রুনা ১,৫০,০০০ টাকা ও কনা ১,০০,০০০ টাকা এবং ঐ একই তারিখে তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল :

মিনা ২০,০০০ টাকা (ক্রেডিট)
রুনা ১৫,০০০ টাকা (ডেবিট)
কনা ১০,০০০ টাকা (ক্রেডিট)

রুনা ২০২২ সালের ১ এপ্রিল তারিখে ১,০০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করে। চুক্তি অনুযায়ী মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ ধার্য করতে হবে এবং রুনা মাসিক ৩,০০০ টাকা বেতন পাবে যার অর্ধেক নগদে তুলে নেয়। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় মিনা, রুনা ও কনা সারাবছরে যথাক্রমে ১০,০০০ টাকা; ৯,০০০ টাকা ও ৬,০০০ টাকা করে নগদ উত্তোলন করে। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ ১,২০,০০০ টাকা।

ক. স্থিতিশীল পদ্ধতিতে অংশীদারগণের মূলধন হিসাব প্রস্তুত কর। ২
খ. অংশীদারগণের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. মিনা ও কনার চলতি হিসাব প্রস্তুত কর। [মুনাফার অংশ মিনা ১৬,৩৭৫ টাকা ও কনা ৬,৫৫০ টাকা] ৪

১০ ▸ জোহা এন্ড কোম্পানির ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সম্পদ, দায় ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| সমাপনী মজুদ পণ্য | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ |
| নগদ | ৩০,০০০ |
| প্রাপ্য নোট | ১৫,০০০ |
| যন্ত্রপাতি | ৭৫,০০০ |
| মূলধন | ৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | ১,২০,০০০ |
| প্রদেয় নোট | ৭,৫০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩০,০০০ |
| পণ্য ক্রয় (৮০% ধারে) | ২,০০,০০০ |
| বিক্রয় | ২,২৫,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ১,৭৫,০০০ |
| নিট মুনাফা | ২২,৫০০ |

ক. চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ২
খ. মজুদ আবর্তন ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. প্রদেয় হিসাব আবর্তন ও গড় আদায় কাল নির্ণয় কর। ৪

১১ ▸ বি. বি. এস লি. কোম্পানি প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ারে বিভক্ত ৩০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ৫০,০০০ শেয়ার সমমূল্যে ইস্যুর বিনিময়ে মিলি লি. হতে একটি কলকজা ক্রয় করে। অবশিষ্ট শেয়ার হতে ১,০০,০০০ শেয়ার প্রতিটি ১০% অবহারে বিক্রয়ের উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। জনগণের নিকট হতে ৮০,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল এবং আবেদনকৃত সমস্ত শেয়ার বিলি করা হলো।

ক. শেয়ারপ্রতি অবহার এবং মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যা ব্যতীত) ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

**১ ▸** সোনালী কোম্পানি লি. এর ৩১শে ডিসেম্বর ২০২২ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**সোনালী কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১শে ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মোট মুনাফা | | ১,৬০,০০০ |
| বেতন খরচ | ৪২,০০০ | |
| প্রদত্ত কমিশন | ৮,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ১০,০০০ |
| ভাড়া খরচ | ১২,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৩,০০০ |
| সংরক্ষিত মুনাফা (০১-০১-২০২২) | | ৭৯,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১৮,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৪,০০,০০০ |
| নগদ তহবিল | ২০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৫৮,০০০ |
| আসবাবপত্র | ৫,০০,০০০ | |
| | ৭,১০,০০০ | ৭,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) প্রাপ্য হিসাবের উপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (২) আয়কর, সঞ্চিতি রাখতে হবে ১০,০০০ টাকা; (৩) নিট মুনাফার ২০,০০০ টাকা সাধারণ সঞ্চিতিতে স্থানান্তর করতে হবে; (৪) শেয়ার মূলধনের উপর ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) বেতন ৮,০০০ টাকা বকেয়া রয়েছে।

ক. বছর শেষে চলতি সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে সোনালী কোম্পানি লি. এর বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. নিট মুনাফা ৯০,০০০ টাকা ধরে ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

**২ ▸** আলফা কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ খানি শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানির রেওয়ামিলটি নিম্নে উপস্থাপন করা হলো :

**আলফা কোম্পানি লি.**
**রেওয়ামিল**
২০২২ সালের ৩১শে ডিসেম্বর

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| যন্ত্রপাতি | ৯০,০০০ | |
| দালানকোঠা | ১,২০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৯০,০০০ | ২,৪৬,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২২) | ৪৪,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| শেয়ার মূলধন | | ১,২০,০০০ |
| আয়কর | ৫,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ১৮,০০০ | |
| বেতন খরচ | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ২,০০০ | |
| মজুরি খরচ | ১৭,০০০ | |
| হাতে নগদ | ৪৭,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৩০,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | | ২,০০০ |
| | ৪,৪৮,০০০ | ৪,৪৮,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৩৮,০০০ টাকা; (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে ১,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে; যা হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপনের ১/৩ অংশ অবলোপন করতে হবে; (৩) শেয়ার মূলধনের ওপর ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৪) মজুরি বকেয়া রয়েছে ৩,০০০ টাকা।

ক. পরোক্ষ ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত মুনাফা সমাপনী উদ্বৃত্ত ৮৬,০০০ টাকা ধরে কোম্পানির মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগ

**৩ ▸** রবি, শশী ও তারকা একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার যারা ৩ : ২ : ১ অনুপাতে মুনাফা-ক্ষতি বণ্টন করে। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০; ১,৮০,০০০ ও ১,৫০,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধন ও নগদ উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করা হবে। সার্বক্ষণিক ব্যবসায় পরিচালনার জন্য শশী মাসিক ১,০০০ টাকা বেতন পাবে। তারকা বছরের মাঝামাঝি ৫০,০০০ টাকা কারবারে ঋণস্বরূপ প্রদান করে। রবি প্রতি মাসের শুরুতে, শশী প্রতি মাসের শেষে যথাক্রমে ১,০০০ ও ৮০০ টাকা করে এবং তারকা বছরে মোট ৮,০০০ টাকা উত্তোলন করে। তাছাড়া শশী ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি। শশীর বেতন হিসাবভুক্ত করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে বছর শেষে কারবারের নিট মুনাফার পরিমাণ দাঁড়ায় ১,৭০,০০০ টাকা।

ক. বছর শেষে রবি ও শশীর উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে শশী ও তারকার মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▸** সিয়াম, রাফিদ ও রিফাত একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ১ জানুয়ারি ২০২২ তারিখে তাদের মূলধন ও চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত নিম্নে প্রদত্ত হলো :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| **সিয়াম :** | |
| মূলধন হিসাব | ৫০,০০০ |
| চলতি হিসাব | ৫,০০০ |
| **রাফিদ :** | |
| মূলধন হিসাব | ৭০,০০০ |
| চলতি হিসাব | ৬,০০০ |
| **রিফাত :** | |
| মূলধন হিসাব | ৪০,০০০ |
| চলতি হিসাব | ৪,০০০ |

মূলধন ও চলতি হিসাবের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। সিয়াম বছরে মোট ১২,০০০ টাকা বেতন পাবে। বছরে মোট উত্তোলনের পরিমাণ

সিয়াম ১০,০০০ টাকা; রাফিদ ৮,০০০ টাকা এবং রিফাত ৭,০০০ টাকা। রাফিদ ১ অক্টোবর ২০২২ তারিখে কারবারে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন প্রদান করে। অংশীদারগণ ৪ : ৩ : ২ অনুপাতে নিজেদের মধ্যে মুনাফা-ক্ষতি বণ্টন করে। কোনো প্রকার সমন্বয়সাধনের পূর্বে বছর শেষে মুনাফার পরিমাণ দাঁড়ায় ৯০,০০০ টাকা।

ক. স্থায়ী মূলধন পদ্ধতিতে ৩১-১২-২০২২ তারিখে অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. বণ্টনযোগ্য মুনাফা সিয়াম ৩০,০০০ টাকা এবং রাফিদ ২৫,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে তাদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ পুকুর লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকা মূলধনে নিবন্ধিত। কোম্পানি নিবন্ধিত মূলধনের ৮০% শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে।

১৫-০২-২০২২ তারিখে কোম্পানি মোট ২,১০,০০০ খানি শেয়ারের আবেদন পায়।

১০-০৫-২০২২ তারিখে অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হয়।

৩০-০৬-২০২২ তারিখে অবলেখকের কমিশন বাবদ ৫০,০০০ টাকা পরিশোধ করা হয়।

ক. ইস্যুকৃত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ নদী লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ খানি শেয়ারে বিভক্ত মোট ৫০,০০,০০০ টাকা মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি অফিস নির্মাণের জন্য সমহারে ১,০০,০০০ শেয়ারের বিনিময়ে একটি জমি ক্রয় করে। অবশিষ্ট শেয়ার প্রতিটি ১ টাকা অবহারে ২,০০,০০০ খানি শেয়ার ইস্যু করে। অবলেখকের কমিশন বাবদ ৫০,০০০ টাকা পরিশোধ করা হয়।

ক. মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ চামেলী লি. এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| মূলধন ও দায় | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,০০,০০০ | যন্ত্রপাতি | ৪০,০০০ |
| সংরক্ষিত মুনাফা | ৫৫,০০০ | মজুদ পণ্য | ১৫,০০০ |
| ১০% ঋণপত্র | ২৫,০০০ | প্রাপ্য হিসাব | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | ইজারা সম্পত্তি | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ | ব্যাংক জমা | ১৫,০০০ |
| আয়কর সঞ্চিতি | ১০,০০০ | নগদ তহবিল | ২০,০০০ |
| | ২,১০,০০০ | | ২,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা; পণ্য ক্রয়ের পরিমাণ ২,৫০,০০০ টাকা; নিট মুনাফা ১৫,০০০ টাকা।

ক. মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ যমুনা লিমিটেডের আর্থিক তথ্যাবলি নিম্নরূপ :

| শেয়ার মূলধন ও দায় | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৪,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৪,০০,০০০ |
| অগ্রাধিকার শেয়ার মূলধন | ১,৫০,০০০ | প্রাথমিক খরচাবলি | ৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৫০,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ১০,০০০ |
| ১০% ঋণপত্র | ২৫,০০০ | সমাপনী মজুদ পণ্য | ১,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| প্রদেয় নোট | ১৫,০০০ | প্রাপ্য নোট | ১৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ | হাতে নগদ | ১০,০০০ |
| | ৬,৯০,০০০ | | ৬,৯০,০০০ |

সারা বছরে বিক্রয়ের পরিমাণ ১৬,০০,০০০ টাকা। মোট মুনাফা ৩,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও মোট সম্পত্তি আবর্তন নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা অনুপাত ও গড় আদায় সময় নির্ণয় কর। ৪

৯ ▸ 'কলমিলতা' একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির ব্যয় ব্যবস্থাপক ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখে উৎপাদনসংক্রান্ত নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেন :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ৪,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ২,০০,০০০ |
| কারখানা উপরিখরচ | ১,৫০,০০০ |
| প্রশাসনিক উপরিখরচ | ৯০,০০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ (৭,০০০ একক) | ৬০,০০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ (১০,০০০ একক) | ১,০৫,০০০ |
| বিক্রয় উপরিখরচ বিক্রয়ের ৫% | |
| বিক্রয় (৭০,০০০ একক) | ১৫,০০,০০০ |

ক. উৎপাদন একক নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. একটি আয় বিবরণী তৈরি কর। ৪

১০ ▸ ২০২২ সালের জুন মাসে একটি কারখানার দুইজন শ্রমিকের মজুরিসংক্রান্ত তথ্যাবলি নিম্নে উপস্থাপন করা হলো :

| বিবরণ | সফিক | মাজেদ |
|---|---|---|
| মূল মজুরি | ১৬,০০০ টাকা | ২০,০০০ টাকা |
| বাড়িভাড়া ভাতা (মূল মজুরির) | ৫০% | ৫০% |
| চিকিৎসা ভাতা (মূল মজুরির) | ১০% | ১০% |
| ওভারটাইম মজুরি | ৮ ঘণ্টা | ১০ ঘণ্টা |
| ভবিষ্য তহবিলে কর্তন (মূল মজুরির) | ১০% | ১০% |
| যৌথ বিমা তহবিলে কর্তন (মূল মজুরির) | ৪% | ৫% |
| আয়কর কর্তন | ১,০০০ টাকা | ১,২০০ টাকা |

জুন মাসে স্বাভাবিক কর্মঘণ্টা ছিল ২০০ ঘণ্টা। ওভারটাইম মজুরির হার স্বাভাবিক মজুরির হারের দ্বিগুণ।

ক. সফিক ও মাজেদের ঘণ্টা প্রতি ওভারটাইম মজুরি নির্ণয় কর। ২

খ. জুন মাসের মজুরি বিবরণী প্রস্তুত কর। ৪

গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ নয়ন ট্রেডার্স অবিরত মজুদ ব্যবস্থায় পণ্যের হিসাব সংরক্ষণ করে। নয়ন ট্রেডার্স ২০২২ সালের জুলাই মাসে মজুদ পণ্যসংক্রান্ত নিম্নোক্ত তথ্যাবলি পেশ করে :

| তারিখ | বিবরণ | একক | এককপ্রতি ব্যয় |
|---|---|---|---|
| জুলাই ১ | প্রারম্ভিক মজুদ | ৪০০ | ৪ |
| " ৫ | ক্রয় | ৬০০ | ৫ |
| " ১৫ | বিক্রয় | ৩০০ | ৭ |
| " ২০ | ক্রয় | ২০০ | ৫ |
| " ২৫ | বিক্রয় | ৩৫০ | ৮ |
| " ২৮ | ক্রয় ফেরত (২০ তারিখের ক্রয়) | ২০ | — |

মাস শেষে সমাপনী মজুদ ৫০০ একক পাওয়া যায়।

ক. ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগে আসে আগে যায় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

# চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** শ্রাবণ-সুহা কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা; প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরে কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**শ্রাবণ-সুহা কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ২,৫০,০০০ |
| বিক্রয় | | ৩,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৫,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ২,৫০,০০০ | |
| ক্রয় | ১,৪০,০০০ | |
| ভূমি ও দালানকোঠার অবচয় | ১০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৩৫,০০০ | |
| প্রাথমিক খরচাবলি | ১৫,০০০ | |
| ৮% বন্ধকি ঋণ | | ২৫,০০০ |
| বকেয়া বেতন | | ১০,০০০ |
| বাড়িভাড়া খরচ | ১০,০০০ | |
| শেয়ার অবহার | ৫০,০০০ | |
| ব্যাংক জমা | ৫০,০০০ | |
| | ৫,৮৫,০০০ | ৫,৮৫,০০০ |

SURE SUCCESS

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে, যার মধ্যে আগুনে বিনষ্ট পণ্য ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে; (২) আদায়কৃত মূলধনের উপর ১০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিলে ১৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে; (৪) ২,০০০ টাকার পণ্য বিক্রয় করা হয়েছে যা সমাপনী মজুদের অন্তর্ভুক্ত আছে।

ক. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব দেখাও। ৪

**২ ▸** নাছিমা কোম্পানি লি. এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**নাছিমা কোম্পানি লি.**
**রেওয়ামিল**
ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২২ ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩,০০,০০০ | শেয়ার মূলধন | ৮,০০,০০০ |
| পণ্য ক্রয় | ৪,০৫,০০০ | প্রাপ্ত কমিশন | ২,৫০০ |
| বিক্রয় ফেরত | ২৫,০০০ | পণ্য বিক্রয় | ৭,৫০,০০০ |
| মজুরি | ৯৫,০০০ | ক্রয় ফেরত | ৩,০০০ |
| অফিস সরঞ্জামাদি | ২,০৫,০০০ | শিক্ষানবিশ সেলামি | ৩২,৫০০ |
| অগ্রিম বিমা | ৩,৬০,০০০ | বাট্টা প্রাপ্তি | ২,৫০০ |
| আন্তঃপরিবহন | ১,২৫,০০০ | | |
| বেতন | ৭৫,৫০০ | | |
| | ১৫,৯০,৫০০ | | ১৫,৯০,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) ১ জুলাই তারিখে ৪৫,০০০ টাকার অফিস সরঞ্জামাদির সংস্থাপন ব্যয় ভুলবশত মজুরির অন্তর্ভুক্ত করা হয়েছে; (২) অগ্রিম বিমার এক-তৃতীয়াংশ মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (৩) নিট ক্রয় ও নিট বিক্রয়ের উপর ১৫% ভ্যাট ধার্য করতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাবের নিট পরিমাণ নির্ণয় কর। ২

খ. নাছিমা কোম্পানি লি. এর ২০২২ তারিখের সমাপ্ত বছরের মোট লাভ/মোট ক্ষতি নির্ণয় কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর সমাপনী উদ্বৃত্ত ১,২০,০০০ টাকা ধরে নাছিমা কোম্পানি লি. এর ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে মোট দায় ও শেয়ারহোল্ডারদের স্বত্ব নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩ ▸** লাবনি ও কারিয়া একটি অংশীদারি ব্যবসায়ের দুজন সমান অংশীদার। তাদের উত্তোলন ছিল যথাক্রমে ৪,০০০ টাকা ও ৫,০০০ টাকা। বছরের শেষে নিট লাভ ছিল ২১,০০০ টাকা। উত্তোলন এবং নিট লাভ সমন্বয়ের পর তাদের মূলধন ছিল ২০,০০০ টাকা এবং ২২,০০০ টাকা। অতঃপর দেখা গেল যে, মূলধনের উপর বার্ষিক ৫% হারে সুদ এবং অংশীদারদের মাসিক বেতন যথাক্রমে ৩০০ টাকা এবং ৩৫০ টাকা চুক্তিপত্রে উল্লেখ থাকলেও হিসাবরক্ষক তার কোনো সমন্বয় করেনি। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে–

ক. অংশীদারদের প্রারম্ভিক মূলধন ও মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান সমন্বয় হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▸** সোনালী কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির ৮০% শেয়ার ২০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের ১০% কম শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো।

ক. বিলিকৃত শেয়ার সংখ্যা নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. সোনালী কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৫ ▸** আলিফ অ্যান্ড সন্স কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা; যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি জমি ক্রয়ের জন্য ১০,০০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে এবং ১০% বাট্টায় ৮০,০০০ শেয়ার জনসাধারণের উদ্দেশ্যে ইস্যু করা হয়।

৮৫,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়।

ক. শেয়ার বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. আলিফ এন্ড সন্স কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ সাগর বিলাস লিমিটেডের ২০২২ সালের উদ্বর্তপত্র নিচে দেওয়া হলো :

**সাগর বিলাস লিমিটেড**

**উদ্বর্তপত্র**

৩১ ডিসেম্বর, ২০২২

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৩,৭০,০০০ | স্থায়ী সম্পদ | ২,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৮০,০০০ | মজুদ পণ্য | ২৭,৫০০ |
| ১২% ঋণপত্র | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ |
| শেয়ার অধিহার | ১০,০০০ | নগদ | ৩০,০০০ |
| বকেয়া খরচ | ২,৫০০ | ব্যাংক জমা | ৯০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | প্রাপ্য নোট | ৪৫,০০০ |
| | ৫,৪২,৫০০ | | ৫,৪২,৫০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে থাকে। ২০২২ সালের বিক্রয়ের পরিমাণ ছিল ৭,৫০,০০০ টাকা।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৭ ▸ নিলীমা লি. এর নিম্নোক্ত তথ্যাবলি প্রদত্ত হলো :

| চলতি সম্পদ | টাকা | চলতি দায় | টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য | ১,৫০,০০০ | বিবিধ পাওনাদার/প্রদেয় হি. | ৪০,০০০ |
| বিবিধ দেনাদার/প্রাপ্য হি. | ৫০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ |
| ব্যাংক জমা | ৫০,০০০ | | |

সারা বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৮,০০,০০০ টাকা। কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে থাকে। কোম্পানির নিট মুনাফার পরিমাণ ছিল ৮০,০০০ টাকা।

ক. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও মোট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফা অনুপাত এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ পল্লবী এন্টারপ্রাইজ হতে ২০২২ সালের জানুয়ারি মাসে উৎপাদনসংক্রান্ত নিম্নোক্ত তথ্যাবলি সরবরাহ করা হয়েছে :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | ৩৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | ২,০০,০০০ |
| কাঁচামালের সমাপনী মজুদ | ২৫,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ১,২০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ৭৫,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ৩৫,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ১,১০,০০০ |
| উৎপাদিত পণ্যের প্রারম্ভিক মজুদ (৫,০০০ একক) | ৫০,০০০ |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ (১০,০০০ একক) | ? |
| বিক্রয় (৪০,০০০ একক) | ৮,০০,০০০ |

ক. উৎপাদনের পরিমাণ (একক) নির্ণয় কর। ২

খ. উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৯ ▸ একটি পোশাক উৎপাদনকারী প্রতিষ্ঠানে ৬০ ঘণ্টা সপ্তাহ অনুসরণ করা হয়। উক্ত প্রতিষ্ঠান হতে নিম্নোক্ত তথ্যাবলি নেয়া হয়েছে :

প্রতি এককের প্রমাণ সময় ৬ ঘণ্টা, ঘণ্টা প্রতি স্বাভাবিক মজুরি ২০ টাকা।

**সপ্তাহে প্রকৃত উৎপাদন :**

রহিম : ১৫ একক, করিম : ১০ একক, শ্যামল : ০৮ একক।

**মঞ্জুরিকৃত মজুরি :**

প্রমাণ উৎপাদনের নিচে : কার্যহারের ৮০%

প্রমাণ উৎপাদনের সমান : কার্যহারের ১০০%

প্রমাণ উৎপাদনের ঊর্ধ্বে : কার্যহারের ১২০%

ক. সাপ্তাহিক প্রমাণ উৎপাদন একক নির্ণয় কর। ২

খ. এককপ্রতি স্বাভাবিক মজুরি ও দক্ষতাভিত্তিক মজুরি হার নির্ণয় কর। ৪

গ. শ্রমিকদের প্রদেয় মোট মজুরি নির্ণয় কর। ৪

১০ ▸ জোনাকী ট্রেডার্সের নিকট বছরের শুরুতে ১০ টাকা দরে ৮০০ একক পণ্য মজুদ ছিল। সারা বছর জোনাকী ট্রেডার্সের ক্রয় ও ইস্যুর পরিমাণ ছিল নিম্নরূপ :

জানু. ২৫ ২০ টাকা দরে ১,০০০ একক।
জানু. ৩০ ইস্যু ১,২০০ একক।
এপ্রি. ১০ ২৫ টাকা দরে ১,৫০০ একক।
জুন ১৫ ইস্যু ১,০০০ একক।
আগ. ২০ ৩০ টাকা দরে ১,৮০০ একক।
নভে. ২০ ইস্যু ৮০০ একক।
ডিসে. ১৫ ২২ টাকা দরে ২,৫০০ একক।

ক. জোনাকী ট্রেডার্সের সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণী তৈরি করে মোট মুনাফা নির্ণয় কর। (বিক্রয় প্রতি একক ৪০ টাকা ধরে ৫,৫০০ একক) ৪

১১ ▸ বিউটি কোম্পানির উৎপাদন বিভাগ থেকে কাঁচামালসংক্রান্ত নিম্নলিখিত তথ্য পাওয়া যায় :

২০২২

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ১০০ কেজি, প্রতি কেজি ১০ টাকা দরে।
" ১০ কাঁচামাল ক্রয় ৫০ কেজি, প্রতি কেজি ১২ টাকা দরে।
" ১৫ কারখানায় ইস্যু ৮০ কেজি।
" ২০ কাঁচামাল ক্রয় ১২০ কেজি, প্রতি কেজি ১৫ টাকা দরে।
" ২৫ কারখানায় ইস্যু ১১০ কেজি।

ক. জানুয়ারি মাসে কাঁচামাল ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে একটি মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

SURE SUCCESS

# সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** ছন্দ লিমিটেডের অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা। প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার। তার রেওয়ামিল নিম্নরূপ :

**ছন্দ লিমিটেড**

**রেওয়ামিল**

ডেবিট　　৩১ ডিসেম্বর, ২০২২　　ক্রেডিট

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৫৬,০০০ | প্রদেয় হিসাব | ৫৫,০০০ |
| আসবাবপত্র | ২,৫০,০০০ | সংরক্ষিত আয় | ৫০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ২৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,৭৫,০০০ | শেয়ার মূলধন | ৩,০০,০০০ |
| ক্রয় | ২,৬৯,০০০ | (৩০,০০০ শেয়ার প্রতিটি | |
| প্রারম্ভিক মজুদ | ৪০,০০০ | ১০ টাকা মূল্যের) | |
| বেতন | ২৫,০০০ | বিক্রয় | ৪,৬০,০০০ |
| মনিহারি | ২০,০০০ | ৬% ঋণপত্র | ৫০,০০০ |
| বিজ্ঞাপন | ৫,০০০ | | |
| | ৯,৪০,০০০ | | ৯,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ১,০০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) প্রদেয় বেতন ৫,০০০ টাকা; (৩) আয়কর সঞ্চিতি ২০,০০০ টাকা রাখতে হবে; (৪) সুনামের ৫০% অবলোপন কর।

ক. মোট লাভ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ২,২৫,০০০ টাকা ধরে নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীতে সম্পদ পার্শ্ব প্রদর্শন কর। ৪

**২ ▸** X কোম্পানি লিমিটেডের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**X কোম্পানি লিমিটেড**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,০৫,০০০ | ১,৬০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ২,০০০ |
| বেতন | ১২,০০০ | |
| সুনাম | ৬০,০০০ | |
| ইজারা সম্পদ (১০ বছর) | ২৫,০০০ | |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২২) | ৩৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪০,০০০ | ১৫,০০০ |
| শেয়ার অধিহার | | ৮,০০০ |
| ৫% ঋণপত্র | | ২৫,০০০ |
| প্রাথমিক খরচাবলি | ৭,৫০০ | |
| লভ্যাংশ প্রদান | ২,৫০০ | |
| আয়কর | ৩,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যে ১০,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| | ৩,১০,০০০ | ৩,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ২০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) অলিখিত বিক্রয় ৫,০০০ টাকা; (৩) মুনাফাবিহীন বিক্রয় ২,৫০০ টাকা; (৪) শেয়ারপ্রতি ৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট মুনাফা ৪৮,০০০ টাকা ধরে ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০২২ সালে ৩১ ডিসেম্বর তারিখে মালিকানাস্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩ ▸** ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে M, N ও Z একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করে। ১ জানুয়ারি তারিখে প্রত্যেকে ৫০,০০০ টাকা করে মূলধন সরবরাহ করে। প্রত্যেকে ৫% হারে মূলধনের সুদ পাবে। Z বছরে ১২,০০০ টাকা বেতন পাবে। ১ জুলাই তারিখে M ২০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত মূলধন সরবরাহ করে। N একই তারিখে ৫০,০০০ টাকা ঋণ প্রদান করে। মূলধনের সুদ, ঋণের সুদ ও বেতন চার্জ করার পূর্বে ব্যবসায়ে নিট লাভের পরিমাণ ছিল ৪৭,৫০০ টাকা।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

**৪ ▸** লিজা কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৫০,০০০ শেয়ার প্রতিটি ১২ টাকা মূল্যে জনসাধারণের নিকট ইস্যু করে। কোম্পানি ৪৫,০০০ শেয়ারের আবেদনপত্র পায়। কোম্পানি কমিশন বাবদ ৪,০০০ শেয়ার অবলেখককে প্রদান করে।

ক. দায় গ্রাহকের কমিশনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

**৫ ▸** ফ্লোরা কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ১,০০,০০০ টাকা যার প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি জমি ক্রয়ের জন্য ১,০০০ শেয়ার ইস্যু করে। ১০% বাট্টায় ৬,৫০০ শেয়ার জনসাধারণের উদ্দেশ্যে ইস্যু করা হয়। ৮,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়।

ক. শেয়ার বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ফ্লোরা কোম্পানির হিসাব বহিতে জাবেদা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত ছড়া লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**ছড়া লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২২

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| সংরক্ষিত আয় | ৪,০০,০০০ | ব্যাংক জমা | ১,৫০,০০০ |
| প্রদেয় নোটস | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৩,৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ৪,০০,০০০ | আসবাবপত্র | ২,০০,০০০ |
| শেয়ার মূলধন | ১২,০০,০০০ | ভূমি | ১৪,০০,০০০ |
| | ২৪,০০,০০০ | | ২৪,০০,০০০ |

বছরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ৪০,০০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধন নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও তুরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৭ ▸ রাহুল লিমিটেডের ২০২২ সালের উৎপাদনসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| কাঁচামালের ব্যবহার | ৩৪,০০০ |
| প্রারম্ভিক চলতি কার্য | ৫,২০০ |
| সমাপনী চলতি কার্য | ৬,৫০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ১৩,৫০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৮,৫০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৩০,০০০ |
| কারখানা ভাড়া | ৭,২০০ |
| পরোক্ষ মজুরি | ৯,০০০ |
| বিবিধ কারখানা ব্যয় | ১৫,০০০ |
| প্রশাসনিক খরচ (মুনাফা বিক্রয়ের ২০%) | ১০,০০০ |

ক. মুখ্য ব্যয় নির্ণয় কর। ২
খ. কারখানা ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. আয় বিবরণী তৈরি কর। ৪

৮ ▸ অফিস কর্মচারী শফিক ও রফিকের ২০২২ সালের নভেম্বর মাসের তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | শফিক (টাকা) | রফিক (টাকা) |
|---|---|---|
| মূল বেতন | ১০,০০০ | ১২,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| বাড়িভাড়া ভাতা (মূল বেতনের) | ৩০% | ৩০% |
| যাতায়াত ভাতা | ২,০০০ | ১,০০০ |
| চিকিৎসা ভাতা | ৫০০ | ৫০০ |
| ওভারটাইম (ঘণ্টা) | ২০ | ১৫ |
| প্রভিডেন্ট ফান্ডে চাঁদা (মূল বেতনের) | ১০% | ১০% |
| অগ্রিম বেতন | ৫০০ | ৮০০ |

উক্ত মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ছিল ২০০ ঘণ্টা ওভারটাইম হার মূল বেতন হারের দ্বিগুণ।

ক. ওভারটাইম বেতনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কর্মচারীদের মোট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. কর্মচারীদের মোট কর্তন ও নিট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

৯ ▸ বন্ধন লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। তাঁর হিসাব বহি থেকে নিম্নোক্ত তথ্য দেওয়া হয়েছে :

২০২২

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | প্রারম্ভিক মজুদ মাল ২৫০ একক প্রতি একক ২০ টাকা দরে। |
| ” | ১৫ | কারখানায় মাল ইস্যু ২০০ একক। |
| ” | ২১ | মাল ক্রয় ৩০০ একক, প্রতি একক ২২ টাকা দরে। |
| ” | ২৫ | কারখানায় মাল ইস্যু ২৫০ একক। |
| ” | ২৯ | কারখানা থেকে ফেরত ১০ একক। |

ক. মাস শেষে সমাপনী উদ্বৃত্ত (একক) নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

১০ ▸ মুন লিমিটেডের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

**মুন লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২২

| মূলধন ও দায় | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,৫০,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৮০,০০০ |
| ১০% ঋণপত্র | ৫০,০০০ | যন্ত্রপাতি | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৭০,০০০ |
| | ৪,৫০,০০০ | | ৪,৫০,০০০ |

মোট বিক্রয় ১,০০,০০০ টাকা; মোট লাভ ২০,০০০ টাকা; পরিচালন ব্যয় ৫,০০০ টাকা।

ক. চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট লাভ ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪
গ. মালিকানা অনুপাত ও মূলধন গিয়ারিং অনুপাত নির্ণয় কর। ৪

১১ ▸ বাজিতপুর লিমিটেডের ২০২২ সালের মে মাসের কাঁচামালের ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| তারিখ | | বিবরণ | একক | দর (টাকা) |
|---|---|---|---|---|
| মে | ১ | জের | ১,০০০ | ৮০ |
| ” | ৮ | ক্রয় | ৬০০ | ৭০ |
| ” | ১০ | ইস্যু | ৮০০ | – |
| ” | ১৫ | ক্রয় | ৪০০ | ৭৫ |
| ” | ২২ | ইস্যু | ৮০০ | – |
| ” | ২৫ | ইস্যু | ২০০ | – |
| ” | ৩১ | ঘাটতি | ১০ | – |

ক. মোট ক্রয়ের পরিমাণ (একক ও টাকায়) নির্ণয় কর। ২
খ. বিক্রয়যোগ্য পণ্যের পরিমাণ (একক ও টাকায়) নির্ণয় কর। ৪
গ. FIFO পদ্ধতির সাহায্যে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

SURE SUCCESS

# বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

**১ ▸** ইউনিক কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেয়া হলো :

**ইউনিক কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কলকব্জা | ২,০০,০০০ | ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন | |
| আসবাবপত্র | ৩০,০০০ | (প্রতিটি ১০ টাকা মূল্যের | |
| ১৫% বিনিয়োগ | | ৫০,০০০ শেয়ার) | ৫,০০,০০০ |
| (০১-০১-২২) | ২,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ২৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,০৩,০০০ | ২০% ঋণপত্র | ১,০০,০০০ |
| প্রাথমিক খরচ | ৫০,০০০ | প্রদেয় হিসাব | ৫৮,৫০০ |
| মজুদ পণ্য (০১-০১-২২) | ২৫,৫০০ | বিক্রয় | ৫,২৩,৫০০ |
| ক্রয় | ২,৮৪,৫০০ | অনাদায়ি পাওনা সঞ্চিতি | ৫,০০০ |
| মজুরি | ২৬,০০০ | | |
| বেতন | ৩৬,০০০ | | |
| ভাড়া | ২৭,০০০ | | |
| বিমা সেলামি | ১০,৫০০ | | |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৬৯,৫০০ | | |
| | ১২,১২,০০০ | | ১২,১২,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৭৫,৫০০ টাকা; (২) বকেয়া বেতন ৪,০০০ টাকা এবং অগ্রিম বিমা সেলামি ২,৫০০ টাকা; (৩) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা অনাদায়ি পাওনা হিসাবে অবলোপন করতে হবে; (৪) কলকব্জার উপর ১০% এবং আসবাবপত্রের উপর ২০% অবচয় ধার্য করতে হবে; (৫) ৩,০০০ টাকা আয়কর সঞ্চিতি রাখতে হবে।

ক. নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ২,৬৩,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে সমাপ্ত বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. রক্ষিত আয়ের উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায় নির্ণয় কর। ৪

**২ ▸** উত্তরা লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত ৩,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেয়া হলো :

**উত্তরা লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১৮,০০০ শেয়ার) | | ১,৮০,০০০ |
| ইজারা সম্পত্তি (১৫ বৎসর) | ৩০,০০০ | |
| দালানকোঠা | ৮০,০০০ | |
| কলকব্জা | ৯৪,০০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৫০,০০০ | ৩০,০০০ |
| ভাড়া | ৭,০০০ | |
| বেতন | ২০,০০০ | |
| অনাদায়ি পাওনা | ২,৫০০ | |
| আয়কর | ৬,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮০,৫০০ | ১,৫০,০০০ |
| রক্ষিত আয় (০১-০১-২০২২) | | ৬০,০০০ |
| ব্যাংক জমা | ২০,০০০ | |
| | ৪,২০,০০০ | ৪,২০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (২) প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে; (৩) দালানকোঠার ৫% এবং কলকব্জার ১০% অবচয় ধার্য করতে হবে; (৪) সঞ্চিতি তহবিলে ১০,০০০ টাকা স্থানান্তর করতে হবে; (৫) শেয়ারপ্রতি ৩ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. উত্তরা লি. এর ঘোষণাকৃত লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উত্তরা লি. এর ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে নিট লাভ ৬৯,৬০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪

গ. উত্তরা লি. এর ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

## খ বিভাগ

**৩ ▸** জেসমিন, শারমিন ও লিপি মডার্ন ডিজাইন এন্ড কোং এর তিনজন অংশীদার যারা মূলধন অনুপাতে ব্যবসায়ের লাভ-লোকসান বণ্টন করে নেয়। ১ জানুয়ারি, ২০২২ তারিখে তাদের মূলধন ছিল জেসমিন ১,০০,০০০ টাকা; শারমিন ৮০,০০০ টাকা এবং লিপি ৬০,০০০ টাকা। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য লিপি মাসিক ১,২০০ টাকা বেতন পাবে যা সে উত্তোলন করেনি। মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। জেসমিন, শারমিন ও লিপি মুনাফার প্রত্যাশায় সারা বছর যথাক্রমে ১০,০০০ টাকা; ৮,০০০ টাকা ও ৭,০০০ টাকা উত্তোলন করে। উত্তোলনের উপর যথাক্রমে ৪০০ টাকা; ৩০০ টাকা ও ২৫০ টাকা সুদ ধার্য করা হয়েছে। চুক্তির শর্তানুসারে অংশীদারদের সুদ, বেতন ও কমিশন সমন্বয় পরবর্তী মুনাফার উপর জেসমিন ৪% হারে কমিশন পাবে লিপির বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে কারবারের মুনাফার পরিমাণ ছিল ১,৩১,২৫০ টাকা।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

**৪ ▸** ১ জানুয়ারি, ২০২২ তারিখে কামাল ও জামাল যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করল। অংশীদারদের চুক্তিপত্র অনুযায়ী–

(১) কামাল মাসিক ১,২০০ টাকা এবং জামাল মাসিক ৯০০ টাকা বেতন পাবে।

(২) তারা মূলধনের উপর বার্ষিক ১০% হারে সুদ পাবে।

(৩) কামাল বছরের মাঝামাঝি ৫,০০০ টাকা ঋণস্বরূপ ব্যবসায়ে সরবরাহ করে যার উপর ৬% হারে সুদ ধার্য করতে হবে।

সারা বছর ধরে কামাল ও জামাল যথাক্রমে ৮,০০০ টাকা ও ৬,০০০ টাকা উত্তোলন করে। এছাড়াও কামাল ১,০০০ টাকার পণ্য উত্তোলন করে। উত্তোলনের উপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। ০১-১০-২০২২ তারিখে জামাল কারবারে ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে আনয়ন করে। উপর্যুক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে কারবারের মুনাফা ছিল ১,৪২,০০০ টাকা।

ক. অংশীদারদের মূলধন হিসাব (স্থায়ী মূলধন পদ্ধতিতে) তৈরি কর। ২

খ. লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

**৫ ▸** মাহফুজা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকা মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি ৬৫% শেয়ার জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। জনসাধারণ ১১০% শেয়ারের আবেদন করে। কোম্পানি ১০০% শেয়ার জনসাধারণের নিকট বিলি করে। কোম্পানি অবলেখককে শেয়ারপ্রতি ০.৩০ টাকা হারে কমিশন প্রদান করে।

ক. আবেদনকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা তৈরি কর। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৬,৪৮,০৫০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

**৬ ▸** নিভান লি. এর হিসাব বই হতে নিচের তথ্যগুলো পাওয়া গেল :

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় (৩০% নগদে) | ১০,২০,০০০ |
| ক্রয় (২৫% নগদে) | ৬,০০,০০০ |
| চলতি দায় | ১,২০,০০০ |
| স্থায়ী সম্পদ | ১২,০০,০০০ |
| চলতি সম্পদ | ৩,০০,০০০ |
| মোট লাভ | ২,৫০,০০০ |
| করপূর্ব নিট লাভ | ১,৯০,০০০ |

ক. ধারে বিক্রয় ও ধারে ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. চলতি মূলধন অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

**৭ ▸** রাসেল লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেয়া হলো :

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২২

| মূলধন ও দায় | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৮,০০,০০০ | স্থায়ী সম্পদ | ১০,০০,০০০ |
| ১৫% ঋণপত্র | ২,০০,০০০ | চলতি সম্পদ (মজুদ | |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ | পণ্য ২,০০,০০০) | ৬,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ২,০০,০০০ | প্রাথমিক খরচাবলি | ১,০০,০০০ |
| রক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৩,০০,০০০ | | |
| | ১৭,০০,০০০ | | ১৭,০০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ১৫,০০,০০০ টাকা এবং নিট মুনাফা ছিল ৩,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ত্বরিত অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

গ. নিট লাভ অনুপাত ও মূলধন গিয়ারিং অনুপাত নির্ণয় কর। ৪

**৮ ▸** নিম্নোক্ত তথ্যাবলি ১ জানুয়ারি, ২০২২ তারিখে মি. ফারুকের হিসাব বহি হতে নেয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রত্যক্ষ মাল | ৬০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১৮,০০০ |
| প্রত্যক্ষ ব্যয় | ১২,০০০ |
| পরোক্ষ মাল | ১৫,০০০ |
| পরোক্ষ মজুরি | ১৪,০০০ |
| কারখানা ভাড়া | ২২,০০০ |
| অন্যান্য কারখানা ব্যয় | ৩,০০০ |
| কারখানা ইমারত ও যন্ত্রপাতির অবচয় | ৩,০০০ |
| অফিস ভাড়া | ১১,০০০ |
| ব্যবস্থাপকের বেতন | ৭,০০০ |
| শো-রুমের ব্যয় | ৩,৫০০ |
| বিক্রয় ও বন্টন উপরিব্যয় | ২,৫০০ |
| বিক্রয় | ২,০০,০০০ |

ক. কারখানা উপরিব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উৎপাদিত দ্রব্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৫০,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত কর। ৪

**৯ ▸** সাজিদ এবং সাকিব একটি কোম্পানির দুইজন কর্মচারী। ২০২২ সালের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে তাদের মজুরি সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | সাজিদ (টাকা) | সাকিব (টাকা) |
|---|---|---|
| মূল মজুরি | ১,০০০ | ১,২০০ |
| মহার্ঘ ভাতা (মূল মজুরির) | ৪০% | ৪০% |
| যাতায়াত ভাতা (মূল মজুরির) | ২০% | ২০% |
| চিকিৎসা ভাতা | ২০০ | ২০০ |
| ওভারটাইম ভাতা | ১৫০ | ১৫০ |
| অগ্রিম মজুরি কর্তন | ১০০ | ২৫০ |
| ভবিষ্য তহবিলের অগ্রিম কর্তন | ৭৫ | ৮০ |
| ভবিষ্যৎ তহবিলের চাঁদা (মূল মজুরির) | ১০% | ১০% |

ক. কর্মচারীদের মহার্ঘ ভাতার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কর্মচারীদের মোট মজুরি নির্ণয় কর। ৪

গ. কর্মচারীদের মোট কর্তন ও নিট মজুরি নির্ণয় কর। ৪

**১০ ▸** এসি আই লি. এর ২০২২ সালের জুন মাসে কাঁচামাল ক্রয় এবং ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২২

| | | |
|---|---|---|
| জুন | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ৩০০ একক প্রতি একক ১৫.০০ টাকা। |
| ” | ৮ | ক্রয় ১৫০ একক প্রতি একক ১৬.০০ টাকা। |
| ” | ১৫ | ক্রয় ৩৫০ একক প্রতি একক ১৮.০০ টাকা। |
| ” | ২১ | ক্রয় ২০০ একক প্রতি একক ১৮.০০ টাকা। |
| ” | ৫ | ইস্যু ২৫০ একক। |
| ” | ১০ | ইস্যু ৩০০ একক। |
| ” | ২৩ | ইস্যু ২০০ একক। |

এ মাসে প্রত্যক্ষ মজুরি ব্যয় হয়েছে ১০,৪০০ টাকা। প্রশাসনিক এবং বিক্রয় খরচ হয়েছে ৫,৭০০ টাকা। কোম্পানি প্রত্যক্ষ মজুরির ৬০% কারখানার উপরিব্যয় হিসাবে চার্জ করে। উৎপাদিত পণ্য ৪৫,০০০ টাকায় বিক্রয় করা হয়। কাঁচামালগুলো FIFO পদ্ধতিতে ইস্যু করা হয়।

ক. কাঁচামাল বাবদ ব্যয় ২০,০০০ টাকা ধরে মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**১১ ▸** আহসান কোম্পানির মালের মজুদ, ক্রয় এবং বিক্রয়সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২২

| | | |
|---|---|---|
| এপ্রিল | ১ | প্রারম্ভিক মজুদ ১০০ একক প্রতি একক ১০.০০ টাকা। |
| ” | ৫ | ক্রয় ৪০০ একক প্রতি একক ১২.০০ টাকা। |
| ” | ১০ | বিক্রয় ৩০০ একক। |
| ” | ২০ | ক্রয় ৩০০ একক প্রতি একক ১৩.০০ টাকা। |
| ” | ২৫ | বিক্রয় ৩০০ একক। |

ক. বিক্রয়যোগ্য মালের ক্রয়মূল্য নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

# দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 2 5 4

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ **জালাল লি.-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| ১৫% বিনিয়োগ (১-৭-২০২১) | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৩৫,০০০ |
| বিনিয়োগের সুদ | | ৪,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৪০,০০০ |
| ক্রয় | ১,১৫,০০০ | |
| বিক্রয় | | ২,০০,০০০ |
| যন্ত্রপাতি | ৫৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| ক্রয় ফেরত | | ২,০০০ |
| বিক্রয় ফেরত | ৩,০০০ | |
| বেতন | ৪৩,০০০ | |
| শেয়ার হস্তান্তর ফি | | ২,০০০ |
| প্রাথমিক খরচাবলি | ৫,০০০ | |
| সংরক্ষিত আয় (১-১-২০২২) | | ২৮,০০০ |
| | ৪,১১,০০০ | ৪,১১,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১৩,০০০ টাকা এবং বাজারমূল্য ১৪,০০০ টাকা; (২) যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ৩০,০০০ টাকা বেতনের অন্তর্ভুক্ত রয়েছে যা ১ জুলাই ২০২২ তারিখে সংস্থাপন করা হয়েছে। যন্ত্রপাতির উপর অবচয়ের বার্ষিক হার ৫% ধরতে হবে; (৩) প্রাথমিক খরচের ২০% অবলোপন করতে হবে; (৪) আয়করের জন্য ১,০০০ টাকা সঞ্চিতি ব্যবস্থা করতে হবে; (৫) ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৭৭,০০০ টাকা ধরে কর পরবর্তী নিট মুনাফা নির্ণয় কর। ৪

গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ **আকরাম লি.**

**খতিয়ানের উদ্বৃত্তসমূহ**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২২ ক্রেডিট

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| কলকব্জা | ১,২৮,৫০০ | শেয়ার মূলধন (২০ টাকা | |
| ১০% ঋণপত্র | ১,০০,০০০ | মূল্যের ৫,০০০ শেয়ার) | ১,০০,০০০ |
| সুনাম | ৫০,০০০ | শেয়ার অধিহার | ১৫,০০০ |
| লভ্যাংশ | ৫,০০০ | সাধারণ সঞ্চিতি | ২০,০০০ |
| আয়কর | ৪,০০০ | আয়কর সঞ্চিতি | ৩,০০০ |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ | ৫% বন্ড (৩১-১২-২২) | ৩০,০০০ |
| ক্রয় (১৫% ভ্যাটসহ) | ১,১৫,০০০ | প্রদেয় হিসাব | ২৫,০০০ |
| ভ্যাট চলতি হি. | | বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৩০,০০০ |
| (১-১-২২) | ২,৫০০ | সংরক্ষিত আয় (১-১-২২) | ৪২,০০০ |
| | ৪,৬৫,০০০ | | ৪,৬৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ ৪০,০০০ টাকা। আগুনে বিনষ্ট পণ্য ২,০০০ টাকা মজুদের অন্তর্ভুক্ত আছে এবং বিমা কোম্পানি ১,০০০ টাকা ক্ষতিপূরণ দিবে; (২) সাধারণ সঞ্চিতি বাড়িয়ে ২৫,০০০ করতে হবে; (৩) আয়কর সঞ্চিতি রাখতে হবে ৫,০০০ টাকা; (৪) নিট মুনাফার ১০,০০০ টাকা দ্বারা একটি পেনশন তহবিল তৈরি কর; (৫) শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে।

ক. সমন্বিত ভ্যাট চলতি হিসাব নিরূপণ কর। ২

খ. কর পরবর্তী নিট লাভ ৪৮,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. সমাপনী সংরক্ষিত আয় ২৫,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব ও দায় এর পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▸ নাকিব, শামিম এবং বাছির একটি ব্যবসায়ের তিনজন অংশীদার। ১ জানুয়ারি ২০২২ সালে তারা যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৪,০০,০০০ টাকা এবং ৩,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করে। বাছির তার সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসায় থেকে সারা বছরে ৪৮,০০০ টাকা বেতন পাবে। ১ জুলাই শামিম ব্যবসায়ে ১,২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন বিনিয়োগ করে। মূলধনের উপর ১০% সুদ ধার্য করতে হবে। অংশীদারগণ প্রতি মাসে ৪,০০০ টাকা নগদ উত্তোলন করে। উপর্যুক্ত সমন্বয় সাধন করার পূর্বে ৩১ ডিসেম্বর ২০২২ সালে ব্যবসায়ের মোট মুনাফা হয় ২,৪৯,০০০ টাকা।

ক. অংশীদারগণের মুনাফা বণ্টনের অনুপাত কত? ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. বণ্টনযোগ্য মুনাফা প্রত্যেকের ২৫,০০০ টাকা ধরে অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে উদ্বৃত্তসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | মান্না | মিশু | মুসা |
|---|---|---|---|
| অংশীদারদের মূলধন হিসাব | ৭০,০০০ | ৬০,০০০ | ৫০,০০০ |
| অংশীদারদের চলতি হিসাব | ৮,০০০ (ক্রেডিট) | ৪,০০০ (ক্রেডিট) | ২,০০০ (ডেবিট) |

চুক্তি অনুযায়ী অংশীদারগণ ৩ : ২ : ১ অনুপাতে লাভ/ক্ষতি বণ্টন করবে। মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য কর। মান্না বণ্টনযোগ্য নিট মুনাফার ১০% কমিশন পাবে। সারাবছর প্রতি মাসের প্রথম তারিখে মান্না ৬০০ টাকা উত্তোলন করেছে। উপর্যুক্ত সমন্বয় সাধনের পূর্বে ৩১ ডিসেম্বর ২০২২ সালে ব্যবসায়ের মুনাফা হয় ১৯,৮০৫ টাকা।

ক. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। (স্থায়ী মূলধন পদ্ধতি) ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। (ধরে নিতে হবে বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ মান্না ৪,৯৫০ টাকা, মিশু ৩,৩০০ টাকা এবং মুসা ১,৬৫০ টাকা) ৪

SURE SUCCESS

৫ ▸ সুন্দরবন লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৪০,০০,০০০ টাকার মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৭০% শেয়ার জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। জনসাধারণ ১২০% শেয়ারের আবেদন করে। কোম্পানি ১০০% শেয়ার জনসাধারণের নিকট বিলি করে এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়। কোম্পানি তার শেয়ার অবলেখককে ২% কমিশন চেক মারফত প্রদান করে।

ক. ১০% অবহারে শেয়ার ইস্যু করলে শেয়ার প্রতি আদায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উদ্দীপকের লেনদেনগুলোর জাবেদা প্রস্তুত কর। ৪

গ. উদ্দীপক অনুযায়ী আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ রূপসা লিমিটেডের অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা এবং শেয়ার প্রতি অভিহিত মূল্য ৫০ টাকা। কোম্পানি ৭০,০০০ শেয়ার ৫৫ টাকা হারে ইস্যু করে। কোম্পানি ৮০,০০০ শেয়ার আবেদন গ্রহণ করে। পরবর্তীতে ৭০,০০০ শেয়ার বণ্টন করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত প্রদান করে। কোম্পানি শেয়ার প্রতি ০.৫০ টাকা প্রাথমিক খরচ বাবদ চেকে প্রদান করে। এছাড়া আরও ১,০০০ শেয়ার অভিহিত মূল্যে ইস্যুর মাধ্যমে ৫০,০০০ টাকার মেশিন ক্রয় করে।

ক. সংরক্ষিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

গ. ব্যাংক উদ্বৃত্ত ৩৮,১৫,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ **সায়মা জামান লি.**

**আয় বিবরণী সংক্রান্ত তথ্য**

SURE SUCCESS

| বিবরণ | ২০২১ | ২০২২ |
|---|---|---|
| বিক্রয় | ১,৫০,০০০ | ১,৮০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৬৫,০০০ | ৯০,০০০ |
| পরিচালন ব্যয় | ৪৫,০০০ | ৭০,০০০ |
| অপরিচালন ব্যয় | ২,৫০০ | ১,০০০ |
| অপরিচালন আয় | – | ৩,৭৫০ |
| আয়কর হার | ৪০% | ৪০% |

ক. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২

খ. করপূর্ব নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. করপরবর্তী নিট মুনাফার হার নির্ণয় সাপেক্ষে তুলনামূলক লাভজনক বছর চিহ্নিত কর। ৪

৮ ▸ **শতাব্দী লি.**

**আর্থিক অবস্থার বিবরণী**

ডেবিট ৩০ জুন, ২০২৩ ক্রেডিট

| দায় ও মালিকানাস্বত্ব | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,৫০,০০০ | স্থায়ী সম্পদ | ১,৮০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ৭৫,০০০ | নগদান | ৪০,০০০ |
| সংরক্ষিত আয় | ৪৫,০০০ | প্রাপ্য হিসাব | ৮৫,০০০ |
| ৮% ঋণপত্র | ৫২,৫০০ | মজুদ পণ্য | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩৭,৫০০ | অগ্রিম খরচ | ৩,৭৫০ |
| বকেয়া খরচ | ৫,০০০ | প্রাপ্য সুদ | ৬,২৫০ |
| | ৩,৬৫,০০০ | | ৩,৬৫,০০০ |

মোট বিক্রয় ১৫,০০,০০০ টাকা যার ৮০% বাকিতে। মোট মুনাফা ৩,০০,০০০ টাকা।

ক. নগদ বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. তারল্য যাচাইয়ের জন্য দুটি অনুপাত নির্ণয় কর। ৪

গ. সচ্ছলতা যাচাইয়ের জন্য দুটি অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ **সাগর লি.**

**উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি**

৩০ জুন, ২০২২

| দফা | টাকা | দফা | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক কাঁচামাল | ১০,০০০ | পরোক্ষ ব্যয় | ১০,০০০ |
| সমাপনী কাঁচামাল | ১৫,০০০ | পরোক্ষ কাঁচামাল | ২,৮০০ |
| প্রারম্ভিক চলতি কার্য | ৫,০০০ | পরোক্ষ শ্রম | ২,২০০ |
| সমাপনী চলতি কার্য | ২,৫০০ | কারখানা উপরিব্যয় | ৬,০০০ |
| প্রারম্ভিক প্রস্তুত পণ্য | ২,০০০ | প্রশাসনিক উপরিব্যয় | ৩,৭৫০ |
| সমাপনী প্রস্তুত পণ্য | ১,৫০০ | বিক্রয় উপরিব্যয় | ২,২৫০ |
| কাঁচামাল ক্রয় | ৪৫,০০০ | বিক্রয় (মুনাফা বিক্রয়ের ২০%) | ? |
| প্রত্যক্ষ মজুরি | ৪৮,০০০ | | |

ক. ব্যবহৃত কাঁচামালের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ব্যবহৃত কাঁচামালের ব্যয় ৪০,০০০ টাকা ধরে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ১,১৪,২০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় কর। ৪

১০ ▸ **বেতন বিবরণী সংক্রান্ত তথ্য**

৩১ জানুয়ারি, ২০২২

| বিবরণ | নাজিম | নজরুল |
|---|---|---|
| শ্রম ঘণ্টা | ৪০০ | ৫০০ |
| মূল মজুরি টাকা | ৪,০০০ | ৫,০০০ |
| ছুটির দিনের ভাতা টাকা | ৪০০ | ৫০০ |
| যাতায়াত ভাতা টাকা | ৪০০ | ১,০০০ |
| ওভারটাইম ঘণ্টা | ৪০ | ৫০ |
| প্রভিডেন্ড ফান্ডে নিয়োগকর্তার দান (মূল মজুরির) | ১০% | ১০% |
| প্রভিডেন্ড ফান্ডে কর্মীর দান (মূল মজুরির) | ৫% | ৫% |
| ওভারটাইম মজুরি হার স্বাভাবিক মজুরি হারের দ্বিগুণ। | | |

ক. ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট অর্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট অর্জন থেকে মোট কর্তন বাদ দিয়ে নিট বেতন নির্ণয় কর। ৪

১১ ▸ **মাহফুজ ট্রেডার্স**

২০২২

জানু ১ মজুদ প্রতি একক ১৮ টাকা দরে ৪০০ একক।

ফেব্রু. ২৫ ক্রয় প্রতি একক ১৭ টাকা দরে ৬০০ একক।

মে ১৫ ক্রয় প্রতি একক ১৯ টাকা দরে ৭০০ একক।

আগ. ১৩ ক্রয় প্রতি একক ১৮ টাকা দরে ৫০০ একক।

নভে. ১৭ ক্রয় প্রতি একক ২০ টাকা দরে ৪০০ একক।

? বছরব্যাপী মোট বিক্রয় ২০০০ একক।

ক. সমাপনী মজুদ একক নির্ণয় কর। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন কর। ৪

গ. আগে আসে আগে যাবে পদ্ধতিতে সমাপনী মজুদ মূল্যায়ন কর। ৪

# ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

## ক বিভাগ

১ ▸ **উত্তরা লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | |
| প্রাপ্য নোট | ৮,০০০ | |
| মজুরি | ৫,০০০ | |
| বেতন | ৪,০০০ | |
| যন্ত্রপাতি | ৬০,০০০ | |
| ১০% অগ্রাধিকার শেয়ার মূলধন | | ২৫,০০০ |
| সাধারণ শেয়ার মূলধন | | ৫০,০০০ |
| নিষ্কর সম্পত্তি | ২০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১০,০০০ |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৫০,০০০ | ৮০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| ফেরত | ৪,০০০ | ৩,০০০ |
| আমদানি শুল্ক | ৫,০০০ | |
| রক্ষিত আয় (১-১-২০২২) | | ৪২,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ | |
| প্রদত্ত কমিশন | ৪,০০০ | |
| | ২,২০,০০০ | ২,২০,০০০ |

SURE SUCCESS

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ মূল্যায়ন করা হয়েছে ২০,০০০ টাকা; (২) প্রাপ্য হিসাবের ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) মেশিন সংস্থাপন ব্যয় ২,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে। মজুরি ৩,০০০ টাকা বকেয়া আছে; (৪) বিক্রয় ৫,০০০ টাকা এখনও হিসাবভুক্ত হয়নি।

ক. অনাদায়ি পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. উত্তরা লি.এর ৩১ শে ডিসেম্বর ২০২২ তারিখে সমাপ্ত বছরের মোট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে উত্তরা লি. এর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▸ **যমুনা লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় | ৯০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২৫,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ২১,৩০০ | |
| বেতন | ২২,০০০ | |
| আয়কর | ৫,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ১৫,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,১১,০০০ | |
| প্রাথমিক খরচ | ১০,৭০০ | |
| শেয়ার মূলধন (১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| বিক্রয় | | ১,২৫,০০০ |
| প্রদেয় হিসাব | | ১২,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ১০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর জের (০১-০১-২২) | | ৪৩,০০০ |
| | ৩,০০,০০০ | ৩,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা; (২) অলিখিত ক্রয় ৫,০০০ টাকা এবং ক্রয় ফেরত ১,০০০ টাকা; (৩) প্রাপ্য হিসাবের উপর ১০% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) সাধারণ সঞ্চিতি তহবিলে ৫,০০০ টাকা স্থানান্তর কর।

ক. মোট লাভ ৬১,০০০ টাকা হলে নিট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. করবাদ নিট মুনাফা ৫০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী দেখাও। ৪

গ. সংরক্ষিত আয়ের হিসাবের উদ্বৃত্ত ৬০,০০০ টাকা ধরে ৩১ শে ডিসেম্বর ২০২২ তারিখে যমুনা লি. এর শেয়ারহোল্ডারদের স্বত্ব ও দায়সমূহের সমষ্টি নির্ণয় কর। ৪

## খ বিভাগ

৩ ▸ হাসান, শহীদ ও আতিক একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০২২ সালের ১লা জানুয়ারি তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ৭৫,০০০ টাকা, ৮০,০০০ টাকা এবং ৭০,০০০ টাকা। হাসান ও আতিক সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য যথাক্রমে মাসিক ৬০০ টাকা ও ৮০০ টাকা বেতন পাবেন। যা তারা প্রতি মাসে উঠিয়ে নেয়। চুক্তিপত্র অনুযায়ী মূলধনের উপর ১০% সুদ ধার্য করতে হবে। আতিক কারবার হতে ১২০০ টাকার পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি। উপর্যুক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে কারবারের মুনাফা ১,০০,৯৫০ টাকায় উপনীত হয়।

ক. মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. প্রত্যেক অংশীদারদের মুনাফার অংশ ২০,৯৫০ টাকা ধরে অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▸ হাসেম, তারেক ও মিজান একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তাদের মুনাফা বণ্টন অনুপাত যথাক্রমে ৩ : ২ : ১। ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে অংশীদারদের উত্তোলন, বেতন ও মুনাফার অংশ সমন্বয়ের পর তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৭১,০০০ টাকা, ৫৪,০০০ টাকা এবং ৪৩,০০০ টাকা। পরবর্তীকালে দেখা যায় যে, মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ বিবেচনা না করেই মুনাফা বণ্টন করা হয়। অংশীদারদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৫,০০০ টাকা, ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকা। মিজান মাসে ৫০০ টাকা বেতন পায়। মূলধন ও উত্তোলনের সুদ সমন্বয়ের পূর্বে এবং বেতন সমন্বয়ের পর কারবারের মুনাফা ছিল ৪৮,০০০ টাকা। তারেক মাসে ৫০০ টাকা বেতন পায়।

ক. অংশীদারদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-ক্ষতি সমন্বয় হিসাব তৈরি কর। ৪
গ. অংশীদারদের সমন্বিত মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ পদ্মা লি. ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ারে মোট ৩০,০০,০০০ টাকার মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ৫ টাকা অধিহারে ২,০০,০০০ শেয়ার বিক্রির উদ্দেশ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়। সর্বমোট ২,৫০,০০০ শেয়ারের আবেদনপত্র জমা পড়ে। অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয় এবং ইস্যুকৃত সব শেয়ার বণ্টন করা হয়।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ মেঘনা স্টীল কোম্পানি লি. প্রতি শেয়ার ৫০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি উহার ৮০% শেয়ার ১০% অবহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। মোট ১,৯০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো। শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে অবলেখকের কমিশন ধার্য করা হয়েছে। ইস্যুকৃত সব শেয়ার বিলি করা হয়।

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও শেয়ার প্রতি অবহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৭ ▸

**মহানন্দা লি.**
**উদ্বর্তপত্র**
৩১ ডিসেম্বর, ২০২২

| দায় ও দেনা | টাকা | পরিসম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৯,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ | মজুদ পণ্য | ২,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| বকেয়া খরচ | ৫০,০০০ | প্রাপ্য নোট | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | নগদ তহবিল | ৫০,০০০ |
| | | ব্যাংক জমা | ২,০০,০০০ |
| | ১৫,০০,০০০ | | ১৫,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে। ২০২২ সালের বিক্রয়ের পরিমাণ ১৮,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট লাভ ও মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪
গ. চলতি অনুপাত ও চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ ২০২২ সালের ৩১ শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য জনতা লিমিটেড এর নিম্নোক্ত তথ্যসমূহ প্রদত্ত হলো :

ব্যবহৃত কাঁচামাল ১,২০০ টাকা।
প্রত্যক্ষ মজুরি ৭২০ টাকা।
প্রারম্ভিক তৈরি পণ্য (২০০ একক) ৬০০ টাকা
সমাপনী তৈরি পণ্য ৪০০ একক
কারখানা উপরিব্যয় ৪৮০ টাকা
প্রশাসনিক উপরিব্যয় ৪০০ টাকা
বিক্রয় উপরিব্যয় ৩০০ টাকা
বিক্রয় (১,০০০ একক) ৪,০০০ টাকা।

ক. উৎপাদন এককের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উৎপাদিত দ্রব্যের ব্যয় এবং বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় ২,২০০ টাকা ধরে মোট মুনাফা ও নিট মুনাফা নির্ণয় কর। ৪

৯ ▸ ২০২২ সালের জানুয়ারি মাসে জামাল ও কামালের মজুরি সম্পর্কে নিম্নরূপ তথ্য পাওয়া গেল :

| বিবরণ | জামাল | কামাল |
|---|---|---|
| ১. মূল মজুরি | ২,০০০ টাকা | ২,৪০০ টাকা |
| ২. মহার্ঘভাতা (মূল মজুরির) | ৫০% | ৫০% |
| ৩. যাতায়াত ভাতা | ৬০০ টাকা | ৫০০ টাকা |
| ৪. চিকিৎসা ভাতা | ২০০ টাকা | ২০০ টাকা |
| ৫. ওভারটাইম | ২০ ঘণ্টা | ২৫ ঘণ্টা |
| ৬. প্রভিডেন্ড ফান্ডে কর্মীর দান (মূল মজুরির) | ১০% | ১০% |
| ৭. মজুরি হতে অগ্রিম কর্তন | ২৫০ টাকা | ২০০ টাকা |

প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট মেয়াদে কর্মঘণ্টা ছিল ২০০ ঘণ্টা এবং ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির দ্বিগুণ।

ক. জামাল ও কামালের ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২২ সালের জানুয়ারি মাসের মজুরি বিবরণী তৈরি কর। ৪
গ. মজুরিসংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

১০ ▸ সোনালী লি. এর ২০২২ সালের জুলাই মাসের মজুদ বিভাগ হতে নিম্নরূপ তথ্য প্রদত্ত হলো :

২০২২
জুলাই ১ ক্রয় ২০০ পিস প্রতি পিস ২০ টাকা দরে।
" ১০ ক্রয় ৫০০ পিস প্রতি পিস ১২ টাকা দরে।
" ১৫ ইস্যু ৬০০ পিস।
" ২০ ক্রয় ৪০০ পিস প্রতি পিস ১৩ টাকা দরে।
" ২২ ইস্যু ৩০০ পিস।
" ২৫ ক্রয় ৩০০ পিস প্রতি পিস ১৫ টাকা দরে।
" ৩০ বিনষ্ট পণ্য ২০০ পিস।

ক. সমাপনী মজুদ মালের পরিমাণ নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ রূপালী লি.এর একটি পণ্যের মজুদ, ক্রয় এবং বিক্রয়সংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত হলো :

২০২২
জানু ১ প্রারম্ভিক মজুদ ২০০ একক প্রতি একক ১০ টাকা দরে।
" ৬ ক্রয় ৮০০ একক, প্রতি একক ১২ টাকা দরে।
" ১২ বিক্রয় ৬০০ একক।
" ২২ ক্রয় ৬০০ একক প্রতি একক ১৩ টাকা দরে।
" ৩০ বিক্রয় ৬০০ একক।

ক. জানুয়ারি মাসে ক্রয়কৃত পণ্যের মূল্য নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

SURE SUCCESS

# ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট পূর্ণমান—৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ লিমা কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১৫,০০০ শেয়ারে বিভক্ত ১,৫০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**লিমা কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সুনাম | ৫০,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ২০,০০০ | |
| কলকব্জা | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৭৫,০০০ | ১,১৫,০০০ |
| শেয়ার মূলধন (১০,০০০ শেয়ার) | | ১,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪৫,০০০ | ৩২,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| বেতন | ১২,০০০ | |
| পণ্য ফেরত | ৫,০০০ | ৩,০০০ |
| লভ্যাংশ প্রদান | ১৪,০০০ | |
| রক্ষিত আয়ের উদ্বৃত্ত (০১-০১-২০২১) | | ৬০,০০০ |
| ব্যাংক জমা | ২৪,০০০ | |
| | ৩,১০,০০০ | ৩,১০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৪৫,০০০ টাকা এবং এর বাজারমূল্য ৪০,০০০ টাকা; (২) ০১-০৭-২০২১ তারিখে একটি নতুন মেশিনের সংস্থাপন ব্যয় ২,৫০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত রয়েছে; (৩) কলকব্জার ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. ক্রয় ও বিক্রয় ভ্যাটের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লিমা কোম্পানি লি.-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট লাভ/মোট ক্ষতি নির্ণয় কর। ৪

গ. লিমা কোম্পানি লি.-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সম্পত্তির শ্রেণিবিন্যাস করে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ প্রান্ত কোম্পানি লি.-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

**প্রান্ত কোম্পানি লি.-এর রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩,০০০ শেয়ার) | | ৩,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২,০০,০০০ | ৫০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ২,৩০,০০০ | ৩,৪০,০০০ |
| ১০% বিনিয়োগ (০১-০৭-২০২১) | ৮৪,০০০ | |
| প্রাথমিক খরচ | ২০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| শেয়ার অধিহার | | ১৫,০০০ |
| মজুরি | ৮,০০০ | |
| বেতন (১০ মাস) | ১৫,০০০ | |
| রক্ষিত আয়ের উদ্বৃত্ত (০১-০১-২০২১) | | ৪৪,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ২২,০০০ | |
| ব্যাংক জমা | ৩০,০০০ | |
| | ৭,৪৯,০০০ | ৭,৪৯,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা; (২) মুনাফাবিহীন পণ্য বিক্রয় ১০,০০০ টাকা; (৩) অলিখিত ক্রয় ২০,০০০ টাকা; (৪) শেয়ারপ্রতি ১০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রান্ত কোম্পানি লি.-এর মোট মুনাফা ১,০২,০০০ টাকা ধরে নিট মুনাফা নির্ণয় কর। ৪

গ. প্রান্ত কোম্পানি লি.-এর রক্ষিত আয়ের সমাপনী উদ্বৃত্ত ৬৩,৯০০ টাকা ধরে মোট দায় নির্ণয় কর। ৪

৩ ▶ অন্তরা, জেবিন ও ফাহিমা একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ২ ঃ ২ ঃ ১ অনুপাতে কারবারের লাভ-লোকসান বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,২০,০০০ টাকা, ৮০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা। জেবিন সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ৫০০ টাকা করে বেতন পাবেন। মূলধন ও নগদ উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। অংশীদারগণ প্রতি মাসে উত্তোলন করেছেন : অন্তরা ৬০০ টাকা, জেবিন ৮০০ টাকা এবং ফাহিমা ৪০০ টাকা। ফাহিমা বণ্টনযোগ্য মুনাফার ওপর ৫% হারে কমিশন পাবেন। জেবিনের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালে কারবারে মুনাফার পরিমাণ ছিল ১,০৮,৯২০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. জেবিন ও ফাহিমার মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▶ সুমন, শাকিল ও শাওন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের হিসাব বইতে নিম্নোক্ত উদ্বৃত্ত ছিল :

| অংশীদারগণ | মূলধন হিসাব (টাকা) | চলতি হিসাব (টাকা) |
|---|---|---|
| সুমন | ৪০,০০০ | ৭,০০০ (ক্রেডিট) |
| শাকিল | ৩০,০০০ | ৬,০০০ (ক্রেডিট) |
| শাওন | ২০,০০০ | ৫,০০০ (ক্রেডিট) |

**অংশীদারি চুক্তিপত্রে নিম্নবর্ণিত ধারা সন্নিবেশিত ছিল :** (১) ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টিত হবে; (২) মূলধন ও উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে; (৩) সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য শাওন প্রতি মাসে ৫০০ টাকা করে বেতন পাবেন।

সম্ভাব্য লাভের আশায় অংশীদারগণ ব্যবসায় থেকে প্রতি মাসের শেষ তারিখে যথাক্রমে ৫০০ টাকা, ৪০০ টাকা এবং ৩০০ টাকা করে নগদ উত্তোলন করে। নগদ উত্তোলন ছাড়াও শাওন ব্যবসা হতে ২,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে যা হিসাবভুক্ত হয়নি। ২০২১ সালের ১ জুলাই তারিখে শাকিল ১০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত মূলধন সরবরাহ করেছিলেন।

উপরিউক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ে লাভ ৩৫,০০০ টাকায় উপনীত হয়। সুমন ব্যক্তিগতভাবে শাওনকে এ মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, শাওন প্রতি বছর বেতন ও মূলধনের সুদ ছাড়াও লাভের অংশ বাবদ কমপক্ষে ৫,০০০ টাকা পাবেন।

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. সুমন ও শাওনের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▶ পূর্বাশা কোম্পানি লি. প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৮০% শেয়ার প্রতি শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের চেয়ে ২৫% অধিক আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। কোম্পানি শেয়ার বিক্রয়ের জন্য অবলেখকের কমিশন বাবদ ৫০,০০০ টাকা প্রদান করেছে।

ক. শেয়ার প্রতি অধিহার ও মোট অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে কোম্পানিটির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. ব্যাংক হিসাবের উদ্বৃত্ত ৮,৩০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ জামান কোম্পানি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত ৮০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির পরিচালনা পর্ষদ তা হতে ৫০,০০০ শেয়ার প্রতিটি শেয়ার ১০% অবহারে জনসাধারণের মধ্যে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। মোট ৫০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। শেয়ার প্রতি ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. পরিশোধিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উদ্দীপকের আলোকে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪
গ. জামান কোম্পানি লিমিটেডের ব্যাংক হিসাব এবং আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানাস্বত্ব অংশ দেখাও। ৪

৭ ▸ শাপলা লিমিটেডের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের সম্পত্তি ও দায়সমূহ নিম্নে দেওয়া হলো :

| শেয়ারমালিকদের স্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৫,০০,০০০ | দালানকোঠা | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩৫,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ৪০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ৬০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | নগদ তহবিল | ৩০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ | প্রাথমিক খরচ | ১০,০০০ |
| আয়কর সঞ্চিতি | ১৫,০০০ | | |
| | ৬,৫০,০০০ | | ৬,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) বিক্রীত পণ্যের ব্যয় ৫,৪০,০০০ টাকা; (২) মোট মুনাফা ৬০,০০০ টাকা।

ক. চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. দায় মালিকানা অনুপাত ও মোট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ প্রগতি লি.-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত উদ্বৃত্তপত্র ও অন্যান্য তথ্যাবলি নিম্নে বর্ণিত হলো :

| শেয়ারমালিকদের স্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৫০,০০,০০০ | ভূমি ও দালান | ৩৪,০০,০০০ |
| লভ্যাংশ সমতাকরণ তহবিল | ২,৫০,০০০ | কলকজা ও যন্ত্রপাতি | ১২,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩,০০,০০০ | ইজারা সম্পত্তি | ৪,০০,০০০ |
| ১২% ঋণপত্র | ১,৫০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ২,২০,০০০ |
| প্রস্তাবিত লভ্যাংশ | ৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | প্রাপ্য বিল | ১,৮০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৭৫,০০০ | অগ্রিম খরচ | ৬০,০০০ |
| বকেয়া খরচ | ২৫,০০০ | নগদ তহবিল | ১,৪০,০০০ |
| | | শেয়ার অবলেখকের কমিশন | ৫০,০০০ |
| | ৫৯,৫০,০০০ | | ৫৯,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) ২০২১ সালের মোট বিক্রয় ছিল ৮০,০০,০০০ টাকা; (২) বিক্রয় ফেরত ৪০,০০০ টাকা; (৩) নিট মুনাফা ১৫,৯২,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও নিট মুনাফার অনুপাত নির্ণয় কর। ৪
গ. চলতি মূলধন অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মিতালী লি.-এর উৎপাদনসংক্রান্ত ব্যয়ের তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| **কাঁচামালের মজুদ :** | |
| প্রারম্ভিক | ৬০,০০০ |
| সমাপনী | ৪৭,৬০০ |
| কাঁচামাল ক্রয় | ১,৫০,০০০ |
| **উৎপাদিত পণ্যের মজুদ :** | |
| প্রারম্ভিক | ৪,৪০০ |
| সমাপনী | ৪,০০০ |
| উৎপাদন মজুরি | ২৪,০০০ |
| পরোক্ষ মজুরি | ১০,২০০ |
| বকেয়া উৎপাদন মজুরি | ২,০০০ |
| কাঁচামাল ক্রয়ের পরিবহন খরচ | ২,০০০ |
| বেতন | ১২,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ | ৭,৬০০ |
| মুনাফা বিক্রীত পণ্যের ব্যয়ের ২০% | |

ক. ব্যবহৃত কাঁচামালের পরিমাণ নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. মিতালী লি.-এর আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ অফিস কর্মচারী সাগর ও সৈকতের ২০২১ সালের ডিসেম্বর মাসের বেতনসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| বিবরণ | সাগর টাকা | সৈকত টাকা |
|---|---|---|
| মূল বেতন | ৬,০০০ | ৭,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| বাড়িভাড়া ভাতা (মূল বেতনের) | ৪০% | ৪০% |
| যাতায়াত ভাতা | ১৫০ | ২০০ |
| চিকিৎসা ভাতা | ৩০০ | ৩০০ |
| ওভারটাইম (ঘণ্টা) | ২৫ | ২০ |
| প্রভিডেন্ট ফান্ডে চাঁদা (মূল বেতনের) | ১০% | ১০% |
| আয়কর (মূল বেতনের) | ৫% | ৫% |
| কমিশন | .. | ২০০ |
| ছুটির দিনের বেতন | ৪০০ | ৫০০ |
| কল্যাণ তহবিলে কর্তন | ২% | ১% |
| অগ্রিম বেতন | ৬০০ | ৮০০ |

উক্ত মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ছিল ২০০ ঘণ্টা। ওভারটাইম বেতন মূল বেতনের হারের দ্বিগুণ।

ক. ঘণ্টাপ্রতি মূল বেতন হার এবং ওভারটাইম বেতন হার নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যাবলি হতে মোট বেতন নির্ণয় কর। ৪
গ. উপরিউক্ত তথ্যাবলি হতে মোট কর্তন ও নিট বেতন নির্ণয় কর। ৪

১১ ▸ আবিদ কোম্পানি লি. ২০২১ সালের ডিসেম্বর মাসের কাঁচামালসংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | একক | একক ব্যয় টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| ডিসে. ১ | প্রারম্ভিক মজুদ | ২০০ | ১০ |
| " ৬ | ক্রয় | ১০০ | ১০.৪০ |
| " ৯ | বিক্রয় | ২৬০ | .. |
| " ১৬ | ক্রয় | ১৬০ | ১০.৮০ |
| " ২০ | বিক্রয় | ১০০ | .. |

ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ১, ৬, ৯ ও ১৬ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

# রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১ ▸** পূর্বাচল লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ৩০,০০০টি শেয়ারে নিবন্ধিত হয়। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**পূর্বাচল লি.**

**রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২১ ক্রেডিট

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৫,০০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি ১০০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার) | ২০,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১০,০০,০০০ | | |
| মজুরি ও বেতন | ৩০,০০০ | বিক্রয় | ১২,০০,০০০ |
| বিজ্ঞাপন (৫/৬) | ৫০,০০০ | উপভাড়া (১০ মাসের) | ৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৮,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| বহিঃপরিবহন | ৭,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ২,০৫,০০০ | | |
| হাতে নগদ | ১৫,০০,০০০ | | |
| | ৩৩,০০,০০০ | | ৩৩,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪,০০,০০০ টাকা; (২) মজুরি ও বেতন ৪,০০০ টাকা বকেয়া; (৩) মোট বিজ্ঞাপন খরচের ৪/৫ অংশ বিলম্বিত করতে হবে; (৪) দেনাদারের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি ধরতে হবে।

ক. বিলম্বিত বিজ্ঞাপন নির্ণয় কর। ২

খ. মোট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. নিট লাভ বা নিট ক্ষতি নির্ণয় কর। ৪

**২ ▸** গোল্ড কোং লি. ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**রেওয়ামিল**

ডেবিট ৩১ ডিসেম্বর, ২০২১ ক্রেডিট

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| দালানকোঠা | ৩,২০,০০০ | শেয়ার মূলধন | ৬,০০,০০০ |
| নগদ তহবিল | ৯০,০০০ | প্রদেয় নোট | ১০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | ১০% ঋণ (১-৭-২১) | ৫০,০০০ |
| আসবাবপত্র | ১,৫০,০০০ | সঞ্চিতি তহবিল | ২০,০০০ |
| প্রাপ্য নোট | ২০,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর জের (১-১-২১) | ৭০,০০০ |
| ১৫% বিনিয়োগ | ১,০০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ |
| লভ্যাংশ প্রদান | ২৫,০০০ | প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | | |
| | ৮,০৫,০০০ | | ৮,০৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) নিট লাভের ১৫% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে; (২) ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে।

ক. ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. চলতি বছরের নিট লাভ ১,০০,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীতে সেই সম্পদ উপস্থাপন কর। ৪

**৩ ▸** চন্দ্র, সূর্য ও তারা ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে যথাক্রমে ৮০,০০০ টাকা, ৫০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করেন। লাভ-লোকসান বণ্টন অনুপাত ৩ : ২ : ১। অংশীদারদের মূলধন ও উত্তোলনের উপর ১০% সুদ ধার্য করতে হবে। চন্দ্র প্রতি মাসে ১,০০০ টাকা করে বেতন পাবে। সূর্য ও তারা এর বার্ষিক উত্তোলনের পরিমাণ যথাক্রমে ৮,০০০ টাকা ও ৭,০০০ টাকা। তারা নগদ উত্তোলন ছাড়াও ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেছিলেন যা হিসাবভুক্ত হয় নাই। উপরিউক্ত সমন্বয় সাধন করার পূর্বে ব্যবসায়ের লাভ ১,১৯,৫০০ টাকায় উপনীত হয়েছিল। চন্দ্র বছরের মাঝামাঝি সময় কারবারে ৫,০০০ টাকা ঋণ প্রদান করে।

SURE SUCCESS

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. চন্দ্রের মূলধন হিসাব তৈরি কর। ৪

**৪ ▸** রূপা লি. প্রতিটি ৪০ টাকা মূল্যের ৩০,০০০ শেয়ারে বিভক্ত। ১২,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি এর ২৫,০০০ শেয়ার ২ টাকা অধিহারে ইস্যু করে। ২৬,০০০ শেয়ারের আবেদনপত্র পেল। ইস্যুকৃত শেয়ার যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো।

ক. মোট অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ১০,৫০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৫ ▸** শিপিং কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা। যা প্রতিটি ২০ টাকা মূল্যে ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৮০% বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করল। সকল শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল এবং বণ্টন করা হলো। অবলেখকের কমিশন বাবদ প্রতি শেয়ার ১.০০ টাকা করে প্রদান করল।

ক. অবলেখকের কমিশনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ১৫,২০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ পদ্মা গার্মেন্টস এর ২০২১ সালের কাঁচামালসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

২০২১

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০০ একক প্রতি একক ৫ টাকা দরে।
" ৭ ক্রয় ৪০০ একক প্রতি একক ৪ টাকা দরে।
" ১০ ইস্যু ৬০০ একক।
" ২০ ক্রয় ২০০ একক প্রতি একক ৬ টাকা দরে।
" ২৫ ইস্যু ৪০০ একক।
" ৩১ সমাপনী মজুদ ৭৫ একক।

ক. ঘাটতি একক নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মজুদ মালের মূল্য নির্ণয় কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

৭ ▶ ফজলে লি.-এর নিম্নে বর্ণিত তথ্যসমূহ মজুদ বিভাগ প্রদান করে :

২০২১

জুন ১ প্রারম্ভিক মজুদ ২০০ একক প্রতি একক ২০ টাকা দরে।
" ৬ ক্রয় ৩০০ একক প্রতি একক ১৫ টাকা দরে।
" ১২ বিক্রয় ৪০০ একক।
" ২৪ ক্রয় ৩০০ একক প্রতি একক ১০ টাকা দরে।
" ২৮ বিক্রয় ৩০০ একক।

ক. বিক্রীত পণ্যের ক্রয়মূল্য নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৮ ▶ জাগ্রত লি.-এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্বর্তপত্র নিম্নরূপ :

**উদ্বর্তপত্র**

৩১ ডিসেম্বর, ২০২১

| মূলধন ও দায় | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,৫০,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৮০,০০০ |
| ১০% ঋণপত্র | ৫০,০০০ | যন্ত্রপাতি | ২,০০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৫০,০০০ | বিবিধ দেনাদার | ৭০,০০০ |
| | ৪,৫০,০০০ | | ৪,৫০,০০০ |

ধারে ক্রয় ৭০,০০০ টাকা। মোট বিক্রয় ১,০০,০০০ টাকা। মোট লাভ ও নিট লাভ যথাক্রমে ২০,০০০ টাকা ও ৫,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধন নির্ণয় কর। ২
খ. মোট লাভ ও নিট লাভের অনুপাত নির্ণয় কর (মন্তব্যসহ)। ৪
গ. দেনাদার আবর্তন অনুপাত ও পাওনাদার আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▶ অনুপ লি.-এর উদ্বর্তপত্র নিম্নে দেওয়া হলো :

**উদ্বর্তপত্র**

৩১ ডিসেম্বর, ২০২১

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৬০,০০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২০,০০০ | ব্যাংক উদ্বৃত্ত | ১৫,০০০ |
| ঋণপত্র | ২,০০০ | মজুদ পণ্য | ১৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৮,০০০ | প্রাপ্য হিসাব | ১০,০০০ |
| | ৯০,০০০ | | ৯০,০০০ |

ক. চলতি মূলধন নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও অগ্নি-পরীক্ষা অনুপাত নির্ণয় কর। ৪
গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

১০ ▶ A ও B দুইজন AB ম্যানুফ্যাকচারিং কোম্পানির কর্মী। ২০২১ সালের ডিসেম্বর মাসের শেষ সপ্তাহের মজুরি সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| হিসাবের নাম | A টাকা | B টাকা |
|---|---|---|
| মূল মজুরি | ১,০০০ | ১,২০০ |
| যাতায়াত ভাতা | ২০% | ২০% |
| মহার্ঘ ভাতা | ৪০% | ৪০% |
| চিকিৎসা ভাতা | ২০০ | ২০০ |
| ওভারটাইম ভাতা | ১৫০ | ১৮০ |
| অগ্রিম মজুরি | ১০০ | ২৫০ |
| আয়কর কর্তন | ৭৫ | ৮০ |
| ভবিষ্য তহবিলে চাঁদা | ১০% | ১০% |

ক. A ও B এর মহার্ঘ ভাতা এবং ভবিষ্য তহবিলের চাঁদার পরিমাণ নির্ণয় কর। ২
খ. শ্রমিকের মোট মজুরি নির্ণয় কর। ৪
গ. মোট কর্তন ও নিট মজুরি নির্ণয় কর। ৪

১১ ▶ রহমান এন্ড কোং একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২১ সালের প্রতিষ্ঠানটির তথ্যাবলি নিম্নরূপ :

| | টাকা |
|---|---|
| কাঁচামাল ক্রয় | ১,৬০,০০০ |
| প্রারম্ভিক কাঁচামাল | ৪০,০০০ |
| সমাপনী কাঁচামাল | ২০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ৬০,০০০ |
| কারখানার উপরিখরচ | ২০,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ২৫,০০০ |
| বিক্রয় ও বিলি খরচ | ৩০,০০০ |
| প্রারম্ভিক তৈরি পণ্য | ৬,০০০ |
| সমাপনী তৈরি পণ্য | ১৫,০০০ |
| বিক্রয় | ৩,৩০,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের পরিমাণ নির্ণয় কর। ২
খ. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট মুনাফা নির্ণয় কর। ৪

SURE SUCCESS

## যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

### হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ তিতাস লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যার প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের। কোম্পানির ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

**তিতাস লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৬৫,০০০ | |
| প্রাপ্য ও প্রদেয় হিসাব | ৭২,০০০ | ৪৬,০০০ |
| সেবা আয় | | ২,৫০,০০০ |
| ভাড়া আয় | | ১০,০০০ |
| বেতন (৯ মাস) | ১৮,০০০ | |
| শেয়ার মূলধন | | ৭,০০,০০০ |
| যন্ত্রপাতি | ৪,১৭,০০০ | |
| পুঞ্জীভূত অবচয় | | ৪০,০০০ |
| বিমা খরচ | ৪০,০০০ | |
| অফিস সাপ্লাইজ | ৬,০০০ | |
| মেরামত খরচ | ১৫,০০০ | |
| অনুপার্জিত সেবা আয় | | ৮০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর জের | | ৩০,০০০ |
| ১০% ঋণ (০১-১০-২১) | | ৪৪,০০০ |
| অবলেখকের কমিশন | ৫৮,০০০ | |
| উপযোগ খরচ | ৩৯,০০০ | |
| দালানকোঠা | ৪,৭০,০০০ | |
| | ১২,০০,০০০ | ১২,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ভাড়া আয় ১,০০০ টাকা এখনো অনাদায়ি রয়েছে; (২) মেশিনের ওপর বার্ষিক ১০% হারে অবচয় ধরতে হবে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ৩/৪ অংশ উপার্জিত হয়েছে।

ক. ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রতিষ্ঠানের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মুন লিমিটেড এর ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**মুন লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ২,০০,০০০ | ৩,৫০,০০০ |
| শুল্ক | ৮,০০০ | |
| মজুরি (৪/৫ অংশ) | ২০,০০০ | |
| প্রাপ্য ও প্রদেয় হিসাব | ২০,০০০ | ১০,০০০ |
| অনাদায়ি পাওনা | ১,০০০ | |
| ফেরত | ১০,০০০ | ৫,০০০ |
| নিরীক্ষা ফি | ৫,০০০ | |
| শেয়ার মূলধন (৬,০০০ শেয়ার) | | ৬,০০,০০০ |
| ১০% বিনিয়োগ | ৩,০০,০০০ | |
| সংরক্ষিত আয় | | ৫০,০০০ |
| আসবাবপত্র | ২,০০,০০০ | |
| শেয়ার অধিহার | | ১০,০০০ |
| নিদাবি লভ্যাংশ | | ৪,০০০ |
| বিজ্ঞাপন ব্যয় | ৩৮,০০০ | |
| সুনাম | ১,৫৭,০০০ | |
| | ১০,২৯,০০০ | ১০,২৯,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৩০,০০০ টাকা কিন্তু এর বাজার মূল্য ২০% কম; (২) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) ভোক্তাদের মধ্যে বিনামূল্যে ২,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে যা হিসাবে লেখা হয়নি; (৪) নিট লাভের ৪,০০০ টাকা দ্বারা একটি সঞ্চিতি তহবিল গঠন করতে হবে।

ক. ঘোষিত লভ্যাংশের পরিমাণ কত? ২
খ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। (চলতি বছরের নিট লাভ ৮২,০০০ টাকা ধরে) ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীতে মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৩ ▶ সান এবং স্টার একটি অংশীদারি কারবারের দুজন অংশীদার। ১ জানুয়ারি ২০২১ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ১,৮০,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। সান প্রতি মাসে ২,০০০ টাকা বেতন পায় যা সে নগদে গ্রহণ করেছে। সারা বছর ধরে অংশীদারগণ প্রতি মাসের শেষে ব্যবসায় থেকে যথাক্রমে ১,৮০০ টাকা ১,০০০ টাকা নগদ উত্তোলন করেন। ১ জুলাই ২০২১ তারিখে স্টার ব্যবসায়ে ২০,০০০ টাকা ঋণ হিসাবে প্রদান করে। সান এর বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য বিষয়সমূহ বিবেচনা করার পূর্বে ব্যবসায়ে নিট লাভের পরিমাণ ছিল ১,৬০,০০০ টাকা।

ক. উত্তোলনের সুদ নির্ণয় কর। ২
খ. লাভলোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. স্টার এর মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ রাজীব, সজীব এবং তন্ময় যথাক্রমে ২ : ২ : ১ অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে একটি অংশীদারি কারবার পরিচালনা করে। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ৩,০০,০০০ টাকা, ২,৮০,০০০ টাকা এবং ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করে। চুক্তি অনুযায়ী রাজীব তার মূলধনের ওপর ১০% হারে সুদ পাবে। অংশীদারগণের নগদ উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধরতে হবে। সার্বক্ষণিক কাজের জন্য তন্ময় মাসিক ২,০০০ টাকা বেতন পাবে। বছরের মাঝামাঝি সময়ে রাজীব ব্যবসায়ে ৩০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করে। সারা বছরে অংশীদারদের নগদ উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে রাজীব ১০,০০০ টাকা, সজীব ৮,০০০ টাকা এবং তন্ময় ৫,০০০ টাকা।

উপরিউক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ব্যবসায়ের মুনাফা ১,৩০,০০০ টাকায় উপনীত হয়।

ক. রাজীবের মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. রাজীব ও তন্ময়ের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ ঐশি কোম্পানি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি এর ৯০% শেয়ার ১০ টাকা অবহারে বিক্রির জন্য বিবরণপত্র প্রচার করে। কোম্পানি ৯০,০০০ শেয়ারের আবেদনপত্র পায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হয়।

ক. শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ তিস্তা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি এর ১,৪০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রির জন্য প্রচারপত্র বিলি করে। মোট ১,৫০,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বিলি হয় এবং অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয়। কোম্পানি অবলেখকের কমিশন বাবদ শেয়ার প্রতি ০.৩০ টাকা প্রদান করে।

ক. অবলেখকের কমিশনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. ব্যাংক হিসাব এবং শেয়ার অধিহার হিসাব প্রস্তুত কর। ৪

৭ ▸ রহমান কোম্পানি লি.-এর হিসাব বহি থেকে নিচের তথ্যগুলো পাওয়া যায় :

| বিবরণ | টাকা |
|---|---|
| মোট ক্রয় | ২,৫০,০০০ |
| মোট বিক্রয় | ৪,০০,০০০ |
| আসবাবপত্র | ৩,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ |
| কলকব্জা | ৪,০০,০০০ |
| নগদ তহবিল | ৫০,০০০ |
| মজুদ পণ্য | ৪০,০০০ |
| অগ্রিম খরচাবলি | ৬০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ |
| বকেয়া খরচাবলি | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| মোট লাভ | ৮৫,০০০ |
| করপূর্ব নিট লাভ | ১,২০,০০০ |

ক. চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তুরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত এবং বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ হাসান ও শফিক কোম্পানি একই ধরনের ব্যবসায়ে নিয়োজিত। উভয় কোম্পানির আয় বিবরণী নিচে উপস্থাপন করা হলো :

**হাসান এবং শফিক কোম্পানি**
**আয় বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২১

| বিবরণ | হাসান কোম্পানি (টাকা) | শফিক কোম্পানি (টাকা) |
|---|---|---|
| বিক্রয় (৩০% ধারে) | ১২,০০,০০০ | ৪,০০,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় | ৯,৫০,০০০ | ৩,২৫,০০০ |
| মোট লাভ | ২,৫০,০০০ | ৭৫,০০০ |
| বাদ : পরোক্ষ ব্যয় | ১,৬০,০০০ | ৫০,০০০ |
| করপূর্ব নিট লাভ | ৯০,০০০ | ২৫,০০০ |
| বাদ : কর ৫০% | ৪৫,০০০ | ১২,৫০০ |
| করপরবর্তী নিট লাভ | ৪৫,০০০ | ১২,৫০০ |

ক. নগদ বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ অনুপাত এবং করপূর্ব নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. কোন কোম্পানি বেশি লাভজনক– মন্তব্য কর। ৪

৯ ▸ তুহিন এন্ড সন্সের উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল মজুদ (০১-০১-২০২১) | ২০,০০০ |
| কাঁচামাল মজুদ (৩১-১২-২০২১) | ১৬,০০০ |
| কাঁচামাল ক্রয় | ১,২০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ |
| কারখানা ভাড়া | ২০,০০০ |
| কারখানার জ্বালানি ব্যয় | ২,০০০ |
| কারখানার যন্ত্রপাতি মেরামত | ৩,০০০ |
| পরিত্যক্ত দ্রব্য বিক্রয় | ১,০০০ |
| অফিস খরচাবলি | ৩০,০০০ |
| বিক্রয় ও বণ্টন খরচ | ১৭,০০০ |
| বিক্রয় | ৩,০০,০০০ |

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কারখানা ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▸ রাকা মিনারেল কারখানায় ৫০ জন শ্রমিক সপ্তাহে ৪৮ ঘণ্টা কাজ করেন। ঘণ্টাপ্রতি তারা ১০ টাকা হারে স্বাভাবিক মজুরি পান। এপ্রিল মাসের তৃতীয় সপ্তাহে কারখানা ৬০ ঘণ্টা চালু ছিল। ওভারটাইম মজুরির হার স্বাভাবিক মজুরির দেড় গুণ। শ্রমিকগণ নিয়মিত মজুরির ৫০% বাড়িভাড়া ভাতা, ২০% যাতায়াত ভাতা, ১০% টিফিন ভাতা এবং ৫% চিকিৎসা ভাতা পান। শ্রমিকগণ স্বাভাবিক মজুরির ১০% ভবিষ্য তহবিলে এবং ২% কল্যাণ তহবিলে দান করেন।

ক. ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. শ্রমিকদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. শ্রমিকদের নিট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▸ রূপালী কোম্পানির উৎপাদন বিভাগ থেকে প্রাপ্ত কাঁচামালসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২১

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০ কেজি প্রতি কেজি ১৬০ টাকা। |
| ” | ৭ | কাঁচামাল ক্রয় ৭০ কেজি প্রতি কেজি ১৭০ টাকা। |
| ” | ১৫ | কারখানায় ইস্যু ৯০ কেজি। |
| ” | ২০ | কাঁচামাল ক্রয় ৪০ কেজি প্রতি কেজি ১৮০ টাকা। |
| ” | ২৭ | কারখানায় ইস্যু ৫৫ কেজি। |

ক. প্রারম্ভিকসহ গ্রহণকৃত মালের মূল্য নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ মালের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ মালের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ৪

# কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ নিকি রিপেয়ারিং সার্ভিস লিমিটেড এর ৩১ ডিসেম্বর ২০২১ সালের রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**নিকি রিপেয়ারিং সার্ভিস লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৭০,০০০ | |
| বেতন | ৩২,০০০ | |
| অগ্রিম বিমা | ৩৬,০০০ | |
| সরবরাহ সামগ্রী | ২০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৩৮,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৪৫,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ২০,০০০ |
| শেয়ার মূলধন (১,০০০ শেয়ার প্রতিটি ১০০ টাকা মূল্যের) | | ১,০০,০০০ |
| সেবা আয় | | ৮০,০০০ |
| ভাড়া খরচ | ১৯,০০০ | |
| | ২,৪৫,০০০ | ২,৪৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) ৫,০০০ টাকার সরবরাহ সামগ্রী ব্যবহার করা হয়েছে; (২) ১২ বছরের জন্য বিমা পলিসি নেওয়া হয়েছে; (৩) অনুপার্জিত সেবা আয়ের ১৫,০০০ টাকা উপার্জিত হয়েছে; (৪) অফিস সরঞ্জামের আয়ুষ্কাল পাঁচ বছর। আয়ুষ্কাল শেষে কোনো ভগ্নাবশেষ মূল্য থাকবে না; (৫) প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়।

ক. বিমা খরচ ও অবচয় খরচের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিকি রিপেয়ারিং সার্ভিসের আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. বছর শেষে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ প্রভাতী লিমিটেড ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ :

**প্রভাতী লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮,০০০ শেয়ার প্রতিটি ৫০ টাকা মূল্যের) | | ৪,০০,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২১) | | ৪৮,০০০ |
| নগদ তহবিল | ৩২,৫০০ | |
| ব্যাংক জমা | ২,৮৩,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৮৮,০০০ | ৪৪,৫০০ |
| ক্রয় ও বিক্রয় | ২,১৩,০০০ | ৩,৬৫,০০০ |
| মজুদ পণ্য (০১-০১-২০২১) | ৪৫,০০০ | |
| মজুরি | ২০,০০০ | |
| কারখানার খরচ | ৩,০০০ | |
| বেতন (১১ মাস) | ১৬,৫০০ | |
| ভাড়া খরচ | ২৮,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| কুঋণ ও কুঋণ সঞ্চিতি | ২,৫০০ | ৪,০০০ |
| ১০% ঋণপত্র (০১-০৭-২০২১) | | ১,৫০,০০০ |
| আসবাবপত্র | ৩,৫০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৮০,০০০ |
| | ১০,৯১,৫০০ | ১০,৯১,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৬২,০০০ টাকা এবং বাজারমূল্য ৫৮,৫০০ টাকা; (২) ২ মাসের ভাড়া অগ্রিম প্রদান করা হয়েছে; (৩) কুঋণ সঞ্চিতি হ্রাস করে ৩,৫০০ টাকায় রাখতে হবে; (৪) আয়কর সঞ্চিতি রাখতে হবে ১৫,০০০ টাকা; (৫) শেয়ার মূলধনের উপর ১০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. নিট লাভ ৭৬,০০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. বছর শেষে শেয়ার মালিকদের স্বত্ব ও দায়সমূহ নির্ণয় কর। ৪

৩ ▶ মিনা, বিনা ও রেণু যথাক্রমে ২ ঃ ২ ঃ ১ অনুপাতে লাভ-লোকসান বণ্টনের ভিত্তিতে একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করে। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,৮০,০০০ টাকা এবং ১,৪০,০০০ টাকা। মিনা বার্ষিক ১৮,০০০ টাকা বেতন পায়। অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধন ও উত্তোলনের উপর ১০% সুদ ধার্য করা হয়। বিনা বছরের মাঝামাঝি সময় ২০,০০০ টাকা ঋণ হিসাবে প্রদান করেন। সারা বছরে অংশীদারগণের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৬,০০০ টাকা, ৪,০০০ টাকা এবং ৩,০০০ টাকা। নগদ উত্তোলন ছাড়াও মিনা ২,৫০০ টাকার পণ্য উত্তোলন করেছে যা হিসাবভুক্ত হয়নি। উপরিউক্ত সমন্বয়গুলো বিবেচনার পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর ব্যবসায়ের মুনাফা হয় ৮০,০০০ টাকা।

ক. বিনার ঋণের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. মিনা ও রেণুর মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ X, Y, Z একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-ক্ষতি ২ ঃ ১ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,৫০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,৫০,০০০ টাকা। চুক্তি অনুসারে অংশীদারগণের মূলধন ও উত্তোলনের উপর যথাক্রমে ১০% ও ৫% হারে সুদ ধার্য করতে হবে। Z প্রতি মাসে ২,০০০ টাকা করে বেতন পাবে। X প্রত্যেক মাসের প্রথম তারিখে ২,০০০ টাকা, Y প্রত্যেক মাসের শেষ তারিখে ২,৫০০ টাকা ও Z প্রত্যেক মাসের মাঝামাঝি সময়ে ৩,০০০ টাকা উত্তোলন করেন। নগদ উত্তোলন ছাড়াও X ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। Y আগস্ট মাসের ১ তারিখে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে কারবারে আনয়ন করে।
উপরিউক্ত সমন্বয়গুলো বিবেচনার পূর্বে কারবারের নিট মুনাফা ছিল ২,৭৫,০০০ টাকা।

ক. Y এর মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের মোট উত্তোলন ও উত্তোলনের সুদ নির্ণয় কর। ৪
গ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

৫ ▶ যমুনা লিমিটেড প্রতিটি ৪০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৪০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের জন্য বিবরণপত্র প্রচার করে। ৪১,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া যায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।

ক. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ প্রগতি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ৩০,০০০ শেয়ার বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রচার করে। ৩৫,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। অতিরিক্ত শেয়ার আবেদনের অর্থ আবেদনকারিগণকে ফেরত দেওয়া হলো। ৩০,০০০ শেয়ার যথারীতি বণ্টন করা হলো। কোম্পানি শেয়ারপ্রতি ০.৭৫ টাকা অবলেখককে কমিশন এবং ৫,০০০ টাকা ব্যাংক চার্জ প্রদান করে।

ক. অবলেখকের কমিশনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই) ৪

গ. কোম্পানির ব্যাংক হিসাব তৈরি কর। ৪

৭ ▶ সাগর লিমিটেডের ৩১ ডিসেম্বর ২০২১ সালের তথ্যাবলি নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| শেয়ার মূলধন | ২,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ |
| স্থায়ী সম্পদ | ৩,০০,০০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮৫,০০০ |
| নগদ তহবিল | ১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** বিক্রয় ১০,০০,০০০ টাকা, মোট লাভ ২,৫০,০০০ টাকা, পরিচালন খরচ ১,৫০,০০০ টাকা।

ক. নিট লাভ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত ও মোট লাভের অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▶ **সজীব লিমিটেড এর আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২১

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,৫০,০০০ | আসবাবপত্র | ২,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৪৫,০০০ | সমাপনী মজুদ | ৪০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩৩,৭৫০ | প্রাপ্য হিসাব | ৫০,৫০০ |
| ১০% ঋণপত্র | ১,১২,০০০ | অগ্রিম খরচ | ৭,৭৫০ |
| প্রদেয় হিসাব | ৩২,৫০০ | নগদ জমা | ২৪,৫০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১৪,৫০০ | প্রাথমিক ব্যয় | ২৫,০০০ |
| বকেয়া খরচ | ১০,০০০ | | |
| | ৩,৯৭,৭৫০ | | ৩,৯৭,৭৫০ |

**সমন্বয়সমূহ :** প্রারম্ভিক মজুদ ২২,৫০০ টাকা। নিট বিক্রয় ২,২৫,০০০ টাকা বিক্রয়ের উপর মোট লাভের হার ২০%।

ক. মোট লাভ নির্ণয় কর। ২

খ. শেয়ার মালিকদের স্বত্ব ও মালিকানা-মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায়-মালিকানা অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▶ ২০২১ সালের জুন মাসের সিরাত কোম্পানির উৎপাদনসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| তৈরি পণ্য প্রারম্ভিক মজুদ (১০,০০০ একক) | ৮০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৫,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ২,০০,০০০ |
| কারখানার উপরিখরচের মজুরির ১০০% | .. |
| অফিস ও প্রশাসনিক উপরিখরচ (এককপ্রতি ৪.৫০ টাকা) | .. |
| বিক্রয় উপরি খরচ (কারখানা ব্যয়ের ১০%) | .. |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ (২০,০০০ একক) | ১,৮০,০০০ |
| বিক্রয় (৯০,০০০ একক) | .. |
| মুনাফা (বিক্রয়ের উপর ২০%) | .. |

ক. জুন মাসের উৎপাদন একক নির্ণয় কর। ২

খ. কারখানার উৎপাদন ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. গণনাসহ মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

১০ ▶ অফিস কর্মচারী সাজিদ ও শাফিনের ২০২০ সালের ডিসেম্বর মাসের তথ্য নিম্নরূপ :

| বিবরণ | সাজিদ টাকা | শাফিন টাকা |
|---|---|---|
| মূল বেতন | ১০,০০০ | ১২,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| বাড়িভাড়া ভাতা (মূল বেতনের) | ৩০% | ৩০% |
| যাতায়াত ভাতা | ২,০০০ | ১,০০০ |
| চিকিৎসা ভাতা | ৫০০ | ৫০০ |
| ওভারটাইম (ঘণ্টা) | ২০ | ১৫ |
| প্রভিডেন্ট ফান্ডে চাঁদা (মূল বেতনের) | ১০% | ১০% |
| অগ্রিম বেতন | ৫০০ | ৮০০ |

উক্ত মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ছিল ২০০ ঘণ্টা। ওভারটাইম হার মূল বেতন হারের দ্বিগুণ।

ক. ওভারটাইম বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কর্মচারীদের মোট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কর্মচারীদের মোট কর্তন ও নিট বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▶ তিস্তা লিমিটেড এর ২০২১ সালের জুলাই মাসের কাঁচামালসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

২০২১

জুলাই ১ প্রারম্ভিক জের ১৫০ একক, প্রতি একক ৪০ টাকা দরে।

" ৬ ক্রয় ৩৫০ একক, প্রতি একক ৪৫ টাকা দরে।

" ৮ ইস্যু ৩২৫ একক।

" ১৫ ক্রয় ২৫০ একক, প্রতি একক ৪৮ টাকা দরে।

" ২২ ইস্যু ২২৫ একক।

ক. ক্রয়কৃত মালের মূল্য নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্য দ্বারা FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত তথ্য দ্বারা ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

SURE SUCCESS

# চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ সাগর লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

**সাগর লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৮,০০০ শেয়ার) | | ৮০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৫,০০০ | ১২,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৬০,০০০ | ১,২৫,০০০ |
| দালানকোঠা | ৪০,০০০ | |
| কলকব্জা | ৬০,০০০ | |
| মজুরি | ৬,০০০ | |
| বেতন (১০ মাস) | ১৭,০০০ | |
| ভাড়া | ৫,৫০০ | |
| অনাদায়ি পাওনা | ১,৩০০ | |
| ফেরত | ৪,০০০ | ৩,৫০০ |
| আয়কর | ৫,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ১৫,০০০ | |
| সংরক্ষিত আয় (১-১-২০২১) | | ৪০,০০০ |
| ব্যাংক জমা | ১১,৭০০ | |
| | ২,৬০,৫০০ | ২,৬০,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩৫,০০০ টাকা; (২) বকেয়া মজুরি ৫০০ টাকা এবং বকেয়া ভাড়া ১,০০০ টাকা; (৩) প্রাপ্য হিসাবের উপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৪) দালানকোঠার উপর ৫% এবং কলকব্জার উপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৫) সঞ্চিতি তহবিলে ৫,০০০ টাকা স্থানান্তর করতে হবে।

ক. বকেয়া বেতনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত বছরের মোট লাভ নির্ণয় কর। ৪

গ. মোট লাভ ৯৩,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

২ ▶ ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে তাইফা কোম্পানি লিমিটেডের রেওয়ামিল নিম্নে দেওয়া হলো :

**তাইফা কোম্পানি লি.**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| সুনাম | ২,০০,০০০ | শেয়ার মূলধন (৫,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যের) | ৫,০০,০০০ |
| দালানকোঠা | ৩,০০,০০০ | সঞ্চিতি তহবিল | ১,০০,০০০ |
| যন্ত্রপাতি | ২,২০,০০০ | ১০% ঋণপত্র | ১,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১,০০,০০০ | প্রদেয় হিসাব | ৪০,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২১) | ৪০,০০০ | বিক্রয় | ৬,৯০,০০০ |
| ক্রয় | ৪,৬০,০০০ | সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৭৫,০০০ |
| বেতন | ৫০,০০০ | আয়কর সঞ্চিতি | ৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৫০,০০০ | | |
| লভ্যাংশ | ২০,০০০ | | |
| আয়কর | ৩০,০০০ | | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৪০,০০০ | | |
| | ১৫,১০,০০০ | | ১৫,১০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১,৫০,০০০ টাকায় মূল্যায়ন করা হয়েছে; (২) প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের উপর ১০% ধরে অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে; (৩) নিট লাভের ২০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে এবং ১০,০০০ টাকা দ্বারা লভ্যাংশ সমতাকরণ তহবিল তৈরি করতে হবে; (৪) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) সম্ভাব্য দায় ২০,০০০ টাকা।

ক. নতুন অনাদায়ি পাওনা সঞ্চিতির পরিমাণ নির্ণয় কর। ২

খ. তাইফা কোম্পানি লি.-এর নিট লাভ ২,৬৩,২০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪

গ. সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ২,১৩,২০০ টাকা ধরে কোম্পানির শেয়ার মালিকদের স্বত্ব ও দায় নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ আঁখি, মেরী ও লিপি আধুনিকা ফ্যাশন হাউজের তিনজন সমান অংশীদার। ১ জানুয়ারি, ২০২১ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে– ২,০০,০০০ টাকা; ২,৫০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা। অংশীদারি চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই, ২০২১ তারিখে আঁখি ও লিপি প্রত্যেকে ২০,০০০ টাকা করে অতিরিক্ত মূলধন হিসাবে বিনিয়োগ করে এবং একই তারিখে মেরী কারবারে ৩০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করে যার উপর বার্ষিক ৮% হারে সুদ ধার্য করতে হবে। প্রত্যেক অংশীদার প্রতি মাসের প্রথমে ৪০০ টাকা করে উত্তোলন করে। উপরিউক্ত বিষয়সমূহ সমন্বয়ের পূর্বে ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে তাদের কারবারের মুনাফার পরিমাণ ছিল ১,৭২,৮২০ টাকা।

ক. ঋণের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারগণের মূলধনের সুদ ও উত্তোলনের সুদ নির্ণয় কর। ৪

গ. লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি কর। ৪

৪ ▶ মালিহা কসমেটিকস প্রতিটি ২৫ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৫০,০০,০০০ টাকা মূলধনে নিবন্ধিত হয়। কোম্পানি উহা হতে ১,৫০,০০০ শেয়ার ৪০% অধিহারে বিক্রির উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করে। মোট ২,২০,০০০ শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল। কোম্পানি অতিরিক্ত আবেদনের অর্থ সংশ্লিষ্ট আবেদনকারিগণকে ফেরত প্রদান করে। কোম্পানি অবলেখককে শেয়ারপ্রতি ০.৫০ টাকা করে কমিশন প্রদান করে।

ক. শেয়ার প্রতি অধিহার ও মোট অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা তৈরি কর। (ব্যাখ্যা প্রয়োজন নেই) ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৫১,৭৫,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৫ ▶ ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে লতা কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেওয়া হলো :

| দায় ও মূলধন | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৭৫,০০০ | ভূমি ও দালান | ৪০,০০০ |
| সংরক্ষিত আয় | ২৫,০০০ | আসবাবপত্র | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | প্রাপ্য হিসাব | ৩০,০০০ |
| ১০% ঋণ | ৩০,০০০ | হাতে নগদ | ৩০,০০০ |
| | | প্রাথমিক খরচ | ১০,০০০ |
| | ১,৬০,০০০ | | ১,৬০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৪,৫০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২৫% মুনাফা ধরে পণ্য বিক্রয় করা হয়েছে। ব্যবসায় পরিচালনা ব্যয়ের পরিমাণ ৩০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মোট লাভ অনুপাত ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪
গ. দায়-মালিকানা অনুপাত ও দায় মোট সম্পত্তির অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ ফাহিম লিমিটেডের ২০২১ সালের উৎপাদন সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| | টাকা |
|---|---|
| কাঁচামালের ব্যবহার | ৩৪,০০০ |
| প্রারম্ভিক চলতি কার্য | ৫,২০০ |
| সমাপনী চলতি কার্য | ৬,৫০০ |
| তৈরি পণ্যের প্রারম্ভিক মজুদ | ১৩,৫০০ |
| তৈরি পণ্যের সমাপনী মজুদ | ৮,৫০০ |
| প্রত্যক্ষ মজুরি (১৪,০০০ শ্রমঘণ্টা প্রতি ঘণ্টা ২ টাকা হারে) | |
| কারখানা ম্যানেজারের বেতন | ৭,২০০ |
| পরোক্ষ মজুরি | ৯,০০০ |
| বিবিধ কারখানা ব্যয় | ১৫,০০০ |
| প্রশাসনিক খরচ | ১০,০০০ |
| মুনাফা (বিক্রয়ের ২০%) | |

ক. মুখ্য ব্যয় নির্ণয় কর। ২
খ. মুখ্য ব্যয় ৬০,০০০ টাকা ধরে কারখানা ব্যয় ও বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় ৩,২৫,০০০ টাকা ধরে আয় বিবরণী তৈরি কর। ৪

৭ ▸ ফারহান কোম্পানির মার্চ, ২০২১ মাসের কাঁচামাল ক্রয় এবং ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২১
মার্চ ১ প্রারম্ভিক মজুদ ৪০০ একক @ টাকা ৪.০০।
" ৫ ক্রয় ৩০০ একক @ টাকা ৪.২০।
" ৭ ইস্যু ২৫০ একক।
" ৮ ক্রয় ৩০০ একক @ টাকা ৪.৮০।
" ১২ ইস্যু ২৫০ একক।
" ২০ ইস্যু ২০০ একক।
" ২৫ ক্রয় ২৫০ একক @ টাকা ৫.০০।
" ৩১ ইস্যু ২০০ একক।

ক. মার্চ মাসের ক্রয়কৃত মালের পরিমাণ নির্ণয় কর। ২
খ. মার্চ ১, ৫, ১২, ২৫ ও ৩১ তারিখের তথ্য ব্যবহার করে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪
গ. মার্চ ১, ৭, ৮, ২০ ও ৩১ তারিখের তথ্য ব্যবহার করে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

৮ ▸ নিলয়, নিশাত ও আশিক একটি ব্যবসায়ের অংশীদার। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত যথাক্রমে ৩ : ২ : ১। ১ জানুয়ারি, ২০২১ তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল নিলয় ৪,০০,০০০ টাকা, নিশাত ৩,৫০,০০০ টাকা ও আশিক ২,৫০,০০০ টাকা। চুক্তির শর্তানুসারে অংশীদারগণের মূলধনের উপর ১২% এবং নগদ উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। আশিক মাসিক ৫,০০০ টাকা হারে বেতন পায়। নিলয় প্রতি মাসের শেষে ৫,০০০ টাকা করে সারা বছর ধরে নগদ উত্তোলন করে। আশিক বছরের মাঝামাঝি এককালীন ৪০,০০০ টাকা উত্তোলন করে। নিশাত ৩০-০৬-২০২১ তারিখে ৬০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে এবং আশিক ৬% সুদে ০১-০৭-২০২১ তারিখে ৮০,০০০ টাকা ঋণ কারবারে সরবরাহ করে।

উপরিউক্ত সমন্বসমূহ সাধনের পূর্বে কারবারের নিট মুনাফা ছিল ২,৭৬,৫০০ টাকা।

ক. নিশাতের মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ. অংশীদারগণের উত্তোলনের সুদ ও আশিকের ঋণের সুদ নির্ণয় কর। ৪
গ. নিশাত ও আশিকের মূলধন হিসাব তৈরি কর। (মুনাফার অংশ-নিশাত ৩০,০০০ টাকা, আশিক ১৫,০০০ টাকা ধরে) ৪

৯ ▸ তিশাম কোম্পানির তথ্যগুলো নিম্নে দেওয়া হলো :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| বিক্রয় (৩০% নগদে) | ১০,০০,০০০ |
| ক্রয় (২০% নগদে) | ৬,০০,০০০ |
| চলতি দায় | ১,২০,০০০ |
| স্থায়ী সম্পদ | ১২,০০,০০০ |
| চলতি সম্পদ | ৩,০০,০০০ |
| মোট লাভ | ২,৫০,০০০ |
| নিট লাভ | ২,০০,০০০ |

ক. ধারে বিক্রয় ও ধারে ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত, মোট লাভ অনুপাত, চলতি মূলধন ও চলতি মূলধন অনুপাত নির্ণয় কর। ৪
গ. নিট মুনাফা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

১০ ▸ সিটি লিমিটেডের ২০২১ সালের তথ্যসমূহ নিম্নরূপ :

| হিসাবের নাম | ১ জানুয়ারি ২০২১ টাকা | ৩১ ডিসেম্বর ২০২১ টাকা |
|---|---|---|
| কাঁচামাল | ১৪,০০০ | ১১,০০০ |
| আংশিক উৎপাদিত পণ্য | ২০,০০০ | ১৮,০০০ |
| উৎপাদিত পণ্য (১০০ একক) | ২৫,০০০ | ? |
| সংশ্লিষ্ট বছরের অন্যান্য তথ্যাবলি ছিল নিম্নরূপ : | | |
| কাঁচামাল ক্রয় | ২,১৭,০০০ | |
| প্রত্যক্ষ মজুরি | ১,৭৬,০০০ | |
| কারখানার উপরি খরচ | ১,৮২,০০০ | |
| বিক্রয় (প্রারম্ভিক মজুদসহ ২,১০০ একক) | ৬,৯২,০০০ | |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ ২০০ একক | | |
| কারখানার উপরি খরচের ২৫% প্রশাসনিক ব্যয় এবং বিক্রয়ের ৫% বিক্রয় খরচ। | | |

ক. উৎপাদিত পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উৎপাদন ব্যয় বিবরণী তৈরির মাধ্যমে উৎপাদিত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. বিক্রীত পণ্যের ব্যয় ৫,৫০,০০০ টাকা ধরে মোট মুনাফা ও নিট মুনাফা নির্ণয় কর। ৪

১১ ▸ সাজিদ লি.-এর ২০২১ সালের জুন মাসে কাঁচামাল ক্রয় এবং ইস্যুসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

২০২১
জুন ৩ ক্রয় ৫০০ কেজি @ টাকা ৪.০০।
" ১০ ইস্যু ৩৫০ কেজি।
" ১৫ ক্রয় ৩০০ কেজি @ টাকা ৬.০০।
" ১৭ ক্রয় ৪০০ কেজি @ টাকা ৫.০০।
" ১৮ ইস্যু ৪৫০ কেজি।
" ২৭ ইস্যু ৪০০ কেজি।

প্রারম্ভিক মজুদ পণ্য ১০০ কেজি ৫.০০ টাকা দরে। ১৮ জুন ইস্যুকৃত পণ্য হতে ২৫ কেজি পণ্য ২৬ জুন তারিখে ফেরত এসেছে। মাসের শেষে গুদামে সমাপনী মজুদ মাল ছিল ৭৫ কেজি।

ক. মাসের শেষে মালের ঘাটতির পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে FIFO পদ্ধতিতে একটি মাল খতিয়ান দেখাও। ৪
গ. উপরিউক্ত তথ্যের ভিত্তিতে ভারযুক্ত গড় পদ্ধতিতে একটি মাল খতিয়ান দেখাও। ৪

SURE SUCCESS

# সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▶ সৃজনশীল প্রশ্ন

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান–৪০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ বারিন্দ সার্ভিস লি.-এর অনুমোদিত মূলধন ১,০০,০০০ টাকা যা ১০ টাকা মূল্যের ১০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। উক্ত কোম্পানির রেওয়ামিল নিম্নে প্রদত্ত হলো :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৫,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা মূল্যের) | | ৫০,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৪০,০০০ | |
| অবণ্টিত মুনাফা (১-১-২০২১) | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২২,০০০ |
| বেতন খরচ | ৮,০০০ | |
| ডেলিভারি ভ্যান | ৩০,০০০ | |
| সেবা আয় | | ২,০০,০০০ |
| সাপ্লাইজ খরচ | ৪,০০০ | |
| দালানকোঠা | ২,০০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ২৫,০০০ | |
| ১০% ব্যাংক ঋণ (১.৭.২১) | | ১,০০,০০০ |
| ব্যাংক জমা | ২০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ৫০,০০০ | |
| অগ্রিম ভাড়া | ১০,০০০ | |
| প্রদত্ত আয়কর | ৫,০০০ | |
| | ৩,৯২,০০০ | ৩,৯২,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) বিনিয়োগের সুদ ১,২০০ টাকা অনাদায়ি; (ii) অগ্রিম ভাড়ার ৫,০০০ টাকার মেয়াদ উত্তীর্ণ হয়েছে; (iii) ডেলিভারি ভ্যানের উপর ১০% অবচয় ধার্য করতে হবে; (iv) ঋণের সুদ সম্পূর্ণ বকেয়া রয়েছে; (v) প্রস্তাবিত লভ্যাংশ ১৫,০০০ টাকা।

ক. উক্ত কোম্পানির চলতি বছরের বহির্দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির আয় বিবরণী তৈরি কর। ৪
গ. বছর শেষে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ রাহি কোম্পানি লি.-এর রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নে প্রদত্ত হলো :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৪,২০,০০০ | ৭,৪০,০০০ |
| আয়কর | ৫০,০০০ | |
| মজুদ পণ্য (১.১.২০২১) | ৮০,০০০ | |
| বেতন | ৪০,০০০ | |
| দফতর খরচ | ১০,০০০ | |
| ভাড়া | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন | ২৫,০০০ | |
| বিবিধ দেনাদার ও পাওনাদার | ৮০,০০০ | ১,০০,০০০ |
| বিনিয়োগ | ১,৬০,০০০ | |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ার) | | ৮,০০,০০০ |
| অবণ্টিত মুনাফা (১.১.২০২১) | | ৭৫,০০০ |
| আয়কর সঞ্চিতি | | ১০,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ৫০,০০০ |
| দালানকোঠা | ৮,০০,০০০ | |
| ভ্রমণ খরচ | ১৫,০০০ | |
| নগদ তহবিল | ৮০,০০০ | |
| | ১৭,৭৫,০০০ | ১৭,৭৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে; (ii) প্রতি মাসে ভাড়ার পরিমাণ ১,০০০ টাকা; (iii) ৮ মাসে বেতন প্রদত্ত হয়েছে, বাকি ৪ মাস বকেয়া আছে; (iv) স্থায়ী সম্পদের ১০% অবচয় ধার্য করতে হবে; (v) বিজ্ঞাপন বাবদ ৪,০০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত করা হয়নি; (vi) শেয়ার মূলধনের উপর ১০% লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (vii) অলিখিত ক্রয় ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি; (viii) নিট লাভের ১০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির চলতি বছরের পরিচালন ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. চলতি বছরের সংরক্ষিত আয় বিবরণীর জের ৫০,০০০ টাকা ধরে কোম্পানির দায় পার্শ্বের মোট পরিমাণ নির্ণয় কর। ৪

SURE SUCCESS

### খ বিভাগ

৩ ▶ মডার্ন কোম্পানি লিমিটেড প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত ৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হলো। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে কোম্পানি অনুমোদিত শেয়ারের ৬০% ২ টাকা অধিহারসহ বিক্রয়ের উদ্দেশ্যে বিলিপত্র প্রচার করল। ১০ জানুয়ারি ইস্যুকৃত শেয়ারের তিনগুণ আবেদন পাওয়া গেল। ৩১ জানুয়ারি কোম্পানি ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করল এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো। ইস্যুসংক্রান্ত খরচ ২০,০০০ টাকা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হলো জানুয়ারি মাসের ৩১ তারিখ।

ক. ইস্যুকৃত শেয়ারের সংখ্যা এবং আবেদনকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর। ২
খ. কোম্পানির হিসাবের বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৪ ▶ ফাইজার কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হয়। কোম্পানি ২০% অবহারে অনুমোদিত মূলধনের ৭০% বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের ২৫% অতিরিক্ত আবেদন পাওয়া যায়। শেয়ারগুলো যথাযথভাবে বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়ার জন্য রিফান্ড ওয়ারেন্ট ইস্যু করা হয়। কোম্পানির একখণ্ড জমির জন্য একটি ডেভলপার কোম্পানি বরাবর অবহারসহ ৪,০০০ শেয়ার ইস্যু করা হয়।

ক. জমির ক্রয়মূল্য নির্ণয় কর। ২
খ. ফাইজার কোম্পানির হিসাব বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির হিসাব বইতে ব্যাংক হিসাব এবং মূলধন হিসাব তৈরি কর। ৪

৫ ▸ ক, খ ও গ একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ৩ : ২ : ১ অনুপাতে কারবারের লাভক্ষতি বণ্টন করে নেয়। বছর শেষে অংশীদারগণের উত্তোলন, লভ্যাংশ এবং খ এর বেতন সমন্বয় করার পর তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ৪৫,০০০ টাকা, ৩৬,০০০ টাকা এবং ২৮,০০০ টাকা। তবে তারা এ মর্মে স্বীকৃত হয় যে, তাদের কারবারের মোট মূলধন হবে ১,২০,০০০ টাকা এবং এ মূলধন হবে তাদের লাভলোকসান অনুপাতে। মূলধন এবং উত্তোলনের উপর ৫% সুদ ধার্য করার বিধান থাকলেও তা গত বছর সমন্বয় করা হয়নি। তাদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৮,০০০ টাকা, ১০,০০০ টাকা এবং ৫,০০০ টাকা। 'খ' মাসিক ১,০০০ টাকা বেতন পাওয়ার অধিকারী। 'খ' এর বেতন সমন্বয়ের পরে তাদের কারবারের মুনাফা ছিল ৫৪,০০০ টাকা।

ক. অংশীদারদের পুনঃসমন্বিত মূলধনের বণ্টন দেখাও। ২

খ. অংশীদারদের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. লাভক্ষতি সমন্বয়ের হিসাব তৈরি কর। ৪

৬ ▸ কামাল, বশির ও জালাল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। কারবারে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা এবং ১,২০,০০০ টাকা। বশিরের ঋণ হিসাবের উদ্বৃত্ত ছিল ৫০,০০০ টাকা। তারা কারবারের লাভক্ষতি সমান হারে বণ্টন করে নেয়। কামাল প্রতি মাসের প্রথমে কারবার হতে ৫০০ টাকা, বশির প্রতি মাসের মাঝামাঝি ৮০০ টাকা এবং জালাল প্রতিমাসের শেষে ১,০০০ টাকা উত্তোলন করেছিল। নগদ উত্তোলন ছাড়াও বশির ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেছিল। বশির বছরের মাঝামাঝি সময়ে আরও ২০,০০০ টাকা ঋণ হিসাবে প্রদান করে। অংশীদারি চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের উপর ১০% সুদ ধার্য করতে হবে। উপরিউক্ত সমন্বয়সাধনের পূর্বে কারবারের মুনাফা হয় ২,০০,০০০ টাকা।

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের মোট উত্তোলন এবং উত্তোলনের উপর ধার্যকৃত সুদের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. কামাল এবং বশিরের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৭ ▸ **রাজ কোম্পানি লি.**

**আর্থিক অবস্থার বিবরণী**

৩১ ডিসেম্বর, ২০২১

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,৫০,০০০ | দালানকোঠা | ৩,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | মজুদ পণ্য | ২৫,০০০ |
| প্রদেয় নোট | ২৫,০০০ | প্রাপ্য হিসাব | ৫০,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | ৭৫,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ১০,০০০ |
| ১০% ঋণ | ২,০০,০০০ | অগ্রিম খরচাবলি | ১৫,০০০ |
| | | নগদ তহবিল | ২,০০,০০০ |
| | ৬,০০,০০০ | | ৬,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** বছরের মোট লাভের পরিমাণ ৩,৫০,০০০ টাকা, করপূর্ব নিট মুনাফার পরিমাণ ২,১০,০০০ টাকা। কর হার ৪০% এবং বিক্রয়ের পরিমাণ ছিল ১৪,০০,০০০ টাকা।

ক. চলতি অনুপাত নির্ণয় কর। ২

খ. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মোট লাভ এবং নিট লাভ অনুপাত নির্ণয় কর এবং দক্ষতার মূল্যায়ন কর। ৪

৮ ▸ জনি লিমিটেডের আর্থিক বিবরণী থেকে নিম্নোক্ত তথ্য প্রদত্ত হলো :

| | টাকা |
|---|---|
| প্রারম্ভিক মজুদ | ৮,০০,০০০ |
| ক্রয় | ৩২,০০,০০০ |
| সমাপনী মজুদ | ? |
| শেয়ার মূলধন | ৫০,০০,০০০ |
| বিক্রয় (ধারে ৮০%) | ৪০,০০,০০০ |
| মোট লাভ | ১০,০০,০০০ |
| নিট লাভ | ২,৫০,০০০ |
| বিবিধ দেনাদার | ৮,০০,০০০ |
| মোট সম্পদ | ২০,০০,০০০ |

ক. সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয় কর। ২

খ. মজুদ আবর্তন অনুপাত ও মোট সম্পত্তির আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. দেনাদার আবর্তন অনুপাত ও গড় আদায় সময় নির্ণয় কর। ৪

৯ ▸ **বাদল ট্রেডার্সের উৎপাদন ব্যয় বিশ্লেষণ নিম্নরূপ :**

প্রারম্ভিক মজুদ ৪০ একক প্রতি একক ৫৮০ টাকা

বিক্রয় ২০৫০ একক প্রতি একক ৭৫০ টাকা

কাঁচামাল ব্যয় একক প্রতি ২২০ টাকা

মজুরি ব্যয় ঘণ্টা প্রতি ৫০ টাকা (একক প্রতি মজুরি ৫ ঘণ্টা)

কারখানা উপরিব্যয় মজুরির $\frac{২}{৩}$ অংশ

বিক্রয় উপরিব্যয় ৫,০০০ টাকা

সমাপনী তৈরি মজুদ ৬০ একক

ক. উৎপাদিত পণ্যের পরিমাণ (একক) নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নিরূপণ কর। ৪

গ. আয় বিবরণী তৈরি কর এবং বিক্রয়ের উপর নিট লাভের শতকরা হার নির্ণয় কর। ৪

১০ ▸ হাবিব ফার্নিচার কোম্পানি ২০২১ সালের ১ মার্চ উৎপাদনসংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

প্রারম্ভিক মজুদ ১২৫ একক প্রতি একক ১৬,০০০ টাকা

উৎপাদন ৭৫০ একক

বিক্রয় ৬৫০ একক প্রতি একক ২৮,০০০ টাকা

প্রত্যক্ষ মাল ৫,০০০ টাকা প্রতি একক

প্রত্যক্ষ শ্রম ৩,০০০ টাকা প্রতি একক

কারখানা উপরিব্যয় মজুরির ৭৫%

প্রশাসনিক উপরিব্যয় উৎপাদন ব্যয়ের ২৫% এবং বিক্রয় খরচ ৭৫,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর এবং বিক্রয়ের উপর মোট মুনাফার শতকরা হার নিরূপণ কর। ৪

১১ ▸ মিশু এন্ড কোং এর হিসাবকাল শেষে মজুদ পণ্য মূল্যায়ন করে ২০২১ সালে মজুদ, ক্রয় ও বিক্রয়সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানু. | ১ | প্রারম্ভিক মজুদ ১০ টাকা দরে ২,০০০ একক। |
| মার্চ | ১০ | ক্রয় ১২ টাকা দরে ২,৫০০ একক। |
| জুন | ১৫ | ক্রয় ১১ টাকা দরে ১,৫০০ একক। |
| আগস্ট | ২০ | ক্রয় ১৩ টাকা দরে ৬,০০০ একক। |
| " | ২২ | বিক্রয় ৪,০০০ একক। |
| " | ২৫ | বিক্রয় ৩,০০০ একক। |
| " | ২৮ | বিক্রয় ৩,৫০০ একক। |

ক. মিশু কোম্পানির সমাপনী মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মজুদ খতিয়ান তৈরি কর। ৪

SURE SUCCESS

# বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে অররা লিমিটেডের রেওয়ামিলসংক্রান্ত তথ্য নিম্নে প্রদত্ত হলো :

**অররা লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সংরক্ষিত আয় | | ২০,০০০ |
| সুনাম | ৩,০০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৭,০০,০০০ |
| আসবাবপত্র | ১,৬০,০০০ | |
| ৭% ডিবেঞ্চার (১-১-২০২০) | | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৪৮,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৮০,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | | ২০,০০০ |
| ক্রয় ও বিক্রয় (ভ্যাটসহ ১৫%) | ৩,৪৫,০০০ | ৬,৩২,৫০০ |
| ইজারা | ১,০০,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-৭-২১) | ৩,৫০,০০০ | |
| বিজ্ঞাপন | ১৬,০০০ | |
| যন্ত্রপাতি | ৮০,০০০ | |
| বেতন | ৭৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,৪০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ১৪,৫০০ | |
| | ১৫,৮০,৫০০ | ১৫,৮০,৫০০ |

**সমন্বয়সমূহ :** (i) সমাপনী মজুদ ৯০,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে; (ii) অদাবিকৃত লভ্যাংশের ১/২ অবলোপন কর; (iii) সাধারণ সঞ্চিতি তহবিল ১,০০,০০০ টাকায় উন্নীত কর; (iv) প্রস্তাবিত লভ্যাংশ ৩৫,০০০ টাকা।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত কর। ২

খ. ১,৫০,০০০ টাকা নিট আয় ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ১,৮৫,০০০ টাকা ধরে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে আর্থিক বিবরণী এর মূলধন ও দায় পার্শ্ব দেখাও। ৪

**২ ▸ ৩১ ডিসেম্বর ২০২১ সালে বলাকা লিমিটেডের রেওয়ামিল নিম্নরূপ ছিল :**

**বলাকা লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১০ টাকা মূল্যের ৩৫,০০০ শেয়ার) | | ৩,৫০,০০০ |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ | |
| বিক্রয় | | ১৩,৫০,০০০ |
| ক্রয় | ৬,৫০,০০০ | |
| ভাড়া | ৩০,০০০ | |
| নগদ | ২০,০০০ | |
| মজুদ (১-১-২১) | ১,২০,০০০ | |
| ভূমি ও দালান | ৫,৫০,০০০ | |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ২০,০০০ |
| বেতন | ৬০,০০০ | |
| বিজ্ঞাপন | ৪৫,০০০ | |
| মজুরি | ৫০,০০০ | |
| বকেয়া মজুরি | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ২,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২,৫০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৩০,০০০ | |
| ডক চার্জ | ৪৫,০০০ | |
| ৮% ঋণ | | ৫০,০০০ |
| | ২০,৫০,০০০ | ২০,৫০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (i) যন্ত্রপাতি এবং ভূমি ও দালানকোঠার উপর যথাক্রমে ১০% ও ৫% হারে অবচয় ধার্য করতে হবে; (ii) বেতন ১০,০০০ টাকা বকেয়া রয়েছে, অন্যদিকে ভাড়া ৫,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে; (iii) প্রাপ্য হিসাবের উপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি ব্যবস্থা করতে হবে; (iv) সমাপনী মজুদ ১,৯০,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে, যার মধ্যে ২০,০০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত আছে যা এখনও ক্রেতাকে সরবরাহ করা হয়নি।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৬,৫০,০০০ টাকা ধরে নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব উপস্থাপন কর। ৪

### খ বিভাগ

৩ ▸ ম্যাক্রন কোম্পানি লিমিটেড ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি ২০% অধিহারে ২,৫০,০০০ শেয়ার জনগণের উদ্দেশ্যে বিলি করার সিদ্ধান্ত গ্রহণ করে। ৩,২০,০০০ শেয়ার আবেদনের টাকা পাওয়া যায় এবং ২,৫০,০০০ শেয়ার বণ্টিত হয়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়। প্রত্যেক শেয়ারের জন্য অবলেখকের কমিশন ধার্য করা হয়েছে ০.৫০ টাকা।

ক. অবলেখকের কমিশন নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৪ ▸ রংধনু লিমিটেড ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত, যা ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। জনসাধারণের জন্য ৭৫% শেয়ার ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হয়। কোম্পানি ১৫০% শেয়ারের আবেদন পেল। ১০০% শেয়ার যথারীতি আবণ্টিত হলো। অতিরিক্ত শেয়ার আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।

ক. আবেদনকৃত শেয়ার এবং ইস্যুকৃত শেয়ারের সংখ্যা নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ গ্লোব লিমিটেডের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নে প্রদত্ত হলো :

**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০২১

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ সঞ্চিতি | ৬০,০০০ | যন্ত্রপাতি | ৫০,০০০ |
| শেয়ার মূলধন | ১,৮০,০০০ | মজুদ পণ্য | ৩০,০০০ |

SURE SUCCESS

| | | | |
|---|---|---|---|
| ৮% ঋণপত্র | ৬০,০০০ | অবলেখকের কমিশন | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ৭০,০০০ | ভূমি | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ | প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ |
| বকেয়া বেতন | ১০,০০০ | নগদ তহবিল | ৫০,০০০ |
| | ৪,০০,০০০ | | ৪,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** সারা বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৫,০০,০০০ টাকা।

ক. মালিকানা তহবিল নির্ণয় কর। ২

খ. তারল্য অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায়-মালিকানা অনুপাত এবং মালিকানা মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▶ তুহিন এ্যাগ্রো লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেওয়া হলো :

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ২,৫০,০০০ | হাতে নগদ | ২,০০,০০০ |
| প্রদেয় নোটস | ১,০০,০০০ | অগ্রিম বেতন | ৪০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| ৯% ডিবেঞ্চার | ৩,৫০,০০০ | সাপ্লাইজ | ১,৫০,০০০ |
| শেয়ার মূলধন | ১১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৪,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,৫০,০০০ | স্থায়ী সম্পদ | ১২,১০,০০০ |
| সংরক্ষিত আয় | ১,৫০,০০০ | | |
| | ২৩,০০,০০০ | | ২৩,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ৩০% মুনাফায় পণ্য বিক্রি করে। বিক্রির পরিমাণ ছিল ৩০,০০,০০০ টাকা। পরিচালন খরচ ২০,০০০ টাকা।

ক. মোট মুনাফা নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা অনুপাত এবং নিট মুনাফা অনুপাত নির্ণয় কর। ৪

গ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত এবং দায় মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

৭ ▶ রবি ও বেলাল একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তারা ৪ : ৩ অনুপাতে লাভ-লোকসান বন্টন করে। ১ জানুয়ারি ২০২১ তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ ও ১,৫০,০০০ টাকা। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বেলাল মাসিক ১,৫০০ টাকা বেতন পায়। বছরের মাঝামাঝি সময়ে বেলাল ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ কারবারে আনয়ন করে। ১ জুলাই, ২০২১ তারিখে রবি ৬০,০০০ টাকা ঋণস্বরূপ প্রদান করে। প্রত্যেক মাসের শুরুতে রবি ও বেলাল যথাক্রমে ১,০০০ টাকা ও ৮০০ টাকা করে উত্তোলন করে। মূলধন ও উত্তোলনের উপর যথাক্রমে ৫% ও ১০% হারে সুদ ধার্যের সিদ্ধান্ত গৃহীত হয়। উপরিউক্ত সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারবারে নিট মুনাফা হয় ১,২৫,০০০ টাকা।

ক. রবি এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৮ ▶ অনুপ লি.-এর কারখানার একটি গুদামে ২০২১ সালের জুন মাসে কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নরূপ :

| তারিখ | বিবরণ | একক | হার টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জুন ১ | প্রারম্ভিক জের | ১,০০০ | ১০ |
| " ৫ | ক্রয় | ৮৫০ | ১১ |
| " ৮ | ইস্যু | ৪৫০ | .. |
| " ১২ | ইস্যু | ১,২০০ | .. |
| " ১৫ | ক্রয় | ৯০০ | ১২ |
| " ২৫ | ইস্যু | ১,১০০ | .. |
| " ৩০ | সমাপনী মজুদ | ৩০০ | .. |

ক. অতিরিক্ত অথবা ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগে আসলে আগে যায় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

৯ ▶ স্টার লিমিটেডের ২০২১ সালের উৎপাদন ব্যয় সংক্রান্ত উদ্বৃত্তসমূহ দেওয়া হলো :

| বিবরণ | ১-১-২০২১ টাকা | ৩১-১২-২০২১ টাকা |
|---|---|---|
| উৎপাদিত পণ্য (প্রারম্ভিক মজুদ ২০০ একক) | ৪০,০০০ | |
| কাঁচামাল | ১৫,০০০ | ১২,০০০ |
| আংশিক উৎপাদিত পণ্য | ১৫,০০০ | ১৪,০০০ |
| সংশ্লিষ্ট বছরে অন্যান্য তথ্য ছিল নিম্নরূপ : | | |
| মজুরি | | ২,২৫,০০০ |
| কাঁচামাল ক্রয় | | ৩,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | | ১,৫০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | | ৪৫,০০০ |
| বিক্রয় উপরিব্যয় | | ৫০,০০০ |
| বিক্রয় (২৩০০ একক) | | ৯,২০,০০০ |
| উৎপাদিত পণ্যের সমাপনী মজুদ (২০০ একক) | | |

ক. রূপান্তর ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ৩০% মুনাফা ধরে আয় বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▶ ACI লিমিটেডের উৎপাদন বিভাগের ৩ জন কর্মচারীর ডিসেম্বর ২০২১ সালের বেতন খাতে আয় ও কর্তনসমূহ নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | কর্মচারীদের নাম | | |
|---|---|---|---|
| | কামাল | জামাল | কালাম |
| বেতন (মূল বেতন) | ১৮,০০০ | ১৬,০০০ | ১৫,০০০ |
| বাসা ভাড়া (মূল বেতনের উপর) | ৪৫% | ৫০% | ৫০% |
| চিকিৎসা ভাতা | ১,৫০০ | ১,৫০০ | ১,৫০০ |
| ওভারটাইম | ৫,০০০ | ৩,৫০০ | ৩,০০০ |
| ভবিষ্যৎ তহবিলে জমা | ১০% | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে জমাদান | ৩০০ | ২৫০ | ২০০ |
| গ্রুপ বিমা | ২০০ | ২০০ | ২০০ |
| অগ্রিম বেতন কর্তন | ১,০০০ | ৯০০ | ৬০০ |

ক. নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বাসা ভাড়া ভাতার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কর্মচারীদের মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রত্যেক কর্মচারীর নিট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▶ জবা ও বেলি একটি অংশীদারি কারবারের সমান অংশীদার। ১ জানুয়ারি ২০২১ তারিখে তারা যথাক্রমে ১,৮০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা মূলধন হিসাবে সরবরাহ করে। মূলধনের উপর ৫% হারে সুদ ধার্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। তারা প্রত্যেকে মাসের শুরুতে ১,৫০০ টাকা করে উত্তোলন করে। জবা ৪,০০০ টাকার পণ্যদ্রব্য উত্তোলন করে। উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্যের সিদ্ধান্ত গৃহীত হয়। বছর শেষে উল্লিখিত সমন্বয়সাধনের পূর্বে প্রতিষ্ঠানের নিট মুনাফা হয় ১,৫৬,০০০ টাকা। এছাড়াও জুলাই মাসের ১ তারিখে বেলি ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে কারবারে সরবরাহ করে।

ক. জবা ও বেলির মূলধনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

# দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট | পূর্ণমান—৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১** ▶ নওরোজ কোম্পানি লিমিটেডের রেওয়ামিল হতে নিম্নের তথ্যাদি পাওয়া গেল :

**নওরোজ কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (৫০,০০০ শেয়ার প্রতিটি ১০ টাকা হারে) | | ৫,০০,০০০ |
| সুনাম | ২,০০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৮,০০,০০০ | |
| বেতন | ১,৪০,০০০ | |
| অগ্রিম বিমা | ১,৪০,০০০ | |
| অফিস সাপ্লাইজ | ২,৩০,০০০ | |
| বিজ্ঞাপন | ১,৭০,০০০ | |
| লভ্যাংশ | ৪০,০০০ | |
| সেবা আয় | | ৭,২০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৬০,০০০ |
| পুঞ্জীভূত অবচয় (অফিস সরঞ্জাম) | | ৮০,০০০ |
| কমিশন | | ৪০,০০০ |
| রক্ষিত আয় | | ২,০০,০০০ |
| প্রদেয় মজুরি | | ১,২০,০০০ |
| | ১৭,২০,০০০ | ১৭,২০,০০০ |

SURE SUCCESS

**সমন্বয়সমূহ :** (১) অনুপার্জিত সেবা আয় ৩০,০০০ টাকা উপার্জিত হয়েছে; (২) বিজ্ঞাপন ৮০,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে; (৩) অফিস সাপ্লাইজ ব্যয় হয়েছে ১,০০,০০০ টাকা এবং বিমা খরচ ৪০,০০০ টাকা; (৪) ১০% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (৫) অফিস সরঞ্জামের অবচয় বার্ষিক ৮০,০০০ টাকা।

ক. অনুপার্জিত সেবা আয় ও ঘোষিত লভ্যাংশের পরিমাণ কত? ২
খ. নওরোজ কোম্পানি লি.-এর আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. নওরোজ কোম্পানি লি.-এর আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

**২** ▶ সাদমান কোম্পানি লিমিটেডের রেওয়ামিলটি নিম্নরূপ :

**সাদমান কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (প্রতিটি শেয়ার ১০ টাকা) | | ৪,০০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | |
| ভূমি ও দালান | ২,০০,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ১,৩০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৬,০০০ | |
| পণ্য ক্রয় | ২,২৫,০০০ | |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ৬০,০০০ | |
| আয়কর | ১০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৫,০০০ | |
| আন্তঃফেরত | ১০,০০০ | |
| পরিচালন ব্যয় | ৬৫,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ৫০,০০০ |
| রক্ষিত আয় উদ্বৃত্ত | | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| বিক্রয় | | ৩,৮৬,০০০ |
| | ৯,০৬,০০০ | ৯,০৬,০০০ |

**অন্যান্য তথ্যাবলিসমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়িত হয়েছে ৭৫,০০০ টাকা; (২) অলিখিত বিক্রয়ের পরিমাণ ৪,০০০ টাকা; (৩) শেয়ার মূলধনের উপর ১০% হারে লভ্যাংশ ঘোষিত হয়েছে; (৪) নিট লাভের ১২,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নিট মুনাফা ১,৭২,০০০ টাকা ধরে রক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণীর দায় ও মালিকানাস্বত্ব পার্শ্ব প্রদর্শন কর। ৪

### খ বিভাগ

**৩** ▶ লিরা, হিরা এবং মিরা একটি অংশীদারি ফার্মের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ-লোকসান ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ১ জানুয়ারি ২০২১ তাদের মূলধনের পরিমাণ ছিল লিরা ৬০,০০০ টাকা, হিরা ৪৫,০০০ টাকা এবং মিরা ৩০,০০০ টাকা। কারবার পরিচালনার কাজে লিরা বার্ষিক ১২,০০০ টাকা বেতন পাবে। অংশীদারগণ মূলধনের উপর বার্ষিক ৫% হারে সুদ পাবে। মুনাফার প্রত্যাশায় অংশীদারদের বছরে উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে লিরা ৯,০০০ টাকা, হিরা ৬,০০০ টাকা এবং মিরা ৩,০০০ টাকা। ১ জুলাই ২০২১ তারিখে লিরা কারবারে ৩০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে। মূলধনের উপর সুদ ও বেতন ডেবিট করার পূর্বে ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে কারবারের নিট লাভ দাঁড়ায় ৮৫,৫০০ টাকা।

ক. লিরা ও মিরার মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব তৈরি কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

**৪** ▶ আলীবাবা কোম্পানি লি. ৫,০০,০০,০০০ টাকা মূলধন নিয়ে নিবন্ধিত, যা প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৫০,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৫০% শেয়ার ২ টাকা অধিহারে বিক্রয়ের জন্য বিবরণপত্র প্রচার করে। সর্বমোট ২৮,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হয়।

ক. শেয়ার অধিহার এবং ফেরতকৃত অর্থের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে মাহমুদ কোম্পানির উদ্বর্তপত্র নিম্নরূপ ছিল :

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৭,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৮,৫০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ২,০০,০০০ | মজুদ পণ্য | ৫০,০০০ |
| ১০% ঋণপত্র | ২,০০,০০০ | প্রাপ্য হিসাব | ১,৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | প্রাপ্য নোটস | ৭০,০০০ |
| প্রদেয় নোটস্ | ৪০,০০০ | নগদ ও ব্যাংক জমা | ১,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬০,০০০ | | |
| | ১৩,০০,০০০ | | ১৩,০০,০০০ |

ক. মালিকানাস্বত্বের পরিমাণ কত? ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও অগ্নি পরীক্ষা অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত এবং মূলধন গিয়ারিং অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ সাদিয়া মিলস্ লি.-এর উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (০১.০১.২০২১) | ৬০,০০০ |
| উৎপাদিত পণ্যের মজুদ (০১.০১.২০২১) | ৮০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৭,২০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৫,০০,০০০ |
| পরোক্ষ মজুরি | ৮০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ১,২০,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১.১২.২০২১) | ৮০,০০০ |
| উৎপাদিত পণ্যের মজুদ (৩১.১২.২০২১) | ৯০,০০০ |
| বিক্রয় খরচ | ৭০,০০০ |
| অফিস ও প্রশাসনিক খরচ | ১,৪০,০০০ |
| উৎপাদিত পণ্যের বিক্রয়মূল্য | ২০,০০,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ রিয়া মিলস্ লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। তাদের হিসাব বই হতে নিম্নলিখিত লেনদেনসমূহ সংগৃহীত হয়েছে :

২০২১

জানু. ১ প্রারম্ভিক মজুদ মাল ৪০০ একক, প্রতি একক ১০ টাকা।

" ১২ কারখানায় পণ্য ইস্যু ২৫০ একক।

" ১৮ পণ্য ক্রয় ৪০০ একক, প্রতি একক ১২ টাকা।

" ২৫ কারখানায় পণ্য ইস্যু ৪৫০ একক।

" ৩০ পণ্য ক্রয় ২৫০ একক, প্রতি একক ১৩ টাকা।

ক. ৩১ জানুয়ারি ২০২১ এর উদ্বৃত্ত (একক) নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৮ ▸ A, B ও C একটি কারবারের তিনজন অংশীদার। ০১ জানুয়ারি ২০২১ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,৮০,০০০ টাকা, ১,৫০,০০০ টাকা ও ১,২০,০০০ টাকা। তাদের লাভ-লোকসান বণ্টনের অনুপাত ৩ : ২ : ১। মূলধন ও উত্তোলনের ১০% হারে সুদ ধার্য করা হয়। সার্বক্ষণিক কারবার পরিচালনার জন্য B ও C যথাক্রমে মাসিক ১,৫০০ টাকা ও ১,০০০ টাকা করে বেতন পাবে। সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় প্রত্যেক অংশীদার প্রতি মাসের শেষ তারিখে ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করেছে। C-এর বেতন চার্জ করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধনের পূর্বে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কারবারের নিট লাভ ছিল ১,২১,৩৫০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ প্রতীক কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ২,৫০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি ১৫,০০,০০০ শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে প্রচারপত্র বিলি করল। কোম্পানি মোট ১৮,০০,০০০ শেয়ারের আবেদন পেল। যথারীতি শেয়ারসমূহ বণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত প্রদান করা হলো। শেয়ার প্রতি ০.১০ টাকা অবলেখকের কমিশন ও ০.০৬ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হলো।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪

গ. ব্যাংক জমা ১,৬২,৬০,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ দিদার লিমিটেডের ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক বিবরণী নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,২০,০০০ | দালানকোঠা | ১,৫০,০০০ |
| রক্ষিত আয় | ৬০,০০০ | মজুদ পণ্য | ২৫,০০০ |
| ১০% ঋণপত্র | ৪০,০০০ | প্রাপ্য হিসাব | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩০,০০০ | অগ্রিম খরচ | ৫,০০০ |
| | | ব্যাংক জমা | ১৫,০০০ |
| | | বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ |
| | ২,৫০,০০০ | | ২,৫০,০০০ |

উক্ত বছরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ৭,৫০,০০০ টাকা।

বিক্রীত পণ্যের ব্যয় ৪,৫০,০০০ টাকা।

পরিচালন ব্যয় ১,৫০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪

গ. মোট লাভ অনুপাত ও নিট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

১১ ▸ সামির একটি কোম্পানির কর্মকর্তা। ২০২১ সালের মার্চ মাসের বেতন সংক্রান্ত তথ্য নিম্নে দেওয়া হলো :

| বিবরণ | |
|---|---|
| মূল বেতন | ২৫,০০০ টাকা |
| বাড়িভাড়া (মূল বেতনের) | ৫০% |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% |
| চিকিৎসা ভাতা | ৮০০ টাকা |
| যৌথ বিমার কর্তন | ১৫০ টাকা |
| অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে কর্মীর দান (মূল বেতনের) এবং নিয়োগকর্তাও সমপরিমাণ অর্থ দান করেন | ১০% |

ক. অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে কর্মীর ও নিয়োগকর্তার দানের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট প্রদেয় বেতনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বেতনসংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

SURE SUCCESS

# ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ শাপলা কোম্পানি লি.-এর অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**শাপলা লি.**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৬৫,০০০ | |
| কলকব্জা | ১,৮০,০০০ | |
| শেয়ার মূলধন | | ৬,০০,০০০ |
| ১০% বিনিয়োগ | ৩,০০,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,২০,০০০ | ৯০,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,৫০,০০০ |
| নগদ তহবিল | ৪০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ১,৪০,০০০ | |
| ব্যাংকে জমা | ১,৫০,০০০ | |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৯,০০০ | ১৯,০০০ |
| শেয়ার অধিহার | | ২০,০০০ |
| শেয়ার দায় গ্রাহকের কমিশন | ৬০,০০০ | |
| সুনাম | ১,৩০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৭০,০০০ | |
| নিট লাভ (চলতি বছরের) | | ২,০০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত (১-১-২০২১) | | ১,৮৫,০০০ |
| | ১২,৬৪,০০০ | ১২,৬৪,০০০ |

**সমন্বয়সমূহ :** (i) শেয়ার প্রতি ২.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে; (ii) সঞ্চিতি তহবিল ২,০০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (iii) শেয়ার অধিহারের সম্পূর্ণ অংশ সমানভাবে সুনাম ও দায় গ্রাহকের কমিশনের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে।

ক. শেয়ার মূলধনের উপর ঘোষিত লভ্যাংশের শতকরা হার নির্ণয় কর। ২

খ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে কোম্পানির মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ মাসুম কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে নিবন্ধিত। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের আর্থিক তথ্য নিম্নরূপ :

**মাসুম কোম্পানি লি.**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২১

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নিষ্কর প্রিমিসেস | ৪,০০,০০০ | |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| আসবাবপত্র | ৩০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| অনাদায়ি পাওনা খরচ | ৬,৩০০ | |
| আয়কর | ১২,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ৭,০০০ |
| শেয়ার মূলধন | | ৩,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৫০,০০০ |
| অদাবিকৃত লভ্যাংশ | | ৬,০০০ |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২১) | | ৮০,৮০০ |
| মোট লাভ (৩১-১২-২০২১) | | ১,৪৪,০০০ |
| বেতন খরচ | ১৯,৫০০ | |
| ভাড়া খরচ | ৩০,০০০ | |
| | ৬,৩৭,৮০০ | ৬,৩৭,৮০০ |

**অন্যান্য তথ্যাদি :** (i) দুই মাসের বেতন বকেয়া রয়েছে; (ii) সাধারণ সঞ্চিতি তহবিলে ১২,০০০ টাকা স্থানান্তর করতে হবে; (iii) শেয়ার প্রতি ১.৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় কর। ২

খ. নিট লাভ ৮৫,৫০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২১ তারিখে মাসুম লি.-এর চলতি মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ সান, মুন ও স্টার একটি ব্যবসায়ের তিনজন অংশীদার। অংশীদারগণ যথাক্রমে $\frac{১}{২}$ : $\frac{১}{৩}$ : $\frac{১}{৬}$ হারে ব্যবসায়ের লাভ-লোকসান বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল সান ৩,০০,০০০ টাকা, মুন ২,৫০,০০০ টাকা এবং স্টার ২,০০,০০০ টাকা। চুক্তির শর্তানুসারে অংশীদারগণ মূলধনের উপর ১০% হারে সুদ পাবে এবং তাদের উত্তোলনের উপর ১২% হারে সুদ ধার্য করা হবে। সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য স্টার প্রতিমাসে ৬,০০০ টাকা করে বেতন পায়। সান প্রতি মাসের প্রথম তারিখে ৫,০০০ টাকা করে এবং স্টার প্রতি মাসের শেষ তারিখে ৫,৫০০ টাকা করে সারা বছর ধরে নগদ উত্তোলন করে। মুন ৩০-৬-২০২১ তারিখে ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করে এবং স্টার ৮% সুদে ০১-০৪-২০২১ তারিখে ৭৫,০০০ টাকা ব্যবসায়ে ঋণ বাবদ সরবরাহ করে। উপর্যুক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ব্যবসায়ের নিট মুনাফা ছিল ২,৮০,০০০ টাকা।

ক. অংশীদারগণের উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে যে সকল দফা অংশীদারদের মূলধনের সাথে যোগ হবে তার পরিমাণ নির্ণয় কর। (বণ্টনযোগ্য মুনাফা বাদে) ৪

গ. পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে মুন ও স্টার এর মূলধন হিসাব প্রস্তুত কর (মুনাফার অংশ : মুন : ২৮,৫০০ টাকা এবং স্টার ১৩,০০০ টাকা ধরে।) ৪

৪ ▶ দুলাল, বেলাল ও হেলাল, 'পালকি এন্টারপ্রাইজ' এর তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল দুলাল ২,০০,০০০ টাকা, বেলাল ১,৫০,০০০ টাকা এবং হেলাল ১,০০,০০০ টাকা। দুলাল এবং হেলাল সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য বার্ষিক যথাক্রমে ২০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা বেতন পাবে। মূলধন এবং উত্তোলন এর

উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। অংশীদারগণ সারা বছর ধরে প্রত্যেক মাসের শেষ তারিখে যথাক্রমে ২,০০০ টাকা, ১,৫০০ টাকা এবং ১,০০০ টাকা করে নগদ উত্তোলন করে।

মি. দুলাল এবং হেলাল যৌথভাবে বেলালকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, মূলধনের সুদ এবং অন্যান্য সুবিধা ছাড়াও মুনাফার অংশ বাবদ বছরে সে কমপক্ষে ৩০,০০০ টাকা পাবে।

২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের বন্টনযোগ্য মুনাফার পরিমাণ ছিল ৬০,০০০ টাকা।

ক. অংশীদারদের উত্তোলন সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৫ ▸ পদ্মা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ শেয়ারে বিভক্ত ১,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি এর ৮০% শেয়ার ২০% অধিহারে বাজারে বিক্রির জন্য বিজ্ঞাপন প্রচার করে। ৯,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পত্র পাওয়া যায়। ইস্যুকৃত শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হয় এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হয়।

ক. অ-ইস্যুকৃত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. পদ্মা লি.-এর প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ ময়ূরী লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত মোট ১০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৭০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করে। সর্বমোট ৬০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায় এবং শেয়ারগুলো যথারীতি বণ্টিত হয়। শেয়ার প্রতি ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ ধার্য করা হয়।

ক. ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানি বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত জবা লি.-এর আর্থিক অবস্থার বিবরণী ছিল নিম্নরূপ :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | দালানকোঠা | ৮,৫০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৫,০০,০০০ | আসবাবপত্র | ৪,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ৪,০০,০০০ | মজুদ পণ্য | ৩,০০,০০০ |
| প্রদেয় নোট | ১,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৫,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩,০০,০০০ | নগদ তহবিল | ৩,০০,০০০ |
| | ২৩,৫০,০০০ | | ২৩,৫০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৩৫,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধন নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর। ৪
গ. দায় মালিকানা অনুপাত নির্ণয় কর এবং এর উপর মন্তব্য কর। ৪

৮ ▸ আকাশ লি.-এর হিসাব বই থেকে নিম্নের আর্থিক তথ্য পাওয়া গেল :

| বিবরণ | টাকা |
|---|---|
| বিক্রয় | ৫,০০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| বিনিয়োজিত মূলধন | ৪,০০,০০০ |
| মোট মুনাফা | ১,৬০,০০০ |
| নিট মুনাফা | ৭০,০০০ |
| চলতি সম্পদ | ১,৪০,০০০ |
| চলতি দায় | ৮০,০০০ |

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. নিট মুনাফা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪
গ. চলতি দায় পরিশোধের ক্ষমতা যাচাইয়ের জন্য দু'টি অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ শালুক কোম্পানি লি.-এর ২০২১ সালের উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| ব্যবহৃত কাঁচামাল | ১২,৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৮,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ৩,০০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৪,৫০,০০০ |
| বিক্রয় ও বিতরণ খরচ এককপ্রতি ২ টাকা | |
| তৈরি পণ্যের মজুদ (০১-০১-২০২১) ৫,০০০ একক | ২,৫০,০০০ |

২০,০০০ একক পণ্য বিক্রয় করা হয়। মুনাফা বিক্রয়ের উপর ২০%। তৈরি পণ্যের সমাপনী মজুদ (৩১-১২-২০২১) ৯,০০০ একক।

ক. উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর। ২
খ. উৎপাদন ব্যয় বিবরণী তৈরি করে বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪
গ. আয় বিবরণী প্রস্তুত করে নিট লাভ/লোকসান দেখাও। ৪

১০ ▸ সফিপুর কোম্পানি লি.-এর দুইজন কর্মচারীর ২০২১ সালের জানুয়ারি মাসের বেতনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | মন্টু | পিন্টু |
|---|---|---|
| মূল বেতন (টাকা) | ১৮,০০০ | ২০,০০০ |
| বাড়িভাড়া (মূল বেতনের) | ৪৫% | ৪৫% |
| চিকিৎসা ভাতা (টাকা) | ১,০০০ | ১,০০০ |
| মহার্ঘ ভাতা (মূল বেতনের) | ২০% | ২০% |
| ভবিষ্য তহবিলে কর্তন (মূল বেতনের) | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে কর্তন (টাকা) | ১০০ | ১০০ |

জানুয়ারি মাসে মোট কার্য দিবস ছিল ২৫ দিন। উক্ত মাসে মন্টু ৫ দিন এবং পিন্টু ৩ দিন বিনা বেতনে ছুটি ভোগ করেছেন।

ক. বিনা বেতনে ছুটি বাবদ কর্তনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জানুয়ারি মাসে প্রতিষ্ঠানের বেতন বিবরণী প্রস্তুত কর। ৪
গ. প্রতিষ্ঠানের বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ কলমীলতা লি. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের হিসাব বহি থেকে নিম্নবর্ণিত তথ্য সংগৃহীত হয়েছে—

২০২১

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | প্রারম্ভিক মজুদ মাল ২৫০ একক, প্রতি একক ২০ টাকা দরে। |
| " | ১৪ | কারখানায় পণ্য ইস্যু ২০০ একক। |
| " | ২১ | পণ্য ক্রয় ৩০০ একক, প্রতি একক ২২ টাকা দরে। |
| " | ২৫ | কারখানায় পণ্য ইস্যু ২৫০ একক। |
| " | ২৯ | কারখানা থেকে ফেরত ১০ একক। |

ক. মাস শেষে সমাপনী উদ্বৃত্ত (একক) নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্য অবলম্বনে FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. উপর্যুক্ত তথ্য অবলম্বনে ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

SURE SUCCESS

# ঢাকা বোর্ড ২০২৪

বিষয় কোড : 2 5 4

সময়–৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মুনাফার যে অংশ শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করে দেয়া হয়, তাকে কী বলা হয়?**
K লভ্যাংশ L সঞ্চিতি
M মুনাফা N শেয়ার অধিহার

**২. নিচের কোন অনুপাতটি দীর্ঘমেয়াদি সচ্ছলতা যাচাইয়ের জন্য ব্যবহার করা হয়?**
K মজুদ আবর্তন L দায়-মালিকানা
M চলতি N নিট লাভ

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ব্যবহৃত কাঁচামাল ১,২০,০০০ টাকা, প্রত্যক্ষ খরচ ২৫,০০০ টাকা, মুখ্য ব্যয় ২,১০,০০০ টাকা এবং কারখানা উপরিখরচ প্রত্যক্ষ মজুরির ৪০%।

**৩. প্রত্যক্ষ মজুরি ও কারখানা উপরি খরচের পরিমাণ কত?**
K ৬৫,০০০ টাকা ও ২৬,০০০ টাকা
L ৯০,০০০ টাকা ও ৩৬,০০০ টাকা
M ১,৪৫,০০০ টাকা ও ৫৮,০০০ টাকা
N ১,৮৫,০০০ টাকা ৭৪,০০০ টাকা

**৪. উৎপাদন ব্যয়ের পরিমাণ কত?**
K ২,৩৬,০০০ টাকা L ২,৪৬,০০০ টাকা
M ২,৬৮,০০০ টাকা N ২,৮৪,০০০ টাকা

**৫. কোনটি পরিচালন ব্যয়?**
K আগুনে বিনষ্ট ক্ষতি
L অফিস ভাড়া
M সম্পত্তি বিক্রয়জনিত ক্ষতি
N বন্ধকি ঋণের সুদ

**৬. অবলোপনযোগ্য খরচাবলি–**
i. সাধারণ খরচাবলি
ii. প্রারম্ভিক খরচাবলি
iii. অবলেখকের কমিশন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. অদাবিকৃত লভ্যাংশ কোম্পানির কী?**
K খরচ L সম্পত্তি
M আয় N দায়

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
নিম্নোক্ত হিসাবের উদ্বৃত্তসমূহ একটি কোম্পানির রেওয়ামিল থেকে নেয়া হয়েছে :
দেনাদার ২৫,০০০ টাকা; অগ্রিম খরচ ১০,০০০ টাকা; ব্যাংক উদ্বৃত্ত (ক্রেডিট) ৫,০০০ টাকা; স্থায়ী সম্পত্তি ১৫,০০০ টাকা; সমাপনী মজুদ ৮,০০০ টাকা।

**৮. চলতি সম্পত্তির পরিমাণ কত?**
K ২৫,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৩৮,০০০ টাকা N ৪৩,০০০ টাকা

**৯. চলতি মূলধনের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ২৫,০০০ টাকা
M ৩৩,০০০ টাকা N ৩৮,০০০ টাকা

**১০. সুনাম কোন প্রকারের সম্পত্তি?**
K অলীক সম্পত্তি L চলতি সম্পত্তি
M অদৃশ্যমান সম্পত্তি N দৃশ্যমান সম্পত্তি

**১১. চলতি অনুপাতের আদর্শমান কত?**
K ১ : ১ L ৩ : ১
M ১ : ২ N ২ : ১

**১২. নিচের অনুপাতগুলোর মধ্যে তারল্য অনুপাত হলো–**
i. চলতি অনুপাত
ii. এসিড টেস্ট অনুপাত
iii. মজুদ আবর্তন অনুপাত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. মুনাফা অর্জন ক্ষমতা অনুপাত হলো–**
i. মোট লাভ অনুপাত
ii. নিট লাভ অনুপাত
iii. গড় আদায় অনুপাত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
আত্রাই লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে নিবন্ধিত হলো। কোম্পানি ১০,০০০ শেয়ার ইস্যু করে ১,২০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে এবং নগদ ৩,৯০,০০০ টাকা মূল্যের বিনিময়ে ৩০,০০০ শেয়ার ইস্যু করে।

**১৪. কোম্পানির বিলিকৃত মূলধন কত টাকা?**
K ১,০০,০০০ টাকা L ৩,০০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ৫,০০,০০০ টাকা

**১৫. কোম্পানির মূলধনজাতীয় লাভ কত টাকা?**
K ২০,০০০ টাকা L ৯০,০০০ টাকা
M ১,১০,০০০ টাকা N ১,২০,০০০ টাকা

**১৬. পরোক্ষ কাঁচামাল কোন ধরনের উপরিব্যয়?**
K বিক্রয় উপরিব্যয় L প্রশাসনিক উপরিব্যয়
M কারখানা উপরিব্যয় N বণ্টন উপরিব্যয়

**১৭. কোনটিকে কোম্পানির সংবিধান বলা হয়?**
K স্মারকলিপি L পরিমেল নিয়মাবলি
M কার্যারম্ভের অনুমতিপত্র
N বিবরণপত্র

**১৮. কোনটি কারখানা উপরিখরচ নয়?**
K কারখানার ভাড়া
L কারখানার বৈদ্যুতিক বিল
M কারখানার অগ্নিবিমা সেলামি
N কারখানার শ্রমিকের মজুরি

**১৯. প্রারম্ভিক কাঁচামাল ১,০০,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ৫,০০,০০০ টাকা ও ব্যবহৃত কাঁচামাল ৪,৫০,০০০ টাকা হলে সমাপনী কাঁচামালের পরিমাণ কত?**
K ১০,৫০,০০০ টাকা L ৮,৫০,০০০ টাকা
M ২,৫০,০০০ টাকা N ১,৫০,০০০ টাকা

**২০. মুখ্য ব্যয়ের অন্তর্ভুক্ত খরচ–**
i. প্রত্যক্ষ কাঁচামাল
ii. প্রত্যক্ষ শ্রম
iii. ড্রয়িং অফিস বেতন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২১. রূপান্তর ব্যয় নির্ণয়ের সূত্র কোনটি?**
K প্রত্যক্ষ শ্রম + উৎপাদন উপরিখরচ
L প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম
M প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ অন্যান্য খরচ
N প্রশাসনিক উপরিব্যয় + বিক্রয় উপরিব্যয়

**২২. বিন কার্ড কোথায় রাখা হয়?**
K অফিসে
L গুদামে মাল রাখার স্থানে
M কারখানায় N বিক্রয় শোরুমে

**২৩. কোন পদ্ধতিতে মজুদমালের মোট মূল্যকে মোট পরিমাণ দ্বারা ভাগ করে একক প্রতি মূল্য নির্ণয় করা হয়?**
K আগের মাল আগে ছাড়
L পরের মাল আগে ছাড়
M সরল গড় N ভারযুক্ত গড়

**২৪. ক্রয় অধিযাচন পত্র কে প্রস্তুত করেন?**
K ফোরম্যান L হিসাবরক্ষক
M ব্যবস্থাপক N গুদামরক্ষক

**২৫. সাধারণ অংশীদারি ব্যবসায়ে সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?**
K ১০ জন L ২০ জন
M ২৫ জন N ৩০ জন

**২৬. নিচের কোনটি অংশীদারদের চলতি হিসাবে ডেবিট হবে?**
K মুনাফার অংশ L লোকসানের অংশ
M অংশীদারদের বেতন N ঋণের সুদ

**২৭. স্থিতিশীল মূলধন পদ্ধতিতে–**
i. অংশীদারদের মূলধন ও চলতি হিসাবের ব্যালেন্স সর্বদা ঠিক থাকে
ii. মূলধন হিসাবে সর্বদা ক্রেডিট ব্যালেন্স হয়
iii. মূলধন বাদে অন্য সকল লেনদেন চলতি হিসাবে লেখা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

**২৮. অংশীদারদের চলতি হিসাবের অন্তর্ভুক্ত হয়–**
i. মূলধনের সুদ
ii. অতিরিক্ত মূলধন
iii. মুনাফার অংশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৯. কমিশন ধার্য করার পরে একটি অংশীদারি কারবারের নিট মুনাফা হয় ৩৫,০০০ টাকা। একজন অংশীদার কমিশন বাবদ পায় ৭০০ টাকা। উক্ত অংশীদারদের কমিশনের হার কত ছিল?**
K ২% L ৩% M ৪% N ৫%

**৩০. কোম্পানির ব্যবস্থাপনা কর্মকাণ্ড কে পরিচালনা করেন?**
K শেয়ার মালিকগণ
L পরিচালনা পর্ষদ
M উদ্যোক্তা
N সরকার নিযুক্ত প্রশাসক

# রাজশাহী বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট | **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **ঋণপত্রের মালিকগণ কারবার থেকে কী পেয়ে থাকে?**
K সুদ L লভ্যাংশ
M ভাতা N সম্মানি

■ উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :
মুনতাসির ম্যানুফ্যাকচারিং কোং এর উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি হলো :
মোট উৎপাদন ব্যয় ৩৫,০০০ টাকা
প্রত্যক্ষ মজুরি ৫,০০০ টাকা
কারখানা উপরি ব্যয় ১০,০০০ টাকা

২. **ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ৫০,০০০ টাকা

৩. **মুখ্য ব্যয়ের পরিমাণ কত?**
K ১৫,০০০ টাকা L ২৫,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৪০,০০০ টাকা

৪. পরিবর্তনশীল ব্যয় হলো–
i. প্রত্যক্ষ কাঁচামাল
ii. অবচয়
iii. প্রত্যক্ষ মজুরি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৫. অংশীদারদের চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত কী?
K সম্পদ L দায়
M মূলধন N উত্তোলন

৬. **বিক্রেতার নিকট বিক্রয়ের ওপর ভ্যাট সংগ্রহ একটি–**
K সম্পদ L দায়
M আয় N ব্যয়

৭. **শেয়ার অবহারের হার কোম্পানি আইন অনুযায়ী সর্বোচ্চ কত হতে পারে?**
K ৫% L ১০%
M ১৫% N ২০%

■ উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :
বকুল বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে। চলতি বছরে ৮০,০০০ টাকার পণ্য বিক্রয় করে।

৮. **বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?**
K ২৫,৪০০ টাকা L ৩৮,৪০০ টাকা
M ৬০,০০০ টাকা N ৬৪,০০০ টাকা

৯. **মোট লাভের পরিমাণ কত?**
K ১৬,০০০ টাকা L ২০,০০০ টাকা
M ৬৪,০০০ টাকা N ৯৬,০০০ টাকা

১০. নিচের কোন দফাগুলো অনগদ লেনদেন?
i. অবচয়
ii. বন্ডকে শেয়ারে রূপান্তর
iii. জমি বিক্রয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. **বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করা হয়–**
K নিট বিক্রয়– নিট লাভ
L নিট বিক্রয়– উৎপাদন ব্যয়
M নিট বিক্রয়– মোট ব্যয়
N নিট বিক্রয়– স্থির ব্যয়

১২. **মালের মূল্য যখন উঠানামা করে তখন মাল নির্গমনের জন্য নিচের কোন পদ্ধতিটি অধিক যুক্তিযুক্ত?**
K FIFO L LIFO
M সরল গড় N ভারযুক্ত গড়

১৩. **কোনটি সম্পদ?**
K অনুপার্জিত আয় L অগ্রিম ব্যয়
M প্রদেয় হিসাব N বকেয়া ব্যয়

১৪. **রিতা একটি অংশীদারি কারবারের একজন অংশীদার। প্রত্যেক মাস শেষে সে ৫,০০০ টাকা করে কারবার হতে উত্তোলন করে। উত্তোলনের সুদের হার ৫%। উত্তোলনের সুদ বাবদ কত টাকা ধার্য করতে হবে?**
K ৩,০০০ টাকা L ১,৬২৫ টাকা
M ১,৫০০ টাকা N ১,৩৭৫ টাকা

১৫. **বিন কার্ড থেকে কী জানা যায়?**
K মজুদের মূল্য
L মজুদ পণ্যের ঘাটতি
M মজুদের পরিমাণ
N ব্যবহৃত মালের পরিমাণ

■ উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :
অনুপ কোম্পানির স্থায়ী সম্পদ হলো ৫২,০০,০০০ টাকা, চলতি সম্পদ ২৪,০০,০০০ টাকা, চলতি দায় ১০,০০,০০০ টাকা, মজুদ পণ্য ২,০০,০০০ টাকা (যা চলতি সম্পদের অন্তর্ভুক্ত) এবং ঋণপত্র আছে ১৫,০০,০০০ টাকা।

১৬. **কোম্পানির ত্বরিত অনুপাত কত?**
K ১.৫ : ১ L ২.৪ : ১
M ২.২ : ১ N ২.৬ : ১

১৭. **চলতি মূলধনের পরিমাণ কত?**
K ৩৯,০০,০০০ টাকা L ৩৪,০০,০০০ টাকা
M ১৯,০০,০০০ টাকা
N ১৪,০০,০০০ টাকা

১৮. **কোনটি পরোক্ষ খরচ?**
K ডকচার্জ L মজুরি
M বিক্রয় পরিবহন N ক্রয় পরিবহন

১৯. **নিচের কোনটি অস্পর্শনীয় সম্পদ?**
K প্রাপ্য নোটস L সুনাম
M বিনিয়োগ N প্রাপ্য হিসাব

২০. **কোনটি কাল্পনিক সম্পদ?**
K পেটেন্ট L সুনাম
M শেয়ার অবহার N গ্রন্থস্বত্ব

২১. **জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেলে কর্মচারীকে কোন ভাতা প্রদান করা হয়?**
K উৎসব ভাতা L বাসস্থান ভাতা
M চিকিৎসা ভাতা N মহার্ঘ ভাতা

২২. **কোনটি কারখানা উপরিব্যয়?**
K বিজ্ঞাপন
L ক্রয় পরিবহন
M যন্ত্রপাতির মেরামত ব্যয়
N প্রত্যক্ষ মজুরি

২৩. **ভ্যাটসহ পণ্য ক্রয় ৫৭,৫০০ টাকা। ভ্যাটের হার ১৫% হলে, নিট ক্রয়মূল্য কত?**
K ৪২,৫০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৫৭,৫০০ টাকা N ৬৫,০০০ টাকা

২৪. **কোম্পানির মূলধনের পরিমাণ উল্লেখ থাকে–**
K বিবরণপত্রে L সংঘ স্মারক
M পরিমেল নিয়মাবলি N টেবিল-A

২৫. কারখানা ব্যয় কীসের যোগফল?
i. মুখ্য ব্যয়
ii. প্রত্যক্ষ ব্যয়
iii. কারখানা উপরিখরচ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
মিতা ও রুবি একটি অংশীদারি কারবারে যথাক্রমে ১,৫০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় আরম্ভ করল। চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ১০% হারে সুদ ধরতে হবে। বছর শেষে নিট মুনাফার পরিমাণ ছিল ৩,০০,০০০ টাকা।

২৬. **অংশীদারদের মূলধনের সুদের সমষ্টি কত?**
K ৫,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ৩৫,০০০ টাকা

২৭. **মূলধনের সুদ ধার্য করা না হলে তাদের হিসাবে কী প্রভাব পড়বে?**
K মুনাফার অংশ বৃদ্ধি পাবে
L মুনাফা অপরিবর্তিত থাকবে
M কোনো প্রভাব পড়বে না
N মুনাফার অংশ হ্রাস পাবে

২৮. **বিজ্ঞাপন ব্যয় হলো একটি–**
K উৎপাদন ব্যয় L প্রশাসনিক ব্যয়
M বিপণন ব্যয় N কারখানা ব্যয়

২৯. **অদাবিকৃত লভ্যাংশ একটি–**
K সম্পদ L দায়
M ব্যয় N আয়

৩০. **কোন পদ্ধতিতে মজুদ মালের মোট মূল্যকে মোট পরিমাণ দ্বারা ভাগ করে একক প্রতি মূল্য নির্ণয় করা হয়?**
K FIFO L ভারযুক্ত গড় পদ্ধতি
M LIFO N সরল গড় পদ্ধতি

SURE SUCCESS

# যশোর বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **চুক্তির অবর্তমানে অংশীদারগণ কর্তৃক প্রদত্ত ঋণের ওপর সুদের হার কত হবে?**
K ৪% L ৫% M ৬% N ৭%

২. **কোন ধরনের শেয়ারের মালিকগণ সর্বপ্রথম লভ্যাংশ পায়?**
K সাধারণ শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M বিলম্বিত দাবিযুক্ত শেয়ার
N বোনাস শেয়ার

৩. **অসমন্বিত ব্যয় হলো–**
i. বকেয়া খরচ
ii. শেয়ার বাট্টা
iii. বিলম্বিত বিজ্ঞাপন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৪. **অগ্নিপরীক্ষা অনুপাতের আদর্শ মান কত?**
K ১ঃ১ L ১ঃ২
M ৩ঃ১ N ২ঃ১

■ উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :
ABC গ্রুপের উৎপাদন বিভাগের ৪০ জন শ্রমিক কর্মরত আছে। ২০২৩ সালের ডিসেম্বর মাসে কারখানায় ৬৪ ঘণ্টা কাজ হয়। স্বাভাবিক কর্মসময় ৪৮ ঘণ্টা। স্বাভাবিক মজুরির হার ১০ টাকা। ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির দেড়গুণ।

৫. **স্বাভাবিক মজুরির মোট পরিমাণ কত?**
K ১৯,২০০ টাকা L ২৮,৮০০ টাকা
M ২৫,৬০০ টাকা N ৩৮,৪০০ টাকা

৬. **ওভারটাইম মজুরির পরিমাণ কত?**
K ৬,৪০০ টাকা L ৭,৬৮০ টাকা
M ৯,৬০০ টাকা N ১১,৫২০ টাকা

৭. **তুষার এন্ড কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন হলো প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার। ইস্যুকৃত মূলধনের পরিমাণ ৭০% এবং বিলিকৃত মূলধনের পরিমাণ ইস্যুকৃত এর ৮০%। তুষার এন্ড কোম্পানির বিলিকৃত মূলধনের পরিমাণ কত?**
K ২,৮০,০০০ টাকা L ৩,৫০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ৫,০০,০০০ টাকা

৮. **বিন কার্ডে উল্লেখ থাকে–**
K মালের প্রাপ্তি ও মূল্য
L মূল্যসহ মালের প্রাপ্তি ও মূল্য
M মালের প্রাপ্তি, ইস্যু ও উদ্বৃত্তের পরিমাণ
N মূল্যসহ মালের প্রাপ্তি, ইস্যু ও উদ্বৃত্ত

৯. **মি. রহমান একটি অংশীদারি ব্যবসায়ের অংশীদার। তিনি ব্যবসা থেকে প্রতি মাসের শেষে ৩,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। উত্তোলনের ওপর সুদের হার ৫% হলে বার্ষিক সুদের পরিমাণ কত?**
K ৮২৫ টাকা L ৯০০ টাকা
M ৯৭৫ টাকা N ১৮০০ টাকা

১০. **বোনাস শেয়ার ইস্যুর ফলে কোম্পানিতে কী প্রভাব পড়ে?**
i. নগদ উদ্বৃত্ত বৃদ্ধি পায়
ii. মোট শেয়ারের সংখ্যা বৃদ্ধি পায়
iii. মোট মূলধনের পরিমাণ বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১১. **অনুপার্জিত আয় একটি–**
K আয় L সম্পদ
M দায় N ব্যয়

■ উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ৮০,০০০ টাকা যার ক্রয়মূল্য বাজারমূল্যের চেয়ে ৫% কম। উক্ত মজুদ পণ্যের মধ্যে ১,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে।

১২. **সমাপনী মজুদ পণ্যের মূল্য কত?**
K ৭৫,০০০ টাকা L ৭৫,০৫০ টাকা
M ৭৬,০০০ টাকা N ৭৯,০০০ টাকা

১৩. **যদি সমাপনী মজুদ পণ্যের মূল্য ২,৫০০ টাকা বেশি হয় তবে আর্থিক বিবরণীতে–**
i. চলতি সম্পদ বৃদ্ধি পায়
ii. মুনাফা বৃদ্ধি পায়
iii. মূলধন বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৪. **মোট লাভ অনুপাত দ্বারা যাচাই করা হয় প্রতিষ্ঠানের–**
K আর্থিক সচ্ছলতা
L ঋণ পরিশোধের ক্ষমতা
M মুনাফা অর্জন ক্ষমতা
N দক্ষতা যাচাই

১৫. **একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের গুদামে ১ জুলাই তারিখে ১০ টাকা দরে ১০০ কেজি দ্রব্য মজুদ ছিল। ১৫ জুলাই তারিখে ৫০ কেজি দ্রব্য ইস্যু করা হয় এবং ২০ জুলাই তারিখে ১৫ টাকা দরে ১৫০ কেজি দ্রব্য ক্রয় করা হয়। ২০ জুলাই তারিখে FIFO পদ্ধতিতে গুদামে রক্ষিত দ্রব্যের মূল্য কত?**
K ৫০০ টাকা L ১,০০০ টাকা
M ২,২৫০ টাকা N ২,৭৫০ টাকা

১৬. **অংশীদারদের চলতি হিসাবের ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে–**
K দায় L আয় M ব্যয় N সম্পদ

১৭. **মাল খতিয়ানের উপরের ডান পার্শ্বে থাকে–**
i. মালের সর্বোচ্চ মাত্রা
ii. মালের সর্বনিম্ন মাত্রা
iii. পুনঃফরমায়েশ মাত্রা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৮. **প্রতিষ্ঠানের তাৎক্ষণিক ঋণ পরিশোধের ক্ষমতা জানা যায়–**
K চলতি অনুপাতের মাধ্যমে
L ত্বরিত অনুপাতের মাধ্যমে
M মোট লাভ অনুপাতের মাধ্যমে
N নিট লাভ অনুপাতের মাধ্যমে

১৯. **কোনটি মুখ্য ব্যয়ের উপাদান?**
K প্রত্যক্ষ মজুরি L কারখানা ভাড়া
M অফিস খরচ N বিক্রয় খরচ

■ উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
রুবেল এন্ড কোম্পানির হিসাব বইতে ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে কাঁচামালের প্রারম্ভিক মজুদ ১,০০,০০০ টাকা। প্রত্যক্ষ মজুরি ৫০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ২৫,০০০ টাকা। কাঁচামাল ক্রয় ৭৫,০০০ টাকা এবং কাঁচামালের সমাপনী মজুদ ৩০,০০০ টাকা।

২০. **মুখ্য ব্যয়ের পরিমাণ কত?**
K ১,২৫,০০০ টাকা L ১,৭৫,০০০ টাকা
M ১,৯৫,০০০ টাকা N ২,২৫,০০০ টাকা

২১. **প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ১৭% L ২০%
M ৩৩.৩৩% N ৫০%

২২. **কোম্পানি আইন অনুযায়ী শেয়ার অবহারের সর্বোচ্চ হার কত?**
K ৫% L ১০% M ১৫% N ২০%

২৩. **নিচের কোনটি চলতি সম্পদ?**
K সুনাম L ট্রেডমার্ক
M দালানকোঠা N প্রাপ্য হিসাব

২৪. **পাবলিক লি. কোম্পানির শেয়ার বিক্রি করে অবলেখক কী পান?**
K কমিশন L লভ্যাংশ
M বাট্টা N সুদ

২৫. **X, Y ও Z তিন জন অংশীদার। কারবারের নিট মুনাফা ৬০,০০০ টাকা। মুনাফা $\frac{১}{২}$, $\frac{১}{৩}$ ও $\frac{১}{৬}$ অংশ মোতাবেক বণ্টন করে। তাহলে Z কত টাকা পাবে?**
K ২০,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ১০,০০০ টাকা N ৫,০০০ টাকা

২৬. অনুপাত বিশ্লেষণের মাধ্যমে যাচাই করা হয় কারবারের–
i. দক্ষতা
ii. সচ্ছলতা
iii. মুনাফা অর্জন ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২৭. **শ্রমিক কর্মচারীদের অনার্থিক সুবিধা কোনটি?**
K মহার্ঘভাতা L যাতায়াত ভাতা
M চিকিৎসা সেবা N বোনাস

■ উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :
সোহাগ, জামাল ও কামাল একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। ২০২৩ সালের জানুয়ারি ১ তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা, ৬০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা। চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। বছরের মাঝামাঝি সময়ে জামাল ব্যবসায়ে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ আনয়ন করে। ২০২৩ সালে ব্যবসায় মুনাফার পরিমাণ ছিল ৫০,০০০ টাকা।

২৮. **অংশীদারদের লাভ-লোকসান বণ্টন অনুপাত কত হবে?**
K ১ঃ১ঃ১ L ২ঃ১ঃ১
M ২ঃ৩ঃ৪ N ৪ঃ৩ঃ২

২৯. **জামালের মূলধনের সুদ কত?**
K ২,০০০ টাকা L ৩,০০০ টাকা
M ৩,৫০০ টাকা N ৪,০০০ টাকা

৩০. অবলোপনযোগ্য খরচ হলো–
i. বিলম্বিত বিজ্ঞাপন
ii. প্রাথমিক খরচাবলি
iii. সাধারণ খরচাবলি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

# কুমিল্লা বোর্ড ২০২৪

সময়—৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **ঋণদাতাগণ প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা বিশ্লেষণের জন্য কোন অনুপাতটি গুরুত্ব দিয়ে থাকেন?**
K মোট লাভ অনুপাত L নিট লাভ অনুপাত
M দায়-মালিকানাস্বত্ব অনুপাত
N দেনাদার আবর্তন অনুপাত

২. **ত্বরিত সম্পদ হলো—**
i. প্রাপ্য হিসাব
ii. ব্যাংক জমা
iii. মজুদ পণ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩. **কার্যকরী মূলধন বলতে কী বোঝায়?**
K চলতি সম্পদ + চলতি দায়
L চলতি সম্পদ – চলতি দায়
M চলতি সম্পদ ÷ চলতি দায়
N স্থায়ী সম্পদ – চলতি দায়

■ উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে কাঁচামালের প্রারম্ভিক মজুদ ছিল ৮০,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ছিল ৫০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৬০,০০০ টাকা, কারখানার উপরিব্যয় ৩০,০০০ টাকা এবং কাঁচামালের সমাপনী মজুদ ছিল ১০,০০০ টাকা।

৪. **মুখ্য ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ১,২০,০০০ L ১,৩০,০০০
M ১,৮০,০০০ N ২,০০,০০০

৫. **প্রত্যক্ষ মজুরির ওপর কারখানার ওপর ব্যয়ের শতকরা হার কত?**
K ৪২% L ৫০%
M ৭২% N ৯২%

৬. **উৎপাদনের পরোক্ষ কাঁচামাল, পরোক্ষ মজুরি ও অন্যান্য পরোক্ষ খরচকে একত্রে কী বলে?**
K কারখানা ব্যয় L উৎপাদন ব্যয়
M কারখানার উপরিব্যয়
N মুখ্য ব্যয়

৭. **নিচের কোনটি কর্মচারীর উপার্জনের অংশ?**
K শিক্ষা সহায়ক ভাতা L অগ্রিম বেতন
M আয়কর N যৌথ বিমা তহবিল

৮. বিন কার্ডে উল্লেখ থাকে—
i. মালের মূল্য
ii. মালের আগমন
iii. মালের নির্গমন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :
লাবনী ট্রেডার্স এর ২০২৩ সালের জানুয়ারি কয়েকটি লেনদেন নিম্নরূপ ছিল :
জানু. ১ প্রারম্ভিক মজুদ ১,৫০০ একক, প্রতি একক ১০ টাকা দরে।
" ১৫ পণ্য ক্রয় ১,০০০ একক, প্রতি একক ২০ টাকা দরে।
" ২০ পণ্য বিক্রয় ২,০০০ একক, প্রতি একক ২৫ টাকা দরে।
" ৩১ পণ্য ক্রয় ৫০০ একক, প্রতি একক ১৫ টাকা দরে।

৯. **FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা?**
K ৭,৫০০ L ১৫,০০০
M ১৭,৫০০ N ২০,০০০

১০. **ভারযুক্ত গড় পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?**
K ২৫,০০০ L ২৮,০০০
M ৪০,০০০ N ৫০,০০০

১১. সমাপনী মজুদ পণ্যের মূল্য বেশি মূল্যায়ন করা হলে—
i. নিট ক্রয় বৃদ্ধি পায়
ii. মোট লাভ বৃদ্ধি পায়
iii. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. **১ জন শ্রমিকের স্বাভাবিক মজুরি ঘণ্টাপ্রতি ২০ টাকা স্বাভাবিক কর্মঘণ্টা সপ্তাহে ৪৮ ঘণ্টা। ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরির ২ গুণ। সপ্তাহে ৬০ ঘণ্টা কাজ করলে শ্রমিকের ওভারটাইম মজুরি কত টাকা হবে?**
K ৪৮০ L ৯৬০
M ১,২০০ N ১,৯২০

১৩. অংশীদারদের চলতি হিসাবে অন্তর্ভুক্ত থাকে—
i. মূলধনের সুদ ও উত্তোলনের সুদ
ii. বণ্টিত মুনাফা
iii. অতিরিক্ত মূলধন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. **$\frac{১}{৪}$ অংশ বেতন প্রদান ৪০,০০০ টাকা হলে বেতন বাবদ বকেয়া টাকার পরিমাণ কত?**
K ১,২০,০০০ L ১,৬০,০০০
M ২,০০,০০০ N ২,৮০,০০০

১৫. **অস্পর্শনীয় সম্পদ কোনটি?**
K বিলম্বিত বিজ্ঞাপন L মজুদ পণ্য
M ভূমি N সুনাম

১৬. **অংশীদারি ব্যবসায়ের মূলভিত্তি কী?**
K চলতি মূলধন L নিবন্ধন
M ঋণ N চুক্তি

১৭. **অংশীদারি ব্যবসায় কত সালের আইন অনুযায়ী পরিচালিত হয়?**
K ১৮৮১ L ১৯১৩
M ১৯৩২ N ১৯৯৪

১৮. অংশীদারি ব্যবসায়ের বৈশিষ্ট্য হলো—
i. অসীম দায়
ii. চুক্তি
iii. একের অধিক সদস্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :
সজল, জুয়েল ও সফিক একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। সজল প্রতিমাসের শুরুতে ৫০০ টাকা, জুয়েল প্রতিমাসের মাঝামাঝি সময়ে ৯০০ টাকা এবং সফিক প্রতিমাসের শেষে ১,২০০ টাকা করে ব্যবসায় থেকে উত্তোলন করে।

১৯. **অংশীদারদের বাৎসরিক মোট উত্তোলনের পরিমাণ কত টাকা?**
K ২,৬০০ L ১৫,৬০০
M ২৮,৬০০ N ৩১,২০০

২০. উত্তোলনের ওপর বার্ষিক সুদের হার ৫% হলে সফিকের উত্তোলনের সুদের পরিমাণ কত টাকা হবে?
K ৩৩০ L ৩৬০ M ৩৯০ N ৭২০

২১. **IPO এর পূর্ণরূপ কী?**
K International Public Offering
L Initial Public Offering
M Initial Price Offering
N Internal Price Offering

২২. **কোম্পানির শেয়ার ইস্যু করা হয়—**
i. অবহারে
ii. সমহারে
iii. অধিহারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :
সাবিহা কোম্পানি লিমিটেড এর অনুমোদিত মূলধনের পরিমাণ ২০,০০,০০০ টাকা যা ২,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি মূলধন সংগ্রহের উদ্দেশ্যে ৯০% শেয়ার ১০% অধিহারে ইস্যু করে। ইস্যুকৃত সকল শেয়ারের টাকা আদায় হয়েছে।

২৩. **মোট শেয়ার অধিহারের পরিমাণ কত টাকা?**
K ২০,০০০ L ১,৮০,০০০
M ২,০০,০০০ N ১৮,০০,০০০

২৪. **শেয়ার মালিকদের স্বত্বের পরিমাণ কত টাকা?**
K ১,৮০,০০০ L ২,০০,০০০
M ১৯,৮০,০০০ N ২০,০০,০০০

২৫. **যৌথমূলধনী কোম্পানির মূলধন সংগ্রহের প্রধান উৎস কী?**
K ব্যাংক ঋণ গ্রহণ L ঋণপত্র ইস্যু
M শেয়ার ইস্যু N সম্পত্তি বিক্রয়

২৬. **অনুপার্জিত আয় প্রতিষ্ঠানের জন্য কী?**
K আয় L দায়
M মালিকানাস্বত্ব N সম্পদ

২৭. **বিজ্ঞাপন ৪০,০০০ টাকা। বিনামূল্যে পণ্য বিতরণ ২০,০০০ টাকা। মোট বিজ্ঞাপনের $\frac{১}{৪}$ অংশ অবলোপন করতে হবে।**
**বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত টাকা?**
K ১০,০০০ L ১৫,০০০
M ৪৫,০০০ N ৬০,০০০

২৮. **ব্যবসায়ের লাভক্ষতি, মালিকানাস্বত্ব এবং দায় ও সম্পত্তির অবস্থা জানতে সাহায্য করে—**
i. আর্থিক অবস্থার বিবরণী
ii. বিশদ আয় বিবরণী
iii. নগদ প্রবাহ বিবরণী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :
লিমা কোম্পানি লি. এর বিক্রয় ২,০০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ১,২০,০০০ টাকা। অপরিচালন আয় ১০,০০০ টাকা এবং অপরিচালন ব্যয় ৫,০০০ টাকা।

২৯. **করপূর্ব নিট মুনাফা কত টাকা?**
K ৭৫,০০০ L ৮০,০০০
M ৮৫,০০০ N ৯০,০০০

৩০. **আয়করের হার ৩০% হলে করপরবর্তী নিট মুনাফা কত টাকা?**
K ২৫,৫০০ L ৫৯,৫০০
M ৬০,০০০ N ১,১০,৫০০

# চট্টগ্রাম বোর্ড ২০২৪

সময়–৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ে অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের ওপর শতকরা কত হারে সুদ পাবে?**
K ৫% L ৬% M ৭% N ৮%

২. **অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী?**
K মূলধন L চুক্তি
M অংশীদারিত্ব N সদ্বিশ্বাস

M ১,৫০০ টাকা N শূন্য টাকা

৫. **উত্তোলনের ওপর বৎসরান্তে সুদের পরিমাণ হবে–**
K ৩০০ টাকা L ২৭৫ টাকা
M ১২৫ টাকা N ৭৫ টাকা

৬. **রূপান্তর ব্যয় = ?**
K প্রত্যক্ষ মাল + প্রত্যক্ষ শ্রম
L প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরি খরচ
M মুখ্য ব্যয় + কারখানা উপরি ব্যয়
N প্রত্যক্ষ মাল + প্রত্যক্ষ শ্রম + প্রত্যক্ষ খরচ

৭. **রনি ট্রেডার্সের আন্তঃপরিবহন ৬,০০০ টাকা, বহিঃপরিবহন ৪,০০০ টাকা, আমদানি শুল্ক ২,০০০ টাকা, পণ্য ক্রয় ১৪,০০০ টাকা এবং ক্রয়ফেরত ১,০০০ টাকা হলে নিট ক্রয়ের পরিমাণ কত?**
K ১৪,০০০ টাকা L ১৩,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১১,০০০ টাকা

৮. **অবচয়ের পরিমাণ কম দেখানো হলে প্রতিষ্ঠানে কী প্রভাব পড়ে?**
K মোট আয় বৃদ্ধি পায়
L মোট ব্যয় বৃদ্ধি পায়
M কর দায় বৃদ্ধি পায়
N বিক্রীত পণ্যের ব্যয় বৃদ্ধি পায়

৯. **অংশীদারি ব্যবসায়ের সর্বনিম্ন সদস্যসংখ্যা কত?**
K ৪ জন L ৩ জন M ২ জন N ১ জন

১০. **কোম্পানির গঠনতন্ত্র কোনটি?**
K সংঘস্মারক L সংঘ বিধি
M বিবরণপত্র N নিবন্ধনপত্র

১১. **একটি অংশীদারি কারবারের কমিশন চার্জপূর্ব নিট মুনাফা ১,১০,০০০ টাকা। কমিশন চার্জ পরবর্তী নিট মুনাফার হার ১০% হলে, কমিশনের পরিমাণ কত?**
K ২২,০০০ টাকা L ১২,২২২ টাকা
M ১১,০০০ টাকা N ১০,০০০ টাকা

১২. **আর্থিক বিবরণী বিশ্লেষণের কৌশল কত প্রকার?**
K ৫ প্রকার L ৪ প্রকার
M ৩ প্রকার N ২ প্রকার

১৩. **বিন কার্ড সংরক্ষণ করেন কে?**
K ক্যাশিয়ার L হিসাবরক্ষক
M গুদামরক্ষক N ফোরম্যান

১৪. **চলতি সম্পদ – (মজুদ পণ্য + অগ্রিম খরচ) = ?**
K অলীক সম্পদ L স্থায়ী সম্পদ
M অস্পর্শনীয় সম্পদ N তরল সম্পদ

১৫. **স্টকের বৈশিষ্ট্য হলো–**
i. আংশিক মূল্য থাকে না
ii. কোনো ক্রমিক নম্বর থাকে না
iii. অবাধে হস্তান্তরযোগ্য নয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৬. **প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০০টি শেয়ারের বিক্রয়মূল্য ১,০৫,০০০ টাকা, অন্যদিকে ৩০,০০০ শেয়ারের বিক্রয়মূল্য ২,৯৪,০০০ টাকা। বাট্টার পরিমাণ হবে কত টাকা?**
K ১,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৬,০০০ টাকা N ১০,০০০ টাকা

১৭. **চলতি অনুপাত ৩ ঃ ১ হলে এবং চলতি দায় ১৮,০০০ টাকা হলে, চলতি সম্পদের পরিমাণ কত হবে?**
K ৯,০০০ টাকা L ১৮,০০০ টাকা
M ৩৬,০০০ টাকা N ৫৪,০০০ টাকা

১৮. **অনুপাত বিশ্লেষণের উদ্দেশ্য–**
i. ব্যবস্থাপনার দক্ষতা যাচাই
ii. প্রতিষ্ঠানের তারল্য সম্পর্কে জ্ঞান
iii. বিনিয়োজিত মূলধনের সাথে অর্জিত মুনাফার সম্পর্ক নির্ণয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. **উৎপাদনকারী প্রতিষ্ঠানে কয় ধরনের মজুদ পণ্য থাকে?**
K ২ L ৩ M ৪ N ৫

২০. **শেয়ার হচ্ছে কোম্পানির–**
i. ঋণের অংশ
ii. মূলধনের অংশ
iii. মালিকানার প্রতীক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
ফারাহ কোম্পানির অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ১০,০০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। প্রথম বছর কোম্পানি ১ টাকা অধিহারে অনুমোদিত মূলধনের ৬০% শেয়ার ইস্যু করে। ৮,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া গেল।

২১. **শেয়ার অধিহারের পরিমাণ কত টাকা?**
K ৮,০০,০০০ টাকা L ৬,০০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

২২. **শেয়ার আবেদনের কত টাকা ফেরত দেওয়া হলো?**
K ২২,০০,০০০ টাকা L ৪৪,০০,০০০ টাকা
M ৬৬,০০,০০০ টাকা N ৮৮,০০,০০০ টাকা

২৩. **বিক্রয় ফেরত হলো–**
K আয় L ব্যয়
M বিপরীত আয় N বিপরীত ব্যয়

২৪. **প্রতিষ্ঠানের স্বল্পমেয়াদি ঋণ পরিশোধ ক্ষমতা মূল্যায়ন বিষয়ক অনুপাত হলো–**
i. চলতি মূলধন অনুপাত
ii. ত্বরিৎ অনুপাত
iii. মুনাফা অনুপাত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
গ্রাম বাংলা কোম্পানির প্রারম্ভিক কাঁচামাল, ব্যবহৃত কাঁচামাল এবং সমাপনী কাঁচামাল ব্যয় যথাক্রমে ১২,০০০ টাকা ৯০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা। এ ছাড়াও কোম্পানির প্রত্যক্ষ খরচের পরিমাণ ২০,০০০ টাকা এবং কারখানা ব্যয় ১৮,০০০ টাকা।

২৫. **ক্রয়কৃত কাঁচামালের পরিমাণ কত?**
K ৮৭,০০০ টাকা L ৯৩,০০০ টাকা
M ১,২৮,০০০ টাকা N ১,৩১,০০০ টাকা

২৬. **মোট উৎপাদন ব্যয়ের পরিমাণ কত?**
K ১,১০,০০০ টাকা L ১,২৫,০০০ টাকা
M ১,২৮,০০০ টাকা N ১,৩১,০০০ টাকা

২৭. **আর্থিক ও পরিপূরক সুবিধাদির ভিত্তি কোনটি?**
K মোট বেতন বা মজুরি
L নিট বেতন বা মজুরি
M মূল বেতন বা মজুরি
N অতিরিক্ত বেতন বা মজুরি

২৮. **মাল খতিয়ানে উল্লেখ থাকে –**
i. মালের ক্রয়মূল্য
ii. মাল ক্রয়ের পরিমাণ
iii. মালের আগমন ও নির্গমন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব সুমন একজন ব্যবসায়ী। তিনি আগের মাল আগে ছাড়া পদ্ধতিতে মজুদ মাল মূল্যায়ন করেন। ২০২২ সালের ডিসেম্বর মাসের লেনদেন নিম্নরূপ :

২০২২
ডিসে ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২০০ একক, প্রতি একক ৫ টাকা দরে।
" ৭ পণ্য ক্রয় ১০০ একক, প্রতি একক ৬ টাকা দরে।
" ১২ পণ্য বিক্রয় ১৫০ একক, প্রতি একক ৯ টাকা দরে।
" ৩১ পণ্য ক্রয় ১২০ একক, প্রতি একক ৫ টাকা দরে।

২৯. **ডিসেম্বর মাস শেষে মজুদ পণ্যের মূল্য কত টাকা?**
K ১৪৫০ টাকা L ১,৫০০ টাকা
M ১,৫৫০ টাকা N ১,৬০০ টাকা

৩০. **ডিসেম্বর মাস শেষে মুনাফার পরিমাণ কত টাকা?**
K ৯০০ টাকা L ৮০০ টাকা
M ৭০০ টাকা N ৬০০ টাকা

# সিলেট বোর্ড ২০২৩

সময়—৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
K FASB L BSEC
M DSE N CSE

**২. সুনাম হলো ব্যবসায়ের—**
i. অদৃশ্যমান সম্পদ
ii. স্থায়ী সম্পদ
iii. অলীক সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৩. বিক্রয়ের ওপর মুনাফার হার ২০% হলে, বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর মুনাফার হার কত হবে?**
K ১৬% L ২০%
M ২৪% N ২৫%

**৪. তরল সম্পদ হলো—**
i. হাতে নগদ
ii. অগ্রিম ভাড়া
iii. প্রাপ্য সুদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :
যমুনা কোম্পানি লি. প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের ৭০,০০০ শেয়ারে বিক্রয় মোট ৭,০০,০০০ টাকা মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ২ টাকা অধিহারে ৬০% শেয়ার জনসাধারণের কাছে বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। ১০% অতিরিক্ত শেয়ারের আবেদনপত্র পাওয়া গেল। ইস্যুকৃত শেয়ার যথারীতি বণ্টন করা হলো এবং অতিরিক্ত শেয়ারের আবেদনের টাকা ফেরত দেওয়া হলো।

**৫. কোম্পানির আদায়কৃত মূলধনের পরিমাণ কত?**
K ৪,২০,০০০ টাকা L ৫,০৪,০০০ টাকা
M ৬,৪০,০০০ টাকা N ৭,০০,০০০ টাকা

**৬. কোম্পানির ব্যাংক জমার উদ্বৃত্ত কত?**
K ৪,২০,০০০ টাকা L ৫,০৪,০০০ টাকা
M ৫,৮৮,০০০ টাকা N ৬,৭২,০০০ টাকা

**৭. আচরণের ভিত্তিতে উৎপাদন ব্যয় কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**৮. কোনটি অলীক সম্পত্তি?**
K কপিরাইট L সুনাম
M শেয়ার অবহার N পেটেন্ট

**৯. পরিচালন মুনাফা অনুপাতের আদর্শ মান কত?**
K ৫%—১০% L ১০%—১৫%
M ১৫%—১৮% N ২০%—৩০%

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কামাল একজন ব্যবসায়ী। বছরে তাঁর বিক্রয়ের পরিমাণ ১০,০০,০০০ টাকা, পরিচালন ব্যয় ৮০,০০০ টাকা এবং অপরিচালন আয় ৫০,০০০ টাকা। তিনি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% লাভে পণ্য বিক্রয় করেন।

**১০. মোট লাভের পরিমাণ কত?**
K ১,৮৪,০০০ টাকা L ১,৯৪,০০০ টাকা
M ২,০০,০০০ টাকা N ২,৫০,০০০ টাকা

**১১. অপরিচালন আয় ৪৫,০০০ টাকা হলে, বিশদ আয় বিবরণীতে কী প্রভাব পড়বে?**
K নিট মুনাফা বৃদ্ধি পাবে
L নিট মুনাফা হ্রাস পাবে
M পরিচালন মুনাফা বৃদ্ধি পাবে
N পরিচালন মুনাফা হ্রাস পাবে

**১২. ক্রেতার নিকট হতে প্রাপ্ত মূল্য সংযোজন কর কী?**
K প্রত্যক্ষ আয় L পরোক্ষ আয়
M চলতি সম্পদ N চলতি দায়

**১৩. যৌথমূলধনী কোম্পানির পরিচালন পর্ষদ হলো—**
i. শেয়ারহোল্ডারদের প্রতিনিধি
ii. শেয়ারহোল্ডারদের কর্মচারী
iii. কোম্পানির সর্বোচ্চ কর্তৃপক্ষ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৪. ১৯৩২ সালের অংশীদারি আইনের কত ধারায় অংশীদারি ব্যবসায়ের সংজ্ঞা দেওয়া হয়েছে?**
K ১ L ২
M ৩ N ৪

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
একটি কারখানার মে মাসের মালের ক্রয় ও ইস্যু নিম্নরূপ :
মে ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ একক, প্রতি একক ১০ টাকা।
" ১৫ মাল ক্রয় ৯০০ একক, প্রতি একক ১২ টাকা।
" ২০ মাল ইস্যু ১,০০০ একক।

**১৫. FIFO পদ্ধতিতে ইস্যুকৃত মালের মূল্য কত?**
K ১০,৮০০ টাকা L ১১,০০০ টাকা
M ১১,৮০০ টাকা N ১২,০০০ টাকা

**১৬. ভারযুক্ত গড় পদ্ধতিতে সমাপনী মজুদ মাসের মূল্য হবে—**
K ৫,০০০ টাকা L ৫,৬০০ টাকা
M ৬,০০০ টাকা N ১০,৮০০ টাকা

**১৭. প্রত্যেক মাসের মাঝামাঝি সময়ে উত্তোলন করা হলে, মোট উত্তোলনের ওপর গড়ে কত মাসের সুদ ধরতে হয়?**
K ১২ L ৬.৫
M ৬ N ৫.৫

**১৮. নিচের কোনটি বিক্রয় ও বণ্টন উপরিব্যয়?**
K অতিরিক্ত সময়ের মজুরি
L অংকর অফিসের বেতন
M ছাপা ও মনিহারি N বিজ্ঞাপন ব্যয়

**১৯. বাংলাদেশের শ্রম আইন অনুযায়ী একজন শ্রমিককে দৈনিক কত ঘণ্টা কাজ করতে হয়?**
K ৬ L ৭
M ৮ N ৯

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
সুরমা লি. এর ৩১-১২-২০২২ তারিখের রেওয়ামিলে যন্ত্রপাতির মূল্য ১,০০,০০০ টাকা দেখানো হয়েছে। সমন্বয়ে উল্লেখ আছে ০১-০৭-২০২২ তারিখে ২০,০০০ টাকার যন্ত্রপাতির ক্রয় যন্ত্রপাতির মধ্যে অন্তর্ভুক্ত আছে কিন্তু যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ৪,০০০ টাকা ভুলবশত মজুরির মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।

**২০. যন্ত্রপাতির অবচয়ের পরিমাণ কত?**
K ৪,৬০০ টাকা L ৫,৬০০ টাকা
M ৬,০০০ টাকা N ৬,২০০ টাকা

**২১. নতুন যন্ত্রপাতি ক্রয় রেওয়ামিলে প্রদত্ত যন্ত্রপাতির সাথে যোগ করা না থাকলে আর্থিক অবস্থার বিবরণীতে কী প্রভাব পড়বে?**
K যন্ত্রপাতির পরিমাণ হ্রাস পাবে
L যন্ত্রপাতির পরিমাণ বৃদ্ধি পাবে
M মোট সম্পদের পরিমাণ অপরিবর্তিত থাকবে
N মোট সম্পদের পরিমাণ বৃদ্ধি পাবে

**২২. লিড টাইম কী?**
K ফরমায়েশ ও মাল সরবরাহ করার মধ্যবর্তী সময়কাল
L মাল ক্রয় ও বিক্রয় করার মধ্যবর্তী সময়কাল
M মাল ক্রয় করার সময়কাল
N মাল বিক্রয় করার সময়কাল

**২৩. বিন কার্ডে কী উল্লেখ থাকে?**
K মাল প্রাপ্তির পরিমাণ
L মাল ইস্যুর পরিমাণ
M মালের উদ্বৃত্তের পরিমাণ
N মাল ইস্যু ও উদ্বৃত্তের পরিমাণ

**২৪. নিট লাভ + অপরিচালন ব্যয় - অপরিচালন আয় = ?**
K পরিচালন মুনাফা L মোট লাভ
M বিক্রীত পণ্যের ব্যয়
N পরোক্ষ পরিচালন আয়

**২৫. কোম্পানির জন্ম সনদ কোনটি?**
K নিবন্ধনপত্র L স্বারকলিপি
M কার্যারম্ভের অনুমতিপত্র
N বিবরণপত্র

**২৬. নিচের কোনটি বহির্দায়?**
K সাধারণ সঞ্চিতি L শেয়ার অধিহার
M প্রতিপূরক তহবিল N অনুপার্জিত আয়

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
সান ও মুন ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে যথাক্রমে ৪,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা মূলধনস্বরূপ এনে অংশীদারি ব্যবসায় আরম্ভ করেন। ৩০ জুন তারিখে সান ব্যবসায়ে ঋণস্বরূপ ৫০,০০০ টাকা এবং ১ জুলাই তারিখে মুন অতিরিক্ত মূলধনস্বরূপ ৩০,০০০ টাকা প্রদান করেন।

**২৭. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে ঋণের সুদের পরিমাণ কত?**
K ৩,০০০ টাকা L ২,৫০০ টাকা
M ১,৭৫০ টাকা N ১,৫০০ টাকা

**২৮. মূলধনের ওপর ৫% সুদ ধার্য করলে, মূলধনের মোট সুদের পরিমাণ হবে—**
K ১৫,০০০ টাকা L ২১,৫০০ টাকা
M ৩৫,৭৫০ টাকা N ৩৬,৫০০ টাকা

**২৯. একটি ব্যবসায় প্রতিষ্ঠানের সর্বোচ্চ তরল সম্পদ কোনটি?**
K নগদ উদ্বৃত্ত L মজুদ পণ্য
M প্রাপ্য হিসাব N প্রাপ্য নোট

**৩০. অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে আদালত প্রামাণ্য দলিল হিসাবে গ্রহণ করে কোনটি?**
K লিখিত চুক্তিপত্র L মৌখিক চুক্তিপত্র
M নিবন্ধিত ও লিখিত চুক্তিপত্র
N অনিবন্ধিত চুক্তিপত্র

# বরিশাল বোর্ড ২০২৩

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোন ধরনের মূলধনের ওপর সুদ ধার্য করতে হয়?**
K অতিরিক্ত মূলধন L সমাপনী মূলধন
M প্রারম্ভিক মূলধন N বিনিয়োগকৃত মূলধন

**২. রিয়াদ কোম্পানি লি. এর অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ইস্যুকৃত মূলধনের পরিমাণ ৮০% এবং বিলিকৃত মূলধনের পরিমাণ ৭০% হলে, রিয়াদ কোম্পানি লি. এর বিলিকৃত মূলধনের পরিমাণ কত?**
K ৫,৬০,০০০ টাকা L ৭,০০,০০০ টাকা
M ৮,০০,০০০ টাকা N ১০,০০,০০০ টাকা

**৩. চলতি মূলধন বলতে—**
K মোট সম্পদ – মোট দায়
L চলতি সম্পদ – চলতি দায়
M মোট সম্পদ – চলতি দায়
N তরল সম্পদ – তরল দায়

**৪. মুখ্য ব্যয়ের উপাদান কোনটি?**
K প্রত্যক্ষ কাঁচামাল ব্যয় L কারখানা উপরিব্যয়
M অফিস খরচ N বিক্রয় খরচ

**৫. চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ে অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের ওপর শতকরা কত হারে সুদ ধার্য করা হয়ে থাকে?**
K ৫% হারে L ৬% হারে
M ৭% হারে N ৮% হারে

**৬. পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের দায় গ্রহণকারীকে বলে—**
K অবলেখক L প্রতিনিধি
M দালাল N বিক্রয়কর্মী

**৭. মোট সম্পদের পরিমাণ ১০,০০,০০০ টাকা এবং বহির্দায়ের পরিমাণ ৬,০০,০০০ টাকা হলে মালিকানাস্বত্ব কত?**
K ১৬,০০,০০০ টাকা L ১০,০০,০০০ টাকা
M ৬,০০,০০০ টাকা N ৪,০০,০০০ টাকা

**৮. নিচের কোনটি কাল্পনিক বা ভুয়া সম্পত্তি?**
K সুনাম L ট্রেডমার্ক
M পেটেন্ট N ঋণপত্রের অবহার

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
সাকুরা অ্যান্ড কোম্পানির সমাপনী মজুদপণ্যের পরিমাণ ২,২০,০০০ টাকা যার মধ্যে ১০,০০০ টাকার আগুনে বিনষ্ট পণ্য এবং ১,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে।

**৯. প্রকৃত সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত?**
K ২,২০,০০০ টাকা L ২,১৯,০০০ টাকা
M ২,১০,০০০ টাকা N ২,০৯,০০০ টাকা

**১০. কোম্পানির রেওয়ামিলে মনিহারির পরিমাণ ৫,০০০ টাকা দেওয়া থাকলে, আয় বিবরণীতে মনিহারি বাবদ কত টাকা ব্যয় দেখাতে হবে?**
K ৬,০০০ টাকা L ৫,০০০ টাকা
M ৪,০০০ টাকা N ৩,০০০ টাকা

**১১. FOB destination বলতে কী বোঝায়?**
K পণ্যের বহনখরচ ক্রেতা বহন করবে
L পণ্যের বহনখরচ বিক্রেতা বহন করবে
M পণ্যের বহনখরচ বিমা কোম্পানি বহন করবে
N পণ্যের বহনখরচ ব্যাংক বহন করবে

**১২. মুদ্রাস্ফীতি বা দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য যে ভাতা দেওয়া হয় তাকে কী বলে?**
K ঝুঁকি ভাতা L টিফিন ভাতা
M মহার্ঘ ভাতা N দৈনিক ভাতা

**১৩. নিট মুনাফার অনুপাতের আদর্শ মান হলো—**
K ২০% – ২৫% L ১৫% – ২০%
M ১০% – ১৫% N ৫% – ১০%

**১৪. তারল্য অনুপাতের মাধ্যমে নিচের কোনটি জানা যায়?**
K স্বল্পমেয়াদি দায়-দেনা পরিশোধের ক্ষমতা
L মুনাফা অর্জন ক্ষমতা
M দীর্ঘমেয়াদি দায়-দেনা পরিশোধের ক্ষমতা
N সম্পদ ব্যবহারের দক্ষতা

**১৫. নিত্য মজুদ ব্যবস্থায় কখন সমাপনী মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় করা হয়?**
K একমাস পরপর L ছয় মাস পরপর
M প্রতিদিন N হিসাবকাল শেষে

**১৬. পচনশীল পণ্যের হিসাব রাখতে মাল খতিয়ানের কোন পদ্ধতি অধিক কার্যকরী?**
K LIFO পদ্ধতি L সরল গড় পদ্ধতি
M FIFO পদ্ধতি N ভারযুক্ত গড় পদ্ধতি

**১৭. বণ্টনযোগ্য মুনাফা ৯০,০০০ টাকা। ৩ : ২ : ১ অনুপাতে দ্বিতীয় অংশীদারদের মুনাফা কত?**
K ১৫,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ৬০,০০০ টাকা

**১৮. পাবলিক লিমিটেড কোম্পানি অপেক্ষা প্রাইভেট লিমিটেড কোম্পানির সুবিধা হলো—**
i. অপেক্ষাকৃত সহজ গঠনপ্রণালি
ii. আইনের শিথিলতা
iii. অবাধে শেয়ার হস্তান্তর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৯. একটি প্রতিষ্ঠানে মোট লাভ হওয়া সত্ত্বেও নিট ক্ষতি কেন হয়?**
K আয় বৃদ্ধি L ব্যয় বৃদ্ধি
M সম্পদ বৃদ্ধি N সম্পদ হ্রাস

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
অনন্ত লি. এর নগদ তহবিল ২০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৬০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, অগ্রিম প্রদত্ত খরচ ১০,০০০ টাকা, বকেয়া খরচ ৫,০০০ টাকা, প্রাপ্য আয় ৮,০০০ টাকা, প্রদেয় নোট ২০,০০০ টাকা, প্রাপ্য নোট ১৫,০০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা।

**২০. তরল বা তড়িৎ সম্পদের পরিমাণ কত?**
K ১,০৩,০০০ টাকা L ১,১৩,০০০ টাকা
M ১,৩৩,০০০ টাকা N ১,৪৩,০০০ টাকা

**২১. ব্যাংক জমাতিরিক্ত ৮,০০০ টাকা হলে তড়িৎ দায়ের পরিমাণ কত?**
K ৭৩,০০০ টাকা L ৬৮,০০০ টাকা
M ৬৫,০০০ টাকা N ৫৭,০০০ টাকা

**২২. সমন্বয় দাখিলার মাধ্যমে হিসাববিজ্ঞানের কোন নীতি বাস্তবায়ন হয়?**
i. রক্ষণশীল নীতি
ii. মিলকরণ নীতি
iii. আয় স্বীকৃত নীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৩. মাল অধিযাচনপত্রকে প্রস্তুত করেন?**
K ফোরম্যান L গুদামরক্ষক
M ব্যবস্থাপক N হিসাবরক্ষক

**২৪. চুক্তির অবর্তমানে বা চুক্তিতে উল্লেখ না থাকলে অংশীদারি ব্যবসায় অংশীদারদের মধ্যে লাভ-লোকসান কীভাবে বণ্টিত হয়?**
K সমান অনুপাতে L মূলধন অনুপাতে
M ত্যাগ অনুপাতে N দক্ষতা অনুপাতে

**২৫. কোন ধরনের পত্র পাওয়ার পরে পাবলিক লিমিটেড কোম্পানি কাজ শুরু করতে পারে?**
K প্রত্যয়নপত্র L নিবন্ধনপত্র
M কার্যারম্ভের অনুমতিপত্র N বিবরণপত্র

**২৬. ১০ মাসের বেতন প্রদত্ত হয়েছে ৬০,০০০ টাকা। বকেয়া বেতনের পরিমাণ কত?**
K ১৫,০০০ টাকা L ১২,৫০০ টাকা
M ১২,০০০ টাকা N ১০,০০০ টাকা

**২৭. চলতি দায়ের অন্তর্ভুক্ত দফা হলে—**
i. অগ্রিম প্রাপ্ত আয়
ii. দাবিহীন লভ্যাংশ
iii. ব্যাংক জমাতিরিক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৮. একটি প্রতিষ্ঠানের বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় ৮,০০,০০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্যের মূল্য ১,৮০,০০০ টাকা হলে বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ১,৮০,০০০ টাকা L ৬,২০,০০০ টাকা
M ৮,০০,০০০ টাকা N ৯,৮০,০০০ টাকা

**২৯. মাহি একটি অংশীদারি কারবারের একজন অংশীদার। চুক্তি মোতাবেক বার্ষিক ৫% হারে প্রতি মাসের শুরুতে ৫,০০০ টাকা করে উত্তোলন করে। তার উত্তোলনের সুদের পরিমাণ কত?**
K ১,৩৭৫ টাকা L ১,৫০০ টাকা
M ১,৬২৫ টাকা N ৩,০০০ টাকা

**৩০. বিক্রয়ের ওপর লাভের হার ২৫% হলে, ক্রয়মূল্যের ওপর লাভের হার কত?**
K ১৬.৬৭% L ২০%
M ২৫% N ৩৩.৩৩%

# দিনাজপুর বোর্ড ২০২৩

সময়—৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. দায় গ্রাহকের কমিশন কোন জাতীয় দফা?**
K মুনাফাজাতীয় আয় L মুনাফাজাতীয় ব্যয়
M মূলধনজাতীয় আয় N মূলধনজাতীয় ব্যয়

**২. আকন লি.-এর নিট চলতি মূলধন ১,৮০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৫ : ২। উক্ত কোম্পানির চলিত দায়ের পরিমাণ কত?**
K ৬০,০০০ টাকা L ১,২০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ৩,০০,০০০ টাকা

**৩. রক্ষিত আয় বিবরণী কোন ধরনের হিসাব?**
K দায় হিসাব L নামিক হিসাব
M অস্থায়ী হিসাব N স্থায়ী হিসাব

■ নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :
শেয়ার ইস্যুর জন্য বিবরণপত্র ও আবেদন ফরম ছাপানো খরচ বাবদ 'DX'-প্রেসের ৩০,০০০ টাকা বিল নগদে পরিশোধ করা হলো।

**৪. জাবেদায় ডেবিট পাশে নিচের কোন হিসাবটি লিখতে হবে?**
K প্রাথমিক খরচাবলি হিসাব
L আবেদন খরচ হিসাব
M শেয়ার ইস্যু হিসাব N বিবরণপত্র হিসাব

**৫. কোম্পানির আর্থিক বিবরণীতে শেয়ার ইস্যুসংক্রান্ত খরচ কীভাবে প্রদর্শিত হয়?**
K আয় বিবরণীতে খরচ
L রক্ষিত আয় বিবরণীতে খরচ
M আর্থিক অবস্থার বিবরণীতে অবাস্তব সম্পদ
N আর্থিক অবস্থার বিবরণীতে চলতি সম্পদ

**৬. স্থায়ী মূলধন পদ্ধতিতে অংশীদারদের মুনাফার অংশ দ্বারা কীভাবে মালিকানাস্বত্ব প্রভাবিত হয়?**
K মূলধন হিসাব – Dr L মূলধন হিসাব – Cr
M চলতি হিসাব – Dr N চলতি হিসাব – Cr

**৭. মজুদ আবর্তন অনুপাত কোনটি?**
K ক্রয় গড় মজুদ
L বিক্রীত পণ্যের ব্যয় প্রারম্ভিক মজুদ
M বিক্রীত পণ্যের ব্যয় সমাপনী মজুদ
N বিক্রীত পণ্যের ব্যয় গড় মজুদ

**৮. মোট ব্যয়ের সাথে কোনটি যোগ করলে বিক্রয়মূল্য পাওয়া যায়?**
K মুনাফা L কারখানা খরচ
M প্রশাসনিক খরচ N বিক্রয় ও বিলি খরচ

**৯. কোনটি উৎপাদন ব্যয়ের উপাদান?**
K অফিস ভাড়া L পরোক্ষ কাঁচামাল
M বিজ্ঞাপন N কু-ঋণ

**১০. সমাপনী মজুদ অধিক মূল্যায়িত হলে নিচের কোনটি সঠিক?**
K সম্পত্তি ও শেয়ারহোল্ডারদের স্বত্ব অধিক
L সম্পত্তি ও বিক্রীত পণ্যের ব্যয় অধিক
M সম্পত্তি অধিক ও নিট আয় কম
N সম্পত্তি কম ও নিট আয় অধিক

**১১. অংশীদারি কারবারে অংশীদারদের মধ্যে কোন অনুপাতে লাভ-লোকসান বণ্টিত হয়?**
K চুক্তি অনুপাতে L মূলধন অনুপাতে
M আয় অনুপাতে N সমানুপাতে

**১২. পণ্য উৎপাদনের পূর্বে অতীত ব্যয় বিশ্লেষণ করে নির্ণয় করা হয়—**
i. সম্ভাব্য ক্ষতি
ii. মোট ব্যয়
iii. দরপত্র মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৩. লভ্যাংশ সমতাকরণ তহবিল কোন ধরনের সঞ্চিতি?**
K বিশেষ সঞ্চিতি L মূলধন সঞ্চিতি
M সাধারণ সঞ্চিতি N গোপন সঞ্চিতি

**১৪. শ্রেণিবিন্যাসকৃত স্থিতিপত্রে খুচরা যন্ত্রাংশ কোথায় অন্তর্ভুক্ত হয়?**
K চলতি সম্পদ L স্থায়ী সম্পদ
M অলীক সম্পদে N বিনিয়োগ

**১৫. তারল্যতা ও মুনাফাযোগ্যতার সম্পর্ক কীরূপ?**
K ধনাত্মক L ঋণাত্মক
M সমান N শূন্য

**১৬. চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারের মূলধনের ওপর কত হারে সুদ ধার্য করা হয়?**
K ০% L ৬%
M ৮% N ১০%

**১৭. বোনাস শেয়ার ইস্যু করা হয়—**
i. নগদ লভ্যাংশের পরিবর্তে
ii. বর্তমান শেয়ার মালিকগণকে
iii. নতুন শেয়ার মালিকগণকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. ১ অক্টোবর ২০২২ তারিখে একটি কোম্পানি বার্ষিক ৯% হার সুদে ৪ মাস সময়ের জন্য ১০,০০০ টাকা ঋণ গ্রহণ করে। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে প্রস্তুতকৃত বার্ষিক আয় বিবরণীতে সুদের পরিমাণ কত?**
K ২২৫ টাকা L ৩০০ টাকা
M ৪৫০ টাকা N ৯০০ টাকা

**১৯. কোনটি সচ্ছলতা নির্দেশক অনুপাত?**
K চলতি অনুপাত
L ত্বরিত অনুপাত
M নিটলাভ অনুপাত
N দায়- মালিকানা অনুপাত

■ নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :
২০২২ সালের একটি অংশীদারি কারবারের অংশীদার জনাব সৈকত প্রতি মাসের শেষে সারাবছর ধরে ১,০০০ টাকা এবং শিমু ১-১০-২০২২ তারিখে ১৫,০০০ টাকা নগদ উত্তোলন করে। উভয়ের উত্তোলনের ওপর বার্ষিক ১০% হারে সুদ ধার্য করতে হবে।

**২০. অংশীদারদের উত্তোলনের ওপর সুদের পরিমাণ কত?**
K ৫৫০ ও ২৫০ টাকা L ৫৫০ ও ৩৭৫ টাকা
M ৬০০ ও ৫০০ টাকা N ৬০০ ও ৩৭৫ টাকা

**২১. উত্তোলনের ওপর সুদের হার ১০% এর পরিবর্তে ৫% ধার্য হলে হিসাবের ওপর কী প্রভাব পড়বে?**
i. অংশীদারদের মূলধনের পরিমাণ হ্রাস পাবে
ii. অংশীদারি মূলধনের পরিমাণ সমান থাকবে
iii. বণ্টনযোগ্য লাভের পরিমাণ হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২২. রূপান্তর ব্যয় বলতে বোঝায়—**
K প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি
L প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি + প্রত্যক্ষ খরচ
M প্রত্যক্ষ মজুরি + কারখানা ওপরি খরচ
N মুখ্য ব্যয় + কারখানা উপরি খরচ

**২৩. মোট উপার্জন বৃদ্ধি করে—**
i. অতিরিক্ত সময়ের কাজের পারিশ্রমিক
ii. নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বাসস্থান সুবিধা
iii. মহার্ঘ ভাতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. পণ্যের দাম ক্রমাগত হ্রাস পেতে থাকলে কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?**
K সরল গড় পদ্ধতি
L ভারযুক্ত গড় পদ্ধতি
M আগের মাল আগে ছাড় পদ্ধতি
N শেষের মাল আগে ছাড় পদ্ধতি

**২৫. জনাব আইমানের মূল মজুরি ১,০০০ টাকা। মহার্ঘভাতা ৮% বাসস্থান ভাতা ১০% হলে মোট উপার্জন কত?**
K ১,০০০ টাকা L ১,২০০ টাকা
M ১,১৮০ টাকা N ১,৮০০ টাকা

**২৬. বিন কার্ড কোথায় সংরক্ষণ করা হয়?**
K হিসাব কর্তকর্তার নিকট
L ব্যবস্থাপকের নিকট
M গুদামে N শো-রুমে

**২৭. যৌথমূলধনী কোম্পানি সর্বনিম্ন সদস্যসংখ্যা কতজন?**
K ২ জন L ৭ জন
M ১০ জন N ২০ জন

**২৮.** নিচের কোন সূত্রটি প্রমাণ উৎপাদন নির্দেশ করে।
K কার্য ঘণ্টা × ঘণ্টাপ্রতি প্রমাণ উৎপাদন একক
L কার্য ঘণ্টা × ঘণ্টাপ্রতি প্রকৃত উৎপাদন একক
M কার্য ঘণ্টা ÷ ঘণ্টাপ্রতি প্রমাণ উৎপাদন একক
N কার্য ঘণ্টা ÷ ঘণ্টাপ্রতি প্রকৃত উৎপাদন একক

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**

| বিবরণ | Apex লি. | Bata লি. |
|---|---|---|
| মোট লাভ অনুপাত | ২৫% | ২০% |
| নিট লাভ অনুপাত | ১২% | ১৫% |
| মজুদ আবর্তন অনুপাত | ১২ বার | ৮ বার |
| তরল অনুপাত | ৩ : ১ | ২ : ১ |
| নিট বিক্রয় | ২০,০০,০০০ | ২৫,০০,০০০ |

**২৯. Apex লি. এর মোট মুনাফার পরিমাণ কত টাকা?**
K ২,৪০,০০০ টাকা L ৩,০০,০০০ টাকা
M ৩,৭৫,০০০ টাকা N ৫,০০,০০০ টাকা

**৩০. বিনিয়োগের ক্ষেত্রে কোন কোম্পানিটি অধিকতর লাভজনক?**
K Apex লি. কারণ মোট লাভ অনুপাত বেশি
L Bata লি. কারণ নিট লাভ অনুপাত বেশি
M Apex লি. কারণ নিট তারল্য অনুপাত বেশি
N Apex লি. কারণ মজুদ আবর্তন অনুপাত বেশি

# ময়মনসিংহ বোর্ড ২০২৩

সময়–৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **অংশীদারি ব্যবসায়ের অপরিহার্য উপাদান–**
i. অংশীদারি চুক্তি
ii. সদস্যসংখ্যা
iii. অসীম দায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২. **লাভ-লোকসান আবণ্টন হিসাবের উদ্বৃত্ত কোথায় স্থানান্তর করা হয়?**
K লাভ-লোকসান হিসাবে
L আর্থিক বিবরণী
M মূলধন বা চলতি হিসাবে
N স্থিতিশীল মূলধন হিসাবে

৩. **অংশীদারি ব্যাংক ব্যবসায়ে সর্বোচ্চ সদস্যসংখ্যা কতজন?**
K ২ L ১০
M ২০ N ৫০

■ **নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আবু, বাবু ও লাবু একটি অংশীদারি প্রতিষ্ঠানের তিনজন অংশীদার। ০১-০১-২০২২ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ১,০০,০০০ টাকা, ৭৫,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। ২০২২ সালে প্রতিষ্ঠানের নিট মুনাফা দাঁড়ায় ৭২,০০০ টাকা।

৪. **অংশীদারদের মূলধন অনুপাতে মুনাফা বণ্টন করলে লাবু কত টাকা মুনাফা পাবে?**
K ৮,০০০ L ১৬,০০০
M ২৪,০০০ N ৩২,০০০

৫. **বাবুর উত্তোলন ৮,০০০ টাকা এবং মুনাফা সমান ভাগে ভাগ করা হলে তার সমাপনী মূলধন কত টাকা হবে?**
K ৫০,০০০ L ৭৫,০০০
M ৯১,০০০ N ৯৯,০০০

৬. **শেয়ারহোল্ডারদেরকে প্রদত্ত মুনাফার অংশকে কী বলা হয়?**
K সুদ L কমিশন
M লভ্যাংশ N দালালি

৭. **যারা কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করে তাদেরকে কী বলা হয়?**
K নিবন্ধক L দালাল
M কমিশন এজেন্ট N অবলেখক

৮. **যৌথমূলধনী কোম্পানি-**
i. চিরন্তন অস্তিত্বসম্পন্ন
ii. নিবন্ধিত
iii. সীমাহীন দায়বিশিষ্ট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :
সালাম লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে নিবন্ধিত। কোম্পানি ৮০,০০০ শেয়ার ৮,৪০,০০০ টাকায় এবং ৭০,০০০ শেয়ার ৭,৩৫,০০০ টাকায় বিলি করল।

৯. কোম্পানির মোট অধিহারের পরিমাণ কত টাকা?
K ৫০,০০০ L ৭৫,০০০
M ১,২৫,০০০ N ১,৫০,০০০

১০. **মোট বিলিকৃত মূলধনের পরিমাণ কত টাকা?**
K ৮,০০,০০০ L ৮,৫০,০০০
M ১৫,০০,০০০ N ১৫,৮০,০০০

১১. **অবচয় কোন ধরনের ব্যয়?**
K বকেয়া ব্যয় L অনগদ ব্যয়
M নগদ ব্যয় N দৃশ্যমান ব্যয়

১২. **চলতি সম্পদ ১,২০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৩ : ১। চলতি দায় কত টাকা?**
K ৩০,০০০ L ৪০,০০০
M ৮০,০০০ N ১,২০,০০০

১৩. **নিচের কোনটি কাল্পনিক সম্পদ?**
K সুনাম L গ্রন্থস্বত্ব
M ট্রেডমার্ক N শেয়ার অবহার

■ **নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
বাঙলা কোম্পানির শেয়ার মূলধন ১০,০০,০০০ টাকা, ভূমি ৪,০০,০০০ টাকা, দালানকোঠা ৫,৫০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ২৮,০০০ টাকা, প্রদেয় হিসাব ২২,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা, প্রদেয় নোট ৮,০০০ টাকা, প্রাপ্য নোট ৬,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা, অগ্রিম আয় ৩,০০০ টাকা এবং বকেয়া খরচ ৫,০০০ টাকা।

১৪. **চলতি সম্পদের পরিমাণ কত টাকা?**
K ৬৬,০০০ L ১,০৬,০০০
M ১,০৯,০০০ N ১,১৪,০০০

১৫. **চলতি দায়ের পরিমাণ কত টাকা?**
K ৫০,০০০ L ৫৮,০০০
M ৬১,০০০ N ৬৬,০০০

১৬. **চলতি মূলধন অনুপাত কোনটি?**
K চলতি সম্পদ ÷ চলতি দায়
L চলতি মূলধন ÷ চলতি দায়
M চলতি সম্পদ ÷ চলতি মূলধন
N চলতি মূলধন ÷ চলতি সম্পদ

১৭. **কোনটি উপার্জন অনুপাত?**
K কার্যকরী মূলধন অনুপাত
L মজুদ আবর্তন অনুপাত
M পরিচালন মুনাফা অনুপাত
N বিনিয়োজিত মূলধন অনুপাত

১৮. **স্বল্পমেয়াদি তারল্য অনুপাত হলো–**
i. তারল্য অনুপাত
ii. চলতি অনুপাত
iii. কার্যকরী মূলধন অনুপাত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
আদিয়ান ট্রেডার্সের নগদ তহবিল ১৫,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা, প্রদেয় হিসাব ২০,০০০ টাকা, অগ্রিম প্রদত্ত খরচ ৬,০০০ টাকা, বকেয়া খরচ ৭,৫০০ টাকা, প্রাপ্য আয় ৮,০০০ টাকা, প্রদেয় নোট ১০,০০০ টাকা, প্রাপ্য নোট ৫,০০০ টাকা এবং মজুদ পণ্য ২৫,০০০ টাকা।

১৯. **আদিয়ানের চলতি অনুপাত কত?**
K ২.০২ : ১ L ২.২৪ : ১
M ২.৬০ : ১ N ২.৮০ : ১

২০. **চলতি মূলধন কত টাকা?**
K ৩৮,৫০০ L ৪০,০০০
M ৪৬,৫০০ N ৫৪,০০০

২১. **জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেলে কর্মচারীদের কোন ভাতাটি প্রদান করা হয়?**
K বিশেষ ভাতা L মহার্ঘ ভাতা
M ভ্রমণ ভাতা N যাতায়াত ভাতা

২২. **শ্রমিকের পারিশ্রমিককে কী বলে?**
K বেতন L মজুরি
M কমিশন N মহার্ঘ ভাতা

২৩. **বিক্রয়মূল্যের ওপর ২০% মুনাফা হলে মোট ব্যয়ের উপর মুনাফার হার কত?**
K ১৬.৬৭% L ২০%
M ২৫% N ৩৩.৩৩%

২৪. **রূপান্তর ব্যয়ের উপাদান –**
i. প্রত্যক্ষ কাঁচামাল
ii. প্রত্যক্ষ শ্রম
iii. কারখানার উপরিব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
প্রত্যক্ষ কাঁচামাল ১,৫০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৯০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ৫৪,০০০ টাকা, অফিস ও প্রশাসনিক উপরিব্যয় ৩০,০০০ টাকা।

২৫. **মজুরির ওপর কারখানার উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ৩০% L ৪০%
M ৫০% N ৬০%

২৬. **উৎপাদন ব্যয়ের ওপর অফিস ও প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার কত?**
K ১০.২০% L ২০%
M ১৫.৭৯% N ৫৫.৫৫%

২৭. **চুক্তিতে উল্লেখ না থাকলে অংশীদারদের প্রদত্ত ঋণের ওপর সুদ ধরা হয় কত হারে?**
K ৪% L ৫%
M ৬% N ৮%

২৮. **বিন কার্ড কে সংরক্ষণ করেন?**
K ক্যাশিয়ার L ফোরম্যান
M গুদামরক্ষক N হিসাবরক্ষক

■ নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
অর্পিতা লি. এর ২০২২ সালের নভেম্বর মাসের মাল খতিয়ানে প্রারম্ভিক মজুদ ছিল ২০০ কেজি প্রতিকেজি ১৫ টাকা দরে। ১৫ নভেম্বর তারিখে ক্রয় ৩০০ কেজি ২০ টাকা দরে এবং ২৫ নভেম্বর তারিখে ইস্যু ২৮০ কেজি।

২৯. **FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা?**
K ৩,০০০ L ৪,৪০০
M ৫,৬০০ N ৬,০০০

৩০. **ভারযুক্ত গড় পদ্ধতিতে প্রতি একক পণ্যের ইস্যু মূল্য কত টাকা?**
K ১৫ L ১৬
M ১৭ N ১৮

# ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 5 | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **দ্রব্যমূল্য বা জীবনযাত্রার ব্যয়ের সাথে সংগতি বিধানের নিমিত্তে কর্মীদের প্রদত্ত সুবিধাকে কী বলে?**
K দুর্মূল্য ভাতা L মূল্যস্ফীতি ভাতা
M দৈনিক ভাতা N বার্ষিক বেতন বৃদ্ধি
*[বি.দ্র. সঠিক উত্তর : মহার্ঘভাতা।]

২. **তরল অনুপাত—**
i. তারল্য নির্দেশ করে
ii. সচ্ছলতা নির্দেশ করে
iii. উপার্জন ক্ষমতা নির্দেশ করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩. **FOB Destination দ্বারা নিচের কোনটি বোঝায়?**
K পণ্যের বহন খরচ বিক্রেতা বহন করে
L পণ্যের বহন খরচ ক্রেতা বহন করে
M পণ্যের বহন খরচ বিমা কোম্পানি বহন করে
N পণ্যের বহন খরচ ক্রেতা বা বিক্রেতা যেকোনো জন বহন করে

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
অনিক লি. এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি উহার ৮০% শেয়ার ১০% অবহারে ইস্যু করে। কোম্পানি ৩,৮০,০০০ শেয়ারের আবেদন পায় এবং শেয়ারগুলো যথারীতি বণ্টন করে।

৪. **অনিক লি. এর আদায়কৃত মূলধন কত?**
K ৪০,০০,০০০ টাকা
L ৩৮,০০,০০০ টাকা
M ৩৬,০০,০০০ টাকা
N ৩৪,২০,০০০ টাকা

৫. **এ ক্ষেত্রে কোম্পানির অলীক সম্পদের পরিমাণ কত?**
K ৫,০০,০০০ টাকা L ৪,০০,০০০ টাকা
M ৩,৮০,০০০ টাকা N ৩,৬০,০০০ টাকা

৬. **ভ্যাটসহ পণ্য ক্রয় ৮৩,০০০ টাকা, অলিখিত ক্রয় ২,০০০ টাকা, ক্রয় ফেরত ৪,৫০০ টাকা। ১৫% হারে ক্রয়ের উপর ভ্যাটের পরিমাণ কত?**
K ১০,৫০০ টাকা L ১১,০৮৭ টাকা
M ১২,০৭৫ টাকা N ১২,৭৫০ টাকা

৭. **দেনাদার আবর্তন অনুপাতের মাধ্যমে কী জানা যায়?**
K মুনাফা অর্জন ক্ষমতা
L প্রাপ্য হিসাব হতে অর্থ আদায়ের ক্ষমতা
M চলতি দায় পরিশোধ ক্ষমতা
N স্বল্পকালীন সচ্ছলতা

৮. **অলীক সম্পদ হলো—**
i. শেয়ার অধিহার ii. অবলেখকের দস্তুরি
iii. ঋণপত্রের অবহার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. **বিক্রীত পণ্যের ব্যয় প্রতিবার বিক্রয়ের সাথে হিসাবভুক্ত হয় কোন পদ্ধতিতে?**
K গড় মজুদ পদ্ধতি L অবিরত মজুদ পদ্ধতি
M কালান্তিক মজুদ পদ্ধতি
N নির্দিষ্ট শনাক্তকরণ পদ্ধতি

১০. **IPO-এর পূর্ণরূপ কী?**
K Initial Public Offering
L Internal Price Offering
M International Public Offering
N Initial Price Offering

১১. **চুক্তির অবর্তমানে একজন অংশীদার নিচের কোনটি দাবি করতে পারে?**
K মূলধনের সুদ L ঋণের সুদ
M বেতন N কমিশন

১২. **উদ্বৃত্তপত্রের মূলধনজাতীয় ব্যয় কীভাবে দেখানো হয়?**
K সঞ্চিতি ও উদ্বৃত্ত L চলতি দায়
M সম্পত্তি N দীর্ঘমেয়াদি দায়

১৩. **অংশীদারি কারবারের বিলোপ ঘটে—**
i. কোনো অংশীদার দেউলিয়া হলে
ii. কোনো অংশীদারের মৃত্যু হলে
iii. কোনো অংশীদার অবসর গ্রহণ করলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
সোনিয়া ট্রেডার্স নিম্নোক্ত তথ্যাবলি সরবরাহ করে: পণ্য ক্রয় ৩,০০,০০০ টাকা, মজুরি ১০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ৬০,০০০ টাকা, সমাপনী মজুদ ৭৫,০০০ টাকা এবং মোট লাভ বিক্রয়ের ২০%।

১৪. **বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ২,৭৫,০০০ টাকা L ২,৮৫,০০০ টাকা
M ২,৯৫,০০০ টাকা N ৩,২৫,০০০ টাকা

১৫. **বিক্রয়ের পরিমাণ কত?**
K ৩,৩০,০০০ টাকা L ৩,৪২,০০০ টাকা
M ৩,৬৮,৭৫০ টাকা N ৩,৯০,০০০ টাকা

১৬. **উৎপাদন ব্যয় হিসাবের প্রত্যক্ষ ব্যয়সমূহের সমষ্টি দ্বারা কী বোঝায়?**
K উৎপাদন ব্যয় L কারখানা ব্যয়
M রূপান্তর ব্যয় N মুখ্য ব্যয়

১৭. **রাফি তার অংশীদারি ব্যবসায় হতে প্রতিমাসে ৩,০০০ টাকা হারে সারাবছর উত্তোলন করেন। তিনি বৎসরে ১০,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেন। ৬% হারে উত্তোলনের সুদ কত?**
K ৯৯০ টাকা L ১,০৮০ টাকা
M ১,১৭০ টাকা N ১,৬৮০ টাকা

১৮. **মোট মজুরি হতে কর্তন করা হয়—**
i. ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার দান
ii. ভবিষ্য তহবিলে কর্মীর দান
iii. কল্যাণ তহবিলে কর্মীর দান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. **মাল খতিয়ান কে সংরক্ষণ করেন?**
K ভান্ডার রক্ষক
L উৎপাদন ব্যয় হিসাবরক্ষক
M উৎপাদন ব্যবস্থাপক
N ক্রয় ব্যবস্থাপক

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
রনি, রিপা এবং রূপার প্রারম্ভিক মূলধন যথাক্রমে ৫,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা এবং ৪,০০,০০০ টাকা। মূলধনের সুদের হার ১০%। সারাবছরে কারবারের নিট মুনাফা ৪,৫১,০০০ টাকা। রূপা কমিশন ধার্য করার পরবর্তী নিট মুনাফার উপর ১০% হারে কমিশন পায়।

২০. **কারবারে বিনিয়োজিত মূলধনের সুদ কত টাকা?**
K ৩০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৫০,০০০ টাকা N ১,২০,০০০ টাকা

২১. **রূপার প্রাপ্য কমিশন কত টাকা?**
K ৪৫,১০০ টাকা L ৪১,০০০ টাকা
M ৩৩,১০০ টাকা N ৩০,০৯১ টাকা

২২. **নিচের কোন দলিল অনুসারে যৌথমূলধনী কোম্পানির দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হয়?**
K বিবরণপত্র L ঘোষণাপত্র
M পরিমেলবন্ধ N পরিমেল নিয়মাবলি

২৩. **প্রাইভেট লিমিটেড কোম্পানি—**
i. শেয়ারবাজারে শেয়ার বিক্রয় করে না
ii. বিবরণপত্র প্রচার করতে পারে না
iii. সদস্যদের মধ্যে শেয়ার হস্তান্তর করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. **সংশ্লিষ্ট হিসাব বৎসরে প্রাপ্ত কিন্তু অর্জিত হয়নি এমন আয়কে কী বলে?**
K প্রাপ্য আয় L অনুপার্জিত আয়
M প্রকৃত আয় N সম্পত্তি

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
দীপা লি. নিম্নোক্ত তথ্যাবলি সরবরাহ করে— প্রারম্ভিক মজুদ পণ্য ৪৮,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা, নগদ তহবিল ১,০৪,০০০ টাকা, প্রাপ্য হিসাব ১,৬০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৯৬,০০০ টাকা, বিক্রয় ৩,২৪,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ২,৭০,০০০ টাকা।

২৫. **দীপা লি.-এর ত্বরিত অনুপাত কত?**
K ২ ঃ ১ L ২.৩ ঃ ১
M ২.৫ ঃ ১ N ২.৭৫ ঃ ১

২৬. **মজুদ আবর্তন অনুপাত কত?**
K ৪ – ৫ বার L ৫ বার
M ৫.৬২৫ বার N ৬ বার

২৭. **শ্রম আইন অনুযায়ী একজন শ্রমিকের দৈনিক স্বাভাবিক কাজের সময় কত ঘণ্টা?**
K ৭ ঘণ্টা L ৮ ঘণ্টা
M ৯ ঘণ্টা N ১০ ঘণ্টা

২৮. **চলতি সম্পদ ১,৫০,০০০ টাকা। চলতি অনুপাত ৫ : ২। চলতি দায় কত?**
K ৩০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৭৫,০০০ টাকা N ৯০,০০০ টাকা

২৯. **রূপান্তর ব্যয় নির্ণয়ের সূত্র নিচের কোনটি?**
K প্রত্যক্ষ শ্রম + উৎপাদন উপরিব্যয়
L প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম
M প্রত্যক্ষ শ্রম + প্রত্যক্ষ ব্যয় + প্রত্যক্ষ কাঁচামাল
N মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয়

৩০. **২০ একক পণ্যের উৎপাদন ব্যয় ৪০০ টাকা। কোম্পানি বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা করে। প্রতি একক পণ্যের বিক্রয়মূল্য কত?**
K ১৫ টাকা L ২০ টাকা
M ২৫ টাকা N ৩০ টাকা

# রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়–২০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. একটি কোম্পানির ৩৬,০০০ টাকা চলতি মূলধন রয়েছে। চলতি অনুপাত ৫ : ২ হলে চলতি দায়ের পরিমাণ কত?
K ৭,২০০ টাকা L ১৮,০০০ টাকা
M ২৪,০০০ টাকা N ৩৬,০০০ টাকা

২. অলীক সম্পদ হলো–
i. শেয়ার অধিহার
ii. প্রাথমিক খরচ
iii. বিলম্বিত বিজ্ঞাপন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩. নিচের কোনটি দ্বারা স্বল্পকালীন সচ্ছলতা যাচাই করা হয়?
K দায়-মালিকানা অনুপাত
L মূলধন গিয়ারিং অনুপাত
M মজুদ আবর্তন অনুপাত
N কার্যকরী মূলধন অনুপাত

৪. কোনটি বণ্টনযোগ্য মুনাফার অংশ?
K আয়কর সঞ্চিতি
L সাধারণ সঞ্চিতি তহবিল
M মূলধন সঞ্চিতি তহবিল
N কল্যাণ তহবিল

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
স্থায়ী সম্পদ ১২,০০,০০০ টাকা, চলতি মূলধন ৬,০০,০০০ টাকা ও চলতি দায় ২,০০,০০০ টাকা।

৫. মোট সম্পদের পরিমাণ কত টাকা?
K ৪,০০,০০০ L ৬,০০,০০০
M ১৮,০০,০০০ N ২০,০০,০০০

৬. কার্যকরী মূলধন অনুপাত কত?
K ১ : ১ L ২ : ১ M ৩ : ১ N ৬ : ১

৭. পণ্যের নকশা ব্যয় কোন ধরনের ব্যয়?
K প্রত্যক্ষ ব্যয় L কারখানা উপরিব্যয়
M প্রশাসনিক উপরিব্যয়
N বিক্রয় উপরিব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
সাকিব, রাকিব ও সুজন ৩ জন অংশীদার। ০১-০১-২০২১ তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ৫১,০০০ টাকা, ৩৪,০০০ টাকা ও ১৭,০০০ টাকা। ২০২১ সালে নিট মুনাফা দাঁড়ায় ৩৯,০০০ টাকা।

৮. অংশীদারদের মূলধন অনুপাতে মুনাফা বণ্টন করলে সুজন কত পাবে?
K ৬,৫০০ টাকা L ১৩,০০০ টাকা
M ১৮,৫০০ টাকা N ১৯,৫০০ টাকা

৯. রাকিব-এর উত্তোলন ৫,০০০ টাকা এবং মুনাফা সমান ভাগে ভাগ করা হলে তার সমাপনী মূলধন কত?
K ৫৯,০০০ টাকা L ৪২,০০০ টাকা
M ৩৯,০০০ টাকা N ২৫,০০০ টাকা

১০. শেয়ার আবেদনের টাকা ১৮০ দিনের মধ্যে ফেরত না দিলে কত% হারে সুদ দিতে হয়?
K ৬% L ৭%
M ৮% N ৯%

১১. শেয়ার বিক্রির জন্য কোন দলিলটি প্রয়োজন হয়?
K বিবরণপত্র L সংঘবিধি
M কার্যারম্ভের অনুমতিপত্র
N সংঘস্মারক

১২. বিন কার্ডে কোনটি লিপিবদ্ধ থাকে না?
K মালের মূল্য L প্রাপ্ত মালের পরিমাণ
M ইস্যুকৃত মালের পরিমাণ
N উদ্বৃত্ত মালের পরিমাণ

১৩. প্রত্যক্ষ কাঁচামাল ২০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৫,০০০ টাকা, কারখানা উপরিব্যয় প্রত্যক্ষ মজুরির ৪০% হলে কারখানা ব্যয় কত?
K ২০,০০০ টাকা L ২২,০০০ টাকা
M ২৫,০০০ টাকা N ২৭,০০০ টাকা

১৪. কাঁচামাল ৩০,০০০ টাকা, মজুরি ১২,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ৮,০০০ টাকা, প্রশাসনিক খরচ ২,০০০ টাকা। উৎপাদন একক ২,০০০ হলে এককপ্রতি উৎপাদন ব্যয় কত?
K ২০ টাকা L ২২ টাকা
M ২৫ টাকা N ২৬ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
গামা লি. এর মাল খতিয়ানসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| ২০২১ | | |
| জুলাই | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০০ একক ২০ টাকা দরে। |
| " | ১০ | ক্রয় ৩০০ একক ২৫ টাকা দরে। |
| " | ১৫ | ইস্যু ৭০০ একক। |
| " | ২০ | ক্রয় ৪০০ একক ৩০ টাকা দরে। |
| " | ২৫ | ইস্যু ২০০ একক। |

১৫. FIFO পদ্ধতিতে ১৫ জুলাই তারিখে ইস্যুকৃত মালের মূল্য কত?
K ১৫,০০০ টাকা L ১৫,৩১২ টাকা
M ১৫,৫০০ টাকা N ১৭,৫০০ টাকা

১৬. ভারযুক্ত গড় পদ্ধতিতে জুলাই ২৫ তারিখে ইস্যুকৃত মালের মূল্য কত হবে?
K ৪,০০০ টাকা L ৫,০০০ টাকা
M ৫,৬৭৫ টাকা N ৬,০০০ টাকা

১৭. ক্রয়মূল্য ৯০ টাকা, বিক্রয়মূল্য ক্রয়মূল্যের ৩০০% হলে লাভের পরিমাণ কত?
K ৯০ টাকা L ১৮০ টাকা
M ২৭০ টাকা N ৩৬০ টাকা

১৮. পাবলিক লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্যসংখ্যা কত?
K বিশ জন L পঞ্চাশ জন
M অসীম সদস্য N শেয়ার দ্বারা সীমাবদ্ধ

১৯. ঋণপত্র কোম্পানির কোন ধরনের দায়?
K চলতি দায় L সম্ভাব্য দায়
M অন্তঃদায় N দীর্ঘমেয়াদি দায়

২০. অংশীদারি ব্যবসায়ের দায়–
K সীমাবদ্ধ
L অসীম
M মূলধন দ্বারা সীমাবদ্ধ
N মুনাফা বণ্টন অনুপাতে সীমাবদ্ধ

২১. শ্রমিকদের কী প্রদান করা হয়?
K মজুরি L বেতন
M সম্মানী N কমিশন

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
আবীর কোং লিমিটেডের অনুমোদিত মূলধন ১০ টাকা করে ৫,০০,০০০ শেয়ার। কোম্পানি ৮০% শেয়ার ১০% অবহারে ইস্যু করে।

২২. আবীর কোং লিমিটেডের ইস্যুকৃত শেয়ারের সংখ্যা কত?
K ৪০,০০০ L ৫০,০০০
M ৪,০০,০০০ N ৫,০০,০০০

২৩. শেয়ার অবহারের পরিমাণ কত টাকা?
K ৪,০০,০০০ L ৫,০০,০০০
M ৪০,০০,০০০ N ৫০,০০,০০০

২৪. নিচের কোনটি অংশীদারি ব্যবসায়ে বাধ্যতামূলক?
K আইনগত সত্তা L চুক্তি
M দলিল N নিবন্ধন

২৫. সমাপনী মজুদ পণ্য–
i. প্রারম্ভিক মজুদ + নিট ক্রয়– বিক্রীত পণ্যের ব্যয়
ii. হাতে মজুদ একক × ক্রয়মূল্য – প্রারম্ভিক মজুদ
iii. হাতে মজুদ একক × এককপ্রতি ক্রয়মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৬. মোট লাভ অনুপাত যাচাই করে –
K স্বল্পমেয়াদি দায় পরিশোধ ক্ষমতা
L দীর্ঘমেয়াদি দায় পরিশোধ ক্ষমতা
M মুনাফা অর্জন ক্ষমতা
N ব্যবস্থাপকীয় দক্ষতা

২৭. অংশীদারি ব্যবসায় অংশীদার গ্রহণ ও বহিষ্কার করা হয়ে থাকে–
K চুক্তিপত্র অনুসারে
L অংশীদারি আইন অনুসারে
M সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সিদ্ধান্ত অনুসারে
N অংশীদারদের সর্বসম্মতিক্রমে
*[**বি.দ্র. সঠিক উত্তর : ক ও ঘ**]

২৮. বিক্রয়ের উপর মুনাফার হার ৩০% হলে বিক্রীত পণ্যের ব্যয়ের উপর মুনাফার হার কত?
K ৩০.০০% L ৪২.৮৫%
M ১৩০.০০% N ১৪২.৮৫%

২৯. অপরিচালন আয়–
i. শিক্ষানবিশ সেলামি
ii. প্রাপ্ত কমিশন
iii. শেয়ার লভ্যাংশ প্রাপ্তি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. কোন পদ্ধতিতে মজুদ মালের মোট মূল্যকে মোট পরিমাণ দ্বারা ভাগ করে এককপ্রতি মূল্য নির্ণয় করা হয়?
K FIFO L LIFO
M সরল গড় N ভারযুক্ত গড়

# যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়—২০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. অংশীদারি ব্যবসায়ে অংশীদারগণকে কোন অনুপাতে মূলধন বিনিয়োগ করতে হয়?
K সমান অনুপাতে
L মুনাফা বন্টন অনুপাতে
M চুক্তি অনুযায়ী
N অংশীদারদের ইচ্ছা অনুযায়ী

২. আয় বিবরণী তৈরি করার সময় মুনাফাবিহীন বিক্রয়—
i. বিক্রয় থেকে বাদ যায়
ii. ক্রয় থেকে বাদ যায়
iii. প্রারম্ভিক মজুদ পণ্য থেকে বাদ যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩. শেয়ার অবহার কী ধরনের সম্পত্তি?
K স্থায়ী L চলতি
M অস্পর্শনীয় N অলীক

৪. কাঁচামালের ব্যয় ৬,০০০ টাকা, মজুরি ৩,০০০ টাকা এবং কারখানা উপরিব্যয় ৪,০০০ টাকা হলে মুখ্য ব্যয় কত?
K ৭,০০০ টাকা L ৯,০০০ টাকা
M ১০,০০০ টাকা N ১৩,০০০ টাকা

৫. পরিবহনসংক্রান্ত শর্ত হলো—
i. FOB shipping point
ii. 2/EOM
iii. FOB destination
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
ABC কোম্পানি লি. এর বিক্রয় ৬০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৪০,০০০ টাকা। অপরিচালন আয় ২,০০০ টাকা এবং অপরিচালন ব্যয় ৪,০০০ টাকা হলে—

৬. করপূর্ব নিট মুনাফা কত?
K ৯৮,০০০ টাকা L ৪৬,০০০ টাকা
M ২২,০০০ টাকা N ১৮,০০০ টাকা

৭. আয়করের হার ৪০% হলে কর পরবর্তী নিট মুনাফা কত?
K ৫৮,৮০০ টাকা L ২৭,৬০০ টাকা
M ১৩,২০০ টাকা N ১০,৮০০ টাকা

৮. চলতি মূলধন বলতে বোঝায়—
K মোট সম্পদ – মোট দায়
L মোট সম্পদ – চলতি দায়
M চলতি সম্পদ– চলতি দায়
N তরল সম্পদ–তরল দায়

৯. ব্যবস্থাপনা প্রতিনিধির কমিশন চার্জ করার পরবর্তী নিট মুনাফার ওপর ৫% হারে কমিশন দিতে হলে কমিশন ধার্য করতে হবে—
K ১০০ টাকায় ৫ টাকা হারে
L ৯৫ টাকায় ৫ টাকা হারে
M ১০০ টাকায় ৯৫ টাকা হারে
N ১০৫ টাকায় ৫ টাকা হারে

১০. হিসাব বছরের শেষে লভ্যাংশ ঘোষণা করা হলে কোম্পানির আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
K সংরক্ষিত আয় কমে যাবে
L নিট মুনাফা কমে যাবে
M মোট মুনাফা কমে যাবে
N মোট সম্পদ কমে যাবে

১১. কোনটি অপরিচালন ব্যয়?
K সুদ খরচ L বিমা খরচ
M বেতন খরচ N বিজ্ঞাপন খরচ

১২. স্থিতিশীল মূলধন পদ্ধতিতে তৈরি করা হয়—
i. লাভ-লোকসান আবণ্টন হিসাব
ii. অংশীদারদের মূলধন হিসাব
iii. অংশীদারদের চলতি হিসাব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. যখন কোম্পানি নিজের শেয়ার ক্রয় করে তখন তাকে বলে—
K বোনাস শেয়ার L অগ্রাধিকারযুক্ত শেয়ার
M ট্রেজারি শেয়ার N সাধারণ শেয়ার

১৪. মনিহারি ক্রয় ৫,০০০ টাকা, প্রারম্ভিক মনিহারি ১,০০০ টাকা এবং সমাপনী মনিহারি ৩,০০০ টাকা হলে ব্যবহৃত মনিহারির পরিমাণ কত?
K ৩,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৬,০০০ টাকা N ৭,০০০ টাকা

১৫. মুখ্য ব্যয়ের উপাদান কোনটি?
K পরোক্ষ মজুরি L উৎপাদন মজুরি
M অফিস ভাড়া
N কারখানা যন্ত্রপাতির অবচয়

১৬. বিন কার্ড হতে জানা যায়—
K মজুদ পণ্যের মূল্য
L মজুদ পণ্যের পরিমাণ
M মজুদ পণ্যের ঘাটতি
N মজুদ পণ্যের ব্যবহার

১৭. কোম্পানির শেয়ার যে মূল্যে ইস্যু করা হয়—
i. সমহারে ii. অধিহারে
iii. অবহারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৮. ভ্যাট প্রকৃতপক্ষে কার কাছ থেকে আদায় করা হয়?
K উৎপাদনকারী L ভোক্তা
M পাইকারি ব্যবসায়ী N খুচরা ব্যবসায়ী

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
কলি ও মালা একটি অংশীদারি কারবারের অংশীদার। তাদের প্রারম্ভিক মূলধন ছিল যথাক্রমে ৮০,০০০ টাকা এবং ৭৫,০০০ টাকা। তারা মূলধনের ওপর ১০% হারে সুদ ধার্য করে। কলি কারবার পরিচালনায় অংশগ্রহণ করে না।

১৯. কলি কী ধরনের অংশীদার?
K নামমাত্র অংশীদার L নিষ্ক্রিয় অংশীদার
M সাধারণ অংশীদার N সীমিত অংশীদার

২০. কারবারে মোট মূলধনের সুদ কত?
K ১৫,৫০০ টাকা L ৮,০০০ টাকা
M ৭,৫০০ টাকা N ৫০০ টাকা

২১. তাৎক্ষণিক দায় পরিশোধের ক্ষমতা নির্ণয়ের অনুপাত—
K তড়িৎ অনুপাত
L চলতি অনুপাত
M চলতি মূলধন অনুপাত
N দায়-মালিকানা অনুপাত

২২. কোনটি বেতন বিবরণীর উপার্জনের উপাদান?
K আয়কর L ভবিষ্য তহবিলে চাঁদা
M কল্যাণ তহবিলে চাঁদা N মহার্ঘ ভাতা

২৩. উৎপাদন ব্যয় বিবরণীর সাহায্যে নির্ণয় করা যায়—
i. কারখানা ব্যয়
ii. বিক্রীত পণ্যের ব্যয়
iii. মোট ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. অংশীদারি কারবারে উত্তোলনের সুদ কী নির্দেশ করে?
K দায় L সম্পদ M ব্যয় N আয়

২৫. ইকুইটি কী?
K শুধু মূলধন
L সম্পত্তির ওপর মালিকের দাবি
M শুধু নিট লাভ N সঞ্চিতি ও উদ্বৃত্ত

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. হারুন ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে ২০০০ একক পণ্য ২ টাকা দরে, জানুয়ারি ১৭ তারিখে ৩০০০ একক পণ্য ৩ টাকা দরে ক্রয় করে এবং জানুয়ারি ৩১ তারিখে ২,৫০০ একক পণ্য ইস্যু করে।

২৬. ভারযুক্ত গড় পদ্ধতিতে এককপ্রতি পণ্যের মূল্য কত?
K ২.০০ টাকা L ২.৫০ টাকা
M ২.৬০ টাকা N ৩.০০ টাকা

২৭. FIFO পদ্ধতিতে ইস্যুকৃত মালের মূল্য কত?
K ৫,০০০ টাকা L ৫,৫০০ টাকা
M ৬,২০০ টাকা N ৭,৫০০ টাকা

২৮. কোন উপাদানটি চলতি অনুপাত নির্ণয়ে ব্যবহৃত হয়?
K অফিস খরচ L মনিহারি ব্যয়
M বকেয়া বেতন N বকেয়া তলব

২৯. মুনাফা অর্জন ক্ষমতা অনুপাত হলো—
i. মোট লাভ অনুপাত
ii. তারল্য অনুপাত
iii. নিট লাভ অনুপাত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩০. কাঁচামালের প্রারম্ভিক মজুদ ২৬,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ১,২০,০০০ টাকা; কাঁচামালের পরিবহন ব্যয় ৪,০০০ টাকা এবং কাঁচামালের সমাপনী মজুদ ৬,০০০ টাকা হলে কারখানায় ব্যবহৃত কাঁচামালের মূল্য কত?
K ১,৫০,০০০ টাকা L ১,৪৪,০০০ টাকা
M ১,৪০,০০০ টাকা N ১,২৪,০০০ টাকা

SURE SUCCESS

# কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়–২০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. একটি উৎপাদন প্রতিষ্ঠানের কাঁচামাল ক্রয় ২০,০০০ টাকা, কারখানা ভাড়া ২,০০০ টাকা, মুখ্য ব্যয় ৪৩,০০০ টাকা, কারখানা ম্যানেজারের বেতন ৩,০০০ টাকা, বিজ্ঞাপন খরচ ২,০০০ টাকা হলে কারখানার উৎপাদন ব্যয় কত হবে?
K ৭০,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ৪৮,০০০ টাকা N ২৭,০০০ টাকা

২. নিচের কোনটি আর্থিক সুবিধা?
K বাড়িভাড়া ভাতা L বাসস্থান সুবিধা
M অগ্রিম মজুরি N যানবাহন সুবিধা

৩. মহার্ঘ ভাতা প্রদান করা হয়–
i. দ্রব্যমূল্য ক্রয় ঊর্ধ্বগতির জন্য
ii. জীবনযাত্রার মান বৃদ্ধির জন্য
iii. মুদ্রাস্ফীতির জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. নিচের কোনটি নির্ণয় করার জন্য মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়?
K বিক্রীত পণ্যের ব্যয় L ক্রয়কৃত পণ্যের ব্যয়
M অবিক্রীত পণ্যের ব্যয় N নিট অর্জন ব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
প্রগতি লি. এর মজুদ পণ্যসংক্রান্ত নিম্নোক্ত তথ্য সরবরাহ করা হয়েছে :

| তারিখে ২০২১ | বিবরণ | পরিমাণ (একক) | একক ব্যয় (টাকায়) |
|---|---|---|---|
| জানু. ১ | প্রারম্ভিক মজুদ | ২৫০ | ৫.৫০ |
| " ৫ | ক্রয় | ২০০ | ৬.৫০ |
| " ১০ | ক্রয় | ১৫০ | ৬.০০ |
| " ২০ | ক্রয় | ৩০০ | ৫.০০ |

অন্যান্য তথ্য : ৩১ জানুয়ারি সমাপনী মজুদ পণ্য ২০০ একক।

৫. FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্য কত টাকা?
K ১,৩০০ L ১,২০০
M ১,১০০ N ১,০০০

৬. ২০২১ সালের বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?
K ৫,০৭৫ L ৩,৭০০
M ২,৬৭৫ N ২,৪০০

৭. কীভাবে এককপ্রতি কাঁচামালের ভারযুক্ত গড় হার নির্ণয় কর হয়?
K মজুদ কাঁচামালের পরিমাণকে মোট বিক্রয়মূল্য দ্বারা ভাগ করে
L মজুদ কাঁচামালের মোট মূল্যকে মোট হাতে মজুদ একক দ্বারা ভাগ করে
M মজুদ কাঁচামালের পরিমাণকে মোট ক্রয়মূল্য দ্বারা গুণ করে
N মজুদ কাঁচামালের পরিমাণকে মোট বিক্রয়মূল্য দ্বারা গুণ করে

৮. উৎপাদন ব্যয়ের সবচেয়ে বড় অংশ ব্যয় হয় কোন খাতে?
K মজুরি বা শ্রম ব্যয় L কারখানা ব্যয়
M কাঁচামাল ক্রয় N প্রশাসনিক ব্যয়

৯. প্রতিষ্ঠানে তাৎক্ষণিক ঋণ পরিশোধের ক্ষমতা জানা যায়–
K চলতি অনুপাতের মাধ্যমে
L নিট আয় অনুপাতের মাধ্যমে
M চলতি মূলধন অনুপাতের মাধ্যমে
N ত্বরিত অনুপাতের মাধ্যমে

১০. কোনটি অনুপাত বিশ্লেষণের সীমাবদ্ধতা?
K অতীত ঘটনানির্ভর
L ভুলত্রুটি উদ্‌ঘাটন
M কারবারের গতি-প্রকৃতি অনুধাবন
N দক্ষতা যাচাই

১১. কারবারে ব্যবহৃত দীর্ঘমেয়াদি তহবিলকে কী বলে?
K সমাপনী মূলধন L কার্যকরী মূলধন
M প্রারম্ভিক মূলধন N বিনিয়োজিত মূলধন

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
অজন্তা এন্টারপ্রাইজের সম্পত্তি ও দায় নিম্নে প্রদত্ত হলো :
মজুদ পণ্য ১,০০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ১০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৪০,০০০ টাকা, নগদ তহবিল ও ব্যাংক জমা ১০,০০০ টাকা।

১২. অজন্তা এন্টারপ্রাইজের চলতি অনুপাত কত?
K ৪ : ১ L ৩ : ১
M ২.৫ : ১ N ১.২৫ : ১

১৩. ত্বরিত অনুপাতের ক্ষেত্রে প্রযোজ্য –
i. চলতি সম্পদ – সমাপনী মজুদপণ্য – অগ্রিম ব্যয় = ত্বরিত সম্পদ
ii. চলতি দায় + ব্যাংক জমা = ত্বরিত দায়
iii. চলতি দায় – ব্যাংক জমাতিরিক্ত = ত্বরিত দায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. যে সকল খরচ কারখানার সাথে জড়িত কিন্তু এক একটা পণ্যের জন্য আলাদাভাবে না হয়ে সকল পণ্যের জন্য একত্রে হয়ে থাকে তাকে–
K কারখানার পরোক্ষ খরচ বলে
L কারখানার প্রত্যক্ষ খরচ বলে
M বিক্রয় উপরি ব্যয় বলে
N প্রশাসনিক উপরি ব্যয় বলে

১৫. মোট ব্যয়ের সাথে কোন মুনাফা যোগ করে বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়?
K অর্জিত মুনাফা L প্রকৃত মুনাফা
M প্রত্যাশিত মুনাফা N অপ্রত্যাশিত মুনাফা

১৬. মোট শেয়ার ২০,০০০ এবং শেয়ারপ্রতি অভিহিত মূল্য ১০ টাকা। শেয়ারপ্রতি ২ টাকা অধিহারসহ কোম্পানি ১৬,০০০ টি শেয়ার ইস্যু করলে কোম্পানির শেয়ার মূলধন কত?
K ২,০০,০০০ টাকা L ১,৯২,০০০ টাকা
M ১,৬০,০০০ টাকা N ১,২৮,০০০ টাকা

১৭. অনুমোদিত মূলধনের যে অংশ বিক্রয়ের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রচার করা হয় তাকে কী বলে?
K অনুমোদিত মূলধন L ইস্যুকৃত মূলধন
M বিলিকৃত মূলধন N তলবকৃত মূলধন

১৮. অতিরিক্ত শেয়ার আবেদনের টাকা ফেরত প্রদানের জন্য জাবেদা কী হবে?
K ব্যাংক হিসাব ডেবিট; শেয়ার আবেদন হিসাব ক্রেডিট
L শেয়ার মূলধন হিসাব ডেবিট; ব্যাংক হিসাব ক্রেডিট
M শেয়ার আবেদন হিসাব ডেবিট; শেয়ার মূলধন হিসাব ক্রেডিট
N শেয়ার আবেদন হিসাব ডেবিট; ব্যাংক হিসাব ক্রেডিট

১৯. নিচের কোনটি দীর্ঘমেয়াদি দায়?
K ঋণপত্র L পাওনাদার
M ব্যাংক জমাতিরিক্ত N প্রদেয় বিল

২০. কোন নীতি অনুসারে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়?
K ব্যবসায়িক সত্তা নীতি
L চলমান প্রতিষ্ঠান নীতি
M হিসাবকাল ধারণা নীতি
N রক্ষণশীলতা নীতি

২১. রেওয়ামিলে আসবাবপত্র দেওয়া আছে ৮০,০০০ টাকা। সমন্বয়ে চলতি বছরের মাঝামাঝি আসবাবপত্র ক্রয় করা হয়েছে ২০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়েছে। ১০% অবচয় ধরা হলে অবচয়ের পরিমাণ কত?
K ১০,০০০ টাকা L ৮,০০০ টাকা
M ৭,০০০ টাকা N ৬,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
মিতা কোম্পানির ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে বিশদ আয় বিবরণীর তথ্য ছিল :
প্রারম্ভিক মজুদ পণ্য ৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ৭৫,০০০ টাকা, মজুরি ১,০০০ টাকা, বেতন ১,৫০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৪৮,৫০০ টাকা, বিক্রয় ১,০২,৫০০ টাকা, বিক্রয় ফেরত ২,৫০০ টাকা।

২২. মিতা কোম্পানির বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?
K ৭৯,০০০ টাকা L ৭৭,৫০০ টাকা
M ৭৬,৫০০ টাকা N ৭২,৫০০ টাকা

২৩. মিতা কোম্পানির হিসাব বছর শেষে বকেয়া বেতনের পরিমাণ ছিল ১,০০০ টাকা যা সমন্বয় করা হলে–
i. মোট মুনাফার পরিমাণ কমবে
ii. নিট মুনাফার পরিমাণ কমবে
iii. মোট বেতন ২,৫০০ টাকা হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. চুক্তির অবর্তমানে অংশীদারগণ কর্তৃক প্রদত্ত ঋণের উপর সুদের হার কত?
K ৫% L ৬% M ৭% N ৮%

২৫. চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারের অংশীদারদের মুনাফা বণ্টন করা হয়–
K মূলধন অনুপাতে L সমান অনুপাতে
M পরিচালনায় অংশগ্রহণ অনুপাত
N পরিচালনায় কর্মদক্ষতা অনুপাত

২৬. কোনো অংশীদার প্রত্যেক মাসের প্রথম তারিখে ২,০০০ টাকা উত্তোলন করলে উত্তোলনের সুদের পরিমাণ হবে– (সুদের হার ১০%)
K ২,৪০০ টাকা L ১,৩০০ টাকা
M ১,২০০ টাকা N ১,১০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
রিপন, আকাশ ও পলাশ একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ৩:২:১ অনুপাতে মুনাফা বণ্টন করে নেয়। ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ দাঁড়ায় ১,২০,০০০ টাকা।

২৭. পলাশের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ কত?
K ৬০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ২০,০০০ টাকা N ১০,০০০ টাকা

২৮. হিসাবভুক্তি হতে বাদ পড়ে যাওয়া আকাশের বার্ষিক বেতন ৩৬,০০০ টাকা এবং ব্যবসায় হতে পণ্য উত্তোলন ১২,০০০ টাকা সমন্বয় করা হলে–
i. মোট বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ হবে ৯৬,০০০ টাকা।
ii. পলাশের পরিবর্তিত বণ্টনযোগ্য মুনাফা হবে ১২,০০০ টাকা।
iii. আকাশের বণ্টনযোগ্য মুনাফা পূর্ববর্তী গণনা হতে ৮,০০০ টাকা কম হবে।
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৯. কোম্পানির শেয়ারের উপর বিরূপ প্রভাব পড়লে কোন মূল্যে কোম্পানি শেয়ার ইস্যু করে?
K অবহারে L অভিহিত মূল্যে
M অধিহারে N লিখিত মূল্যে

৩০. কোম্পানি সংগঠনের বৈশিষ্ট্য কোনটি?
K সদস্যদের অসীম দায়
L কম বিত্তসম্পন্ন মানুষের সংগঠন
M জনকল্যাণধর্মী প্রতিষ্ঠান
N প্রতিষ্ঠানের চিরন্তন অস্তিত্ব

# চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 5 | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**
রেনুয়ারা লি. এর কাঁচামালের প্রারম্ভিক মজুদ প্রতি কেজি ১৫ টাকা দরে ২০ কেজি, প্রতি কেজি ১৬ টাকা দরে ২৫০ কেজি ক্রয় এবং ইস্যুর পরিমাণ ২২৫ কেজি। কোম্পানি FIFO পদ্ধতিতে কাঁচামাল ইস্যু করে।

১. **সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত?**
K ২২ কেজি L ২৫ কেজি
M ৪৫ কেজি N ৬৭ কেজি

২. **FIFO পদ্ধতিতে ইস্যুকৃত কাঁচামালের মূল্য কত?**
K ৩,৩৭৫ টাকা L ৩,৫৮০ টাকা
M ৩,৬০০ টাকা N ৪,০০০ টাকা

৩. **অবচয় খরচ ব্যবসায় প্রতিষ্ঠানের—**
i. ব্যয় হ্রাস করে ii. ব্যয় বৃদ্ধি করে
iii. সম্পদ হ্রাস করে
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M i ও iii N ii ও iii

৪. **লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টির উদ্দেশ্য কী?**
K কোম্পানির আর্থিক নিরাপত্তার জন্য
L প্রতিবছর সামঞ্জস্য হারে লভ্যাংশ প্রদানের জন্য
M কোম্পানির আর্থিক সচ্ছলতার জন্য
N প্রতিবছর বেশি হারে লভ্যাংশ প্রদানের জন্য

৫. **তারিক লি. এর শেয়ার মূলধন ১০,৫০,০০০ টাকা, সঞ্চিতি তহবিল ১,৫০,০০০ টাকা, চলতি দায় ২,০০,০০০ টাকা, শেয়ার অধিহার ১,০০,০০০ টাকা এবং চলতি সম্পদ ৪,০০,০০০ টাকা হলে বিনিয়োজিত মূলধন কত টাকা?**
K ১৫,০০,০০০ টাকা L ১৩,০০,০০০ টাকা
M ১২,০০,০০০ টাকা N ১১,৫০,০০০ টাকা

৬. **মাসিক প্রদেয় ভাড়ার পরিমাণ ৩,০০০ টাকা। রেওয়ামিলে প্রদত্ত ভাড়া ৩০,০০০ টাকা। বছরের শেষে বিষয়টি দেখাতে হবে—**
i. বিশদ আয় বিবরণীতে ভাড়া ৩৬,০০০ টাকা
ii. আর্থিক অবস্থার বিবরণীতে চলতি দায় ৩৬,০০০ টাকা
iii. আর্থিক অবস্থার বিবরণীতে চলতি দায় ৬,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
খাদিজা লি.-এর হিসাব বই হতে ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত তথ্যগুলো নেওয়া হয়েছে :
অগ্রিম প্রদত্ত বিমা সেলামি ৩০,০০০ টাকা, যার ৩০% মেয়াদোত্তীর্ণ হয়েছে। শিক্ষানবিশ সেলামি ২৮,০০০ টাকা [৪ বছরের জন্য]

৭. **উক্ত বছরে বিশদ আয় বিবরণীতে বিমা খরচ হিসাবে কত টাকা দেখাতে হবে?**
K ৯,০০০ টাকা L ২১,৫০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৩৯,০০০ টাকা

৮. **আর্থিক অবস্থার বিবরণীতে অগ্রিম শিক্ষানবিশ সেলামি কত টাকা প্রদর্শন করতে হবে?**
K ৭,০০০ টাকা L ১৪,০০০ টাকা
M ২১,০০০ টাকা N ২৮,০০০ টাকা

৯. **উৎপাদন ব্যয়ের প্রধান উদ্দেশ্য কী?**
K ব্যয় নির্ধারণ ও ব্যয় নিয়ন্ত্রণ
L উৎপাদন ব্যয় নির্ণয় ও তথ্য সরবরাহ
M তথ্য সরবরাহ ও মুনাফা বৃদ্ধিকরণ
N লাভ ক্ষতি নির্ণয় ও ব্যয় নিয়ন্ত্রণ

১০. **ব্যয়ের কার্যভিত্তিক শ্রেণিবিভাগের অন্তর্ভুক্ত হলো—**
i. উৎপাদন ব্যয়
ii. অফিস ও প্রশাসন ব্যয়
iii. বিক্রয় ও বণ্টন উপরিব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১১. **কোনটি অনার্থিক সুবিধা?**
K শিক্ষা ভাতা L চিকিৎসা ভাতা
M আপ্যায়ন ভাতা N বিনোদনের ব্যবস্থা

১২. **সংস্থাভেদে কর্মকর্তা ও কর্মচারীদের যে বাড়তি সুবিধা দেওয়া হয় তা কোনটি?**
K যাতায়াত ভাতা L আপ্যায়ন ভাতা
M পোশাক ভাতা N মহার্ঘ ভাতা

১৩. **অংশীদারি ব্যবসায়ের মূল বৈশিষ্ট্য হলো—**
i. চুক্তি ii. একাধিক সদস্য
iii. অসীম দায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৪. **মূলধন বিনিয়োগ ছাড়াও সক্রিয়ভাবে ব্যবসায়ের কাজে অংশগ্রহণকারী অংশীদারকে কী বলে?**
K সীমিত অংশীদার L কর্মী অংশীদার
M নামমাত্র অংশীদার N সক্রিয় অংশীদার

১৫. **চুক্তির অবর্তমানে অংশীদার কর্তৃক ব্যবসায়ে প্রদত্ত ঋণের উপর সুদের হার—**
K ০% L ৫.৫% M ৬% N ৬.৫%

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
ঝর্না, নদী ও সাগর অংশীদারি ব্যবসায়ের মূলধন ছিল যথাক্রমে ৬০,০০০ টাকা, ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা, বছরের মাঝামাঝি সময়ে সাগর ব্যবসায়ে ১০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করলেন এবং একই তারিখে নদী ১০,০০০ টাকা কর্জ প্রদান করলেন। অংশীদারি চুক্তিপত্রে মূলধনের উপর ৫% হারে সুদ ধার্য করার বিধান থাকলেও ঋণের উপর সুদ ধার্যের কোনো হার উল্লেখ ছিল না।

১৬. **সাগরের মূলধনের সুদ কত?**
K ২,০০০ টাকা L ২,২৫০ টাকা
M ২,৫০০ টাকা N ৪,২৫০ টাকা

১৭. **নদীর ঋণের সুদ কত?**
K ২৫০ টাকা L ৩০০ টাকা
M ৬০০ টাকা N ৯০০ টাকা

১৮. **অংশীদারগণের চলতি হিসাবে ক্রেডিট করা হয়—**
i. অংশীদারগণের বেতন, পণ্য উত্তোলন
ii. মূলধনের সুদ, মুনাফার অংশ
iii. অংশীদারগণের কমিশন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৯. **যে অগ্রাধিকার শেয়ারের মূল্য একটি নির্দিষ্ট সময় পর ফেরত দেওয়া হয় তাকে বলা হয়—**
K সাধারণ অগ্রাধিকার শেয়ার
L পরিশোধ্য অগ্রাধিকার শেয়ার
M সঞ্চয়ী অগ্রাধিকার শেয়ার
N অংশগ্রহণকারী অগ্রাধিকার শেয়ার

২০. **স্টকের বৈশিষ্ট্য হলো—**
i. নির্দিষ্ট অভিহিত মূল্য নেই
ii. মূল্য অসমান হতে পারে
iii. নির্দিষ্ট কোনো সংখ্যা নেই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. **অধিহারে শেয়ার ইস্যুর ক্ষেত্রে অধিহার দ্বারা কোম্পানির আর্থিক অবস্থায় কী প্রভাব পড়বে?**
K অনুমোদিত মূলধন বৃদ্ধি পাবে
L বিলিকৃত মূলধন বৃদ্ধি পাবে
M মূলধনজাতীয় প্রাপ্তি বৃদ্ধি পাবে
N আদায়কৃত মূলধন বৃদ্ধি পাবে

২২. **কোম্পানির ন্যূনতম পুঁজির পরিমাণ উল্লেখ থাকে?**
i. পরিমেল নিয়মাবলিতে
ii. স্মারকলিপিতে
iii. বিবরণপত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৩. **আর্থিক অবস্থার বিবরণী কোনো প্রতিষ্ঠানের একটি নির্দিষ্ট হিসাব কালের—**
K গাণিতিক শুদ্ধতাবিশেষ
L আর্থিক অবস্থার চিত্রবিশেষ
M আর্থিক ফলাফল নির্ণয় ও প্রকাশ
N আর্থিক অবস্থার বিশ্লেষণবিশেষ

২৪. **দীর্ঘমেয়াদি দায় ও মালিকানা তহবিলের সমষ্টি হলো—**
K বিনিয়োজিত মূলধন
L মূলধন তহবিল
M দীর্ঘমেয়াদি তহবিল
N বহির্দায়ের তহবিল

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
চম্পা লি.-এর অনুমোদিত মূলধন ৩,০০,০০০ টাকা, চলতি মূলধন ৬০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৩ : ১।

২৫. **চলতি সম্পদের পরিমাণ কত?**
K ৩০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা N ১,৮০,০০০ টাকা

২৬. **চলতি দায়ের পরিমাণ কত?**
K ২০,০০০ টাকা L ৩০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ৬০,০০০ টাকা

২৭. **স্থির খরচযুক্ত তহবিলের উপাদান হলো—**
i. দীর্ঘমেয়াদি ঋণ ii. অগ্রাধিকার শেয়ার
iii. সাধারণ সঞ্চিতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. **প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য কম ধরা হলে কোনটি হ্রাস পাবে?**
K সম্পদের পরিমাণ
L নিট মুনাফার পরিমাণ
M মালিকানাস্বত্বের পরিমাণ
N বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
ওরিয়ন লি. এর মাল খতিয়ানসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

২০২১

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০০ একক প্রতি একক ২০ টাকা দরে। |
| ” | ১০ | মাল ক্রয় ৩০০ একক প্রতি একক ২৫ টাকা দরে। |
| ” | ১৫ | মাল ইস্যু ৭০০ একক। |
| ” | ২০ | মাল ক্রয় ৪০০ একক প্রতি একক ৩০ টাকা দরে। |
| ” | ২৫ | মাল ইস্যু ২০০ একক। |

২৯. **FIFO পদ্ধতিতে ১৫ জুলাই তারিখে ইস্যুকৃত মালের মোট মূল্য কত হবে?**
K ১৪,০০০ টাকা L ১৫,০০০ টাকা
M ১৫,৫০০ টাকা N ১৭,৫০০ টাকা

৩০. **ভারযুক্ত গড় পদ্ধতিতে ১৫ জুলাই তারিখে ইস্যুকৃত মালের এককপ্রতি মূল্য কত?**
K ২০ টাকা L ২১.৮৭৫ টাকা
M ২২.৫০ টাকা N ২৫.০০ টাকা

# সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : | ২ | ৫ | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট | পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. শেয়ার বিক্রয়লব্ধ অর্থকে কী বলে?
K শেয়ার মূলধন L চলতি মূলধন
M ঋণ মূলধন N কার্যকরী মূলধন

২. কোম্পানির আইন অনুসারে সর্বোচ্চ কত অবহারে একটি কোম্পানি শেয়ার ইস্যু করতে পারে?
K ৫% L ৭% M ১০% N ১৫%

৩. অধিহারে শেয়ার ইস্যুর ফলে—
i. মোট সম্পদ বৃদ্ধি পায়
ii. শেয়ার অধিহার বৃদ্ধি পায়
iii. শেয়ার মূলধন বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. বিক্রয়লব্ধ অর্থ থেকে বিক্রীত পণ্যের ব্যয় বাদ দিলে কী পাওয়া যায়?
K কার্যকরী মুনাফা L মোট মুনাফা
M নিট মুনাফা N মূলধনী মুনাফা

৫. নিচের কোনটি সঠিক?
K মুনাফা মালিকানাস্বত্বের বৃদ্ধি ঘটায়
L মুনাফা মালিকানাস্বত্বের হ্রাস ঘটায়
M মুনাফা সম্পদের হ্রাস ঘটায়
N মুনাফা চলতি মূলধনের হ্রাস ঘটায়

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
বিক্রীত পণ্যের ব্যয় ৩২,০০০ টাকা, বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা এবং বিক্রয়ের উপর ১৫% পরিচালন খরচ হলে—

৬. মোট মুনাফার পরিমাণ কত?
K ৬,৪০০ টাকা L ৮,০০০ টাকা
M ২৫,৬০০ টাকা N ৩৮,৪০০ টাকা

৭. নিট মুনাফার পরিমাণ কত?
K ২,০০০ টাকা L ৬,০০০ টাকা
M ৮,০০০ টাকা N ৪০,০০০ টাকা

৮. আর্থিক বিবরণী বিশ্লেষণের উদ্দেশ্য হলো—
i. ব্যবস্থাপনার দক্ষতা যাচাই
ii. ব্যবসায়ের তারল্য যাচাই
iii. ব্যবসায়ের আর্থিক সচ্ছলতা যাচাই
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৯. হিসাবকাল শেষে মজুদ পণ্যের মূল্যায়ন করা হয় কোন পদ্ধতিতে?
K অবিরত মজুদ পদ্ধতি
L কালান্তিক মজুদ পদ্ধতি
M প্রক্রিয়াধীন মজুদ পদ্ধতি
N সমাপ্ত মজুদ পদ্ধতি

১০. করিম ট্রেডার্সের সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ পণ্য ৪০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ২,০০,০০০ টাকা হলে, ক্রয়ের পরিমাণ কত?
K ৮০,০০০ টাকা L ১,৬০,০০০ টাকা
M ২,৪০,০০০ টাকা N ৩,২০,০০০ টাকা

১১. বিক্রয়মূল্য =
i. মোট ব্যয় + লাভ
ii. মোট ব্যয় – ক্ষতি
iii. উৎপাদন ব্যয় + লাভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১২. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা হয়—
i. দায় ও মূলধনের পরিমাণ নির্ণয়ের জন্য
ii. আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয়ের জন্য
iii. মোট সম্পদের পরিমাণ নির্ণয়ের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
রহমান ট্রেডার্সের ডিসেম্বর মাসের আর্থিক তথ্যাবলি নিম্নরূপ :
মুখ্য ব্যয় ২,০০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ২৫,০০০ টাকা, প্রশাসনিক উপরিব্যয় ১০,০০০ টাকা, বিক্রয় উপরিব্যয় ৫,০০০ টাকা এবং মুনাফা বিক্রয়ের ২৫%।

১৩. রহমান ট্রেডার্সের বিক্রয়ের পরিমাণ কত?
K ২,৪০,০০০ টাকা L ২,৫০,০০০ টাকা
M ৩,০০,০০০ টাকা N ৩,২০,০০০ টাকা

১৪. রহমান ট্রেডার্সের মোট উপরিব্যয় বিক্রয়ের কত শতাংশ?
K ১২.৫% L ১৩.৩৩%
M ১৬% N ১৬.৬৭%

১৫. প্রতিষ্ঠানের বিক্রয় ম্যানেজারের দক্ষতা যাচাই করার জন্য নিচের কোন অনুপাতটি সবচেয়ে উপযোগী?
K দায় মালিকানা অনুপাত
L নিট লাভ অনুপাত
M দেনাদার আবর্তন অনুপাত
N মজুদ আবর্তন অনুপাত

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব কামালের ব্যবসায়ের মোট সম্পদ ১০,০০,০০০ টাকা। মোট সম্পদের ৪০% চলতি সম্পদ এবং চলতি দায় ১,০০,০০০ টাকা, মালিকানাস্বত্বের পরিমাণ ৫,০০,০০০ টাকা।

১৬. কার্যকরী মূলধনের পরিমাণ কত?
K ৫,০০,০০০ টাকা L ৪,০০,০০০ টাকা
M ৩,০০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

১৭. চলতি অনুপাত কত?
K ৩ : ১ L ৪ : ১
M ১০ : ১ N ১০ : ৪

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
গামা কোম্পানি ১০% অবহারে শেয়ার ইস্যু করে ৮,১০,০০০ টাকা পেল।

১৮. গামা কোম্পানির বাট্টার পরিমাণ কত?
K ৮১,০০০ টাকা L ৯০,০০০ টাকা
M ৮,১০,০০০ টাকা N ৯,০০,০০০ টাকা

১৯. গামা কোম্পানির পরিশোধিত মূলধনের পরিমাণ কত?
K ৭,২৯,০০০ টাকা L ৮,১০,০০০ টাকা
M ৮,৯১,০০০ টাকা N ৯,০০,০০০ টাকা

২০. সুনাম কী ধরনের সম্পদ?
K স্থায়ী সম্পদ L চলতি সম্পদ
M অলিক সম্পদ N অস্পর্শনীয় সম্পদ

২১. দায় মালিকানা অনুপাত কোন ধরনের অনুপাত?
K সচ্ছলতা L তারল্য
M দক্ষতা N মুনাফা অর্জন

২২. চুক্তির অবর্তমানে কোন সালের অংশীদারি আইন প্রযোজ্য—
K ১৯১৩ L ১৯২২
M ১৯৩২ N ১৯৯৪

২৩. ব্যবহৃত কাঁচামাল + প্রত্যক্ষ শ্রম + প্রত্যক্ষ খরচ =
K উৎপাদন ব্যয় L মোট ব্যয়
M মুখ্য ব্যয় N কারখানা ব্যয়

২৪. মজুদ পণ্য যদি অতিমূল্যায়িত অথবা অবমূল্যায়িত হয় তবে প্রভাবিত হয়—
i. নিট মুনাফা
ii. প্রদেয় আয়কর
iii. বিবিধ দেনাদার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. ২/৭ নিট ৩০ দ্বারা বোঝায়—
i. ৭ দিনের মধ্যে পাওনা পরিশোধে ২% বাট্টা পাবে
ii. ৩০ দিনের মধ্যে পাওনা পরিশোধে ২% বাট্টা পাবে
iii. ৩০ দিনের মধ্যে অবশ্যই পাওনা পরিশোধ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৬. অংশীদারি ব্যবসায়ের অংশীদারদের দায় কীরূপ?
K অসীম L সসীম
M মূলধন দ্বারা সীমাবদ্ধ N আইন দ্বারা সীমাবদ্ধ

২৭. চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারে অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের উপর সুদের হার কত?
K ৫% L ৬% M ৭% N ৮%

■ **উদ্দীপকটি পড়ে ২৮,২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
করিম, রহিম ও সগির একটি অংশীদারি কারবারে যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ৬,০০,০০০ টাকা মূলধন সরবরাহপূর্বক ব্যবসায় আরম্ভ করে। রহিম কারবার পরিচালনার জন্য মাসিক ৫,০০০ টাকা বেতন পাবে। চুক্তি অনুযায়ী মূলধনের উপর ১০% সুদ ধার্য করতে হবে। বছর শেষে নিট মুনাফার পরিমাণ ছিল ৩,৬০,০০০ টাকা।

২৮. উপরিউক্ত অংশীদারি কারবারের মূলভিত্তি কী?
K অর্থ L বিশ্বাস
M সম্পর্ক N চুক্তি

২৯. উক্ত ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ কত?
K ১,৮০,০০০ টাকা L ২,৬০,০০০ টাকা
M ৩,০০,০০০ টাকা N ৩,৬০,০০০ টাকা

৩০. বছর শেষে পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে রহিমের মূলধনের পরিমাণ কত?
K ২,০০,০০০ টাকা L ২,৬০,০০০ টাকা
M ২,৮০,০০০ টাকা N ৩,৪০,০০০ টাকা

# বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. মুনাফা অর্জনের উদ্দেশ্যে চুক্তিবদ্ধ সম্পর্ককে কী বলে?
K একমালিকানা ব্যবসায়
L অংশীদারি ব্যবসায়
M যৌথমূলধনী ব্যবসায়
N সমবায় ব্যবসায়

২. কোন ধরনের অংশীদার ব্যবসায়ে মূলধন বিনিয়োগ করে এবং পরিচালনায় অংশগ্রহণ করে?
K কর্মী অংশীদার L নামমাত্র অংশীদার
M ঘুমন্ত অংশীদার N সীমিত অংশীদার
*[বি.দ্র. সঠিক উত্তর : সাধারণ বা সক্রিয় অংশীদার।]

৩. অংশীদারগণ কর্তৃক সরবরাহকৃত মূলধন এবং অন্যান্য সমন্বয় একত্রে লিপিবদ্ধ করার পদ্ধতিকে কী বলে?
K পরিবর্তনশীল মূলধন পদ্ধতি
L অপরিবর্তনশীল মূলধন পদ্ধতি
M স্থিতিশীল মূলধন পদ্ধতি
N সমন্বিত মূলধন পদ্ধতি

৪. অংশীদারদের চলতি হিসাবের জের হতে পারে—
i. ডেবিট
ii. ক্রেডিট
iii. শূন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. চুক্তির অবর্তমানে অংশীদারগণ কী দাবি করতে পারে?
K বেতন L কমিশন
M ঋণের সুদ N মূলধনের সুদ

৬. নগদ উত্তোলনের তারিখ না থাকলে কত মাসের সুদ ধরা হয়?
K তিন L ছয়
M নয় N বারো

৭. পূর্ণ আদায়কৃত শেয়ার মূলধনের ক্ষুদ্র কিন্তু সমান নয়, মূলধনের এরূপ অংশকে কী বলে?
K শেয়ার L বন্ড
M স্টক N ঋণপত্র

৮. শেয়ার মূলধনকে প্রধানত কত শ্রেণিতে ভাগ করা যায়?
K পাঁচ L চার
M তিন N দুই

৯. কোন ধরনের শেয়ারহোল্ডার নির্দিষ্ট হারে লভ্যাংশ পায় না?
K সাধারণ L সঞ্চয়ী অগ্রাধিকার
M পরিশোধ্য অগ্রাধিকার N বিলম্বিত দাবিযুক্ত

১০. কোম্পানির সঞ্চিত তহবিলের অর্থকে শেয়ার মূলধনে রূপান্তর করে যে শেয়ার বিলি করা হয়, তাকে কী বলে?
K রাইট L বোনাস
M সাধারণ N বিলম্বিত

১১. শেয়ার অবহারের পরিমাণ অভিহিত মূল্যের সর্বোচ্চ কত শতাংশ হতে পারে?
K ৫% L ৭%
M ১০% N ১৫%

১২. কোনটি সম্পদ?
K বিজ্ঞাপন অবলোপন L বিজ্ঞাপন
M বকেয়া বিজ্ঞাপন N বিলম্বিত বিজ্ঞাপন

■ **উদ্দীপকটি পড়ে ১৩ — ১৫নং প্রশ্নের উত্তর দাও :**

**রেওয়ামিল** (আংশিক)

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| সুনাম | ৮০,০০০ | |
| শেয়ার অধিহার | | ৫০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ২০,০০০ | |

**সমন্বয়সমূহ :** সুনাম শেয়ার অধিহারের সাথে সমন্বয়পূর্বক অবলোপন কর।

১৩. আর্থিক অবস্থার বিবরণীতে সুনাম কত টাকা দেখাতে হবে?
K ৮০,০০০ L ৫০,০০০
M ৩০,০০০ N ২০,০০০

১৪. আর্থিক অবস্থার বিবরণীতে অসমন্বিত ব্যয় কত টাকা দেখাতে হবে?
K ২০,০০০ L ৫০,০০০
M ৮০,০০০ N ১,৩০,০০০

১৫. আর্থিক অবস্থার বিবরণীতে—
i. মালিকানাস্বত্ব অনির্ণয়যোগ্য
ii. স্থায়ী সম্পদ ৩০,০০০ টাকা
iii. চলতি দায় ৫০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. একটি কোম্পানির সাথে প্রতিযোগী কোম্পানির আর্থিক তথ্যের তুলনাকে বলা হয়—
K অন্তকোম্পানি L আন্তকোম্পানি
M শিল্প গড়ের সাথে N যৌথ ব্যবস্থাপনা

১৭. দুটি সংখ্যার মধ্যে বিদ্যমান সম্পর্কের গাণিতিক বহিঃপ্রকাশকে কী বলে?
K তুলনা L বিশ্লেষণ
M অনুপাত N পারস্পরিক সম্পর্ক

১৮. আদর্শ মান ২ : ১ কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?
K চলতি অনুপাত
L তরল অনুপাত
M কার্যকরী মূলধন অনুপাত
N দায় মালিকানা অনুপাত

১৯. সচ্ছলতা যাচাইয়ের অনুপাত কোনটি?
K কার্যকরী মূলধন অনুপাত
L নিট মুনাফা অনুপাত
M অগ্নিপরীক্ষা অনুপাত
N দায়-সম্পদ অনুপাত

২০. কোন অনুপাত প্রতিষ্ঠানের উপার্জন ক্ষমতা নির্দেশ করে?
K দায়-মালিকানা
L কার্যকরী মূলধন
M বিনিয়োজিত মূলধনের ওপর আয়
N দায়-সম্পদ

২১. উৎপাদন ব্যয় হিসাবের উদ্দেশ্য হচ্ছে ব্যয়—
i. নির্ণয়
ii. লিপিবদ্ধকরণ
iii. নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. সকল পরোক্ষ ব্যয়কে কী বলে?
K মুখ্য ব্যয় L উপরিব্যয়
M উৎপাদিত পণ্যের ব্যয় N মোট ব্যয়

২৩. অলস সময়ের ব্যয় কী ধরনের উপরিব্যয়?
K বিক্রয় L কারখানা
M অফিস N প্রশাসনিক

২৪. উৎপাদন ব্যয় নির্ণয়ের আধুনিক পদ্ধতিতে কোনটি উৎপাদিত পণ্যের ব্যয়ের অংশ নয়?
K অফিসের বেতন L কারখানা ভাড়া
M কাঁচামাল N মজুরি

২৫. দরপত্র ব্যয় বিবরণীতে অতীতের খরচের ভিত্তিতে ভবিষ্যতের কোন ব্যয়কে অনুমান করা হয়?
K প্রত্যক্ষ কাঁচামাল L কারখানা উপরিব্যয়
M প্রত্যক্ষ মজুরি N বিশেষ ডিজাইন ব্যয়

২৬. কোনটি অনার্থিক সুবিধা?
K ওভারটাইম মজুরি
L টিফিন ভাতা
M ছুটির দিনের বেতন
N বিনোদন ব্যবস্থা

২৭. কর্মীদের দক্ষতা ও উৎসাহ বৃদ্ধির জন্য কী দেওয়া হয়?
K নগদ ভাতা L যাতায়াত ভাতা
M বোনাস N মহার্ঘ ভাতা

■ **উদ্দীপকটি পড়ে ২৮, ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
প্রাপ্য হিসাব ২০,০০০ টাকা, অগ্রিম খরচ ৫,০০০ টাকা, মজুদ পণ্য ১৫,০০০ টাকা, প্রাপ্য বিল ৬,০০০ টাকা, প্রদেয় বিল ৪,০০০ টাকা, ৬% ঋণপত্র ১০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৮,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৭,০০০ টাকা।

২৮. চলতি অনুপাত নির্ণয় কর।
K ২.৪২ : ১ L ২.৭০ : ১
M ২.৮০ : ১ N ১.৫৯ : ১

২৯. ত্বরিত সম্পত্তির পরিমাণ কত?
K ২২,০০০ টাকা L ২৬,০০০ টাকা
M ২৮,০০০ টাকা N ৩২,০০০ টাকা

৩০. অগ্নিপরীক্ষা অনুপাত নির্ণয় কর।
K ২.৪২ : ১ L ২.৭১ : ১
M ২.১৭ : ১ N ২.২৪ : ১

# দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : | 2 | 5 | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—২০ মিনিট পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কালান্তিক মজুদ ব্যবস্থায় কখন সমাপনী মজুদ পণ্যের মূল্য জানা যায়?
K বিক্রয়ের পর L ক্রয়ের পর
M হিসাব কাল শেষে N যেকোনো সময়

২. মহার্ঘ ভাতা দেওয়া হয়—
i. ব্যবসায়ে মুনাফা অর্জিত হলে
ii. দ্রব্যমূল্য বৃদ্ধি পেলে
iii. মুদ্রাস্ফীতি হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩. চুক্তির অবর্তমানে অংশীদারগণ কী দাবি করতে পারে?
K মূলধনের সুদ L বেতন
M কমিশন N ঋণের সুদ

৪. শেয়ার হতে প্রাপ্ত আয়কে কী বলে?
K সুদ L মুনাফা
M লভ্যাংশ N কমিশন

৫. ঋণপত্র গ্রহীতারা মূলত কোম্পানির—
i. ঋণদাতা
ii. মালিক
iii. পাওনাদার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৬. রপ্তানি শুল্ক কোন ধরনের ব্যয়?
K প্রত্যক্ষ পরিচালন ব্যয় L পরোক্ষ পরিচালন ব্যয়
M বিলম্বিত ব্যয় N মূলধনজাতীয় ব্যয়

৭. নিচের কোনটি চলতি দায়?
K প্রদেয় বন্ড L বন্ধকি ঋণ
M প্রদেয় কর N শেয়ার অধিহার

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
ঢাকা কোম্পানির অনুমোদিত মূলধনের পরিমাণ ৫,০০,০০০ টাকা যা ৫০,০০০ খানি শেয়ারে বিভক্ত। প্রথম বছর কোম্পানি ১ টাকা অবহারে ২৫,০০০ শেয়ার ইস্যু করে। কোম্পানি ৪৫,০০০ খানি শেয়ারের আবেদনপত্র পেল।

৮. অবহারের পরিমাণ কত?
K ২০,০০০ টাকা L ২৫,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ৫০,০০০ টাকা

৯. কোম্পানির আদায়কৃত মূলধনের পরিমাণ কত টাকা?
K ২,২৫,০০০ টাকা L ২,৫০,০০০ টাকা
M ৪,৫০,০০০ টাকা N ৫,০০,০০০ টাকা

১০. জনাব হানিফ কারবার থেকে বছরে ২০,০০০ টাকা উত্তোলন করেছেন। সুদের হার ১০% হলে উত্তোলনের উপর সুদের পরিমাণ কত টাকা?
K ২,০০০ টাকা L ১,০০০ টাকা
M ৫০০ টাকা N ২০০ টাকা

১১. সাবা কোম্পানির নগদ তহবিল ২০,০০০ টাকা, মজুদ পণ্য ৪০,০০০ টাকা, প্রদেয় নোট ২০,০০০ টাকা, প্রদেয় বন্ড ৩০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ২০,০০০ টাকা হলে চলতি মূলধনের অনুপাত কত?
K ১ : ১ L ২ : ১
M ৩ : ১ N ৪ : ১

১২. ত্বরিৎ সম্পদের অংশ নয়—
i. মজুদ পণ্য
ii. অগ্রিম ব্যয়
iii. নগদ তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. বিক্রীত পণ্যের ব্যয় ২,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্যের মূল্য ৫০০ টাকা হলে বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?
K ৫০০ টাকা L ১,৫০০ টাকা
M ২,০০০ টাকা N ২,৫০০ টাকা

১৪. মূলধনের অসম ক্ষুদ্র ক্ষুদ্র অংশকে কী বলে?
K শেয়ার L স্টক
M ঋণপত্র N সঞ্চয়ী শেয়ার

১৫. মোট ব্যয়ের উপর মুনাফার হার ২৫% হলে বিক্রয়মূল্যের উপর মুনাফার হার কত হবে?
K ২০% L ২৫%
M ৩৩.৩৩% N ৩০%

১৬. প্রারম্ভিক কাঁচামাল ৫,০০০ টাকা, সমাপনী কাঁচামাল ১৩,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ১৫,০০০ টাকা ও প্রত্যক্ষ মজুরি ৫,০০০ টাকা হলে মুখ্য ব্যয় কত টাকা?
K ১০,০০০ টাকা L ১১,০০০ টাকা
M ১২,০০০ টাকা N ১৩,০০০ টাকা

১৭. বিথি বছরের মাঝামাঝি ব্যবসায়ে ৫০,০০০ টাকা ঋণ প্রদান করে। বছর শেষে বিথির প্রাপ্য সুদের পরিমাণ কত টাকা?
K ১,৫০০ টাকা L ৩,০০০ টাকা
M ৫,০০০ টাকা N ৬,০০০ টাকা

১৮. অনুপার্জিত সেবা আয় ব্যবসায়ের জন্য —
K দায় L আয়
M সম্পদ N ব্যয়

১৯. একটি প্রতিষ্ঠানের বিক্রয় ৯,০০,০০০ টাকা, মাল ক্রয় ৫,০০,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ২,০০,০০০ টাকা, সমাপনী মজুদ ১,৫০,০০০ টাকা, আন্তঃপরিবহন ২৫,০০০ টাকা এবং বিজ্ঞাপন খরচ ২০,০০০ টাকা হলে মোট মুনাফার পরিমাণ কত টাকা?
K ৩,১৫,০০০ টাকা L ৩,২৫,০০০ টাকা
M ৩,৪০,০০০ টাকা N ৩,৫০,০০০ টাকা

২০. আগে আসে আগে যায় পদ্ধতিতে কখন মুনাফা বেশি প্রদর্শন করে?
K পণ্যের মূল্য উর্ধ্বগামী হলে
L পণ্যের মূল্য নিম্নগামী থাকলে
M পণ্যের মূল্য স্থির থাকলে
N উপরের কোনোটিই নয়

২১. সর্বোচ্চ সংগ্রহযোগ্য শেয়ার মূলধন কোনটি?
K ইস্যুকৃত মূলধন L অনুমোদিত মূলধন
M আদায়কৃত মূলধন N সংরক্ষিত মূলধন

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
আবিদ কোম্পানি আগে আসে আগে যায় পদ্ধতিতে মজুদ পণ্যের হিসাব সংরক্ষণ করে। পণ্যসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | একক | এককপ্রতি ব্যয় |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ | ২,০০০ | ৩ |
| ক্রয় | ৮,০০০ | ৪ |
| বিক্রয় | ৭,০০০ | - |

২২. আবিদ কোম্পানির সমাপনী মজুদের মূল্য কত টাকা?
K ১২,০০০ টাকা L ১০,০০০ টাকা
M ৯,০০০ টাকা N ৬,০০০ টাকা

২৩. যদি আবিদ কোম্পানি ভারযুক্ত গড় পদ্ধতি ব্যবহার করতে চায় তবে—
i. সমাপনী মজুদের মূল্য কমবে ৬০০ টাকা
ii. ভারযুক্ত গড় একক ব্যয় হবে ৩.৫ টাকা
iii. সামঞ্জস্যতার নীতি অগ্রাহ্য করা হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৪. উপাদান ব্যয় হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য কোনটি?
K আয়কর নির্ধারণ L বিক্রয়মূল্য নির্ধারণ
M ব্যয় নির্ধারণ N মুনাফা নির্ধারণ

২৫. নিচের কোনটি প্রত্যক্ষ ব্যয়?
K কাঁচামাল L কারখানার ভাড়া
M যন্ত্রপাতির অবচয় N ম্যানেজারের বেতন

২৬. অংশীদারি ব্যবসায়ের মূল উপাদান কোনটি?
K পারস্পরিক আস্থা L চুক্তি
M মুনাফা অর্জন N দক্ষতা

২৭. বর্তমানে বাংলাদেশে বলবৎযোগ্য কোম্পানি আইন কোন সালে পাস হয়?
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৮৪ N ১৯৯৪

২৮. সর্বোচ্চ কত হারে একটি কোম্পানি অবহারে শেয়ার ইস্যু করতে পারে?
K ১০% L ১৫% M ২০% N ২৫%

২৯. পরিচালন আয়ের উদাহরণ কোনটি?
K বিক্রয় আয় L প্রাপ্ত কমিশন
M বিনিয়োগের সুদ N উত্তোলনের সুদ

৩০. নিচের কোন অনুপাতটি তারল্য নির্দেশ করে?
K সম্পদ আবর্তন L চলতি অনুপাত
M মোট লাভ অনুপাত N মূলধন আবর্তন

# ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 2 5 4

সময়—২০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। যেকোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. ত্বরিত অনুপাতের আদর্শ মান কত?
K ১ : ১ L ২ : ১ M ১ : ২ N ১ : ৩

২. একটি ফার্মের চলতি দায় ৫০,০০০ টাকা ও চলতি অনুপাত ২.২ : ১ হলে, চলতি সম্পদের পরিমাণ কত?
K ২৫,০০০ টাকা L ৫০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা N ১,১০,০০০ টাকা

৩. ব্যবহৃত কাঁচামালের ব্যয় ১,২০,০০০ টাকা, সমাপনী কাঁচামাল ২০,০০০ টাকা, আমদানি শুল্ক ৫,০০০ টাকা এবং কাঁচামাল ক্রয় ৮০,০০০ টাকা হলে প্রারম্ভিক মজুদ কাঁচামাল কত?
K ১৫,০০০ টাকা L ২৫,০০০ টাকা
M ৫৫,০০০ টাকা N ৬০,০০০ টাকা

৪. $\frac{১}{১৫}$, নিট ৪৫ দ্বারা কী বোঝায়?
i. ১৫ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ১% বাট্টা পাবে
ii. ৪৫ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলেও ১% বাট্টা পাবে
iii. ৪৫ দিনের মধ্যে অবশ্যই পাওনা পরিশোধ করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
ক, খ ও গ একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তাদের মুনাফা বণ্টনের অনুপাত যথাক্রমে **৩ : ২ : ১** এবং বণ্টনযোগ্য মুনাফা ১,২০,০০০ টাকা। 'ক' ও 'গ' , 'খ' কে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, 'খ; এর লাভের অংশ ৫০,০০০ টাকার কম হবে না।

৫. 'ক' এর মুনাফার অংশ কত?
K ৮০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ২০,০০০ টাকা
*[**বি.দ্র. সঠিক উত্তর :** ৫২,৫০০ টাকা]

৬. নিশ্চয়তা অনুসারে অংশীদার 'খ'—
i. 'ক' এর নিকট থেকে অতিরিক্ত মুনাফা পাবে ৭,৫০০ টাকা
ii. 'গ' এর নিকট থেকে অতিরিক্ত মুনাফা পাবে ২,৫০০ টাকা
iii. 'খ' এর ঘাটতি মুনাফা 'ক' ও 'গ' যথাক্রমে **১ : ৩** অনুপাতে প্রদান করবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৭. কোম্পানির অবলেখক চুক্তিকৃত শেয়ার ও ঋণপত্রের মূল্যের উপরে নির্দিষ্ট হারে কী পায়?
K মুনাফা L সুদ
M কমিশন N লভ্যাংশ

৮. রেওয়ামিলের ডেবিট দিকে প্রাপ্য হিসাবের পরিমাণ ২,৫০,০০০ টাকা এবং ক্রেডিট দিকে অনাদায়ি পাওনা সঞ্চিতি ৫,০০০ টাকা। সমন্বয়ে বলা আছে প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অনাদায়ী পাওনা সঞ্চিতি ২,০০০ টাকা দ্বারা বৃদ্ধি কর। আর্থিক অবস্থার বিবরণীতে প্রাপ্য হিসাব কত টাকা দেখাতে হবে?
K ২,৪৫,০০০ টাকা L ২,৪০,০০০ টাকা
M ২,৩৫,০০০ টাকা N ২,৩৩,০০০ টাকা

৯. কোনটি কারখানার উপরিব্যয়?
K প্রত্যক্ষ মজুরি L অফিস ভাড়া
M যন্ত্রপাতির অবচয় N আসবাবপত্রের অবচয়

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
প্রাণ কোম্পানি লি. এর বিজ্ঞাপন হিসাবের উদ্বৃত্ত ছিল ৮০,০০০ টাকা, বিনামূল্যে পণ্য বিতরণ ছিল ২০,০০০ টাকা, যা হিসাবভুক্ত হয়নি। বিজ্ঞাপন ৫ বছরে অবলোপন করতে হবে।

১০. বিনামূল্যে পণ্য বিতরণ করলে—
i. বিজ্ঞাপন খরচ বৃদ্ধি পায়
ii. বিজ্ঞাপন খরচ হ্রাস পায়
iii. ক্রয় হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১১. ৩য় বছর শেষে কোম্পানির বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
K ৮০,০০০ টাকা L ৬০,০০০ টাকা
M ৪০,০০০ টাকা N ২০,০০০ টাকা

১২. ঋণদাতাগণ কোন অনুপাতটি বিশ্লেষণের জন্য গুরুত্ব দিয়ে থাকেন?
K চলতি অনুপাত L মোট লাভ অনুপাত
M মূলধন আবর্তন অনুপাত
N দায়-মালিকানা

১৩. সমাপনী মজুদ পণ্যের মূল্য কোনটির মাধ্যমে নির্ণয় কর যায়?
K প্রারম্ভিক মজুদ + ক্রয় – বিক্রীত পণ্য
L বিক্রীত পণ্য – প্রারম্ভিক মজুদ
M ক্রয়কৃত পণ্য – বিক্রীত পণ্য
N ক্রয়কৃত পণ্য + বিক্রীত পণ্য – প্রারম্ভিক মজুদ

১৪. কালান্তিক মজুদ ব্যবস্থায় কখন সমাপনী মজুদ পণ্যের মূল্য জানা যায়?
K বিক্রয়ের পরে L ক্রয়ের পরে
M হিসাবকাল শেষে N যেকোনো সময়ে

১৫. অংশীদারদের উত্তোলনের কোনো তারিখ উল্লেখ না থাকলে উত্তোলনের উপর কত মাসের সুদ নির্ণয় করা হয়?
K ১২ মাস L ১০ মাস
M ৮ মাস N ৬ মাস

১৬. অংশীদারি ব্যবসায় মূলভিত্তি কী?
K নিবন্ধন L চুক্তি
M দলিল N আইনগত সত্তা

১৭. বিক্রীত পণ্যের ব্যয় বিক্রয় অপেক্ষা বেশি হলে আয় বিবরণীতে কী ঘটে?
K মোট লাভ L মোট ক্ষতি
M নিট লাভ N নিট ক্ষতি

১৮. একটি কোম্পানির মোট লাভ হওয়া সত্ত্বেও নিট ক্ষতি হওয়ার কারণ কী?
K খরচ হ্রাস L সম্পদ হ্রাস
M খরচ বৃদ্ধি N সম্পদ বৃদ্ধি

১৯. অনুপাত হলো—
K দুটি আর্থিক চলকের সম্পর্ক
L দুটি আর্থিক চলকের যোগফল
M দুটি আর্থিক চলকের গুণফল
N দুটি আর্থিক চলকের বিয়োগফল

২০. কোনটি উৎপাদন ব্যয়ের অন্তর্ভুক্ত হয় না?
K বিক্রয়কর্মীর বেতন L কলকব্জার মেরামত
M প্রত্যক্ষ মজুরি N প্রত্যক্ষ কাঁচামাল

২১. মজুদ মূল্যায়ন গুরুত্বপূর্ণ—
i. সঠিক আর্থিক ফলাফল নির্ণয়ের জন্য
ii. সঠিক আর্থিক অবস্থা প্রকাশের জন্য
iii. সঠিক কার্যকরী মূলধন নির্ণয়ের জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২২. চুক্তিতে উল্লেখ না থাকলে অংশীদারি ব্যবসায় কোনো অংশীদার কর্তৃক প্রদত্ত ঋণের উপর সুদের হার কত হবে?
K ৫% L ৬% M ৮% N ১০%

২৩. কোম্পানি যখন নামিক মূল্যে শেয়ার বিক্রির জন্য বিজ্ঞাপন প্রচার করে তাকে কী বলে?
K অধিহারে শেয়ার ইস্যু
L অবহারে শেয়ার ইস্যু
M সমমূল্যে শেয়ার ইস্যু
N তলবি মূল্যে শেয়ার ইস্যু

২৪. কোনটি অলীক সম্পত্তি?
K প্রাথমিক খরচ
L প্রাপ্য হিসাব
M সমাপনী মজুদ পণ্য
N নগদ তহবিল

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
মি. গালিব একজন ব্যবসায়ী। ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে পর্যন্ত তার ব্যবসায়ের নিট বিক্রয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা। তিনি বিক্রীত পণ্যের ব্যয়ের উপরে ২৫% হারে মোট মুনাফায় পণ্য বিক্রয় করেন।

২৫. মি. গালিবের ব্যবসায়ের বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত?
K ৩,৭৫,০০০ টাকা L ৪,০০,০০০ টাকা
M ৬,০০,০০০ টাকা N ৬,২৫,০০০ টাকা

২৬. মি. গালিব বিক্রয়মূল্যের উপরে ২০% মুনাফায় পণ্য বিক্রয় করলে তার কারবারের আর্থিক অবস্থার কী পরিবর্তন হবে?
K মুনাফা বৃদ্ধি পাবে
L মুনাফা অপরিবর্তিত থাকবে
M মুনাফা হ্রাস পাবে
N মালিকানাস্বত্ব হ্রাস পাবে

২৭. একজন কর্মচারীর এপ্রিল মাসের মূল বেতন ৪৫,০০০ টাকা। তিনি বিনা বেতনে ছুটি ভোগ করেন ৫ দিন। ছুটি ভোগ বাবদ তার বেতন থেকে কত টাকা কর্তন করা হবে?
K ৭,৫০০ টাকা L ৬,৪৫২ টাকা
M ৬,২৫০ টাকা N ৬,২১৭ টাকা

২৮. বিনা কার্ডে কী উল্লেখ থাকে?
K মালের প্রাপ্তি
L মালের প্রাপ্তি ও ইস্যু
M মূল্যসহ মালের প্রাপ্তি ও ইস্যু
N মালের প্রাপ্তি, ইস্যু ও উদ্বৃত্ত

২৯. মাল খতিয়ান থেকে জানা যায়—
i. প্রাপ্ত মালের পরিমাণ, দর ও মূল্য
ii. ইস্যুকৃত মালের পরিমাণ, দর ও মূল্য
iii. উদ্বৃত্ত মালের পরিমাণ, দর ও মূল্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৩০. অংশীদারদের চলতি হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত প্রতিষ্ঠানের কী প্রকাশ করে?
K সম্পদ L আয় M দায় N ব্যয়

# সকল বোর্ডের
# শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র

SURE SUCCESS

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▶** খন্দকার কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা যা প্রতিটি ২০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিচে প্রদত্ত হলো :

**ডেবিট** **ক্রেডিট**

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| দালানকোঠা | ১০,০০,০০০ | শেয়ার মূলধন (৯০,০০০ | |
| আসবাবপত্র | ৭,২০,০০০ | শেয়ার পূর্ণমূল্যে পরিশোধিত) | ১৮,০০,০০০ |
| সুনাম | ১,৮০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৪,০০,০০০ |
| ভ্যাট চলতি হিসাব | ৫০,০০০ | প্রদেয় হিসাব | ২০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,৮০,০০০ | পণ্য বিক্রয় | ১৩,৫৫,৪০০ |
| মজুদ পণ্য (১.১.২৪) | ৬,০০০ | কুঋণ সঞ্চিতি | ৬,০০০ |
| পণ্য ক্রয় | ৮,৭০,০০০ | বিনিয়োগের সুদ | ১০,০০০ |
| দফতর খরচাবলি | ৬০,০০০ | অবণ্টিত মুনাফা | ১৪,০০০ |
| আয়কর | ১২,০০০ | আয়কর সঞ্চিতি | ৮,০০০ |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | | |
| জাহাজ ভাড়া | ৪০,০০০ | | |
| লভ্যাংশ প্রদান | ৭৬,০০০ | | |
| কুঋণ | ২০,০০০ | | |
| নিরীক্ষা ফি | ৮০,০০০ | | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ১,৪০,০০০ | | |
| ১০% বিনিয়োগ (১.৭.২৩) | ১,২৯,৮০০ | | |
| | ৩৬,১৩,৪০০ | | ৩৬,১৩,৪০০ |

**সমন্বয়সমূহ :** (১) ২০২৪ সালের ৩১ ডিসেম্বর মজুদ পণ্য ৩,৬৭,০০০ টাকায় মূল্যায়ন করা হয়। উক্ত মজুদ পণ্যের মধ্যে ৭,০০০ টাকার পণ্য অন্তর্ভুক্ত আছে যা ক্রেতাকে সরবরাহ করা হয়নি; (২) ৪,০০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে বিতরণ করা হয়েছে কিন্তু হিসাবভুক্ত হয়নি; (৩) নিট লাভের ১০,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর কর; (৪) মোট বিজ্ঞাপন খরচের ১/৩ অংশ অবলোপন করতে হবে; (৫) সুনামের ২০% অবলোপন কর; (৬) নিট লাভের ৪০,০০০ টাকা দ্বারা কর্মচারী কল্যাণ তহবিল গঠন করতে হবে; (৭) শেয়ার প্রতি ২ টাকা লভ্যাংশ ঘোষণা করা হলো।

ক. বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. করবাদ নিট লাভ ৫,০৭,৭০০ টাকা ধরে খন্দকার লিমিটেডের সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. চলতি হিসাবকাল শেষে খন্দকার লিমিটেডের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

**২ ▶** আরিফ কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ১২,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,২০,০০০ শেয়ারে বিভক্ত। আরিফ কোম্পানি লিমিটেডের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ৭,২০,০০০ |
| ১০% ঋণপত্র | | ১,৬০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪,২০,০০০ | ২,৮০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৬,৬০,০০০ | ১৩,২০,০০০ |
| শুল্ক খরচ | ৩০,০০০ | |
| প্যাকিং খরচ | ৬০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ২০,০০০ |
| দাবিহীন লভ্যাংশ | | ৩০,০০০ |
| মজুদ পণ্য (১.১.২৪) | ৩,০০,০০০ | |
| গবেষণা খরচ | ১,২০,০০০ | |
| ঋণপত্রের অবহার | ৬০,০০০ | |
| পেটেন্ট | ৩,৬০,০০০ | |
| যন্ত্রপাতি | ৪,৮০,০০০ | |
| | ২৪,৯০,০০০ | ২৪,৯০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪,৮০,০০০ টাকায় মূল্যায়িত হয়েছে; (২) ক্রয় বাবদ অপরিশোধিত বিলের পরিমাণ ৩০,০০০ টাকা; (৩) ১.৭.২৪ তারিখে ক্রয়কৃত যন্ত্রপাতি ৬০,০০০ টাকা ভুলবশত ক্রয় হিসাবে অন্তর্ভুক্ত আছে, যন্ত্রপাতির ওপর ৫% অবচয় ধরতে হবে; (৪) নিট মুনাফার ১০% আয়কর সঞ্চিতিতে স্থানান্তর কর; (৫) দাবিহীন লভ্যাংশের ১/৩ অংশ অবলোপন করতে হবে।

ক. উপর্যুক্ত তথ্য হতে স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট মুনাফা ৮,৪০,০০০ টাকা ধরে কর-পরবর্তী নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. সমাপনী সংরক্ষিত আয় ৬,৬৯,২৫০ টাকা ধরে কোম্পানির মালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

**৩ ▶** P, Q ও R একটি অংশীদারি ফার্মের তিনজন অংশীদার। তাদের ব্যবসায়ের লাভ-ক্ষতি অনুপাত ৪ : ৩ : ২। ১ জানুয়ারি ২০২৪ তাদের মূলধন ছিল যথাক্রমে ৭,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা ও ৪,০০,০০০ টাকা। চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ ধরতে হবে। Q ব্যবসায়ে সার্বক্ষণিক সেবা প্রদানের জন্য প্রতি মাসে ৫,০০০ টাকা বেতন পাবেন। ১ এপ্রিল, ২০২৪ তারিখে Q ব্যবসায়ে ১,৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধন আনয়ন করেন। ১ জুলাই ২০২৪ তারিখে R ব্যবসায়ে ১,০০,০০০ টাকা ঋণ প্রদান করেন। সারাবছর ধরে তারা প্রতি মাসের শেষ তারিখে যথাক্রমে ৪,০০০ টাকা; ৩,০০০ টাকা ও ২,০০০ টাকা করে উত্তোলন করেন। এছাড়াও P ৪,০০০ টাকা মূল্যের পণ্যও উত্তোলন করেন। বছর শেষে বকেয়া কারবার খরচাবলি ৪,০০০ টাকা। ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে Q এর বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয়সাধন করার পূর্বে ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৩,০০,০০০ টাকা।

ক. R এর ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-ক্ষতি বন্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. P ও Q এর মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▶** ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে A, B ও C একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করে। ১ জানুয়ারি প্রত্যেকে ৫০,০০০ টাকা করে মূলধন সরবরাহ করে। প্রত্যেকে মূলধনের ওপর ৫% সুদ পাবে। C বছরে ১২,০০০ টাকা বেতন পাবে। ১ জুলাই তারিখে A ২০,০০০ টাকা ব্যবসায়ে অতিরিক্ত মূলধন সরবরাহ করে। B একই তারিখে ৫০,০০০ টাকা ঋণ প্রদান করে। মূলধনের সুদ, ঋণের সুদ ও বেতন চার্জ করার পূর্বে ব্যবসায়ের নিট মুনাফার পরিমাণ ছিল ৪৭,৫০০ টাকা।

ক. মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অংশীদারদের লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

SURE SUCCESS

৫ ▸ গ্রিন কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত মোট ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির ৮০% শেয়ার ২০% অধিহারে বাজারে বিক্রি করার জন্য বিবরণপত্র ইস্যু করে। ইস্যুকৃত শেয়ারের ১০% কম শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া গেল। শেয়ারগুলো যথাসময়ে বিলি করা হলো।

ক. বিলিকৃত শেয়ার সংখ্যা নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. গ্রিন কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ সান কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা; যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি জমি ক্রয়ের জন্য ১০,০০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে এবং ১০% বাট্টায় ৮০,০০০ শেয়ার জনগণের উদ্দেশ্যে ইস্যু করা হয়। ৮৫,০০০ শেয়ারের জন্য আবেদনপত্র পাওয়া যায়। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হয়।

ক. শেয়ার বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. জাবেদা দাখিলা তৈরি কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ লিপটপন লিমিটেডের ৩১ ডিসেম্বর ২০২৪ সালের আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিচে প্রদত্ত হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৩,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৩,০০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার মূলধন | ১,৫০,০০০ | কলকজা | ২,২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১,৮৭,৫০০ | আসবাবপত্র | ৭৫,০০০ |
| সংরক্ষিত আয় | ১,১২,৫০০ | মজুদ পণ্য | ১,৮৭,৫০০ |
| ১২% ঋণপত্র | ১,১২,৫০০ | বিবিধ দেনাদার | ২,৬২,৫০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৭৫,,০০০ | প্রাপ্য বিল | ৬০,০০০ |
| বিবিধ পাওনাদার | ১,৮৭,৫০০ | নগদ তহবিল | ১৫,০০০ |
| | ১১,২৫,০০০ | | ১১,২৫,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** প্রারম্ভিক মজুদ পণ্য ১,৬২,৫০০ টাকা; নিট ক্রয় ৭,৫০,০০০ টাকা; নিট বিক্রয় ১৫,০০,০০০ টাকা; মোট লাভ ২,৫০,০০০ টাকা এবং করবাদ নিট লাভ ১,৫০,০০০ টাকা।

ক. মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ২

খ. দেনাদার আবর্তন অনুপাত ও মূলধন গিয়ারিং অনুপাত নির্ণয় কর। ৪

গ. তারল্য ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর এফ এল কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থা এবং অন্যান্য তথ্যাবলি নিচে প্রদত্ত হলো :

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৩,০০,০০০ |
| শেয়ার অধিহার | ২০,০০০ | সমাপনী মজুদ পণ্য | ৪০,০০০ |
| ১০% ঋণপত্র (১.৭.২৪) | ১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | ব্যাংক উদ্বৃত্ত | ২০,০০০ |
| আয়কর সঞ্চিতি | ১০,০০০ | অগ্রিম খরচ | ১০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৮০,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ১০,০০০ |
| | ৪,৩০,০০০ | | ৪,৩০,০০০ |

**সমন্বয়সমূহ :** উক্ত বছরের নিট বিক্রয় ৪,০০,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ৩,০০,০০০ টাকা; প্রারম্ভিক মজুদ পণ্য ৩০,০০০ টাকা। কর ও সুদ পরবর্তী নিট লাভ ৪০,০০০ টাকা।

ক. মালিকানা তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. দায় মালিকানা অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ আকাশ ও ঝরনা একটি কোম্পানির দুইজন শ্রমিক, তাদের মজুরির তথ্যাবলি নিম্নরূপ :

| ক্র. নং | হিসাবের নাম | আকাশ | ঝরনা |
|---|---|---|---|
| ১. | মূল মজুরি (টাকা) | ১০,০০০ | ১২,০০০ |
| ২. | মহার্ঘ ভাতা | ২০% | ২০% |
| ৩. | বাড়িভাড়া | ৫০% | ৪৫% |
| ৪. | চিকিৎসা ভাতা (টাকা) | ৮০০ | ৮০০ |
| ৫. | যাতায়াত ভাতা (টাকা) | ৫০০ | ৫০০ |
| ৬. | অতিরিক্ত সময় | ২০ ঘণ্টা | ২৫ ঘণ্টা |
| ৭. | ভবিষ্য তহবিলে দান | ১০% | ১০% |
| ৮. | গ্রুপ বিমা | ৫% | ৫% |
| ৯. | আয়কর (টাকা) | ১০০ | ১৫০ |

স্বাভাবিক কর্মঘণ্টা ২০০ ঘণ্টা। অতিরিক্ত সময়ের মজুরি স্বাভাবিক মজুরি হারের দ্বিগুণ।

ক. অতিরিক্ত সময়ের মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. মজুরি বিবরণী প্রস্তুত কর। ৪

গ. জাবেদা দাখিলা দেখাও। ৪

১০ ▸ জনাব আশিক স্মার্ট ফ্যাশনের কর্ণধার। ৫০,০০০ পিস T-Shirt প্রস্তুত করতে নিচের খরচাবলি সংঘটিত হয়।

| বিবরণ | টাকা |
|---|---|
| কাপড় ক্রয় | ১২,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৪,০০,০০০ |
| প্রত্যক্ষ খরচ | ২,০০,০০০ |
| পরোক্ষ মজুরি | ১,০০,০০০ |
| অন্যান্য কারখানা উপরিব্যয় (প্রত্যক্ষ কাঁচামালের ৪০%) | |
| মনিহারি | ৫,০০০ |
| অন্যান্য অফিস ও প্রশাসনিক উপরিব্যয় (উৎপাদন ব্যয়ের ১০%) | |
| অবচয় | ৫০,০০০ |
| বিজ্ঞাপন | ৪৫,০০০ |
| অন্যান্য বিক্রয় ও বণ্টন উপরিব্যয় (কারখানা উপরিব্যয়ের ৫%) | |

মজুদ তৈরি পণ্য : ১-১-২০২৪ ১,০০,০০০ টাকা ও ৩১-১২-২০২৪ ৮০,০০০ টাকা। তৈরি পণ্য বিক্রয়ের পরিমাণ ৩০,০০,০০০ টাকা।

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্যাবলি হতে ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. প্রতি পিস শার্টের মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

১১ ▸ ৩১ মার্চ ২০২৪ তারিখে AB লিমিটেডের প্রারম্ভিক মজুদ, ক্রয় ও ইস্যুসংক্রান্ত তথ্যাদি নিম্নে উপস্থাপিত হলো।

মার্চ ১ প্রারম্ভিক মজুদ ৪০০ একক ১০ টাকা দরে।
" ৪ ক্রয় ৮০০ একক ১১ টাকা দরে।
" ১০ ইস্যু ৮০০ একক।
" ১৬ ক্রয় ১,২০০ একক ১২ টাকা দরে।
" ১৭ সরবরাহকারীকে ফেরত ২০০ একক।
" ২৫ ইস্যু ৮০০ একক।
" ২৮ পণ্য চুরি ২০০ একক।
" ৩১ ঘাটতি ২০০ একক।

ক. সমাপনী মজুদ এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

গ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ আয়ান লি. এর প্রতিটি শেয়ার ১০ টাকা মূল্যের ২০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত ২,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

**আয়ান লি. এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন : ইস্যুকৃত এবং আদায়কৃত | | ১,০০,০০০ |
| ১২% ঋণপত্র (১.১.২৪) | | ৫০,০০০ |
| ১০% সরকারি পেপার নোট (১.৭.২৪) | ১,৫০,০০০ | |
| সুনাম | ২০,০০০ | |
| সঞ্চিতি তহবিল | | ৫০,০০০ |
| যন্ত্রপাতি | ৫০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১৫,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ২,২০,০০০ | ৪,০০,০০০ |
| লভ্যাংশ প্রদান | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ৪,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬০,০০০ | ৩০,০০০ |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৩,০০০ | ২,০০০ |
| ঋণপত্রের অবহার | ৫০,০০০ | |
| সংরক্ষিত আয় বিবরণী ব্যালেন্স (১.১.২৪) | | ২৫,০০০ |
| ব্যবস্থাপনা পরিচালককে প্রদত্ত ঋণ | ৮০,০০০ | |
| | ৬,৫৭,০০০ | ৬,৫৭,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা; (২) বিজ্ঞাপনের উদ্দেশ্যে ২,০০০ টাকার পণ্য বিনামূল্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে কিন্তু এটি হিসাবভুক্ত হয়নি। মোট বিজ্ঞাপনের এক চতুর্থাংশ অবলোপন করতে হবে; (৩) সুনামের এক-পঞ্চমাংশ অবলোপন এবং প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি তৈরি করতে হবে; (৪) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) নিট লাভের ১৫,০০০ টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে এবং ২০,০০০ টাকা দ্বারা একটি পেনশন তহবিল তৈরি করতে হবে।

ক. বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত? ২

খ. নিট লাভ ২,১০,০০০ টাকা ধরে মালিকানাস্বত্ব বিবরণী তৈরি কর। ৪

গ. ৩১শে ডিসেম্বর ২০২৪ তারিখে সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ যমুনা কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ২,০০,০০০ টাকা। এই মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে প্রস্তুত কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**যমুনা লিমিটেডের রেওয়ামিল**

৩১ ডিসেম্বর ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন : ইসুকৃত ও আদায়কৃত (১২,০০০ শেয়ার) | | ১,২০,০০০ |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| দালানকোঠা | ১,৩৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ২৮,০০০ | ২৩,৮০০ |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ২,৫০০ | ২,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩৫,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৫৮,০০০ | ১,৫২,৪০০ |
| বেতন | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন খরচ | ১,০০০ | |
| সুনাম ও শেয়ার অধিহার | ৩০,০০০ | ৫০,০০০ |
| মনিহারি খরচ | ৩,০০০ | |
| কমিশন | ২,০০০ | ১,৮০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ (১.৪.২৪) | ২৫,০০০ | |
| সংরক্ষিত আয় বিবরণী (১.১.২৪) | | ৫২,৫০০ |
| দাবিহীন লভ্যাংশ | | ২,০০০ |
| ১২% ডিবেঞ্চার | | ৮০,০০০ |
| ১৫% সরকারি সিকিউরিটি | ৮০,০০০ | |
| | ৪,৮৪,৫০০ | ৪,৮৪,৫০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৮০,০০০ টাকা। এর মধ্যে মনিহারি মজুদ ২,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে। পক্ষান্তরে প্রারম্ভিক মজুদের মধ্যে ১,০০০ টাকা মূল্যের মনিহারি অন্তর্ভুক্ত রয়েছে; (২) সুনাম শেয়ার অধিহারের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (৩) মনিহারি বকেয়া রয়েছে ৫০০ টাকা। পক্ষান্তরে বিজ্ঞাপন খরচ পাঁচটি আর্থিক বছরে সমন্বয় করতে হবে; (৪) দাবিহীন লভ্যাংশের অর্ধাংশ মুনাফার সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (৫) সরকারি সিকিউরিটির উপর প্রাপ্য সুদ ৩,০০০ টাকা ও ডিবেঞ্চারের উপর প্রদেয় সুদ ২,০০০ টাকা।

ক. মনিহারি বাবদ প্রকৃত ব্যয়ের পরিমাণ কত? ২

খ. যমুনা কোম্পানি লিমিটেডের বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১শে ডিসেম্বর ২০২৪ তারিখে মোট সম্পত্তি ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩ ▶ গালিব, এহসান ও শিপলু একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৫ : ৩ : ২ অনুপাতে ভাগ করে নেয়। ২০২৩ সালের ১লা জুলাই তারিখে তাদের মূলধন ছিল : গালিব ৩,০০,০০০ টাকা; এহসান ২,৫০,০০০ টাকা এবং শিপলু ২,০০,০০০ টাকা।

অংশীদারি চুক্তি মোতাবেক প্রত্যেক অংশীদারের মূলধন ও উত্তোলন উভয়ের উপর ৬% সুদ ধরতে হবে। ব্যবসায়ের সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য এহসান মাসিক ৩,০০০ টাকা এবং শিপলু মাসিক ২,০০০ টাকা করে বেতন পাবে। এই বেতনের টাকা এহসান তাৎক্ষণিকভাবে উত্তোলন করে।

সম্ভাব্য মুনাফার প্রত্যাশায় অংশীদারগণ প্রতি দু'মাস পর পর গালিব ৮,০০০ টাকা; এহসান ৬,০০০ টাকা এবং শিপলু ৪,০০০ টাকা করে উত্তোলন করে। ২০২৪ সালের ১লা জানুয়ারি তারিখে গালিব ১,০০,০০০ টাকা অতিরিক্ত মূলধন এবং শিপলু ৫০,০০০ টাকা ঋণস্বরূপ সরবরাহ করে।

শিপলুর বেতন সমন্বয় করার পর কিন্তু অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২৪ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ২,২১,৩০০ টাকায় উপনীত হলো।

ক. ঋণ হিসাব তৈরি কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

৪ ▶ মিলি, সাথী ও পিনু একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা কারবারের লাভ লোকসান যথাক্রমে $^1/_2$, $^1/_8$, $^1/_8$ অংশ মোতাবেক বণ্টন করে। ২০২৪ সালের ১লা জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল। মিলি ১,০০,০০০ টাকা; সাথী ৭০,০০০ টাকা ও পিনু ৫০,০০০ টাকা। অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধন ও উত্তোলনের উপর অংশীদারগণ ৫% সুদ পাবে। সাথী ব্যবসায়ের সার্বক্ষণিক কাজের জন্য মাসিক ১,২০০ টাকা করে বেতন পাবে। সাথী তার বেতনের টাকা নগদে তুলে নেয়। প্রত্যেক মাসের মাঝামাঝি সময়ে মিলি, সাথী ও পিনু কারবার হতে যথাক্রমে ১,০০০ টাকা; ৮০০ টাকা ও ৬০০ টাকা করে নগদ উত্তোলন করে। এছাড়াও পিনু কারবার হতে ২,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করে।

মিলি ও সাথী যৌথভাবে পিনুকে নিশ্চয়তা দিয়েছে যে, পিনু লাভের অংশ বাবদ কমপক্ষে ১৬,০০০ টাকা পাবে। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে কারবারের লাভ দাঁড়ায় ৬১,৯৬০ টাকা।

ক. খাঁটি অনুপাত নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. মিলি ও পিনুর মূলধন হিসাব তৈরি কর। ৪

**৫ ▸** রূপালী কোম্পানি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ইস্টার্ন হাউজিং-এর নিকট হতে ১০,০০,০০০ টাকা মূল্যের একখণ্ড জমি ক্রয় করে এবং মূল্য বাবদ সমহারে শেয়ার ইস্যুর মাধ্যমে পরিশোধ করে। কোম্পানি অবশিষ্ট শেয়ার হতে ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে বিবরণপত্র প্রকাশ করে।

কোম্পানি জনসাধারণের নিকট হতে সর্বমোট ৩৫,০০০ শেয়ারের আবেদনপত্র পেল। ৩০,০০০ শেয়ারের যথারীতি আবেদনকারীদের মধ্যে বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের ৫,০০০ শেয়ারের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো।

ক. কোম্পানির বইতে জমি ক্রয়সংক্রান্ত জাবেদা দাখিলা দেখাও। ২

খ. জনসাধারণের নিকট ইস্যুকৃত শেয়ারসংক্রান্ত জাবেদা দাখিলা দাও। ৪

গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ৩৩,০০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৬ ▸** গ্রীন কোম্পানি লিমিটেড প্রতিটি ৫০ টাকা মূল্যের ১,৫০,০০০ শেয়ারে বিভক্ত ৭৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি ১,০০,০০০ শেয়ার ১০% অবহারে বিক্রয়ের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রচার করল। কোম্পানি ১,২০,০০০ শেয়ারের আবেদন পেল। ১,০০,০০০ শেয়ার যথারীতি আবেদনকারীদের মধ্যে বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো। শেয়ার প্রতি ০.৫০ টাকা হারে অবলেখকের কমিশন ধার্য করা হলো।

ক. অবলেখকের দস্তুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। (ব্যাংক জমার উদ্বৃত্ত ৪৪,৫০,০০০ টাকা) ৪

**৭ ▸** ফাইরুজ লিমিটেডের ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| সম্পত্তিসমূহ | টাকা | দায়সমূহ | টাকা |
|---|---|---|---|
| দালানকোঠা | ২,৪০,০০০ | শেয়ার মূলধন | ২,০০,০০০ |
| মজুদ পণ্য | ৩০,০০০ | রক্ষিত আয় বিবরণী | ৮০,০০০ |
| অগ্রিম খরচ | ১০,০০০ | দীর্ঘমেয়াদি ঋণ | ৫০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮০,০০০ | প্রদেয় হিসাব | ৬০,০০০ |
| ব্যাংক জমা | ২০,০০০ | | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ১০,০০০ | | |
| | ৩,৯০,০০০ | | ৩,৯০,০০০ |

উক্ত বছরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ১৫,০০,০০০ টাকা; বিক্রীত পণ্যের ব্যয় ৯,০০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ পণ্য ২০,০০০ টাকা।

ক. কোম্পানির বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তড়িৎ অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

**৮ ▸** পদ্মা এন্টারপ্রাইজের উৎপাদন কারখানা থেকে ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সারা বছরের উৎপাদনের কিছু তথ্য পাওয়া গেছে। তা হলো—

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রত্যক্ষ কাঁচামাল | ২,০০,০০০ |
| প্রত্যক্ষ শ্রম | ১,৪০,০০০ |
| কারখানা উপরিখরচ | ৭০,০০০ |
| প্রশাসনিক উপরিখরচ | ৪১,০০০ |
| বিক্রয় উপরিখরচ | ২০,৫০০ |
| বিক্রয় | ৫,০০,০০০ |

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ কত? ২

খ. উপরের তথ্যের আলোকে উৎপাদন ব্যয় বিবরণী (উৎপাদন ব্যয় পর্যন্ত) মজুরির উপর কারখানা উপরিখরচের শতকরা হার এবং মোট উৎপাদন ব্যয়ের উপর প্রশাসনিক উপরিখরচ ও বিক্রয় উপরিখরচের শতকরা হার নির্ণয় কর। ৪

গ. একটি পণ্য উৎপাদনের কার্যাদেশের জন্য নিম্নের খরচগুলো ধরা হয়েছে। কাঁচামাল লাগবে ৩২,০০০ টাকা; মজুরি লাগবে ১২,০০০ টাকা। প্রশাসনিক ব্যয় ১৫% বৃদ্ধি পাবে, বিক্রয় ব্যয় ৫% হ্রাস পাবে। অন্যান্য ব্যয় পূর্বের বছরের আলোকে হিসাবভুক্ত করে বিক্রয়ের উপর ২৫% লাভে দরপত্রের মূল্য বের কর। ৪

**৯ ▸** একটি প্রতিষ্ঠানে কর্মচারী জনী ও রনীর বেতন সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | জনী | রনী |
|---|---|---|
| মূল বেতন | ৫,০০০ | ৬,০০০ |
| বাড়িভাড়া | ৫০% | ৫০% |
| মহার্ঘ ভাতা | ১৫% | ১৫% |
| চিকিৎসা ভাতা | ৫০০ টাকা | ৫০০ টাকা |
| যাতায়াত ভাতা | ১০০ টাকা | ১০০ টাকা |
| ওভার টাইম (স্বাভাবিক হারের দ্বিগুণ) | ২০ ঘন্টা | ২০ ঘন্টা |
| যৌথবিমা তহবিলে কর্তন | ৩% | ৩% |
| সামাজিক নিরাপত্তা তহবিলে কর্তন | ১% | ১% |
| ভবিষ্যৎ তহবিলে কর্তন | ১০% | ১০% |
| অগ্রিম বেতন কর্তন | ১১০ টাকা | ১২০ টাকা |
| আয়কর | ১০০ টাকা | ১১০ টাকা |

২০২৪ সালের মে মাসে স্বাভাবিক কার্যঘণ্টা ছিল ২৫০ টাকা।

ক. জনী ও রনীর ওভারটাইম বেতন নির্ণয় কর। ২

খ. কর্মচারীদের মোট বেতন নির্ণয় কর। ৪

গ. কর্মচারীদের মোট কর্তনের পরিমাণ নির্ণয় কর। ৪

**১০ ▸** আলিফ ট্রেডার্সের উৎপাদন বিভাগ থেকে কাঁচামালসংক্রান্ত প্রাপ্ত তথ্য নিম্নরূপ :

জানু. ১ প্রারম্ভিক জের ২৭৫ কেজি প্রতি কেজি ২০ টাকা দরে।
" ৫ কারখানায় ইস্যু করা হলো ১৫০ কেজি।
" ১০ ২১ টাকা দরে ২৫০ কেজি কাঁচামালের ফরমায়েশ করা হলো।
" ১২ ১০ তারিখের ফরমায়েশকৃত মাল পাওয়া গেল।
" ১৫ কারখানা থেকে ৩০০ কেজি কাঁচামালের চাহিদা পাওয়া গেল।
" ১৮ ১৫ তারিখের চাহিদাপত্রের মাল ইস্যু করা হলো।
" ২২ ক্রয় ৩২৫ কেজি, প্রতি কেজি ২২ টাকা দরে।
" ২৫ ইস্যু করা হলো ২৭৫ কেজি।
" ৩০ ইস্যু করা হলো ৫০ কেজি।

ক. ৩১শে জানুয়ারি ২০২৪ তারিখে কাঁচামাল মজুদের পরিমাণ (একক) নির্ণয় কর। ২

খ. আগে আসলে আগে যাবে পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**১১ ▸** আরমিট লি. এর ২০২৪ সালের এপ্রিল মাসে পণ্যের আগমন ও নির্গমনসংক্রান্ত তথ্যাবলি নিচে দেয়া হলো :

২০২৪
এপ্রিল ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ১,০০০ কেজি প্রতি কেজি ১০ টাকা।
" ৪ ক্রয় ৬০০ কেজি প্রতি কেজি ১১ টাকা করে।
" ৬ কারখানায় ইস্যু ৭৫০ কেজি।
" ৯ ক্রয় ৩,৫০০ কেজি প্রতি কেজি ১৩ টাকা করে।
" ১৫ কারখানায় ইস্যু ৪,০০০ কেজি।
" ২০ ঘাটতি পাওয়া গেল ১০০ কেজি।
" ২৫ ক্রয় ১,৫০০ কেজি প্রতি কেজি ১৪ টাকা করে।
" ৩০ কারখানায় ইস্যু ১০০ কেজি।

ক. প্রারম্ভিক উদ্বৃত্তসহ মোট ক্রীত পণ্যের পরিমাণ ও মূল্য নির্ণয় কর। ২

খ. আগের মাল আগে ছাড়া পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

# ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▸ অক্সফোর্ড কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল নিম্নরূপ :

**অক্সফোর্ড কোম্পানি লি.-এর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| সুনাম | ৮০,০০০ | শেয়ার মূলধন | ২,০০,০০০ |
| ইজারা সম্পত্তি | ১,০০,০০০ | (প্রতিটি ১০ টাকা) | |
| (১০ বছরের জন্য) | | শেয়ার অধিহার | ৪০,০০০ |
| বিনিয়োগ | ২,০০,০০০ | সাধারণ সঞ্চিতি | ৩০,০০০ |
**৪ ▶** রাম, রহিম ও জন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ৩ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৮ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল যথাক্রমে : ২,৫০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। জন সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসা থেকে বছরে মোট ৪৮,০০০ টাকা বেতন পাবে। রহিমের ১ জানুয়ারি। ২০১৮ সালের ঋণের উদ্বৃত্ত ছিল ২০,০০০ টাকা। রহিম ব্যবসায়ে ১-৭-২০১৮ তারিখে ৫০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করেন। অংশীদারগণ প্রত্যেকে কারবার থেকে প্রতি মাসের শুরুতে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। রাম ও রহিম এই মর্মে জনকে নিশ্চয়তা প্রদান করেন যে, বছরে কমপক্ষে তার লাভের পরিমাণ ৩০,০০০ টাকার কম হবে না। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ে লাভ করে ১,৭০,০০০ টাকায় উপনীত হয়।

ক. ঋণের সুদ অন্তর্ভুক্ত করে রহিমের ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. লাভ-লোকসান বণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. রাম, রহিম ও জনের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৫ ▶** মুন লিমিটেড প্রতি শেয়ার ১০ টাকা মূল্যের মোট ২০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৮০% শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রির উদ্দেশ্যে ইস্যু করে। জনসাধারণ

ইস্যুকৃত শেয়ারের ১২০% শেয়ারের আবেদন করে। কোম্পানি ইস্যুকৃত ১০০% শেয়ার জনসাধারণের নিকট বিলি করে। অতিরিক্ত আবেদন ফেরত দেওয়া হয়। কোম্পানি অবলেখকের কমিশন বাবদ ১০,০০০ টাকা দাগকাটা চেকে প্রদান করে।

ক. মোট অধিহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▶ যমুনা কোম্পানি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ২৫,০০০ টি শেয়ারে বিভক্ত ২৫,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি অনুমোদিত শেয়ারের ৯০% শেয়ার ১০% বাট্টায় বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করল। কোম্পানি ইস্যুকৃত শেয়ারের ৯০% শেয়ার ক্রয় করার জন্য আবেদন পেল। কোম্পানি শেয়ার বিক্রয়ের জন্য প্রাথমিক খরচ বাবদ ৫০০ শেয়ার অভিহিত মূল্যে ইস্যু করে। এছাড়াও কোম্পানি ২,০০০ শেয়ার দিয়ে অভিহিত মূল্যে একখণ্ড জমি ক্রয় করে।

ক. মোট বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাও । ৪

গ. কোম্পানির স্থিতিপত্র প্রস্তুত কর। ৪

৭ ▶ মৌসুমি লি. ও মিথিলা লি. একই ধরনের ব্যবসায়ে নিয়োজিত। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাদের আর্থিক বিবরণী নিম্নরূপ :

| বিবরণ | মৌসুমি লি. (টাকা) | মিথিলা লি. (টাকা) |
|---|---|---|
| বিক্রয় (৭৫% ইসদে) | ৯,০০,০০০ | ৩,০০,০০০ |
| বিক্রীত পণ্যের ব্যয় | ৭,০০,০০০ | ২,২০,০০০ |
| মোট লাভ | ২,০০,০০০ | ৮০,০০০ |
| খরচ | ১,২০,০০০ | ৪০,০০০ |
| নিট লাভ | ৮০,০০০ | ৪০,০০০ |
| চলতি সম্পদ | ৩,০০,০০০ | ২,০০,০০০ |
| চলতি দায় | ১,০০,০০০ | ৭৫,০০০ |

২০২২ সালে মৌসুমি ও মিথিলার ব্যবসায়ের গড় মজুদ ছিল যথাক্রমে ৭০,০০০ টাকা ও ২০,০০০ টাকা।

ক. কার্যকরী মূলধন ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয়ের সূত্র লেখ। ২

খ. উভয় কোম্পানির মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

গ. মোট লাভ ও নিট লাভ অনুপাত নির্ণয় কর এবং ফলাফলের ওপর মন্তব্য কর। ৪

৮ ▶ ইব্রাহিম কোম্পানি লি. এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উদ্বর্তপত্র ও অন্যান্য তথ্য নিচে দেওয়া হলো :

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ৪,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৬,৫০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ১,৪০,০০০ | সমাপনী মজুদ | ৮০,০০০ |
| ১০% ঋণ | ২,৬০,০০০ | প্রাপ্য হিসাব | ৬০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৭০,০০০ | নগদ উদ্বৃত্ত | ৯০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৩০,০০০ | বিলম্বিত বিজ্ঞাপন | ২০,০০০ |
| | ৯,০০,০০০ | | ৯,০০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের ওপর ২৫% হারে লাভে পণ্য বিক্রয় করে। বিক্রীত পণ্যের ব্যয় ৮,৫০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ পণ্য ছিল ৯০,০০০ টাকা।

ক. বিক্রয়মূল্য নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তরল অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▶ কাওসার কোম্পানির ২০২৩ সালের ডিসেম্বর মাসের বেতনসংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| বিবরণ | রবি | শফি |
|---|---|---|
| মূল বেতন টাকা | ৬,০০০ | ৮,০০০ |
| মহার্ঘ ভাতা | ২০% | ২০% |
| বাসস্থান ভাতা | ৫০% | ৫০% |
| যাতায়াত ভাতা টাকা | ৬০০ | ৫০০ |
| ওভারটাইম | ২৪ ঘণ্টা | ১৭ ঘণ্টা |
| অনুমোদিত ভবিষ্যৎ তহবিলে দান | ১০% | ১০% |
| সামাজিক নিরাপত্তা তহবিলে কর্তন | ৩% | ৩% |
| অগ্রিম বেতন কর্তন টাকা | | ৪৫০ |
| স্বাভাবিক কর্মঘণ্টা | ২০০ | ২০০ |

ক. স্বাভাবিক মজুরি হারের দেড়গুণ ধরে ওভারটাইম ভাতা নির্ণয় কর। ২

খ. বেতন বিবরণী প্রস্তুত কর। ৪

গ. বেতনসংক্রান্ত জাবেদা প্রস্তুত কর। ৪

১০ ▶ ২০২৩ সালের জানুয়ারি মাসের নিম্নের তথ্যগুলো জারা ট্রেডার্সের হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে :

জানু. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৬০০ কেজি ১০.৫০ টাকা দরে।
" ৭ ক্রয় ৫০০ কেজি ১২.৭৫ টাকা দরে।
" ১১ ইস্যু ৭০০ কেজি।
" ২০ ক্রয় ৪০০ কেজি ১৩.২৫ টাকা দরে
" ২৯ ইস্যু ৬০০ কেজি
" ৩০ পরিবহনে বিনষ্ট ২০ কেজি (২০ তারিখে ক্রয়কৃত)।
" ৩১ সমাপনী মজুদ একক ১৪০ একক।

ক. ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. আগে আসলে আগে যাবে (FIFO) পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় ব্যয় পদ্ধতিতে (WAC) মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▶ জিন জিয়াং লি.-এর ২০২২ সালের জানুয়ারি মাসের কাঁচামালসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

জানু. ১ প্রারম্ভিক জের ২৭৫ কেজি ২০.০০ টাকা দরে।
" ৫ কারখানায় ইস্যু করা হলো ১৫০ কেজি।
" ১০ ২১ টাকা দরে ২৫০ কেজি কাঁচামালের ফরমায়েশ করা হলো।
" ১২ ১০ তারিখের ফরমায়েশকৃত মাল পাওয়া গেল।
" ১৫ কারখানা থেকে ৩০০ কেজি কাঁচামালের চাহিদা পাওয়া গেল।
" ১৮ ১৫ তারিখের চাহিদাপত্রের মাল ইস্যু করা হলো।
" ২২ ক্রয় ৩২৫ কেজি, প্রতি কেজি ২২ টাকা দরে।
" ২৫ কারখানায় ইস্যু করা হলো ২৭৫ কেজি।
" ৩১ কারখানায় ইস্যু করা হলো ৫০ কেজি।

ক. সমাপনী মজুদের পরিমাণ এককে নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

# সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▶** আমান কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ১০,০০,০০০ টাকা। যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ :

**আমান কোম্পানি লিমিটেডের**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২৩) | ৭৫,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ৪,৬০,০০০ | ৯,২০,০০০ |
| শেয়ার অধিহার | | ৯০,০০০ |
| বিনিয়োগ | ৫,০০,০০০ | |
| দালানকোঠা | ৭,০০,০০০ | |
| মজুরি | ১,৫০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৭৫,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ১,০০,০০০ | ৭০,০০০ |
| সুনাম | ১,২০,০০০ | |
| ভ্যাট চলতি হিসাব | | ১৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ১,৯০,০০০ |
| ১০% ঋণপত্র | | ১,০০,০০০ |
| শেয়ার মূলধন (৭০,০০০ শেয়ার) | | ৭,০০,০০০ |
| আয়কর | ২০,০০০ | |
| নগদ তহবিল | ১,০০,০০০ | |
| দাবিহীন লভ্যাংশ | | ৩০,০০০ |
| সংরক্ষিত আয়ের জের (১-১-২০২৩) | | ১,৮৫,০০০ |
| | ২৩,০০,০০০ | ২৩,০০,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৬০,০০০ টাকা; (২) মজুরি ২ মাসের বকেয়া আছে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিল ৩০,০০০ টাকা স্থানান্তরিত কর; (৪) শেয়ার মূলধনের ওপর ১০% হারে লভ্যাংশ ঘোষণা করতে হবে;(৫) আয়কর সঞ্চিতি ৩০,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি কর। ২
খ. আয় বিবরণীর মাধ্যমে লাভ নির্ণয় কর। ৪
গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত ৩,৩০,২০০ টাকা ধরে শেয়ারহোল্ডারদের স্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

**২ ▶** শামীম লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ টি সাধারণ শেয়ারে নিবন্ধিত হয়। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল প্রদত্ত হলো :

**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ক্রয় | ৫,০০,০০০ | শেয়ার মূলধন | |
| প্রারম্ভিক মজুদ | ১০,০০,০০০ | (প্রতিটি ১০ টাকা মূল্যের | |
| মজুরি ও বেতন | ৩০,০০০ | ২,০০,০০০ শেয়ার) | ২০,০০,০০০ |
| বিজ্ঞাপন | ৫০,০০০ | উপভাড়া (১০ মাসের) | ৬০,০০০ |
| আন্তঃপরিবহন | ৮,০০০ | পাওনাদার | ৩০,০০০ |
| বহিঃপরিবহন | ৭,০০০ | বিক্রয় | ১২,০০,০০০ |
| দেনাদার | ২,০৫,০০০ | শেয়ার অধিহার | ১০,০০০ |
| হাতে নগদ | ১৫,০০,০০০ | | |
| | ৩৩,০০,০০০ | | ৩৩,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদ পণ্য ৪,০০,০০০ টাকা যার বাজার মূল্য ৪,২০,০০০ টাকা; (২) মজুরি ও বেতন ৪,০০০ টাকা বকেয়া রয়েছে; (৩) বিজ্ঞাপনের অর্ধাংশ বিলম্বিত করতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
খ. মোট লাভ ৫৮,০০০ টাকা ধরে নিট লাভ নির্ণয় কর। ৪
গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ৯৮,০০০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

**৩ ▶** 'ক', 'খ' ও 'গ' একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন যথাক্রমে ১,৮০,০০০ টাকা; ১,৫০,০০০ টাকা এবং ১,৩০,০০০ টাকা। তাদের চলতি হিসাবের উদ্বৃত্ত ছিল :

'ক' — ২০,০০০ টাকা (ক্রেডিট)
'খ' — ৮,০০০ টাকা (ডেবিট)
'গ' — ১২,০০০ টাকা (ক্রেডিট)

অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ৬% হারে সুদ ধার্য করতে হবে। ১ জুলাই ২০২৩ তারিখে 'গ' ২০,০০০ টাকা কারবারে ঋণ প্রদান করে। কারবারে সার্বক্ষণিক কাজের জন্য 'খ' প্রতিমাসে ৫০০ টাকা করে বেতন পাবে। বেতনের টাকা ডেবিট করার পর ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে কারবারের নিট আয় ছিল ৫৫,২৪০ টাকা।

ক. 'খ' এর বার্ষিক বেতনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন বিবরণী প্রস্তুত কর। ৪
গ. অংশীদারগণের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▶** অনিম, তানিম ও দানিম একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ২ ঃ ২ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৩ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধনের পরিমাণ ছিল যথাক্রমে ২৫,০০০ টাকা; ২০,০০০ টাকা এবং ১৫,০০০ টাকা। দানিম তার সার্বক্ষণিক কাজের জন্য ব্যবসায় হতে মাসিক ৫০০ টাকা করে বেতন পাবেন। অংশীদারদের মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। অনিম, তানিম ও দানিম বছরে ব্যবসায় থেকে যথাক্রমে ৪,০০০ টাকা; ৩,০০০ টাকা এবং ২,০০০ টাকা উত্তোলন করেন। ২০২৩ সালের ১ জুলাই তারিখে অনিম ব্যবসায়ের প্রয়োজনে ৫,০০০ টাকা ঋণ সরবরাহ করেন। দানিম তার বেতনের টাকা প্রতিমাসে উত্তোলন করে নেন। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে নিট লাভ হয়েছিল ৩২,৯২৫ টাকা।

ক. অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর। ২
খ. অংশীদারদের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. বছর শেষে অংশীদারদের মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

**৫ ▶** মনোয়ার কোম্পানি লিমিটেড প্রতিটি ৮০ টাকা মূল্যের ১০,০০০ শেয়ারে বিভক্ত ৮,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি উহার ১০% অধিহারসহ ৩,০০০ শেয়ারের বিনিময়ে ২,৬৪,০০০ টাকা মূল্যের ভূমি

ক্রয় করে। পরিচালক পর্ষদ অবশিষ্ট শেয়ার হতে ৫,০০০ শেয়ার ১০% অধিহারে ইস্যু করেন। মোট ৫,৫০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি যথারীতি ৫,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বণ্টন করে এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো।

ক. অধিহারের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নাই) ৪

গ. ব্যাংক জমা ৪,৪০,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৬ ▸ সুমাইয়া হাউজিং কোম্পানি লি. প্রতিটি ১০০ টাকা মূল্যের ৮০,০০০ শেয়ারে বিভক্ত ৮০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে গঠিত হয়। কোম্পানি ৫০,০০০ শেয়ার ১০ টাকা অবহারে বিক্রয়ের জন্য ইস্যু করে। তন্মধ্যে ৯০% শেয়ারের আবেদন পাওয়া যায় এবং বণ্টন করা হয়। অবলেখকের কমিশন শেয়ার প্রতি ৫ টাকা করে প্রদান করা হয়।

ক. অলীক সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. প্রয়োজনীয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ আলামিন লিমিটেডের ২০২৩ সালের উদ্বর্তপত্র নিম্নে প্রদত্ত হলো :

**আলামিন লিমিটেড**
**উদ্বর্তপত্র**
৩১ ডিসেম্বর ২০২৩

| দায় | টাকা | সম্পদ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | স্থায়ী সম্পদ | ৯,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ | মজুদ পণ্য | ৩,৫০,০০০ |
| ১২% ঋণপত্র | ৪,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ |
| শেয়ার অধিহার | ১,০০,০০০ | নগদ | ৫০,০০০ |
| বকেয়া খরচ | ৫০,০০০ | ব্যাংক জমা | ১,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,৫০,০০০ | প্রাপ্য নোট | ১,৫০,০০০ |
| | ১৯,০০,০০০ | | ১৯,০০,০০০ |

চলতি বছরে বিক্রয়ের পরিমাণ ২৫,০০,০০০ টাকা। বিক্রীত পণ্যের ব্যয় ২০,০০,০০০ টাকা।

ক. চলতি অনুপাত নির্ণয় কর। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও মোট লাভ অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

৮ ▸ ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত আমিনা লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী নিম্নে দেওয়া হলো :

**আমেনা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর ২০১৬

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১২,০০,০০০ | ভূমি ও দালান | ১০,০০,০০০ |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত | ৬,০০,০০০ | আসবাবপত্র | ৫,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ৫,০০,০০০ | মজুদ পণ্য | ৪,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৬,০০,০০০ |
| প্রদেয় নোট | ২,০০,০০০ | নগদ তহবিল | ৩,৫০,০০০ |
| | ২৮,৫০,০০০ | | ২৮,৫০,০০০ |

বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৪০,০০,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধন নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় কর এবং উভয় অনুপাতের মন্তব্য দাও। ৪

গ. দায় মালিকানা অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর এবং উভয় অনুপাতের মন্তব্য দাও। ৪

৯ ▸ আফরোজা লি. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উৎপাদন ব্যয়সংক্রান্ত তথ্য নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামাল ব্যবহার | ১১,০০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৮,০০,০০০ |
| কারখানা উপরিব্যয় | ৪,০০,০০০ |
| প্রশাসনিক উপরিব্যয় | ৩,০০,০০০ |

ক. উপরিউক্ত তথ্য হতে প্রত্যক্ষ মজুরির ওপর কারখানা উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ২

খ. উপরিউক্ত তথ্য থেকে উৎপাদন ব্যয় বিবরণী তৈরি কর এবং কারখানা ব্যয়ের ওপর প্রশাসনিক উপরিব্যয়ের শতকরা হার নির্ণয় কর। ৪

গ. উপরিউক্ত তথ্যের সাহায্যে একটি টেন্ডার মূল্য নির্ণয় কর যদি কাঁচামাল ও মজুরি ব্যয় যথাক্রমে ৮০,০০০ টাকা এবং ৬০,০০০ টাকা হয় এবং মুনাফার হার বিক্রয়মূল্যের ওপর ২০% হয়। ৪

১০ ▸ ''সিটি গ্রুপ''-এর ২০২৩ সালের জানুয়ারি মাসের প্রথম সপ্তাহের মজুরি ও অন্যান্য ভাতা এবং কর্তনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ ছিল :

| বিবরণ | সোহেল | আরিফ |
|---|---|---|
| ১. শ্রমঘণ্টা | ১২০ | ১৫০ |
| ২. মূল মজুরি | ১,২০০ | ১,৫০০ |
| ৩. মহার্ঘ ভাতা (মূল মজুরির) | ২৫% | ২৫% |
| ৪. চিকিৎসা ভাতা | ২৫০ | ৩০০ |
| ৫. যাতায়াত ভাতা (মূল মজুরির) | ১০% | ১০% |
| ৬. ওভারটাইম (মূল মজুরির দ্বিগুণ হারে) | ২০ ঘণ্টা | ২৫ ঘণ্টা |
| ৭. প্রভিডেন্ড ফান্ডে নিয়োগকর্তার দান (মূল মজুরির) | ১০% | ১০% |
| ৮. প্রভিডেন্ড ফান্ডে কর্মীর দান (মূল মজুরির) | ১০% | ১০% |
| ৯. আয়কর | ১২০ টাকা | ১২০ টাকা |
| ১০. অগ্রিম বাবদ কর্তন | ২০০ টাকা | ১০০ টাকা |

ক. ওভারটাইম বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. দুজনের মোট কর্তনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. একটি মজুরি বিবরণী প্রস্তুত কর। ৪

১১ ▸ জুয়েল লি. এর মজুদ বিভাগ নিম্নোক্ত তথ্য উপস্থাপন করেছে :

২০২৩

জুন ১ জের ৫০০ একক, প্রতি একক ৮ টাকা দরে।
" ৭ ক্রয় ৬০০ একক, প্রতি একক ১০ টাকা দরে।
" ১৫ ইস্যু ৭০০ একক।
" ২০ ক্রয় ৩০০ একক, প্রতি একক ১২ টাকা দরে।
" ৩০ ইস্যু ৫০০ একক।

৩০ জুন তারিখে কাঁচামালের মজুদ ১৫০ একক।

ক. কাঁচামালের ঘাটতি একক নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. বিক্রয়ের পরিমাণ ১৫,০০০ টাকা ও অন্যান্য প্রত্যক্ষ খরচ ১,০০০ টাকা হলে মোট লাভের হার নির্ণয় কর। ৪

# শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◆ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ ধূমকেতু পিএলসি প্রতি শেয়ার ১০০ টাকা করে ২০,০০০ শেয়ারে বিভক্ত ২০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিল নিম্নরূপ ছিল :

**ধূমকেতু পিএলসি**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (১৫,০০০ শেয়ার) | | ১৫,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৫,০০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ২,৬০,০০০ |
| প্রাপ্য হিসাব | ৮৭,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৫৮,০০০ |
| পণ্য ক্রয় (ভ্যাটসহ) | ৭,৭০,৫০০ | |
| পণ্য বিক্রয় (ভ্যাটসহ) | | ১৪,১৪,৫০০ |
| মজুদপণ্য (১.১.২৪) | ৫২,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৯,৫০,০০০ | |
| শেয়ার অবহার | ৭৫,০০০ | |
| ১২% বিনিয়োগ (১.৭.২৪) | ৬,০০,০০০ | |
| মজুরি | ৪৮,৫০০ | |
| বেতন | ৭০,০০০ | |
| আয়কর | ৪০,০০০ | |
| লভ্যাংশ প্রদান | ৫০,০০০ | |
| অগ্রিম বিমা | ৬০,০০০ | |
| সংরক্ষিত আয় (১.১.২৪) | | ১,৮৫,৫০০ |
| ব্যাংক জমা | ৬৫,০০০ | |
| শুল্ক | ৫০,০০০ | |
| | ৩৪,১৮,০০০ | ৩৪,১৮,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ৯২,৮০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার মধ্যে ২৮,৫০০ টাকার বিক্রীত পণ্য অন্তর্ভুক্ত রয়েছে যা ক্রেতাকে সরবরাহ করা হয়নি। অবশ্য উক্ত পণ্য বিক্রয়ের অন্তর্ভুক্ত হয়েছে; (২) প্রাপ্য হিসাবের ৫,০০০ টাকা আদায়যোগ্য নয় অবশিষ্টাংশের উপর ১০% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) সাধারণ সঞ্চিতি তহবিল ৩,০০,০০০ টাকায় উন্নীত কর; (৪) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) বিনিয়োগের ছয় মাসের সুদ পাওনা হয়েছে যা এখনও আদায় করা হয়নি; (৬) ভূমি ও দালানের ১০% অবচয় ধার্য করতে হবে।

ক. ধূমকেতু পিএলসি এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোট আয় নির্ণয় কর। ২
খ. নিট আয় ২,৮২,১০০ টাকা ধরে সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. বছর শেষে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণীর মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ ব্রহ্মপুত্র পিএলসি এর অনুমোদিত মূলধন ৫,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যে ৫০,০০০ শেয়ারে বিভক্ত। ৩১ ডিসেম্বর ২০২৪ সালের জন্য কোম্পানির রেওয়ামিল নিম্নে উল্লেখ করা হলো :

**ব্রহ্মপুত্র পিএলসি**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ট্রেডমার্ক | ৫০,০০০ | |
| অবলেখকের কমিশন | ৭,৫০০ | |
| প্যাকিং খরচ | ৮,০০০ | |
| বিজ্ঞাপন | ৩০,০০০ | |
| অদাবিকৃত লভ্যাংশ | | ১৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৪০,০০০ | |
| মোট ক্ষতি | ১,৪১,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৩২,৫০০ | |
| শেয়ার অধিহার | | ১০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৩৮,০০০ |
| বেতন | ২৪,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৮,০০০ |
| শেয়ার মূলধন | | ২,০০,০০০ |
| ১০% ঋণপত্র (১.১.২৪) | | ১,০০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| যন্ত্রপাতি | ৮০,০০০ | |
| সংরক্ষিত আয় (১.১.২৪) | | ৬২,০০০ |
| | ৪,৩৩,০০০ | ৪,৩৩,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) ১ জুলাই ২০২৪ তারিখে নতুন যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে যার সংস্থাপনসহ মোট মূল্য ২০,০০০ টাকা। অবশ্য এর মূল্য এখনও অপরিশোধিত রয়েছে; (২) বিজ্ঞাপনের অর্ধাংশ বিলম্বিত করতে হবে; (৩) বেতন ৬,০০০ টাকা বকেয়া রয়েছে; (৪) যন্ত্রপাতির ১০% অবচয় এবং ট্রেডমার্কের $^{১}/_{১০}$ অংশ অবলোপন করতে হবে।

ক. যন্ত্রপাতির অবচয় নির্ণয় কর। ২
খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্রহ্মপুত্র পিএলসি এর আয় বিবরণী প্রস্তুত করে নিট লাভ বা নিট ক্ষতি নির্ণয় কর। ৪
গ. বছর শেষে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩ ▶ সন্দেশ, গোল্লা ও মিঠাই একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ব্যবসায়ে তাদের লাভ-লোকসান বণ্টন অনুপাত হলো $\frac{১}{২} : \frac{১}{৩}$ ও $\frac{১}{৬}$। ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে ব্যবসায়ে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ; ১,৫০,০০০ টাকা এবং ৮০,০০০ টাকা। মিঠাই কারবারের সক্রিয় অংশীদার তাই সে প্রতিমাসে ৫,০০০ টাকা বেতন পাবে। অংশীদারি চুক্তি মোতাবেক মূলধন ও উত্তোলনের উপর ১০% সুদ ধরতে হবে কিন্তু পণ্য উত্তোলনের উপর কোনো সুদ ধার্য হবে না। অংশীদারগণ সারাবছরে ব্যবসায় থেকে সন্দেশ ১০,০০০ টাকা; গোল্লা ৮,০০০ টাকা এবং মিঠাই ৫,০০০ টাকা উত্তোলন করেছে। এছাড়াও মিঠাই ২,০০০ টাকা মূল্যের পণ্য উত্তোলন করেছে।

১ জুলাই ২০২৪ সালে মিঠাই ব্যবসায়ে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করে। একই তারিখে গোল্লা ৫০,০০০ টাকা ঋণস্বরূপ ব্যবসায়ে সরবরাহ করে। সন্দেশ ও গোল্লা উভয়েই মিঠাইকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, গোল্লা মুনাফা কমপক্ষে ২০,০০০ টাকা পাবে। উপর্যুক্ত বিষয়গুলো সমন্বয়ের পূর্বে কিন্তু মিঠাই এর বেতন ডেবিট করার পর কারবারের নিট লাভের পরিমাণ ছিল ১,৩৫,৩৫০ টাকা।

ক. মূলধন ও উত্তোলনের সুদের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের লাভ লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. গোল্লা ও মিঠাইয়ের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

৪ ▶ মুসাফির পিএলসি প্রতিটি ৫০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত মোট ২৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি প্রতি শেয়ার ৬০ টাকা মূল্যে এর ৩০,০০০ শেয়ার আবণ্টনের উদ্দেশ্যে বিবরণপত্র ইস্যু করে। কোম্পানি ৪০,০০০ শেয়ারের আবেদন পায় এর মধ্যে ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করে। অতিরিক্ত আবেদনকৃত শেয়ারগুলো যাদেরকে কোনো শেয়ার বণ্টন করা হয়নি তাদের ফেরত প্রদান করে। কোম্পানি শেয়ার ইস্যুকরণের জন্য অবলেখককে শেয়ার প্রতি ২.৫০ টাকা করে কমিশনস্বরূপ প্রদান করে।

ক. অবলেখকের কমিশনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ গোধূলী পিএলসি এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ ছিল :

| বিবরণ | টাকা |
|---|---|
| **সম্পদসমূহ :** | |
| স্থায়ী সম্পদ | ৯,৫০,০০০ |
| মজুদ পণ্য | ২,০০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,৫০,০০০ |
| নগদ তহবিল | ৫০,০০০ |
| প্রাথমিক খরচ | ৫০,০০০ |
| **মোট সম্পদ** | ১৪,০০,০০০ |
| **মালিকানাস্বত্ব ও দায়সমূহ :** | |
| শেয়ার মূলধন | ৮,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ২,০০,০০০ |
| ঋণপত্র | ২,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,০০,০০০ |
| মালিকানাস্বত্ব ও মোট দায় | ১৪,০০,০০০ |

কোম্পানির বিক্রয়ের পরিমাণ ছিল ১৪,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২৫% লাভে পণ্য বিক্রয় করে থাকে।

ক. মোট লাভ অনুপাত নির্ণয় কর। ২

খ. ত্বরিত অনুপাত ও কার্যকর মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৬ ▸ স্বর্ণালী ম্যানুফ্যাকচারিং পিএলসি এর ২০২৪ সালের উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের ব্যবহার | ৩,৬০,০০০ |
| উৎপাদন মজুরি | ২,১৬,০০০ |
| কারখানা উপরিখরচ | ৭২,০০০ |
| উৎপাদিত দ্রব্যের মজুদ (১.১.২৪) ৪,০০০ একক | ৬০,০০০ |
| উৎপাদিত দ্রব্যের মজুদ (৩১.১২.২৪) ৮,০০০ একক | ? |
| প্রশাসনিক খরচ | ১,৪৪,০০০ |
| বিক্রয় ও বিপণন খরচ | ৬০,০০০ |

চলতি বছরে কোম্পানি ২০,০০০ একক পণ্য বিক্রয় করে। বিক্রয়ের উপর ২০% হারে মুনাফা অর্জন করে।

ক. উৎপাদিত পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ৪

গ. স্বর্ণালী ম্যানুফ্যাকচারিং এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে আয় বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ সুরমা পিএলসি এর ২০২৪ সালের ডিসেম্বর মাসের নিম্নবর্ণিত তথ্যসমূহ মজুদ বিভাগ হতে পাওয়া গেছে :

২০২৪

ডিসে. ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ২,০০০ একক; প্রতি একক ১৪ টাকা করে।
" ৪ ক্রয় ৬০০ একক; প্রতি একক ১৬ টাকা করে।
" ১০ মাল ইস্যু ১,০০০ একক।
" ১৫ ক্রয় ৮০০ একক; প্রতি একক ১৮ টাকা করে।
" ১৯ মাল ইস্যু ১,৬০০ একক।
" ২৪ মাল ইস্যু ৬০০ একক।
" ২৯ ক্রয় ৪০০ একক; প্রতি একক ২০ টাকা করে।
" ৩১ সমাপনী মজুদ পণ্য ৩০০ একক।

ক. ঘাটতি এককের পরিমাণ নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে সমাপনী মজুদ মালের মূল্য নির্ণয় কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

৮ ▸ হাবীব, কামাল এবং কালাম একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে যথাক্রমে ১,০০,০০০ টাকা; ৮০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করে। তাদের অংশীদারি চুক্তিপত্রের বিষয়বস্তুতে নিম্নোক্ত ধারা সন্নিবেশিত ছিল :

i) কামাল ও কালাম ব্যবসায় সরাসরি পরিচালনার জন্য যথাক্রমে ৮,০০০ টাকা ও ৭,৫০০ করে প্রতি মাসে বেতন পাবে।

ii) মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ হিসাবভুক্ত করতে হবে।

iii) অংশীদারগণ প্রতি মাসের শেষ তারিখে ১,০০০ টাকা করে প্রত্যেকেই নগদ উত্তোলন করেছে।

iv) হাবীব বণ্টনযোগ্য মুনাফার উপর ৫% কমিশন পাবে। নিট লাভ থেকে অংশীদারদের বেতন মূলধনের সুদ এবং কমিশন চার্জ করার পরবর্তী মুনাফার উপর এ কমিশন ধার্য করতে হবে।

v) কালাম বছরের মাঝামাঝি সময়ে কারবারে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে আনয়ন করে।

vi) তারা তাদের মূলধন হিসাব স্থায়ী পদ্ধতিতে সংরক্ষণ করতে সম্মত হয়।

উপর্যুক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২৪ সালের ৩১ ডিস্বের তারিখে সমাপ্ত বছরে কারবারের মুনাফা ছিল ৩,০৬,৮৪০ টাকা।

ক. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ২

খ. লাভ লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত কর। ৪

৯ ▸ দানিয়ুব পিএলসি বাংলাদেশ, প্রতিটি ২০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ার নিয়ে গঠিত ১,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে গঠিত। কোম্পানি ১০% অবহারে এর ৩,০০,০০০ শেয়ার বিক্রয়ের জন্য সিদ্ধান্ত গ্রহণ করে। কোম্পানি ইহার ৫০,০০০ শেয়ার ইস্যু করে এক খণ্ড জমি ক্রয় করে। অবশিষ্ট ২,৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য বিজ্ঞাপন প্রদান করা হলে ২,৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া যায়। কোম্পানি ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করে এবং অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত প্রদান করে।

ক. মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. দানিয়ুব পিএলসি বাংলাদেশ এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ ফুলসুধা ম্যানুফ্যাকচারিং কোম্পানির দুইজন শ্রমিকের ২০২৪ সালের জুলাই মাসের মজুরিসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ ছিল :

| বিবরণ | ধলা চাঁন | লাল চাঁন |
|---|---|---|
| মূল মজুরি | ১০,০০০ টাকা | ১২,০০০ টাকা |
| বাড়িভাড়া ভাতা | ২০% | ৫০% |
| চিকিৎসা ভাতা | ২,০০০ টাকা | ২,০০০ টাকা |
| ওভারটাইম (ঘণ্টা) | ২৫ ঘণ্টা | ২০ ঘণ্টা |
| ভবিষ্যৎ তহবিলে কর্তন | ১০% | ১০% |
| কল্যাণ তহবিলে কর্তন | ২% | ২% |
| অগ্রিম মজুরি কর্তন | — | ৫০০ টাকা |
| স্বাভাবিক কর্মঘণ্টা | ২০০ ঘণ্টা | ২০০ ঘণ্টা |

ওভারটাইম মজুরি স্বাভাবিক মজুরি হারের দেড়গুণ প্রদান করা হয়।

ক. শ্রমিকদের ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. শ্রমিকদের মজুরি বিবরণী তৈরি করে নিট মজুরির প্রমাণ নির্ণয় কর। ৪

গ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

১১ ▸ বলাকা পিএলসি এর ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাদি নিম্নে প্রদান করা হলো :

**বলাকা পিএলসি এর**

আর্থিক অবস্থার বিবরণী

| মূলধন ও দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২০,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ১৫,০০,০০০ |
| সঞ্চিতি তহবিল | ৫,০০,০০০ | ইজারা সম্পত্তি (১০ বছর) | ৫,০০,০০০ |
| ১০% ঋণপত্র | ৭,০০,০০০ | যন্ত্রপাতি | ৮,০০,০০০ |
| প্রদেয় হিসাব | ৩,০০,০০০ | মজুদ পণ্য | ২,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ৬,০০,০০০ |
| প্রদেয় ভাড়া | ৫০,০০০ | নগদ তহবিল | ১,০০,০০০ |
| | ৩৭,০০,০০০ | | ৩৭,০০,০০০ |

চলতি বছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৬৪,০০,০০০ টাকা; এর ৭৫% ধারে সংঘটিত হয়। কারবারের মোট লাভের পরিমাণ ছিল ১৩,৩৮,০০০ টাকা এবং পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ৮,৭৪,০০০ টাকা।

ক. নিট লাভ অনুপাত নির্ণয় কর। ২

খ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত ও চলতি অনুপাত নির্ণয় কর। ৪

গ. প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত এবং গড় আদায় সময়ের পরিমাণ নির্ণয় কর। ৪

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়–৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বিনিয়োজিত মূলধন নির্ণয়ে অন্তর্ভুক্ত হবে–**
i. শেয়ার মূলধন
ii. সাধারণ সঞ্চিতি
iii. ঋণপত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. দায় মালিকানা অনুপাত = ?**
K $\frac{\text{চলতি দায়}}{\text{মোট সম্পদ}}$ L $\frac{\text{মোট দায়}}{\text{মোট সম্পদ}}$
M $\frac{\text{বহিঃদায়}}{\text{মালিকানা তহবিল}}$ N $\frac{\text{চলতি দায়}}{\text{মালিকানা তহবিল}}$

**৩. অনুপাত বিশ্লেষণের মাধ্যমে ব্যবসায়ের কী যাচাই করা হয়?**
i. দক্ষতা
ii. সচ্ছলতা
iii. লাভজনকতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. তারল্যতা ও মুনাফা যোগ্যতার মধ্যকার সম্পর্ক কীরূপ?**
K ধনাত্মক L ঋণাত্মক
M সমান N শূন্য

**৫. পরিচালন মুনাফা অনুপাতের আদর্শমান কত?**
K ৫% – ১০% L ১০% – ১৫%
M ১৫% – ১৮% N ২০% – ৩০%

**৬. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
K FASB L BSEC
M DSE N CSE

**৭. প্রারম্ভিক মজুদ ২০,০০০ টাকা, সমাপনী মজুদ ৩০,০০০ টাকা, বিক্রয় ৫,০০,০০০ টাকা, মুনাফা ক্রয়মূল্যের ২৫%। বিক্রয়যোগ্য পণ্যের মূল্য কত?**
K ৩,৭৫,০০০ টাকা L ৩,৯০,০০০ টাকা
M ৪,০০,০০০ টাকা N ৪,২০,০০০ টাকা

**৮. প্রত্যক্ষ মাল, প্রত্যক্ষ মজুরি এবং প্রত্যক্ষ খরচের সমষ্টিকে কী বলা হয়?**
K মুখ্য ব্যয় L উৎপাদন ব্যয়
M কারখানা ব্যয় N রূপান্তর ব্যয়

**৯. নিচের কোনটি মজুদ পণ্যের অন্তর্ভুক্ত নয়?**
K বিক্রীত পণ্য
L ক্রয়কৃত পণ্য
M চালানি কারবারে প্রেরিত পণ্য
N অসমাপ্ত পণ্য

**১০. পণ্যের দাম ক্রমাগত হ্রাস পেতে থাকলে কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?**
K সরল গড় পদ্ধতি
L ভারযুক্ত গড় পদ্ধতি
M FIFO পদ্ধতি
N LIFO পদ্ধতি

**১১. বিনকার্ড কোথায় সংরক্ষণ করা হয়?**
K হিসাবরক্ষকের নিকট
L ব্যবস্থাপকের নিকট
M গুদামে N শোরুমে

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব করিম মার্চ ১, ২০২৪ তারিখে প্রতিটি ২০ টাকা দরে ২০০ একক পণ্য ক্রয় করেন। মার্চ ৭ তারিখে আরও ৩০০ একক পণ্য ৩০ টাকা দরে ক্রয় করেন। ৩১ মার্চ তারিখে ২৫০ একক পণ্য ইস্যু করেন।

**১২. ভারযুক্ত গড় পদ্ধতিতে একক প্রতি মূল্য কত?**
K ২০ টাকা L ২৫ টাকা
M ২৬ টাকা N ৩০ টাকা

**১৩. FIFO পদ্ধতিতে ইস্যুকৃত পণ্যের মূল্য কত?**
K ৫,০০০ টাকা L ৫,৫০০ টাকা
M ৬,২০০ টাকা N ৭,৫০০ টাকা

**১৪. অংশীদারি ব্যবসায়ের হিসাবরক্ষণে কয়টি পদ্ধতি রয়েছে?**
K ২ L ৩
M ৪ N ৫

**১৫. ‘অগ্রিম খরচ’ অংশীদারি ব্যবসায়ের কোন হিসাবে দেখানো হয়?**
K লাভ ক্ষতি হিসাব L মূলধন হিসাব
M ঋণ হিসাব N চলতি হিসাব

**১৬. অংশীদারি ব্যবসায়ে চুক্তির অবর্তমানে কোন আইনটি অনুসরণ করা হয়?**
K ১৯১৩ L ১৯৩২
M ১৯৪৭ N ১৯৯৪

■ **উদ্দীপকটি পড়ে ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
একটি অংশীদারি ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফা ৯০,০০০ টাকা। তাদের লাভ লোকসান অনুপাত হচ্ছে $\frac{১}{২} : \frac{১}{৩} : \frac{১}{৬}$।

**১৭. ২য় অংশীদারের মুনাফার অংশ কত টাকা?**
K ১৫,০০০ L ৩০,০০০
M ৪৫,০০০ N ৬০,০০০

**১৮. কোম্পানির অবস্থানরত শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন করা হয়–**
i. সাধারণ শেয়ার
ii. বোনাস শেয়ার
iii. রাইট শেয়ার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. শেয়ার ইস্যু করা হয়–**
i. শেয়ার প্রিমিয়ামে
ii. শেয়ার অবহারে
iii. তালিকা মূল্যে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :**
যমুনা লি. ১০% অবহারে প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার ইস্যু করে। ৩০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ২০,০০০ শেয়ার যথারীতি বণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো।

**২০. আদায়কৃত মূলধনের পরিমাণ কত টাকা?**
K ২,০০,০০০ টাকা L ১,৮০,০০০ টাকা
M ১,৭৮,০০০ টাকা N ১,৬০,০০০ টাকা

**২১. শেয়ার বাট্টার পরিমাণ কত টাকা?**
K ২০,০০০ টাকা L ৪০,০০০ টাকা
M ৮০,০০০ টাকা N ১,০০,০০০ টাকা

**২২. শেয়ারহোল্ডাররা তাদের শেয়ার অনুপাতে কোম্পানি হতে কী পায়?**
K শেয়ার L লভ্যাংশ M মুনাফা N সুদ

**২৩. কোম্পানির নামের শেষে কেন লি. শব্দ ব্যবহৃত হয়?**
K পরিচালকদের দায়িত্ব সীমিত
L কোম্পানির মূলধন সীমিত
M শেয়ারহোল্ডারদের দায় সীমিত
N কোম্পানির সময়সীমা সীমিত

**২৪. ব্যাংক চার্য বিশদ আয় বিবরণীতে–**
K পরিচালন আয় L পরিচালন ব্যয়
M অন্যান্য আয় N অন্যান্য ব্যয়

**২৫. কোনটি দীর্ঘমেয়াদি দায়?**
K প্রদেয় হিসাব L ব্যাংক ঋণ
M দাবিহীন লভ্যাংশ N প্রস্তাবিত লভ্যাংশ

**২৬. কোনটি অস্পর্শনীয় স্থায়ী সম্পদ?**
i. ট্রেডমার্ক
ii. শেয়ার অবহার
iii. সুনাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. সঞ্চিতি তহবিল হ্রাস আর্থিক বিবরণীতে কী প্রভাব ফেলবে?**
K পরিচালন ব্যয় হ্রাস পাবে
L সংরক্ষিত আয় বৃদ্ধি পাবে
M নিট মুনাফা বৃদ্ধি পাবে
N চলতি দায় হ্রাস পাবে

**২৮. আয়কর সঞ্চিতি কোম্পানির–**
K পরিচালন ব্যয় L কোম্পানির ক্ষতি
M চলতি দায় N অন্যান্য ব্যয়

**২৯. চলতি সম্পদ – চলতি দায় = ?**
K চলতি মূলধন L বিনিয়োজিত মূলধন
M প্রারম্ভিক মূলধন N সমাপনী মূলধন

**৩০. স্থির খরচযুক্ত তহবিল কোনটি?**
K সাধারণ শেয়ার মূলধন
L সাধারণ সঞ্চিতি
M প্রতিপূরক তহবিল
N অগ্রাধিকার শেয়ার মূলধন

SURE SUCCESS

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : | 2 | 5 | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. পাবলিক লিমিটেড কোম্পানির সর্বোচ্চ সদস্য সংখ্যা কত?**
K বিশ জন L পঞ্চাশ জন
M শেয়ার দ্বারা সীমাবদ্ধ N অসীম সদস্য

**২. শেয়ার হচ্ছে কোম্পানির—**
i. ঋণের অংশ ii. মূলধনের অংশ
iii. মালিকানার প্রতীক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
কেকা লিমিটেড-এর অনুমোদিত মূলধন ৫০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত। কোম্পানি তার ৮০% শেয়ার ১০% অবহারে ইস্যু করে। কোম্পানি ৩,৮০,০০০ শেয়ারের আবেদনপত্র পায় ও শেয়ারগুলো যথারীতি বণ্টন করে।

**৩. কোম্পানির আদায়কৃত মূলধনের পরিমাণ কত?**
K ৪০,০০,০০০ L ৩৮,০০,০০০
M ৩৬,০০,০০০ N ৩৪,২০,০০০

**৪. কেকা লিমিটেড এর অলীক সম্পদের পরিমাণ কত?**
K ৩,৮০,০০০ L ৪,০০,০০০
M ৪,৫০,০০০ N ৫,০০,০০০

**৫. অবচয় কোন ধরনের ব্যয়?**
K বকেয়া ব্যয় L অনগদ ব্যয়
M মূলধনজাতীয় ব্যয় N নগদ ব্যয়

**৬. রেওয়ামিলে পণ্য ক্রয় ৫৬,১৫০ টাকা, ক্রয়ফেরত ১,৫০০ টাকা। ক্রীত পণ্যের মধ্যে ১৫% হারে ভ্যাট অন্তর্ভুক্ত আছে। নিট ক্রয়ের ওপর ভ্যাটের পরিমাণ কত?**
K ৮,৬৪৮ L ৮,১৯৮
M ৭,১৫৬ N ৭,১২৮

**৭. সুনাম হলো ব্যবসায়ের—**
i. অদৃশ্যমান সম্পদ ii. স্থায়ী সম্পদ
iii. অলীক সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ১,৬০,০০০ টাকা। ক্রয়মূল্য বাজারমূল্য অপেক্ষা ১০,০০০ টাকা কম। উক্ত সমাপনী মজুদের মধ্যে ২,০০০ টাকার অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত আছে।

**৮. সমাপনী মজুদ পণ্যের প্রকৃত মূল্য কত?**
K ১,৬৮,০০০ L ১,৫৮,০০০
M ১,৪৮,০০০ N ১,৪০,০০০

**৯. সমাপনী মজুদ পণ্য ক্রয়মূল্য ও বাজারমূল্য এর মধ্যে যেটি কম সেটি হিসাবভুক্ত হয়— হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে?**
K ব্যবসায়িক সত্তা নীতি
L রক্ষণশীলতা নীতি
M হিসাবকাল ধারণা নীতি
N চলমান প্রতিষ্ঠান নীতি

**১০. কোন অনুপাত দ্বারা স্বল্পকালীন সচ্ছলতা যাচাই করা হয়?**
K দায়-মালিকানা অনুপাত
L মূলধন গিয়ারিং অনুপাত
M মজুদ আবর্তন অনুপাত
N কার্যকরী মূলধন অনুপাত

**১১. বিনিয়োজিত মূলধন হলো—**
i. মোট সম্পদ – চলতি দায়
ii. মোট সম্পদ – দীর্ঘমেয়াদি দায়
iii. মোট সম্পদ – চলতি দায় – অবাস্তব সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
নিম্নোক্ত হিসাবের উদ্বৃত্তসমূহ একটি কোম্পানির রেওয়ামিল থেকে নেওয়া হয়েছে; প্রারম্ভিক মজুদ পণ্য ২৪,০০০ টাকা; সমাপনী মজুদ পণ্য ৩০,০০০ টাকা; নগদ তহবিল ৫২,০০০ টাকা; ঋণপত্র ৩৩,০০০ টাকা, প্রাপ্য হিসাব ৮০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৪৮,০০০ টাকা; বিক্রয় ১,৬২,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ১,৩৫,০০০ টাকা।

**১২. কোম্পানির ত্বরিত অনুপাত কত?**
K ২.৭৫ : ১ L ২.৫ : ১
M ২.৩ : ১ N ২ : ১

**১৩. মজুদ আবর্তন অনুপাত কত?**
K ৬ বার L ৫.৪ বার
M ৫ বার N ৩ বার

**১৪. উৎপাদন ব্যয় বিবরণীতে পরোক্ষ মজুরিকে কোন স্তরে দেখানো হয়?**
K মুখ্য ব্যয় L মোট ব্যয়
M অফিস উপরিব্যয় N কারখানা উপরিব্যয়

**১৫. ব্যয়ের উপাদান হচ্ছে—**
i. কাঁচামাল ii. শ্রম
iii. অন্যান্য ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
শীতল লি. এর উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি ছিল নিম্নরূপ :
ব্যবহৃত কাঁচামাল ২,০০,০০০ টাকা, মজুরি ৮০,০০০ টাকা এবং কারখানা উপরিখরচ মজুরির ৫০%।

**১৬. শীতল লি.-এর মুখ্য ব্যয় কত?**
K ২,৪০,০০০ L ২,৮০,০০০
M ৩,০০,০০০ N ৩,২০,০০০

**১৭. শীতল লি.-এর কারখানা ব্যয় কত?**
K ৩,২০,০০০ L ২,৮০,০০০
M ২,৪০,০০০ N ২,০০,০০০

**১৮. শ্রমিক কর্মচারীদের অনার্থিক সুবিধা কোনটি?**
K মহার্ঘভাতা L যাতায়াত ভাতা
M চিকিৎসা সুবিধা N বোনাস

**১৯. মহার্ঘ ভাতা দেওয়া হয়—**
i. দ্রব্যমূল্য বৃদ্ধি পেলে
ii. জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেলে
iii. দক্ষতা বৃদ্ধি পেলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. মাহিন সাপ্তাহিক ৪৮ ঘণ্টা ২৫ টাকা হারে মজুরি প্রাপ্য। তিনি এক সপ্তাহে ৬০ ঘণ্টা কাজ করেন। ওভার টাইম মজুরি হার স্বাভাবিক মজুরি হারের দ্বিগুণ। ওভারটাইম মজুরি কত?**
K ১,৫০০ L ১,২০০
M ৯০০ N ৬০০

**২১. একজন কর্মচারীর এপ্রিল মাসের মূল বেতন ৯,০০০ টাকা। বিনা বেতনে ছুটি ভোগ করেন ১০দিন। ছুটি ভোগ বাবদ কত টাকা কর্তন করতে হবে?**
K ৩,৫০০ L ৩,০০০
M ২,৫০০ N ২,০০০

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
কাঁচামালের প্রারম্ভিক মজুদ প্রতি কেজি ১৫ টাকা দরে ২,০০০ কেজি। চলতি মাসে ১৬ টাকা দরে ২,৫০০ কেজি ক্রয় এবং ২,২৫০ কেজি ইস্যু করে। কোম্পানি FIFO পদ্ধতিতে মাল ইস্যু করে।

**২২. মালের সমাপনী মজুদের পরিমাণ কত কেজি?**
K ৬,৭৫০ কেজি L ৪,৫০০ কেজি
M ২,২৫০ কেজি N ২,০০০ কেজি

**২৩. FIFO পদ্ধতিতে মাল ইস্যু করলে মালের মূল্য হবে—**
K ৩৪,০০০ L ৩৫,০০০
M ৩৬,০০০ N ৪০,০০০

**২৪. বিন কার্ড থেকে কী জানা যায় না?**
K মজুদ মালের প্রাপ্তি
L মজুদ মালের নির্গমন
M মজুদ মালের পরিমাণ
N মজুদ মালের মূল্য

**২৫. মাল অধিযাচন পত্র কে প্রস্তুত করেন?**
K ফোরম্যান L গুদামরক্ষক
M ব্যবস্থাপক N হিসাবরক্ষক

**২৬. কোনটি অংশীদারি প্রতিষ্ঠানের বা ব্যবসায়ের মূল ভিত্তি?**
K মুনাফা বণ্টন
L ব্যবসায় পরিচালনা
M মূলধন বিনিয়োগ
N চুক্তি

**২৭. চুক্তির অবর্তমানে অংশীদারি কারবারের অংশীদারদের মুনাফা বণ্টন করা হয়—**
K মূলধন অনুপাতে L সমান অনুপাতে
M পরিচালনায় অংশগ্রহণ অনুপাতে
N পরিচালনায় কর্মদক্ষতা অনুপাতে

**২৮. অংশীদারগণের চলতি হিসাবে ক্রেডিট করা হয়—**
i. অংশীদারগণের বেতন, পণ্য উত্তোলন
ii. মূলধনের সুদ, মুনাফার অংশ
iii. অংশীদারগণের কমিশন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
দীনা, মিনা ও রিনা তিনজন সমান অংশীদার। দীনা প্রতি মাসের প্রথমে ৬০০ টাকা, মিনা প্রতি মাসে ৮০০ টাকা এবং রিনা প্রতি মাসের শেষে ১,০০০ টাকা করে উত্তোলন করে।

**২৯. এক বছরে অংশীদারদের মোট উত্তোলনের পরিমাণ কত?**
K ১৭,২০০ L ১৯,৬০০
M ২২,৩০০ N ২৮,৮০০

**৩০. উত্তোলনের উপর বার্ষিক সুদের হার ১০% হলে রিনা মোট কত টাকা সুদ হিসাবে প্রদান করবে?**
K ৫৫০ L ৬০০
M ৮০০ N ১,২০০

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়–৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. লভ্যাংশ হিসাবে নগদ টাকার পরিবর্তে যে শেয়ার ইস্যু করা হয় তাকে কী বলে?**
K বোনাস শেয়ার L রাইট শেয়ার
M সাধারণ শেয়ার N অগ্রাধিকার শেয়ার

**২. শেয়ারের অভিহিত মূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্যকে বলা হয়—**
i. শেয়ার অধিহার ii. শেয়ার অবহার
iii. শেয়ার ইস্যু খরচ
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**৩. ব্যবস্থাপকীয় দক্ষতা যাচাই অনুপাত কোনটি?**
K চলতি অনুপাত L মোট লাভ অনুপাত
M দায়-মালিকানা অনুপাত
N মজুদ আবর্তন অনুপাত

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
শরীফ লি.-এর প্রারম্ভিক মজুদ ৪,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ ৩,৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ১১,০০,০০০ টাকা, মোট লাভ ২,৮০,০০০ টাকা।

**৪. বিক্রীত পণ্যের ব্যয় কত?**
K ১৫,৫০,০০০ টাকা L ১৪,৫০,০০০ টাকা
M ১৩,৮০,০০০ টাকা N ১২,০০,০০০ টাকা

**৫. মজুদ আবর্তন অনুপাত কত?**
K ২.১৭ বার L ৩.০০ বার
M ৩.৪৩ বার N ৩.৪৫ বার

**৬. একজন শ্রমিকের জন্য কোনটি অনার্থিক সুবিধা?**
K বাড়ি ভাড়া L মূল বেতন
M শিক্ষার সুযোগ N চিকিৎসা ভাতা

**৭. অংশীদারি কারবারের বিলোপ ঘটে—**
i. কোনো অংশীদারের মৃত্যু হলে
ii. কোনো অংশীদার দেউলিয়া হলে
iii. কোনো অংশীদার পাগল হলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. কার্যকরী মূলধন অনুপাত কারবারের কী যাচাই করার জন্য নির্ণয় করা হয়?**
K তারল্যতা L সচ্ছলতা
M মুনাফা অর্জন N দক্ষতা যাচাই

**৯. রাইট শেয়ার কাদের মধ্যে ইস্যু করা হয়?**
K নতুন শেয়ার আবেদনকারীদের
L ঋণপত্রের মালিকদের
M বিদ্যমান সাধারণ শেয়ার মালিকদের
N বিদ্যমান অগ্রাধিকার শেয়ার মালিকদের

**১০. সাপ্লাইজের প্রারম্ভিক মজুদ ২,০০০ টাকা, সাপ্লাইজ ক্রয় ১০,০০০ টাকা, সাপ্লাইজের সমাপনী মজুদ ৪,০০০ টাকা। ব্যবহারযোগ্য সাপ্লাইজের পরিমাণ কত?**
K ২,০০০ টাকা L ৪,০০০ টাকা
M ৮,০০০ টাকা N ১২,০০০ টাকা

**১১. প্রারম্ভিক মজুদ ১৫,০০০ টাকা, সমাপনী মজুদ ২০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৮০,০০০ টাকা। ক্রয়ের পরিমাণ কত?**
K ১,০০,০০০ টাকা L ৯৫,০০০ টাকা
M ৮৫,০০০ টাকা N ৭৫,০০০ টাকা

**১২. একটি প্রতিষ্ঠানের চলতি সম্পদ ৬৩,০০০ টাকা, চলতি অনুপাত ৫ : ২। চলতি দায়ের পরিমাণ কত?**
K ১,৫৭,৫০০ টাকা L ৩১,৫০০ টাকা
M ২৫,২০০ টাকা N ১৮,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
A ও B একটি ব্যবসায়ের দুইজন অংশীদার। তাদের মুনাফা বণ্টনের অনুপাত ৩ ঃ ২। ২০২০ সালে B এর মাসিক বেতন ২,৫০০ টাকা হারে ধার্য করার পূর্ববর্তী নিট মুনাফা ছিল ৭৫,০০০ টাকা। তারা $\frac{১}{৫}$ অংশ হারে মুনাফা প্রদানের শর্তে C কে নতুন অংশীদার হিসেবে গ্রহণ করে।

**১৩. B-এর মুনাফার পরিমাণ কত?**
K ১৮,০০০ টাকা L ২৪,০০০ টাকা
M ৩০,০০০ টাকা N ৪২,০০০ টাকা

**১৪. A, B ও C-এর নতুন মুনাফা বণ্টন অনুপাত কত?**
K ৫ : ৮ : ১২ L ৮ : ১২ : ৫
M ১২ : ৮ : ৫ N ১২ : ৫ : ৮

**১৫. নিচের কোনটি তরল সম্পত্তির অন্তর্ভুক্ত?**
K হাতে নগদ L অগ্রিম বেতন
M বিনিয়োগ N মজুদ পণ্য

**১৬. নিট বিক্রয় ৪২,০০০ টাকা, মোট মুনাফা ১০,৫০০ টাকা, পরিচালন ব্যয় ৪,১০০ টাকা, অপরিচালন আয় ২,০০০ টাকা হলে নিট লাভের হার কত?**
K ১৫% L ২০% M ২৫% N ৩০%

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
লামিয়া ট্রেডার্সের ডিসেম্বর, ২০২০ মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ :
২০২০
ডিসে ১ প্রারম্ভিক মজুদ ২,৫০০ একক, প্রতি একক ২০ টাকা।
" ১৩ ক্রয় ১,৫০০ একক প্রতি একক ২২ টাকা।
" ২১ ইস্যু ২,৮০০ একক।
" ৩১ ক্রয় ১,২০০ একক প্রতি একক ১৮ টাকা।

**১৭. FIFO পদ্ধতিতে মাস শেষে মজুদ পণ্যের মূল্য কত?**
K ২১,৬০০ টাকা L ২৬,৪০০ টাকা
M ৪৫,৬০০ টাকা N ৪৮,০০০ টাকা

**১৮. ভারযুক্ত গড় পদ্ধতিতে ২১ ডিসেম্বর তারিখে ইস্যুকৃত প্রতি একক পণ্যের মূল্য কত?**
K ২০.০০ টাকা L ২০.৭৫ টাকা
M ২১.০০ টাকা N ২২.০০ টাকা

**১৯. কোন ধরনের শেয়ারের মূল্য নির্দিষ্ট সময় শেষে ফেরতযোগ্য?**
K বোনাস শেয়ার L সাধারণ শেয়ার
M রাইট শেয়ার N অগ্রাধিকার শেয়ার

**২০. সমাপনী মজুদ পণ্য বৃদ্ধির ফলে—**
i. নিট ক্রয় বৃদ্ধি পায়
ii. মোট মুনাফা বৃদ্ধি পায়
iii. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
X ফার্মা লি.-এর একটি নতুন ঔষধের উৎপাদনের জন্য মুখ্য ব্যয় ৬,৩০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ১,৭০,০০০ টাকা, বিক্রয় ও বিতরণ উপরিব্যয় ১,০০,০০০ টাকা এবং প্রশাসনিক উপরিব্যয় ৯০,০০০ টাকা। বিক্রয়ের উপর লাভের হার ২৫%।

**২১. X ফার্মার নতুন এ ঔষধটির বিক্রয়মূল্য কত?**
K ১২,৩৭,৫০০ টাকা L ১৩,০০,০০০ টাকা
M ১৩,২০,০০০ টাকা N ১৩,৯১,৯৬৭ টাকা

**২২. যদি নতুন উৎপাদিত ঔষধটির পণ্য ব্যয় ১০% বৃদ্ধি পায়, তবে প্রভাবিত উপাদান হচ্ছে—**
i. মুখ্য ব্যয় ৬৩,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. কারখানা উপরিব্যয় ১৭,০০০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট উৎপাদন ব্যয় ৯৯,০০০ টাকা বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৩. সর্বশেষ ক্রয়ের দরে ইস্যুকৃত মালের মূল্য নির্ধারণ করা হয় কোন পদ্ধতিতে?**
K সরল গড় পদ্ধতি
L শেষে আসলে আগে যায় পদ্ধতি
M ভারযুক্ত গড় পদ্ধতি
N আগে আসলে আগে যায় পদ্ধতি

**২৪.** আসবাবপত্রের প্রারম্ভিক উদ্বৃত্ত ৪০,০০০ টাকা। বছরের মাঝামাঝি ৪,০০০ টাকা পুস্তক মূল্যের আসবাবপত্র ৩,০০০ টাকায় বিক্রয় করা হয়। ১০% হারে বছর শেষে আসবাবপত্রের অবচয় কত?
K ৩,৬০০ টাকা L ৩,৮০০ টাকা
M ৪,০০০ টাকা N ৪,২০০ টাকা

**২৫. মূল্য হ্রাসের ধারা অব্যাহত থাকলে কোন পদ্ধতিতে মজুদ পণ্যের মূল্যায়ন করা যৌক্তিক?**
K FIFO L LIFO
M সাধারণ গড় পদ্ধতি N ভারযুক্ত গড় পদ্ধতি

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
'X' লি.-এর অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকা। কোম্পানি উহার তিন-পঞ্চমাংশ শেয়ার অধিহারে পূর্ণ পরিশোধিত হারে বিক্রয় করে ১৩,২০,০০০ টাকা সংগ্রহ করে।

**২৬. 'X' লি. মোট কত শেয়ার বিক্রয় করে?**
K ২,০০,০০০ L ১,২০,০০০
M ১,০০,০০০ N ৮০,০০০

**২৭. 'X' লি.-এর শেয়ারপ্রতি অধিহার কত টাকা?**
K ১.০০ টাকা L ১.২০ টাকা
M ১.৫০ টাকা N ২.০০ টাকা

**২৮. ঘোষিত লভ্যাংশ কীসের ওপর ভিত্তি করে নির্ণয় করা হয়?**
K অনুমোদিত মূলধন L আদায়কৃত মূলধন
M সংরক্ষিত মূলধন N ইস্যুকৃত মূলধন

**২৯. উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য যে পরিমাণ মাল সর্বদা মজুদ রাখা আবশ্যক তাকে কী বলে?**
K গড় মজুদ L সর্বোচ্চ সীমা
M সর্বনিম্ন সীমা N নিরাপত্তা মজুদ

**৩০. উপার্জন বহির্ভূত দফা কোনটি?**
K বোনাস L চার্জ ভাতা
M আয়কর N সিটি ভাতা

# হলি ক্রস কলেজ, ঢাকা

বিষয় কোড : 2 5 4

সময়–৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

■ **উদ্দীপকটি পড়ে ১ ও ২নং প্রশ্নের উত্তর দাও :**
পলাশ এবং পরশ একটি অংশীদারি ব্যবসায়ের দুইজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ লোকসান ৩.২ অনুপাতে ভাগ করে। ২০১৩ সালে বন্টনযোগ্য লাভ ৯৫,০০০ টাকা। পলাশ পরশকে নিশ্চয়তা দেয় যে, সে বছরে তার ১০,০০০ টাকা বেতনসহ কমপক্ষে ৫০,০০০ টাকা পাবে।

**১. পলাশ নিশ্চয়তা বাবদ কত টাকা বহন করে?**
K ৪৮,০০০ টাকা L ২,০০০ টাকা
M ৪৫,০০০ টাকা N ৩৮,০০০ টাকা

**২. যদি তারা সমান অনুপাতে লাভ-লোকসান বন্টন করে, তাহলে পরশের বেতন ও বন্টনযোগ্য লাভের পরিমাণ মিলে মোট হবে—**
K ৫০,০০০ টাকা L ৪৭,৫০০ টাকা
M ৫৭,৫০০ টাকা N ৫২,৫০০ টাকা

**৩. অংশীদারি কারবারের অবসায়নের ক্ষেত্রে নগদ অর্থ বন্টনের ভিত্তি কী?**
K সমানভাবে
L আয় ভাগাভাগির অনুপাত
M মূলধন হিসাবের ব্যালেন্স
N প্রাথমিক মূলধনের পরিমাণ

**৪. বিথী ও চৈতী একটি অংশীদারি ব্যবসায়ের দুইজন অংশীদার। তাদের মুনাফা বন্টন অনুপাত ৩ : ২। তারা সাথীকে ১/৩ অংশ মুনাফা বন্টনের চুক্তিতে ব্যবসায়ে নতুন অশীদার হিসেবে গ্রহণ করে। বিথী, চৈতি ও সাথীর মধ্যে মুনাফার নতুন অনুপাত কত হবে?**
K ৬ : ৪ : ৫ L ৪ : ৩ : ২
M ৩ : ২ : ১ N ৫ : ৪ : ৩

**৫.** বোনাস শেয়ার হিসাবে লভ্যাংশ প্রদান করলে—
K শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পাবে
L শেয়ারহোল্ডারদের স্বত্ব হ্রাস পাবে
M মালিকানাস্বত্ব ও সম্পত্তি বৃদ্ধি পাবে
N শেয়ারহোল্ডারদের স্বত্ব পরিবর্তিত হবে না

**৬. কোনটি হাইব্রিড শেয়ার নামে পরিচিত?**
K বোনাস শেয়ার L অগ্রাধিকার শেয়ার
M সাধারণ শেয়ার N রাইট শেয়ার

**৭. যারা কোম্পানির শেয়ার বা ঋণপত্র বিক্রয়ের দায়িত্ব গ্রহণ করেন তাদেরকে বলে—**
K অবলেখক L নিবন্ধক
M দালাল N কমিশন এজেন্ট

**৮. কোনটি অন্তর্দায় নয়?**
K শেয়ার প্রিমিয়াম L রিজার্ভ
M অগ্রাধিকার শেয়ার N পরিশোধিত মূলধন

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
দীপ্তি লিমিটেডের রেওয়ামিলে সুনাম ১,০০,০০০ টাকা; শেয়ার অধিহার ৮০,০০০ টাকা আছে। সমম্বয়ে বলেছে শেয়ার অধিহার সুনামের সাথে সমম্বয়পূর্বক অবলোপন করতে হবে।

**৯. আর্থিক বিবরণীতে-এর প্রভাব কী হবে?**
K স্থায়ী সম্পদ ৮০,০০০ টাকা বাড়বে
L চলতি সম্পদ ৮০,০০০ টাকা কমবে
M দীর্ঘমেয়াদি দায় ৮০,০০০ টাকা কমবে
N সঞ্চিতি ৮০,০০০ টাকা কমবে

**১০. সুনামের টাকা শেয়ার অধিহার দিয়ে অবলোপন করার পর সুনামের অবশিষ্ট অংশ চলতি বছরের মুনাফার দ্বারা অবলোপন করলে—**
i. পরোক্ষ ব্যয় ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. নিট লাভ ২০,০০০ টাকা কমবে
iii. অস্পর্শনীয় সম্পদ ২০,০০০ টাকা কমবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. একটি ফার্মের নিট মুনাফা ৬,০০০ টাকা এবং করের হার ৪০% হলে করপূর্ব মুনাফা হবে—**
K ১০,০০০ টাকা L ২,০০০ টাকা
M ৭,৯৪২ টাকা N ৩,০০০ টাকা

**১২. মাসিক প্রদেয় ভাড়ার পরিমাণ ৩,০০০ টাকা। রেওয়ামিলে প্রদত্ত ভাড়া ৩০,০০০ টাকা। বছর শেষে বিষয়টি দেখাতে হবে—**
i. বিশদ আয় বিবরণীতে ভাড়া ৩৬,০০০ টাকা
ii. আর্থিক অবস্থার বিবরণীতে চলতি দায় ৩৬,০০০ টাকা
iii. আর্থিক অবস্থার বিবরণীতে চলতি দায় ৬,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. নিচের কোন খরচ কখনো আয়-ব্যয় বিবরণীতে খরচ হিসেবে উপস্থাপন করা হয় না?**
K লভ্যাংশ ব্যয় L আয়কর ব্যয়
M অবচয় ব্যয় N ইন্টারনেট খরচ

**১৪. সমাপনী মজুরি সমান—**
i. প্রারম্ভিক মজুদ + নিট ক্রয় – বিক্রীত পণ্যের ব্যয়
ii. হাতে মজুদ পণ্য সংখ্যা × এককপ্রতি ক্রয়মূল্য
iii. হাতে মজুদ পণ্য সংখ্যা × ক্রয়মূল্য – বিক্রীত পণ্যের ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৫. নাহার হার্ডওয়্যার সেন্টারে একটি নির্দিষ্ট বছরে নিট ধারে বিক্রয়ের পরিমাণ ৬৫,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ৫,০০,০০০ টাকা। বছরের শুরুতে ও শেষে দেনাদারের পরিমাণ ছিল যথাক্রমে ৬,০০,০০০ টাকা ও ৭,০০,০০০ টাকা। উক্ত বছরে দেনাদারের আবর্তন কত?**
K ৭.৭ বার L ৯.৩ বার
M ১০.৮ বার N ১০ বার

**১৬.** **নিম্নের কোনটি স্বল্পমেয়াদি তারল্যের মাপকাঠি হিসাবে অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ?**
K ত্বরিত বা অগ্নি পরীক্ষা
L চলতি অনুপাত
M দায় অনুপাত
N চলতি কার্যক্রম হতে নগদ প্রবাহ

**১৭. নিট কার্যকরী মূলধনের পরিমাণ ৬৫,৯০০ টাকা এবং চলতি অনুপাত হলো ৭ : ৩। স্বল্পমেয়াদি দায়ের পরিমাণ কত?**
K ১৯,৯৭০ টাকা L ৪৯,৪২৫ টাকা
M ৪৬,১০০ টাকা N ১,৫৩,৭৬৭ টাকা

**১৮. কার্যকরী মূলধন অনুপাত—**
K কার্যকরী মূলধন ÷ চলতি দায়
L কার্যকরী মূলধন ÷ মোট দায়
M কার্যকরী মূলধন ÷ দীর্ঘমেয়াদি দায়
N মোট দায় ÷ কার্যকরী মূলধন

**১৯. মোট মজুরি হতে কর্তন করা হয়—**
i. প্রভিডেন্ট ফান্ডে নিয়োগকর্তার দান
ii. প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান
iii. কল্যাণ তহবিলে কর্মীর দান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. মুখ্য ব্যয় কী?**
K কাঁচামাল + কারখানা উপরিব্যয়
L কারখানা উপরিব্যয় + প্রশাসনিক উপরিব্যয়
M কাঁচামাল ব্যয় + প্রত্যক্ষ মজুরি ব্যয় + অন্যান্য প্রত্যক্ষ খরচ
N প্রত্যক্ষ মজুরি + কারখানা উপরিব্যয়

**২১. নিচের কোনটি মজুতের শ্রেণিবিভাগে পড়ে না?**
K মজুদ পণ্য L কাঁচামাল
M চলতি কার্য N সম্ভার

**২২. নিচের কোনটি উৎপাদন পণ্যের ব্যয় নয়?**
K মজুরি L বিজ্ঞাপন ব্যয়
M কারখানা সুপারভাইজারের বেতন
N কাঁচামাল ও আমদানি শুল্ক

**২৩. উৎপাদন ব্যয় হিসাবের মুখ্য উদ্দেশ্য কী?**
K ব্যয় বন্টন L ব্যয় নির্ধারণ
M মুনাফা নির্ধারণ N বিক্রয়মূল্য নির্ধারণ

**২৪. সমাপনী মজুদ কম দেখালে বেশি দেখানো হবে—**
K বিক্রীত পণ্যের ব্যয় L সম্পত্তি
M নিট আয় N মালিকানাস্বত্ব

**২৫. যদি প্রারম্ভিক মজুদের ৭ টাকা দরে ৩০০ একক; ক্রয়ের পরিমাণ ৪ টাকা দরে ৪০০ একক ও ৯ টাকা দরে ৭০০ একক এবং বিক্রয়ের পরিমাণ ৯০০ একক হয়, তবে FIFO পদ্ধতিতে বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ হবে—**
K ৩,৭০০ টাকা L ৫,৫০০ টাকা
M ৭,৯০০ টাকা N ৭,১০০ টাকা

**২৬. লেদারেক্স সু স্টোরের প্রারম্ভিক মজুদ পণ্যের জের ১৫,০০০ টাকা। উক্ত হিসাবকালে ক্রয় ৬০,০০০ টাকা, ক্রয় ফেরত ২,০০০ টাকা, আন্তঃপরিবহন ব্যয় ৫,০০০ টাকা। হিসাবকাল শেষে গণনার পর দেখা যায় ১০,০০০ টাকার পণ্য এখনও হাতে আছে। বিক্রয়যোগ্য পণ্যের ব্যয়ের পরিমাণ হবে—**
K ৭২,০০০ টাকা L ৬৮,০০০ টাকা
M ৭৮,০০০ টাকা N ৮২,০০০ টাকা

**২৭. অবিরাম মজুদ পদ্ধতিতে একটি বিক্রয়কারী কোম্পানিতে নিচের কোন হিসাব থাকে?**
K ক্রয় L বিক্রীত পণ্যের ব্যয়
M ক্রয় পরিবহন N ক্রয় বাট্টা

**২৮.** আগুনে বিনষ্ট মজুদ পণ্য ১০,০০০ টাকা যা সমাপনী মজুদ পণ্যের মধ্যে অন্তর্ভুক্ত ছিল না। বিমা কোম্পানি ৬০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়। এ বাবদ আয় বিবরণীতে কত টাকা খরচ দেখাতে হবে?
K ৪,০০০ L ১৪,০০০
M ১০,০০০ N ৮,০০০

**২৯. মালের নিম্নগামী বাজারমূল্যের সময় মাল নির্গমনে কোন পদ্ধতির প্রয়োগ যুক্তিযুক্ত?**
K FIFO L LIFO
M ভারযুক্ত গড় পদ্ধতি N সাধারণ গড় পদ্ধতি

**৩০. নিচের কোনটি বিন কার্ডে লেখা হয় না?**
K মাল আগমনের তারিখ
L মোট মজুদ
M মাল নির্গমনের তারিখ
N মূল্য

# নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**৭** ▶ যমুনা লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির তন্মধ্যে ২,৬০,০০০ শেয়ার জনসাধারণের নিকট ইস্যু করে এবং ২,৫০,০০০ শেয়ারের আবেদনপত্র পায়। শেয়ারগুলো যথারীতি বণ্টিত হয়। শেয়ারসমূহ জনসাধারণের নিকট বিক্রয়ের লক্ষ্যে কোম্পানি অবলেখকের কমিশন বাবদ ২০,০০০ টাকা নগদ প্রদান করতে চুক্তিবদ্ধ হয়।

ক. অবিলিকৃত শেয়ার মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বহিতে জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৮** ▶ দেলোয়ার স্টোরের কাঁচামালসংক্রান্ত নিম্নলিখিত তথ্যগুলো পাওয়া যায় :
২০২২ইং
নভে. ১ প্রারম্ভিক মজুদ ২৫০ কেজি তৌহিদ কোম্পানি লিমিটেড প্রতি কেজি ১৫ টাকা দরে।
" ৮ কাঁচামাল ক্রয় ৫০০ কেজি প্রতি কেজি ১৮ টাকা দরে।
" ১২ কারখানায় ইস্যু ৩৪০ কেজি।
" ১৫ সরবরাহকারীদের নিকট ফেরত ৩০ কেজি (৮ তারিখে ক্রীত পণ্য)।
" ১৮ গুদামে ফেরত ২০ কেজি (১২ তারিখে ইস্যুকৃত)।
" ২৮ কারখানায় ইস্যু ১৮০ কেজি।
" ৩০ সমাপনী মজুদ ২৫০ একক।

ক. বিনষ্ট পণ্যের পরিমাণ কত? ২
খ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. 'আগের মাল আগে ছাড়া' পদ্ধতিতে মাল খতিয়ান তৈরি কর। ৪

**৯** ▶ সেলিম ইস্পাত লিমিটেড প্রতিটি ৫০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত ২৫,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি উহার ৩০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। কোম্পানি মোট ৩৮,০০০ শেয়ারের আবেদন পেল। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি আবণ্টন করা হয় এবং অতিরিক্ত আবেদনের সমুদয় টাকা ফেরত দেওয়া হলো। শেয়ারপ্রতি ১ টাকা অবলেখকের কমিশন এবং ০.৫০ টাকা করে ব্যাংক চার্জ প্রদান করা হলো। ইহা ছাড়া কোম্পানি ৩,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করে ইহার মূল্য বাবদ ৩,০০০ শেয়ার প্রতি শেয়ার ১০০ টাকা মূল্যে ইস্যু করেন।

ক. অবলেখকের কমিশন ও ব্যাংক চার্জের পরিমাণ নির্ণয় কর। ২
খ. কোম্পানির বহিতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪
গ. ব্যাংক জমার উদ্বৃত্ত ১৬,০৫,০০০ টাকা ধরে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**১০** ▶ ২০২১ সালের ১ জানুয়ারি তারিখে কিস, মিস ও পিস একটি অংশীদারি কারবার আরম্ভ করে। উক্ত তারিখে মূলধনের পরিমাণ ছিল ৪,০০,০০০ টাকা যার ২/৪ অংশ সরবরাহ করে কিস; ১/৪ অংশ মিস ও ১/৪ অংশ পিস। ঐ একই তারিখে চলতি হিসাব উদ্বৃত্ত ছিল কিস ১৬,০০০ (ক্রেডিট) টাকা; মিস ৬,০০০ (ক্রেডিট) টাকা; পিস ৪,০০০ (ডেবিট) টাকা। প্রত্যেক অংশীদার ৩ ৩/৪% হারে মূলধনের উপর এবং ২% হারে চলতি হিসাবের উপর সুদ পাবে। পিস বছরে ১২,০০০ টাকা বেতন পাবে। ১ জুলাই তারিখে মিস ২০,০০০ টাকা কারবারে অতিরিক্ত মূলধন সরবরাহ করে। একই তারিখে কিস ৫০,০০০ টাকা ঋণ সরবরাহ করে। উক্ত ঋণের ৫,০০০ টাকা তাকে ০১.১০.২০২১ তারিখে পরিশোধ করা হয়। মূলধনের সুদ, ঋণের সুদ ও বেতন চার্জ করার পূর্বে কারবারের নিট লাভ দাঁড়ায় ৫০,০০০ টাকা।

ক. মূলধনের সুদ ও ঋণের সুদ নির্ণয় কর। ২
খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪
গ. অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

**১১** ▶ ঈষিকা লিমিটেডের ৩১ ডিসেম্বর ২০১৮ সালের উদ্বৃত্তপত্র ও অন্যান্য তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

**ঈষিকা লিমিটেড**
**উদ্বৃত্তপত্র**
৩১ ডিসেম্বর, ২০১৮

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৫,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৪,১০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার মূলধন | ১,০০,০০০ | কলকব্জা ও যন্ত্রপাতি | ২,৫০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ১,৫০,০০০ | আসবাবপত্র | ১,০০,০০০ |
| সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত | ২,৫০,০০০ | মজুদ | ৩,০০,০০০ |
| ১২% ঋণপত্র | ১,০০,০০০ | প্রাপ্য হিসাব | ২,৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২,০০,০০০ | প্রাপ্য বিল | ৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | নগদ তহবিল | ১৫,০০০ |
| | ১৪,০০,০০০ | | ১৪,০০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** নিট বিক্রয় ২৫,০০,০০০ টাকা এবং কর বাদ নিট লাভ ২,২৫,০০০ টাকা।

ক. সম্পত্তির উপর মুনাফার অনুপাত নির্ণয় কর। ২
খ. মালিকানা মোট সম্পত্তির অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪
গ. বিনিয়োজিত মূলধনের আয় অনুপাত ও বিনিয়োজিত মূলধনের আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : 2 5 4

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▶ সৃজনশীল প্রশ্ন

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট　　　　পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১ ▶ বেঙ্গল কোম্পানি লি. এর অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির রেওয়ামিলটি নিম্নরূপ :

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ভূমি ও দালানকোঠা | ৩,৫০,০০০ | |
| ১০% ঋণপত্র (৩১-১২-২০২২) | | ৪০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| আয়কর ও আয়কর সঞ্চিতি | ৪,০০০ | ১,৫০০ |
| সাধারণ সঞ্চিতি তহবিল | | ৩৫,০০০ |
| ঋণপত্রের অবহার ও শেয়ার অধিহার | ৫,০০০ | ৩২,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৬০,৫০০ | |
| প্রাথমিক খরচ | ১৭,৫০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ৪৫,০০০ | |
| সংরক্ষিত আয়ের জের (১-১-২২) | | ৩১,০০০ |
| বিশদ আয় বিবরণী (চলতি বছরের নিট লাভ) | | ৬২,৫০০ |
| শেয়ার মূলধন (৫০,০০০ শেয়ার) | | ৫,০০,০০০ |
| সুনাম | ১,০০,০০০ | |
| | ৭,০২,০০০ | ৭,০২,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) শেয়ার অধিহারের অর্ধাংশ সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে; (২) শেয়ার মূলধনের ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৩) সঞ্চিতি তহবিল ৪০,০০০ টাকায় উন্নীত করতে হবে; (৪) আয়কর সঞ্চিতি বাবদ ৪,০০০ টাকা সংস্থান করতে হবে; (৫) কর্মচারী কল্যাণ তহবিলে ৭,৫০০ টাকা স্থানান্তর করতে হবে।

ক. অলীক সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। ২

খ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণীতে শেয়ারমালিকানাস্বত্ব ও মোট দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

২ ▶ আলফা অ্যান্ড কোং লিমিটেডের রেওয়ামিল নিচে দেওয়া হলো :

**আলফা অ্যান্ড কোং লি. রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| ইস্যুকৃত ও বিলিকৃত মূলধন : ১৫,০০০ শেয়ার | | ১,৫০,০০০ |
| কলকজা ও যন্ত্রপাতি | ১,৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৬২,০০০ | ২,২৩,০০০ |
| বিক্রয় ফেরত ও ক্রয় ফেরত | ১,৫০০ | ১,০০০ |
| ক্রয় পরিবহন | ২,০০০ | |
| আসবাবপত্র | ১২,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২২) | ২০,০০০ | |
| অনাদায়ি দেনা সঞ্চিতি | | ১,১০০ |
| বেতন | ১৩,০০০ | |
| বিজ্ঞাপন | ১২,৭০০ | |
| বিক্রয় পরিবহন | ১,৮০০ | |
| প্রাপ্য হিসাব | ২৮,০০০ | |
| প্রদেয় হিসাব | | ১৭,০০০ |
| মজুরি | ১০,০০০ | |
| ভাড়া | ৩,৬০০ | |
| বাট্টা | ৫০০ | |
| সংরক্ষিত আয়ের উদ্বৃত্ত (১-১-২২) | | ২৪,০০০ |
| | ৪,১৭,১০০ | ৪,১৭,১০০ |

**সমন্বয়সমূহ :** (১) ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপনী মজুদ পণ্যের পরিমাণ ছিল ৮০,০০০ টাকা; (২) কলকজা ও যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য করতে হবে; (৩) বিজ্ঞাপন খরচ অর্ধেক পরবর্তী বছরের জন্য বিলম্বিত করতে হবে; (৪) প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ি দেনা সঞ্চিতি তৈরি করতে হবে; (৫) বেতন ৩,০০০ টাকা ও মজুরি ৪,০০০ টাকা বকেয়া আছে। পক্ষান্তরে ভাড়া ২,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে।

ক. রেওয়ামিলের আলোকে স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের মোট লাভ নির্ণয় কর। ৪

গ. মোট লাভ ১,৩৫,০০০ টাকা ধরে ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর। ৪

### খ বিভাগ

৩ ▶ মৌমিতা, অর্চিতা ও পারমিতা একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ৩ ঃ ১ ঃ ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা। চুক্তি মোতাবেক অর্চিতা ব্যবসায় হতে মাসিক ৫,০০০ টাকা হারে বেতন পাবে, পারমিতা বণ্টনযোগ্য মুনাফার ৫% কমিশন পাবে এবং মৌমিতা মোট প্রারম্ভিক মূলধনের ওপর ৫% হারে সুদ পাবে। লাভের আশায় সারাবছর ধরে মৌমিতা ২০,০০০ টাকা; অর্চিতা ১৫,০০০ টাকা এবং পারমিতা ১০,০০০ টাকা ব্যবসায় থেকে উত্তোলন করেছে। ১ জুলাই ২০২২ তারিখে অর্চিতা ৫০,০০০ টাকা নতুন মূলধন হিসাবে ব্যবসায়ে এনেছে। মৌমিতা ১ এপ্রিল, ২০২২ তারিখে ৩০,০০০ টাকা কর্জ হিসাবে ব্যবসায়ে এনেছে। উপরিউক্ত সমন্বয়সাধন করার পূর্বে ব্যবসায়ের লাভ দাঁড়ায় ১,৮৮,৮৫০ টাকা।

ক. মৌমিতার ঋণের সুদ বাবদ প্রাপ্য অর্থের পরিমাণ কত? ২

খ. ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফার প্রত্যেক অংশীদারের অংশ নির্ণয় কর। ৪

গ. ২০২২ সালের অংশীদারদের মূলধন বিবরণী তৈরি কর। ৪

৪ ▶ আবুল, শাওন ও আলিম একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার এবং ব্যবসায়ের লাভ-লোকসান তারা তাদের মূলধন অনুপাতে বণ্টন করে নেন। ২০২২ সালের ১ জানুয়ারিতে তাদের মূলধন ছিল : আবুল ৬০,০০০ টাকা, শাওন ৫০,০০০ টাকা এবং আলিম ৫০,০০০ টাকা। উক্ত বছরের ১ এপ্রিল আলিম ৫% হার সুদে ব্যবসায়ে ২০,০০০ টাকা ঋণ সরবরাহ করেন। ২০২২ সালে অংশীদারদের উত্তোলনসমূহ নিম্নরূপ :

আবুল ৬০০ টাকা (প্রতি মাসের মাঝামাঝি সময়ে)

আলিম ৯০০ টাকার পণ্য (সর্বমোট)

মূলধনের ওপর ৫% এবং উত্তোলনের ওপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। শাওন প্রতি মাসে ৭০০ টাকা করে বেতন বাবদ নগদ উত্তোলন করে। বণ্টনযোগ্য মুনাফার ১০% সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হবে। উপরিউক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২২ সালের মুনাফার পরিমাণ দাঁড়ায় ৬৫,০০০ টাকা।

ক. অংশীদার আলিমের ঋণ হিসাব তৈরি কর। ২

খ. ব্যবসায়ের লাভ-ক্ষতি বণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. প্রয়োজনীয় তথ্যাদি নিয়ে অংশীদারদের চলতি হিসাব তৈরি কর। ৪

৫ ▸ আজাদ কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত ৫০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধনসহ নিবন্ধিত হলো। কোম্পানি ৯০,০০০ শেয়ার ১০ টাকা অধিহারসহ আবন্টনের উদ্দেশ্যে প্রসপেকটাস প্রকাশ করল। সর্বমোট ৩,০০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। কোম্পানি ৯০,০০০ শেয়ার যথারীতি বণ্টন করল এবং অতিরিক্ত আবেদনের ২,১০,০০০ শেয়ারের টাকা ফেরত দেওয়া হলো। শেয়ার ইস্যু সংক্রান্ত খরচ ১০,০০০ টাকা এবং অবলেখকের দস্তুরি ৭,০০০ টাকা চেকের মাধ্যমে প্রদান করা হলো। অবলেখকের দস্তুরি বাদে শেয়ার ইস্যুসংক্রান্ত খরচকে কোম্পানির প্রাথমিক খরচাবলি হিসেবে বিবেচনা করতে হবে।

ক. শেয়ার অধিহারের পরিমাণ কত? ২

খ. আজাদ কোম্পানি লিমিটেডের হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দেখাও। ৪

গ. আজাদ কোম্পানি লিমিটেডের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪

৬ ▸ টপটেন কোম্পানি লি. প্রতিটি ১০ টাকা মূল্যের ২,৪০,০০০ শেয়ার নিয়ে গঠিত হলো। কোম্পাানি ১০% অবহারে ২,০০,০০০ শেয়ার বিক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করল।

১. ২০,০০০ শেয়ারের বিনিময়ে একটি মেশিন ক্রয় করা হলো।
২. ১,০০,০০০ শেয়ারের বিজ্ঞাপন প্রদান করা হলে ১,২০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল এবং ইস্যুকৃত শেয়ারগুলো বণ্টন করা হলো।
৩. শেয়ার বিক্রয়সংক্রান্ত কাজের জন্য অবলেখকের সঙ্গে চুক্তি করা হলো।
৪. অবলেখককে পারিশ্রমিক/কমিশন বাবদ ১০,০০০ শেয়ার ইস্যু করা হলো।
৫. ইতিপূর্বে প্রাপ্ত অতিরিক্ত আবেদনের টাকার বিনিময়ে তাদেরকে শেয়ার বণ্টন করা হলো।
৬. ইস্যুকৃত শেয়ারের অবশিষ্ট শেয়ারগুলো ইস্যু করা হলো এবং বণ্টন করা হলো।

ক. মোট অবহারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. টপটেন কোম্পানির প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

গ. টপটেন কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৭ ▸ N.B.M ইট প্রস্তুতকারী প্রতিষ্ঠানের উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মাটির মজুদ (১-১-২২) | ১,২০,০০০ |
| মাটির মজুদ (৩১-১২-২২) | ৮০,০০০ |
| মাটি ক্রয় | ৪,০০,০০০ |
| মাটি বহন খরচ | ৫০,০০০ |
| কয়লা জ্বালানি | ১,৬০,০০০ |
| মাটি প্রক্রিয়াকরণ খরচ | ৫০,০০০ |
| শ্রমিকের মজুরি | ২,৫০,০০০ |
| বিক্রয় কেন্দ্রের ভাড়া | ৩০,০০০ |
| বিক্রয় কর্মচারীদের বেতন | ২৫,০০০ |
| ইটখোলার ভাড়া ও বিদ্যুৎ খরচ | ৮০,০০০ |
| অফিস ভাড়া | ৩০,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৩০,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ২০,০০০ |
| মোট ব্যয়ের ২০% লাভে ইট বিক্রয় করা হয় | |
| ইটের প্রারম্ভিক মজুদ ১,১৮,০০০টি | |
| চলতি বছরে তৈরি ইট ১৫,০০,০০০টি | |
| ইটের সমাপনী মজুদ ২,৫০,০০০টি | |

ক. বাণিজ্যিক উপরিব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. N.B.M-এর প্রতি হাজার ইটের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. N.B.M-এর প্রতি হাজার ইটের বিক্রয়মূল্য নির্ণয় কর। ৪

৮ ▸ ২০২৩ সালের জানুয়ারি মাসে একটি কারখানার ৩ জন শ্রমিকের মজুরি নিম্নে উল্লেখ করা হলো :

| বিবরণ | বিপাশা (টাকা) | আশা (টাকা) | সেতু (টাকা) |
|---|---|---|---|
| মূল মজুরি (টাকা) | ৬,০০০ | ৫,০০০ | ৭,০০০ |
| ওভারটাইম (টাকা) | ১,০০০ | ৮০০ | - |
| বাড়িভাড়া ভাতা (মূল বেতনের) | ৪০% | ৫০% | ৪০% |
| চিকিৎসা ভাতা (টাকা) | ৫০০ | ৫০০ | ৫০০ |
| বোনাস (টাকা) | ১,২০০ | ১,০০০ | ১,৪০০ |
| প্রভিডেন্ট ফান্ডে জমা (মূল বেতনের) | ২০% | ২০% | ২০% |
| কল্যাণ তহবিলে দান (টাকা) | ৫০ | ৪০ | ৫০ |
| বেতন হতে অগ্রিম কর্তন (টাকা) | ৫০০ | - | ৬০০ |

ক. শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডে জমার পরিমাণ নির্ণয় কর। ২

খ. বিপাশা, আশা ও সেতুর নিট মজুরির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের মজুরিসংক্রান্ত জাবেদা দাও। ৪

৯ ▸ শ্রুতি লি.-এর ২০২২ সালের এপ্রিল মাসের পণ্য আগমন ও নির্গমনসংক্রান্ত তথ্য নিম্নরূপ :

এপ্রিল ১ প্রারম্ভিক জের ৫০০ একক, প্রতি একক ১৫ টাকা।
" ৩ কারখানায় ইস্যু ২০০ একক।
" ৭ ক্রয় ১,০০০ একক, প্রতি একক ১২ টাকা করে।
" ১০ কারখানার ব্যবহৃত যন্ত্রপাতির অবচয় ধরা হলো ২,০০০ টাকা।
" ১৫ কারখানা থেকে স্টোরে ফেরত ৫০ একক (এপ্রিল ৩ তারিখ ইস্যুকৃত)
" ২০ কারখানায় ইস্যু ৬০০ একক।
" ২৫ কারখানায় বিদ্যুৎ বিল প্রদান ১,৫০০ টাকা।
" ৩০ কারখানায় ইস্যু ২০০ একক।

ক. যেসব দফা মাল খতিয়ান হিসাবে আসবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ভারযুক্ত গড় (Weighted average) পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

গ. উপরিউক্ত তথ্য অনুযায়ী FIFO পদ্ধতিতে মাল খতিয়ান হিসাব প্রস্তুত কর। ৪

১০ ▸ কেয়া কোং লি. বিখ্যাত তিব্বত সাবান উৎপাদন করে। ২০২৩ সালের জুন মাসে প্রতিষ্ঠানটি সাবান উৎপাদন করতে নিম্নরূপ কাঁচামাল সংগ্রহ ও কারখানায় ইস্যু করে :

জুন ১ প্রারম্ভিক মজুদ ১২০ লিটার, প্রতি লিটার ১০ টাকা।
" ৫ ক্রয় ৪০০ লিটার, প্রতি লিটার ১২ টাকা।
" ১০ ইস্যু ২৫০ লিটার, প্রতি লিটার ১৫ টাকা।
" ১৫ ক্রয় ৪০০ লিটার, প্রতি লিটার ১২ টাকা।
" ২০ ইস্যু ৩৫০ লিটার, প্রতি লিটার ১৬ টাকা।
" ২৫ ক্রয় ১০০ লিটার, প্রতি লিটার ১৩ টাকা।
" ৩০ ইস্যু ৩০০ লিটার, প্রতি লিটার ১৮ টাকা।

ক. ইস্যুকৃত মালের একক নির্ণয় কর। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. মোট লাভ অনুপাত নির্ণয় করে মন্তব্যসহ ব্যাখ্যা কর। ৪

১১ ▸ চামেলী লি. এর আর্থিক অবস্থার বিবরণী নিম্নরূপ :

| মূলধন ও দায় | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১,০০,০০০ | যন্ত্রপাতি | ৪০,০০০ |
| সংরক্ষিত মুনাফা | ৫৫,০০০ | মজুদ পণ্য | ১৫,০০০ |
| ১০% ঋণপত্র | ২৫,০০০ | প্রাপ্য হিসাব | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ১৫,০০০ | ইজারা সম্পত্তি | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৫,০০০ | ব্যাংক জমা | ১৫,০০০ |
| আয়কর সঞ্চিতি | ১০,০০০ | নগদ তহবিল | ২০,০০০ |
| | ২,১০,০০০ | | ২,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** প্রারম্ভিক মজুদ পণ্য ২৫,০০০ টাকা, পণ্য ক্রয়ের পরিমাণ ২,৫০,০০০ টাকা, নিট মুনাফা ১৫,০০০ টাকা।

ক. মালিকানাস্বত্বের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও তারল্য অনুপাত নির্ণয় কর। ৪

গ. মজুদ আবর্তন ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : 2 5 4

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▶** সুরমা লিমিটেড কোম্পানির অনুমোদিত মূলধনের পরিমাণ ১০,০০,০০০ টাকা যাহা প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত। ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখে কোম্পানির রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | হিসাবের নাম | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২৪) | ১,৩০,০০০ | শেয়ার মূলধন (প্রতিটি | |
| মজুরি | ২০,০০০ | শেয়ার ১০ টাকা করে | |
| ক্রয় | ১,৫০,০০০ | ৪০,০০০ শেয়ার) | ৪,০০,০০০ |
| বিক্রয় পরিবহন | ১৫,০০০ | লভ্যাংশ সমতাকরণ তহবিল | ১৫,০০০ |
| জাহাজ ভাড়া | ২০,০০০ | বিক্রয় | ২,৭০,০০০ |
| বেতন | ১৫,০০০ | প্রদেয় হিসাব | ১০,০০০ |
| মনিহারি | ১৫,০০০ | আয়কর সঞ্চিতি | ১০,০০০ |
| দফতর খরচ | ১০,০০০ | শিক্ষানবিশ সেলামি | ২০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ | সংরক্ষিত আয় বিবরণীর | |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | উদ্বৃত্ত (১-১-২৪) | ১০,০০০ |
| আয়কর | ২৫,০০০ | | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২৫,০০০ | | |
| রপ্তানি শুল্ক | ১০,০০০ | | |
| মোটর গাড়ি | ১,০০, ০০০ | | |
| প্রাপ্য বিল | ৮০,০০০ | | |
| | ৭,৩৫,০০০ | | ৭,৩৫,০০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ৯০,০০০ টাকা হলেও এর ক্রয়মূল্য ছিল ১,১০,০০০ টাকা; (২) প্রতি মাসে বেতন প্রদানের পরিমাণ ১,০০০ টাকা; (৩) অগ্রিম প্রদত্ত মজুরির পরিমাণ ৫,০০০ টাকা; (৪) প্রদেয় হিসাবের ওপর ৫% বাট্টা সঞ্চিতি রাখতে হবে; (৫) শেয়ার মূলধনের ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৬) লভ্যাংশ সমতাকরণ তহবিল ২৫,০০০ টাকায় উন্নীত করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৪৩,০০০ টাকা ধরে আয় বিবরণী তৈরি কর। ৪

গ. কোম্পানির সংরক্ষিত আয় বিবরণী তৈরি কর। ৪

**২ ▶** রুমা লিমিটেড কোম্পানির ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি ছিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | |
| প্রাপ্য নোট | ৪০,০০০ | |
| প্রাথমিক খরচ | ২০,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২০২৪) | ৭০,০০০ | |
| বিমা সেলামি | ১২,০০০ | |
| যন্ত্রপাতি | ২,৭২,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৬০,০০০ |
| প্রদেয় নোট | | ২৫,০০০ |
| ১০% ঋণপত্র (১-৭-২০২৪) | | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ২০,০০০ |
| শেয়ার মূলধন | | ৩,০০,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-২০২৪) | | ৩০,০০০ |
| বিক্রয় | | ৩,৫০,০০০ |
| বকেয়া বেতন | | ৪,০০০ |
| বেতন | ৪০,০০০ | |
| ভাড়া | ২৪,০০০ | |
| অনাদায়ি পাওনা | ৬,০০০ | |
| প্রদত্ত লভ্যাংশ | ১৫,০০০ | |
| বিক্রীত পণ্যের ব্যয় | ২,০০,০০০ | |
| | ৮,৮৯,০০০ | ৮,৮৯,০০০ |

**অতিরিক্ত তথ্যাবলি :** (১) ঋণপত্রের সুদ অপ্রদত্ত রয়েছে; (২) প্রাথমিক খরচের ২৫% অবলোপন করতে হবে; (৩) প্রাপ্য হিসাবের ৫% আদায়যোগ্য নয়, অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ি পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে; (৪) শেয়ার মূলধনের ৫% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (৫) নিট লাভের ১০% সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর কর।

ক. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কোম্পানির চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. উক্ত তারিখে কোম্পানির সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

**৩ ▶** জামাল, কামাল ও আলাল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-ক্ষতি ২ : ১ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে তাঁদের মূলধন ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা এবং ২,৫০,০০০ টাকা। চুক্তি অনুসারে অংশীদারগণের মূলধন ও নগদ উত্তোলনের উপর ১০% ও ৫% হারে সুদ ধার্য করতে হবে। আলাল সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ৪,০০০ টাকা বেতন পাবে। অংশীদারগণ বছরের মাঝামাঝি সময়ে নগদ উত্তোলন করেন যথাক্রমে ৩০,০০০ টাকা; ৪০,০০০ টাকা ও ৪৮,০০০ টাকা। নগদ উত্তোলন ছাড়াও জামাল ১০,০০০ টাকার পণ্য উত্তোলন করে। কামাল অক্টোবর মাসের ১ তারিখে ৪০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসাবে কারবারে আনয়ন করে। উপরিউক্ত সমন্বয়গুলো বিবেচনার পূর্বে কারবারের নিট মুনাফা হয় ৫,০০,০০০ টাকা।

ক. অংশীদারদের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর। ৪

**৪ ▶** চাঁদ ও তারা একটি অংশীদারি কারবারের দু'জন সমান অংশীদার। ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে তারা যথাক্রমে ১,৬০,০০০ টাকা এবং ১,৪০,০০০ টাকা মূলধন আনয়ন করে কারবার শুরু করেন। চুক্তির শর্তানুযায়ী অংশীদারগণ কারবার থেকে ৫% হারে মূলধনের সুদ পাবেন। সারাবছর ধরে প্রত্যেক অংশীদার কারবার থেকে ৪,০০০ টাকা করে নগদ উত্তোলন করেছেন। এছাড়া চাঁদ কারবার থেকে ১০,০০০ টাকা মূল্যের পণ্যও উত্তোলন করেছেন। নগদ উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। কিন্তু পণ্য উত্তোলনের উপর কোনো সুদ ধার্য হবে না। তারা সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য প্রতি মাসে ৬,০০০ টাকা বেতন পাবে। চাঁদ তারাকে এই মর্মে নিশ্চয়তা দিয়েছে যে বেতন ছাড়াও তার বার্ষিক মুনাফা ৪০,০০০ টাকার কম হবে না। কোনো সমন্বয়সাধন করার পূর্বে বছর শেষে কারবারের মুনাফা দাঁড়ায় ১,৫২,৬০০ টাকা।

ক. চাঁদ ও তারার উত্তোলনের সুদ নির্ণয় কর। ২

খ. লাভ-লোকসান আবণ্টন হিসাব তৈরি কর। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব তৈরি কর। ৪

**৫ ▶** মুন্না কোম্পানি লিমিটেড প্রতিটি ১০০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ার নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানি ৩০,০০০ শেয়ার জনসাধারণের নিকট ইস্যু করে। সকল শেয়ারের আবেদন পাওয়া যায় এবং যথারীতি বণ্টিত হয়।

এছাড়াও কোম্পানি ১২,৫০০ শেয়ার সমমূল্যে ইস্যু করে বিল্ডার্স লি. এর নিকট হতে একটি জমি ক্রয় করে। কোম্পানি অবলেখকের দস্তুরি বাবদ নগদ ইস্যুকৃত শেয়ারের ২% ব্যাংকের মাধ্যমে প্রদান করে।

ক. অবলেখকের দস্তুরীর পরিমাণ নিরূপণ কর। ২

খ. কোম্পানির হিসাব বহিতে জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির বইতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৬ ▸** আব্দুল্লাহ কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারের অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত। কোম্পানি ৫০,০০০ শেয়ার প্রতিটি ৯ টাকা করে জনসাধারণের জন্য ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করল। ৬০,০০০ আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেয়া হলো। অবশিষ্ট শেয়ার যথারীতি বণ্টিত হলো। এছাড়াও ১০,০০০ শেয়ার প্রতিটি ৯ টাকা করে ইস্যু করে কোম্পানির প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করা হলো।

ক. যন্ত্রপাতির মূল্য নির্ণয় কর। ২

খ. কোম্পানির বইতে জাবেদা দাও। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

**৭ ▸** সুরমা লিমিটেড কোম্পানি একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে তাদের উৎপাদন এবং বিক্রয়সংক্রান্ত তথ্যাবলি ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| মজুদ কাঁচামাল (০১-০১-২০২৪) | ২৬,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৮০,০০০ |
| মজুরি ($^২/_৩$ অংশ প্রত্যক্ষ এবং $^১/_৩$ অংশ পরোক্ষ) | ২৪,০০০ |
| ক্রয় পরিবহন | ২,০০০ |
| ভাড়া ও কর ($^৩/_৪$ অংশ কারখানা এবং $^১/_৪$ অংশ অফিস) | ৮,০০০ |
| মজুদ কাঁচামাল ৩১-১২-২০২৪ | ২০,৫০০ |
| কারখানার অন্যান্য ব্যয় | ১৫,০০০ |
| বেতন ($^১/_৫$ অংশ কারখানা, $^২/_৫$ অংশ অফিস এবং $^২/_৫$ অংশ বিক্রয়সংক্রান্ত) | ২০,০০০ |
| শো-রুম খরচ | ৪,৫০০ |
| লাভ মোট ব্যয়ের ওপর ২৫% | |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উৎপাদন/কারখানা ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৫০,০০০ টাকা ধরে আয় বিবরণী প্রস্তুত কর। ৪

**৮ ▸** মনপুরা গ্রুপ-এ ৪ জন শ্রমিক কাজ করে। ঘণ্টাপ্রতি স্বাভাবিক মজুরি পায় ১০ টাকা হারে। অতিরিক্ত কাজের মজুরি পায় স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে। তাছাড়া শ্রমিকরা স্বাভাবিক মজুরির ১০% মহার্ঘভাতা এবং ৫০% বাড়িভাড়া ভাতা ও ১০% যাতায়াত ভাতা। শ্রমিকগণের মজুরি হতে ১০% ভবিষ্যৎ তহবিলে এবং একই হারে বেনাভোলেন্ট তহবিলে কর্তন করা হয়। ফেব্রুয়ারি ২০২৪ সালে শ্রমিকগণ নিম্নোক্ত কার্যঘণ্টা কাজ করেন :

| শ্রমিকদের নাম | স্বাভাবিক কার্যঘণ্টা | অতিরিক্ত কার্যঘণ্টা |
|---|---|---|
| কবির | ৪৮ | ১২ |
| খবির | ৪৮ | ১৫ |
| জমির | ৪৮ | ২০ |
| সমির | ৪৮ | ১০ |

ক. শ্রমিকদের ওভারটাইম মজুরির পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে শ্রমিকদের মোট মজুরি নির্ণয় কর। ৪

গ. ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে শ্রমিকদের নিট মজুরি নির্ণয় কর। ৪

**৯ ▸** হোসাইন কোম্পানি একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০২৪ সালের জুলাই মাসে তাদের কাঁচামালসংক্রান্ত তথ্যাবলি ছিল নিম্নরূপ :

২০২৪

জুলাই ১ প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০০ একক প্রতি একক ৭০ টাকা দরে

" ৩ ক্রয় ২,০০০ একক প্রতি একক ৭১ টাকা দরে

" ৫ ইস্যু ১,২০০ একক

" ৭ ক্রয় ৭,০০০ একক প্রতি একক ৭২ টাকা দরে

" ১১ ইস্যু ২,৫০০ একক

" ১৩ ইস্যু ৩,৭০০ একক

" ২০ ক্রয় ৪,০০০ একক প্রতি একক ৭৩ টাকা দরে

" ২৫ ইস্যু ৩,০০০ একক

ক. সমাপনী মজুদ পণ্যের একক নির্ণয় কর। ২

খ. আগে আসলে আগে যায় (FIFO) পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. ভারযুক্ত গড় পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত কর। ৪

**১০ ▸** বিজয় কোম্পানি লি. এর আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি দেয়া হলো :

**বিজয় কোম্পানি লি.**
আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর, ২০২৪

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ২,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ২,০০,০০০ |
| লাভের রক্ষিত অংশ | ৮০,০০০ | আসবাবপত্র | ৪০,০০০ |
| ১৫% ঋণপত্র | ৫০,০০০ | মজুদ পণ্য | ৭০,০০০ |
| প্রদেয় হিসাব | ৬০,০০০ | প্রাপ্য হিসাব | ৬৫,০০০ |
| প্রদেয় নোট | ২০,০০০ | নগদ তহবিল | ৩০,০০০ |
| | | অগ্রিম খরচ | ৫,০০০ |
| | ৪,১০,০০০ | | ৪,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** প্রারম্ভিক মজুদ পণ্যের পরিমাণ ৮০,০০০ টাকা; মোট লাভের পরিমাণ ৭৫,০০০ টাকা; বিক্রয়ের পরিমাণ ৫,০০,০০০ টাকা যার ৮০% ধারে বিক্রয়।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলতি অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪

গ. বিনিয়োজিত মূলধন আবর্তন এবং মজুদ আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

**১১ ▸** দুর্জয় কোম্পানি লি. এর আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিম্নে দেয়া হলো :

**দুর্জয় কোম্পানি লি.**
আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর, ২০২৪

| দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১০,০০,০০০ | ভূমি ও দালানকোঠা | ৫,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩,০০,০০০ | কলকব্জা | ৩,৫০,০০০ |
| ১২% ঋণপত্র | ১,০০,০০০ | আসবাবপত্র | ৮০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,২০,০০০ | মজুদ পণ্য | ২,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১০,০০০ | প্রাপ্য হিসাব | ৪,০০,০০০ |
| স্বল্পমেয়াদি ঋণ | ১,১৫,০০০ | প্রাপ্য নোট | ৬০,০০০ |
| বকেয়া খরচ | ৫০,০০০ | হাতে নগদ | ১,৩৫,০০০ |
| প্রস্তাবিত লভ্যাংশ | ৩০,০০০ | অগ্রিম খরচ | ১০,০০০ |
| প্রদেয় নোট | ১০,০০০ | | |
| | ১৭,৩৫,০০০ | | ১৭,৩৫,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** উক্ত বছর ধারে ক্রয়ের পরিমাণ ১১,০০,০০০ টাকা; ধারে বিক্রয় ১৫,০০,০০০ টাকা এবং প্রারম্ভিক মজুদ পণ্য ছিল ১,৫০,০০০ টাকা।

ক. গড় মজুদ পণ্যের পরিমাণ নির্ণয় কর। ২

খ. অগ্নি পরীক্ষা অনুপাত ও দায় মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

গ. দেনাদার আবর্তন অনুপাত এবং পাওনাদার আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▸ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগের **দুইটি** এবং খ বিভাগের যেকোনো **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

**১ ▸** ট্রাস্ট কোম্পানি লিমিটেড-এর ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| সরঞ্জাম | ২,০০,০০০ | |
| আসবাবপত্র | ১,৫০,০০০ | |
| শেয়ার মূলধন (২৫,০০০ শেয়ার) | | ২,৫০,০০০ |
| সংরক্ষিত আয় (১-১-২০২৩) | | ৭০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৩,৫৫,০০০ | ৫,৫০,০০০ |
| মজুরি | ২৫,০০০ | |
| বহিঃপরিবহন | ১৮,০০০ | |
| বিজ্ঞাপন | ২৭,০০০ | |
| পণ্য আনয়ন খরচ | ২০,০০০ | |
| বেতন (১৫ মাস) | ৩০,০০০ | |
| বাট্টা | ৫,০০০ | ৬,০০০ |
| উপভাড়া | | ২০,০০০ |
| বিমা সেলামি | ৩৬,০০০ | |
| শেয়ার হস্তান্তর ফি | | ২০,০০০ |
| | ৯,১৬,০০০ | ৯,১৬,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) সমাপনী মজুদের মূল্য ৫০,০০০ টাকা যার মধ্যে আগুনে বিনষ্ট পণ্য ৬,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে। বিমা কোম্পানি ৪,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে; (২) নিট মুনাফার উপর ২০% আয়কর সঞ্চিতি রাখতে হবে; (৩) বিনামূল্যে পণ্য বিতরণ ৩,০০০ টাকা। বিজ্ঞাপনের ৩/৫ অংশ অবলোপন কর; (৪) স্থায়ী সম্পদের উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে; (৫) অগ্রিম বিমা সেলামি ৩ বছরের জন্য প্রদান করা হয়েছে।

ক. বিজ্ঞাপন খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের জন্য মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. মোট মুনাফা ১,৫০,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণীর অবশিষ্টাংশ প্রস্তুত কর। ৪

**২ ▸** মার্ভেল কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধন ২০,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ২,০০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রতিষ্ঠানের রেওয়ামিল নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মেশিন | ৩,০০,০০০ | |
| দালানকোঠা | ১০,৩০,০০০ | |
| লভ্যাংশ সমতাকরণ তহবিল | | ৫০,০০০ |
| আয়কর | ৬০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ৫০,০০০ |
| ১০% বন্ধকি ঋণ | | ৩,০০,০০০ |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ৪০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ১,২০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| ১২% বিনিয়োগ | ৪,০০,০০০ | |
| ব্যাংকে জমা | ৪,৪০,০০০ | |
| সমাপনী মজুদ | ৯০,০০০ | |
| অদাবিকৃত লভ্যাংশ | | ১০,০০০ |
| শেয়ার মূলধন (১,৫০,০০০ শেয়ার) | | ১৫,০০,০০০ |
| নিট মুনাফা (৩১/১২/২০২৩) | | ৩,০০,০০০ |
| সংরক্ষিত আয় (০১/০১/২০২৩) | | ২,২০,০০০ |
| | ২৪,৮০,০০০ | ২৪,৮০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** (১) ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে; (২) প্রাপ্য হিসাবের নিকট হতে ৬,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং ৫% অনাদায়ি পাওনা সঞ্চিতি রাখতে হবে; (৩) ৩০ জুন, ২০২৩ তারিখে বন্ধকি ঋণ পরিশোধ করা হয়েছে ৫০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি; (৪) লভ্যাংশ সমতাকরণ তহবিলে ১৫,০০০ টাকা স্থানান্তর ও ৫,০০০ টাকা দ্বারা কর্মচারী কল্যাণ তহবিল গঠন করতে হবে; (৫) অদাবিকৃত লভ্যাংশের দুই-পঞ্চমাংশ অবলোপন করতে হবে।

ক. সমন্বয় পরবর্তী মোট চলতি সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের জন্য সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে মোট শেয়ার মালিকদের স্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয়পূর্বক প্রদর্শন কর (সমাপনী সংরক্ষিত আয় ২,০০,০০০ টাকা ধরে)। ৪

### খ বিভাগ

**৩ ▸** ফরিদ, কবির ও রাকিব যথাক্রমে ৪,০০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা নিয়ে ১লা জানুয়ারি, ২০২৩ তারিখে একটি অংশীদারি ব্যবসায় আরম্ভ করে। তারা প্রারম্ভিক মূলধন অনুপাতে তাদের লাভ-ক্ষতি বণ্টন করতে চুক্তিবদ্ধ হয়। মূলধন ও উত্তোলনের উপর ১০% হারে সুদ ধার্য করতে হবে। ফরিদ প্রতি মাসে ৩,০০০ টাকা করে বেতন পাবে যা তিনি ব্যবসায় হতে উত্তোলন করেন নি। প্রত্যেক অংশীদার বছরের মাঝামাঝি সময়ে যথাক্রমে ২০,০০০ টাকা, ১৫,০০০ টাকা ও ১০,০০০ টাকা উত্তোলন করেন। এছাড়াও কবির ৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। ১লা জুলাই ২০২৩ তারিখে রাকিব ৫০,০০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ এবং কবির ৮০,০০০ টাকা ঋণস্বরূপ আনয়ন করে। উপরিউক্ত সমন্বয়সমূহ সাধনের পূর্বে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে তাদের নিট মুনাফা ছিল ৪,৫০,০০০ টাকা।

ক. কবিরের ঋণ হিসাব প্রস্তুত কর। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের জন্য লাভ-ক্ষতি আবণ্টন হিসাব প্রস্তুত কর। ৪

গ. ফরিদ ও রাকিবের মূলধন হিসাব প্রস্তুত কর (মুনাফার অংশ : ফরিদ ৭০,০০০ টাকা ও রাকিব ৫০,০০০ টাকা)। ৪

**৪ ▸** সিটি কোম্পানি লিমিটেড ৩০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৩,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি মাহিন ট্রেডার্সের থেকে ২,৫০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ২০,০০০ শেয়ার ইস্যুর মাধ্যমে ক্রয় করে। অবশিষ্ট শেয়ার হতে ১,৫০,০০০ শেয়ার ১০% অধিহারে জনসাধারণের উদ্দেশ্যে আবেদনের জন্য ইস্যু করে। কোম্পানি প্রয়োজনীয় সংখ্যক শেয়ারের আবেদন পায়। জনসাধারণের নিকট শেয়ার ইস্যুর জন্য অবলেখককে শেয়ার প্রতি ০.৬০ টাকা করে কমিশন প্রদান করা হয়।

ক. মোট ইস্যুকৃত শেয়ারের সংখ্যা ও মোট পরিশোধিত মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা প্রস্তুত কর। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

৫ ▸ রায়হান এন্টারপ্রাইজের ২০২৪ সালের এপ্রিল মাসের মজুদ পণ্যসংক্রান্ত নিম্নলিখিত তথ্যসমূহ সংগ্রহ করা হয় :

এপ্রিল ১ প্রারম্ভিক মজুদ ৬০০ একক ৩০ টাকা দরে।
" ৫ ক্রয় ৯০০ একক ৩২ টাকা দরে।
" ৮ ইস্যু ৮০০ একক।
" ১৩ ক্রয় ফেরত ৫০ একক।
" ২০ ক্রয় ৭০০ একক ৩৫ টাকা দরে।
" ২৫ ইস্যু ১,০০০ একক।
" ৩০ বিক্রয় ফেরত ৩০ একক।

ক. সমাপনী পণ্যের একক নির্ণয় কর। ২
খ. আগে আসে আগে যায় পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় একক পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

৬ ▸ কর্ণফুলি কোম্পানি লিমিটেড-এর ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের উদ্বর্তপত্রের তথ্যাবলি নিম্নরূপ :

| মালিকানাস্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| শেয়ার মূলধন | ১২,০০,০০০ | স্থায়ী সম্পদ | ১৩,০০,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩,০০,০০০ | প্রাপ্য হিসাব | ৩,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩,০০,০০০ | প্রাপ্য বিল (স্বল্পমেয়াদি) | ২,০০,০০০ |
| ১০% বন্ড | ৪,০০,০০০ | মজুদ পণ্য | ৪,০০,০০০ |
| আয়কর সঞ্চিতি | ৫০,০০০ | নগদ | ২,৫০,০০০ |
| প্রদেয় হিসাব | ২,০০,০০০ | | |
| | ২৪,৫০,০০০ | | ২৪,৫০,০০০ |

কোম্পানি বিক্রীত পণ্যের ব্যয়ের উপর ২৫% মুনাফার পণ্য বিক্রয় করে। ২০২৪ সালের বিক্রয়ের পরিমাণ ছিল ২৫,৫০,০০০ টাকা (৮০% বাকিতে) প্রারম্ভিক মজুদ পণ্য ছিল ৩,৫০,০০০ টাকা।

ক. মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২
খ. চলতি অনুপাত ও প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত নির্ণয় কর। ৪
গ. মজুদ আবর্তন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় কর। ৪

৭ ▸ নিম্নোক্ত উৎপাদনসংক্রান্ত তথ্যাবলি ইয়াসিন এন্টারপ্রাইজ এর ২০২৩ সালের হিসাব বই হতে নেওয়া হয়েছে :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| কাঁচামালের ব্যয় | ১,৫০,০০০ | অফিস ভাড়া | ৮,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১,৪০,০০০ | অফিস বেতন | ১২,০০০ |
| **প্রারম্ভিক মজুদ :** | | **সমাপনী মজুদ :** | |
| কাঁচামাল | ২০,০০০ | কাঁচামাল | ১৫,০০০ |
| তৈরি পণ্য | ১৮,০০০ | তৈরি পণ্য | ১৪,০০০ |
| চলতি কার্য | ১২,০০০ | চলতি কার্য | ৯,০০০ |
| কারখানার ভাড়া | ১,১৭,০০০ | বিক্রয় পরিবহন | ৪,০০০ |
| ভগ্নাবশেষ বিক্রয় | ১২,০০০ | বিক্রয়কেন্দ্রের ভাড়া | ৮,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৯,০০০ | অন্যান্য বিক্রয় উপরিব্যয় | ৩,০০০ |
| মেশিনের অবচয় | ৫,০০০ | বিক্রয় | ৬,৩০,০০০ |

ক. রূপান্তর ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উৎপাদিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য একটি আয় বিবরণী প্রস্তুত কর (উৎপাদিত পণ্যের ব্যয় ৪,০০,০০০ টাকা ধরে)। ৪

৮ ▸ মাওয়া কোম্পানি লিমিটেড-এর ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের সম্পদ, দায় ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

| মালিকানাস্বত্ব ও দায়সমূহ | টাকা | সম্পদসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় হিসাব | ১,২০,০০০ | নগদ | ১,৭০,০০০ |
| প্রদেয় নোট | ৬০,০০০ | প্রাপ্য নোট | ৫০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৮০,০০০ | অবলেখকের কমিশন | ৬০,০০০ |
| দাবিহীন লভ্যাংশ | ৪০,০০০ | মোটর গাড়ি | ৬,৭০,০০০ |
| শেয়ার মূলধন | ৬,৮০,০০০ | মজুদ পণ্য | ১,০০,০০০ |
| সংরক্ষিত আয় | ৩,৫০,০০০ | প্রাপ্য হিসাব | ২,৫০,০০০ |
| | | অগ্রিম বিমা সেলামি | ৩০,০০০ |
| | ১৩,৩০,০০০ | | ১৩,৩০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :** মোট বিক্রয় ১০,০০,০০০ টাকা যার ৬০% বাকিতে, বিক্রীত পণ্যের ব্যয় ৫,৮০,০০০ টাকা, পরিচালন ব্যয় ১,০০,০০০ টাকা এবং আয়করের হার ২৫%।

ক. করপরবর্তী নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ২
খ. দ্রুত অনুপাত ও কার্যকরী মূলধন অনুপাত নির্ণয় কর। ৪
গ. সুদ ও করপূর্ববর্তী বিনিয়োজিত মূলধন অনুপাত ও দায়-মোট সম্পদ অনুপাত নির্ণয় কর। ৪

৯ ▸ বি, আর, বি. কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ৬,০০,০০০ টাকা যা প্রতিটি ১০ টাকা মূল্যের ৬০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৬০% শেয়ার ৫% অবহারে ইস্যু করে। ৪০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেওয়া হলো। এছাড়াও কোম্পানি প্রাথমিক খরচ বাবদ ২০,০০০ টাকা পরিশোধ করে।

ক. শেয়ার প্রতি অবহার ও মোট শেয়ার অবহারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

১০ ▸ লাবিব ট্রেডার্স-এর ২০২৪ সালের এপ্রিল মাসের মজুদ পণ্যসংক্রান্ত নিম্নলিখিত তথ্যসমূহ সংগ্রহ করা হয় :

এপ্রিল ১ প্রারম্ভিক মজুদ ৫০০ একক ১০ টাকা দরে।
" ৭ প্রাপ্তি ১,০০০ একক ১২ টাকা দরে।
" ১১ ইস্যু ৯০০ একক।
" ১৮ প্রাপ্তি ৪০০ একক ১৩ টাকা দরে।
" ২৪ ইস্যু ৩০০ একক।
" ৩০ সমাপনী মজুদ ৬০০ একক।

ক. ঘাটতি মজুদের একক নির্ণয় কর। ২
খ. FIFO পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪
গ. ভারযুক্ত গড় একক পদ্ধতিতে মজুদ খতিয়ান প্রস্তুত কর। ৪

১১ ▸ রাজিব ও সজিব একটি প্রতিষ্ঠানের দুইজন কর্মচারী। ৩০ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে তাদের বেতনসংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

| বিবরণ | রাজিব | সজিব |
|---|---|---|
| মূল বেতন | ৬০,০০০ টাকা | ৫০,০০০ টাকা |
| বাড়িভাড়া ভাতা | ৫৫% | ৫৫% |
| মহার্ঘ্য ভাতা | ২০% | ২০% |
| ওভারটাইম | ১০ ঘণ্টা | ১৫ ঘণ্টা |
| মেডিকেল ভাতা | ১,৫০০ টাকা | ১,৫০০ টাকা |
| অনুমোদিত প্রভিডেন্ট ফান্ড | ১০% | ১০% |
| অগ্রিম বেতন | ২,০০০ টাকা | – |
| যৌথ বিমা (সর্বোচ্চ ২,৫০০ টাকা) | ৫% | ৫% |

উক্ত মাসের স্বাভাবিক কর্মঘণ্টা ছিল ২০০ ঘণ্টা। ওভারটাইম বেতনের হার স্বাভাবিক বেতনের দ্বিগুণ।

ক. ওভারটাইম বেতনের পরিমাণ নির্ণয় কর। ২
খ. আংশিক বেতন বিবরণী প্রস্তুত করে উভয় কর্মচারীর মোট উপার্জনের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. আংশিক বেতন বিবরণী প্রস্তুত করে উভয় কর্মচারীর মোট কর্তনের পরিমাণ নির্ণয় কর। ৪

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : | 2 | 5 | 4 |

সময়–৩০ মিনিট

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারি ব্যবসায় কোন ব্যবসায়ের অনুরূপ?**
K সমবায় সমিতি  L কোম্পানি
M একমালিকানা  N রাষ্ট্রীয়

**২. চুক্তি অনুল্লেখ থাকলে কত হারে অংশীদারি কারবারের অংশীদারদের ঋণের ওপর সুদ ধার্য হবে?**
K ৭% হারে  L ব্যাংক হারে
M ৯% হারে  N ৬% হারে

**৩. অংশীদারগণের চলতি হিসাবে ক্রেডিট করা হয়–**
i. অংশীদারগণের বেতন, পণ্য উত্তোলন
ii. মূলধনের সুদ, মুনাফার অংশ
iii. অংশীদারগণের কমিশন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
সেন্টু ও রিন্টু যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করেন। সেন্টু কারবার পরিচালনার জন্য মাসিক ২,৫০০ টাকা বেতন পাবে। চুক্তিপত্রের মূলধনের ওপর ১০% সুদ ধরতে হবে। হিসাব বছর শেষে উপরিউক্ত সমন্বয়সাধনের পূর্বে কারবারে মুনাফা ছিল ১,৫০,০০০ টাকা।

**৪. অংশীদারগণের মূলধনের সুদের সমষ্টি কত?**
K ২০,০০০ টাকা  L ৩০,০০০ টাকা
M ৫০,০০০ টাকা  N ৬০,০০০ টাকা

**৫. উক্ত ব্যবসায়ের বণ্টযোগ্য মুনাফা কত হবে?**
K ৬০,০০০ টাকা  L ৭০,০০০ টাকা
M ৯০,০০০ টাকা  N ১,২০,০০০ টাকা

**৬. শেয়ার বাজারের সাথে সম্পৃক্ত BO Account শব্দের সঠিক পূর্ণরূপ কোনটি?**
K Beneficiary Owners Account
L Beneficiary Owned Account
M Beneficiary Outlets Account
N Beneficiary Opening Account

**৭. কোনটিকে কোম্পানির সনদ বলা হয়?**
K পরিমেল বন্ধ  L পরিমেল নিয়মাবলি
M নিবন্ধনপত্র  N শেয়ার সার্টিফিকেট

**৮. আশা কোম্পানির অনুমোদিত মূলধন ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার। ইস্যুকৃত মূলধনের পরিমাণ ৯০% এবং বিলিকৃত মূলধনের পরিমাণ ইস্যুকৃত মূলধনের ৭০% হলে বিলিকৃত মূলধনের পরিমাণ কত টাকা?**
K ২,০০,০০০ টাকা  L ১,৮০,০০০ টাকা
M ১,৪০,০০০ টাকা  N ১,২৬,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
মিতা লি. ২০২৩ সালের জানুয়ারি ১ তারিখে ১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ১০% অবহারে ১,৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য প্রচারপত্র বিলি করেন। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো।

**৯. শেয়ার অবহারের পরিমাণ কত?**
K ৪,০০,০০০ টাকা  L ২,৫০,০০০ টাকা
M ১,৫০,০০০ টাকা  N ১,০০,০০০ টাকা

**১০. শেয়ার অবহারের ফলে কোম্পানি–**
i. চলতি সম্পদ হ্রাস পাবে
ii. মূলধনীয় ক্ষতি বৃদ্ধি পাবে
iii. মালিকানাস্বত্ব প্রভাবিত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১১. আয় বিবরণী থেকে সর্বশেষ প্রাপ্ত ফলাফল কোনটি?**
K মোট আয়  L নিট লাভ বা ক্ষতি
M মোট লাভ  N মোট লাভ বা ক্ষতি

**১২. যৌথমূলধনী কোম্পানিতে মালিকানাস্বত্বের অংশ হচ্ছে–**
i. শেয়ার মূলধন  ii. সঞ্চিতি ও উদ্বৃত্ত
iii. সংরক্ষিত আয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১৩. বিজ্ঞাপন খরচের ১/4 অংশ অবলোপন করা হলে (রেওয়ামিলে বিজ্ঞাপন ৪,০০০ টাকা) আর্থিক অবস্থার বিবরণীতে বিজ্ঞাপনের জের কত টাকা দেখাতে হবে?**
K ১,০০০ টাকা  L ২,০০০ টাকা
M ৩,০০০ টাকা  N ৪,০০০ টাকা

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
সুজন লিমিটেড-এর রেওয়ামিলে সুনাম ১,০০,০০০ টাকা এবং শেয়ার অধিহার ৮০,০০০ টাকা দেওয়া আছে। সমন্বয়ে বলা হয়েছে শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে।

**১৪. আর্থিক অবস্থার বিবরণীতে এর প্রভাব কী হবে?**
K স্থায়ী সম্পদ ৮০,০০০ টাকা কমবে
L চলতি সম্পদ ৮০,০০০ টাকা কমবে
M দীর্ঘমেয়াদি ৮০,০০০ টাকা কমবে
N সঞ্চিতি ৮০,০০০ টাকা বৃদ্ধি পাবে

**১৫. সুনামের টাকা শেয়ার অধিহার দ্বারা অবলোপনের পর অবশিষ্ট সুনামের টাকা চলতি বছরের মুনাফা দ্বারা অবলুপ্ত করলে–**
i. পরিচালন ব্যয় ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. নিট মুনাফা ২০,০০০ টাকা কমবে
iii. সম্পদ ও দায় উভয় পাশে ২০,০০০ টাকা কমবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**১৬. অগ্নিপরীক্ষা অনুপাতের আদর্শমান কত?**
K ১ : ২  L ২ : ১
M ১ : ১  N ১.৭৫ : ১

**১৭. একটি ফার্মের চলতি দায় ৫০,০০০ টাকা ও চলতি অনুপাত ২.২ : ১ হলে, চলতি সম্পদের পরিমাণ কত?**
K ২৫,০০০ টাকা  L ৫০,০০০ টাকা
M ১,০০,০০০ টাকা  N ১,১০,০০০ টাকা

**১৮. মূলধন গিয়ারিং অনুপাত হলো–**
K ব্যবসায় কার্যকলাপ অনুপাত
L তারল্য অনুপাত
M সচ্ছলতা অনুপাত
N মুনাফা অর্জন ক্ষমতা অনুপাত

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
রহিম লি.-এর আর্থিক বিবরণীর কয়েকটি দফা নিম্নরূপ : বিক্রয় ২,০০,০০০ টাকা, মোট আয় ৮০,০০০ টাকা, নিট আয় ৪০,০০০ টাকা ও দেনাদার ৪০,০০০ টাকা।

**১৯. নিট আয়ের হার কত?**
K ১৫%  L ১৭%
M ১৭.৭৮%  N ২০%

**২০. দেনাদার আবর্তন অনুপাত কত?**
K ৩ বার  L ৪ বার
M ৫ বার  N ৬ বার

**২১. উপাদান ব্যয় হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য কোনটি?**
K আয়কর নির্ধারণ  L বিক্রয়মূল্য নির্ধারণ
M ব্যয় নির্ধারণ  N মুনাফা নির্ধারণ

**২২. নিচের কোনটি কারখানা ব্যয় নির্দেশ করে?**
K মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় + প্রশাসনিক উপরি ব্যয়
L মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় + চলতি কার্য
M শ্রম ব্যয় + কারখানা উপরিব্যয়
N মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয়

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
সেতু লিমিটেড ঔষধ উৎপাদনে নিয়োজিত। কোম্পানির ব্যবহৃত কাঁচামাল ২,০০,০০০ টাকা, মজুরি ৮০,০০০ টাকা এবং কারখানার উপরিখরচ মজুরির ৫০%।

**২৩. কোম্পানির মুখ্য ব্যয় কত?**
K ২,০০,০০০ টাকা  L ২,৪০,০০০ টাকা
M ২,৮০,০০০ টাকা  N ৩,২০,০০০ টাকা

**২৪. কোম্পানির কারখানা ব্যয় কত?**
K ২,০০,০০০ টাকা  L ২,৪০,০০০ টাকা
M ২,৮০,০০০ টাকা  N ৩,২০,০০০ টাকা

**২৫. বেতন বিবরণীর উপাদানসমূহের মধ্যে কর্তন হলো–**
i. বোনাস
ii. ভবিষ্যৎ তহবিল
iii. কল্যাণ তহবিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

**২৬. প্রভিডেন্ট ফান্ডে কর্মীর দান মূল বেতনের ১০%; নিয়োগকর্তার দান ১০% হলে কর্তনের দিকে মূল বেতনের শতকরা কত টাকা লিখতে হবে?**
K ২০%  L ১০%
M ৬%  N ৫%

**২৭. FOB-এর পূর্ণরূপ কোনটি?**
K Free on Bill  L Free on Board
M Free on Boat  N Fees on Board

**২৮. মজুদ এক প্রকার–**
i. চলতি সম্পদ
ii. স্থায়ী সম্পদ
iii. স্পর্শনীয় সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii  M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
রেনুয়ারা লি. এর কাঁচামালের প্রারম্ভিক মজুদ প্রতি কেজি ১৫ টাকা দরে ২০ কেজি, প্রতি কেজি ১৬ টাকা দরে ২৫০ কেজি ক্রয় এবং ইস্যুর পরিমাণ ২২৫ কেজি। কোম্পানি FIFO পদ্ধতিতে কাঁচামাল ইস্যু করে।

**২৯. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ কত?**
K ২২ কেজি  L ২৫ কেজি
M ৪৫ কেজি  N ৬৭ কেজি

**৩০. FIFO পদ্ধতিতে ইস্যুকৃত কাঁচামালের মূল্য কত?**
K ৩,৩৭৫ টাকা  L ৩,৫৮০ টাকা
M ৩,৬০০ টাকা  N ৪,০০০ টাকা

# এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : | 2 | 5 | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **অংশীদারের মূলধন হিসাব সংরক্ষণ পদ্ধতি কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

২. **চুক্তির অনুপস্থিতিতে অংশীদারদের লাভ ক্ষতি বন্টনের হার হবে—**
K মূলধন অনুপাতে
L সমান হারে
M চলতি হিসাব অনুপাতে
N উত্তোলন অনুপাতে

৩. **যৌথমূলধনী কোম্পানির শেয়ার প্রধানত কত প্রকার?**
K ৫ প্রকার L ৪ প্রকার
M ৩ প্রকার N ২ প্রকার

৪. **অংশীদারদের চলতি হিসাবে কোন উপাদানটি অন্তর্ভুক্ত হয় না?**
K উত্তোলন L উত্তোলনের সুদ
M মূলধন N অংশীদারদের বেতন

৫. **উত্তোলন ব্যয় হলো একটি—**
K পরিচালন ব্যয়
L অপরিচালন ব্যয়
M প্রত্যক্ষ ব্যয়
N মূলধন সংগ্রহ সংক্রান্ত ব্যয়

৬. **শেয়ার অবহারের সর্বোচ্চ হার হলো—**
K ৯% L ১০%
M ১১% N ১২%

৭. **উৎপাদন ব্যয় নির্ধারণের কলাকৌশলকে কী বলা হয়?**
K Cost Accounting L Posting
M Costing N Operating Cost

৮. **নিট মজুদ পদ্ধতিতে বিক্রয় ফেরতের কয়টি জাবেদা দাখিলা আবশ্যক?**
K একটি L দুইটি
M তিনটি N চারটি

৯. **বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয়ের কোন দফাটি আসে না?**
K ক্রয় L মজুরি
M ক্রয় পরিবহন N রপ্তানি শুল্ক

১০. **কার্যকরী মূলধন বলতে বোঝায়—**
K বিনিয়োজিত মূলধন
L মূলধন বাদ উত্তোলন
M চলতি সম্পত্তি বাদ চলতি দায়
N স্থায়ী সম্পত্তি বাদ চলতি দায়

১১. **উত্তম অংশীদারি চুক্তিপত্র হচ্ছে—**
i. লিখিত
ii. মৌখিক
iii. নিবন্ধিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১২. **সাধারণ শেয়ারের বৈশিষ্ট্য হলো এর মালিকগণ—**
i. লভ্যাংশ পরে পায়
ii. নির্দিষ্ট হারে লভ্যাংশ পায়
iii. পরিচালক নির্বাচনে অংশ নিতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :
আমিন লিমিটেডের ২০২১ সালের বিক্রয়ের পরিমাণ ৩ লক্ষ টাকা, পরিচালন ব্যয় ও অপরিচালন আয়ের পরিমাণ যথাক্রমে ২৫ হাজার টাকা ও ৫ হাজার টাকা। কোম্পানির বিক্রয়ের উপর মোট লাভের হার ২৫%।

১৩. **বিক্রীত পণ্যের ব্যয়ের পরিমাণ কত টাকা?**
K ৩,০০,০০০ L ২,৭৫,০০০
M ২,৫০,০০০ N ২,২৫,০০০

১৪. **কোম্পানির করপূর্ব মুনাফার পরিমাণ কত?**
K ৭৫,০০০ L ৫৫,০০০
M ৫০,০০০ N ৪৫,০০০

১৫. **একটি প্রতিষ্ঠানের প্রারম্ভিক ও সমাপনী মজুদের পরিমাণ যথাক্রমে ১০,০০০ এবং ২৪,০০০ টাকা। নিট ক্রয়ের পরিমাণ ৭০,০০০ টাকা হলে বিক্রীত পণ্যের ব্যয় কত টাকা?**
K ৮০,০০০ L ৭০,০০০
M ৬০,০০০ N ৫৬,০০০

১৬. **কাঁচামাল ব্যয় ২০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৬,০০০ টাকা, রূপান্তর ব্যয় ৪২,০০০ টাকা হলে কারখানা উপরিব্যয় কত টাকা?**
K ১৬,০০০ L ২৬,০০০
M ৩৬,০০০ N ৫৮,০০০

১৭. **উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান সফলভাবে ব্যবহার করা যায়—**
i. পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে
ii. পণ্য ক্রয়বিক্রয়কারী প্রতিষ্ঠানে
iii. সেবাদানকারী প্রতিষ্ঠানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

১৮. **চলতি দায়ের অন্তর্ভুক্ত বিষয় হলো—**
i. অগ্রিম প্রাপ্ত আয়
ii. লভ্যাংশ
iii. ব্যাংক জমাতিরিক্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
হাবিব কোম্পানির মজুদ পণ্য আছে ২০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ২৪,০০০ টাকা; হাতে নগদ ২৮,০০০ টাকা; বিবিধ পাওনাদার ১৫,০০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন ২১,০০০ টাকা।

১৯. **কোম্পানির চলতি সম্পদের পরিমাণ কত টাকা?**
K ৭২,০০০ L ৫২,০০০
M ৪৮,০০০ N ২৮,০০০

২০. **কোম্পানির চলতি মূলধনের পরিমাণ কত টাকা?**
K ২১,০০০ L ৩৬,০০০
M ৪১,০০০ N ৪৩,০০০

২১. **মোট মজুরি ও মোট বেতন হতে কর্তন করা হয়—**
i. ভবিষ্যৎ তহবিলে কর্মীর দান
ii. ভবিষ্যৎ তহবিলে নিয়োগকর্তার দান
iii. কল্যাণ তহবিলে কর্মীর দান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২২. **একজন অংশীদার প্রতি মাসের শুরুতে ৫,০০০ টাকা করে কারবার হতে উত্তোলন করে উত্তোলনের সুদের হার ১০% হলে তার উত্তোলনের উপর বার্ষিক সুদের পরিমাণ কত টাকা?**
K ৩,০০০ L ৩,২৫০
M ৩,৫০০ N ৩,৭৫০

২৩. **নিচের কোনটি পরিচালন ব্যয় নয়?**
K ঋণের সুদ L বেতন
M অফিস ভাড়া N বিজ্ঞাপন ব্যয়

২৪. **শেয়ার অবহার অবলোপন অন্তর্ভুক্ত হয়—**
K উদ্বৃত্তপত্রের সম্পদ অংশে
L উদ্বৃত্তপত্রের দায় অংশে
M আয় বিবরণীতে
N সংরক্ষিত আয় বিবরণীতে

২৫. **মজুদ পণ্যের ব্যয় নির্ধারণ যে সকল উপাদানের উপর প্রভাব পড়ে, তা হলো—**
i. আয় বিবরণীর উপাদান
ii. করের উপর
iii. উদ্বৃত্তপত্রের উপাদানে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২৬. **কোনটি প্রত্যক্ষ খরচ নয়?**
K মজুরি L কর্মচারীর বেতন
M আমদানি শুল্ক N আন্তঃপরিবহন

২৭. **নিচের কোনটি নিট লাভের বণ্টন নয়?**
K লভ্যাংশ প্রদান
L আয়কর প্রদান
M সঞ্চিতি তহবিলে স্থানান্তর
N ঋণের সুদ প্রদান

২৮. **রূপান্তর ব্যয়ের অন্তর্ভুক্ত থাকে—**
K কাঁচামাল ও মজুরি
L মজুরি ও কারখানা উপরিব্যয়
M মজুরি ও বিক্রয় ব্যয়
N মজুরি ও অফিস উপরিব্যয়

২৯. **বিক্রয় বাট্টা নিচের কোন জাতীয় হিসাব?**
K রেভিনিউ হিসাব
L দায় হিসাব
M খরচ হিসাব
N কন্ট্রা রেভিনিউ হিসাব

৩০. **কোম্পানি আইন ১৯৯৪ এর কোন ধারায় তফসিল ১১ অন্তর্ভুক্ত আছে?**
K ১৮৩ ধারা L ১৮৪ ধারা
M ১৮৫ ধারা N ১৮৬ ধারা

SURE SUCCESS

# এক্সক্লুসিভ মডেল টেস্ট

বিষয় কোড : | 2 | 5 | 4 |

## হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. অংশীদারগণ প্রতি মাসের শুরুতে নির্দিষ্ট পরিমাণ অর্থ উত্তোলন করলে উত্তোলনের উপর কত মাসের সুদ ধরতে হবে?**
K ৫.৫ মাসের L ৬ মাসের
M ৬.৫ মাসের N ১২ মাসের

**২. লাভ-লোকসান আবন্টন হিসাবের উদ্বৃত্ত কোথায় স্থানান্তর করা হয়?**
K লাভ-লোকসান হিসাবে
L আর্থিক বিবরণীতে
M মূলধন বা চলতি হিসাবে
N স্থিতিশীল মূলধন হিসাবে

**৩. একটি অংশীদারি কারবারের কমিশন চার্জ পূর্ব নিট মুনাফা ১,১০,০০০ টাকা। কমিশন চার্জ পরবর্তী নিট মুনাফার হার ১০% হলে, কমিশনের পরিমাণ কত?**
K ২২,০০০ টাকা L ১২,২২২ টাকা
M ১১,০০০ টাকা N ১০,০০০ টাকা

**৪. অংশীদারি কারবারে অংশীদারদের মধ্যে কোন অনুপাতে লাভ-লোকসান বণ্টিত হয়?**
K চুক্তি অনুযায়ী L মুনাফা অনুযায়ী
M আয় অনুযায়ী N সমানুপাতে

**৫. মোট মূলধনের ক্ষুদ্র ক্ষুদ্র অংশকে কী বলে?**
K লগ্নি L শেয়ার
M ঋণপত্র N বন্ড

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
'ক', 'খ' ও 'গ' একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তাদের মুনাফা বণ্টনের অনুপাত যথাক্রমে ৩ : ২ : ১ এবং বণ্টনযোগ্য মুনাফা ১,২০,০০০ টাকা। 'ক' ও 'গ' 'খ' কে এই মর্মে নিশ্চয়তা প্রদান করে যে, 'খ' এর লাভের অংশ ৫০,০০০ টাকার কম হবে না।

**৬. 'ক' এর মুনাফার অংশ কত টাকা?**
K ৮০,০০০ L ৬০,০০০
M ৪০,০০০ N ২০,০০০

**৭. নিশ্চয়তা অনুসারে অংশীদার 'খ'–**
i. 'ক' এর নিকট থেকে অতিরিক্ত মুনাফা পাবে ৭,৫০০ টাকা
ii. 'গ' এর নিকট থেকে অতিরিক্ত মুনাফা পাবে ২,৫০০ টাকা
iii. 'খ' এর ঘাটতি মুনাফা 'ক' ও 'গ' যথাক্রমে ১ : ৩ অনুপাতে প্রদান করবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়ের দায় গ্রহীতাকে বলে–**
K প্রতিনিধি L দালাল
M অবলেখক N বিক্রয়কর্মী

**৯. শেয়ারহোল্ডারদেরকে প্রদত্ত মুনাফার অংশকে কী বলা হয়?**
K সুদ L কমিশন
M দালালি N লভ্যাংশ

**১০. আবীর কোং লি. এর অনুমোদিত মূলধন ১০ টাকা করে ৫,০০,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৮০% শেয়ার ১০% অবহারে ইস্যু করে। এখানে ইস্যুকৃত শেয়ারের সংখ্যা কত?**
K ৪০,০০০ L ৫০,০০০
M ৪,০০,০০০ N ৫,০০,০০০

**১১. লাভ-লোকসান বণ্টন হিসাবে ডেবিট হবে–**
i. অংশীদারদের কমিশন
ii. মূলধনের সুদ এবং বেতন
iii. উত্তোলনের সুদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. কোম্পানি আইন অনুযায়ী শেয়ার অবহারের সর্বোচ্চ হার কত?**
K ৫% L ১০% M ১৫% N ২০%

**১৩. রাতুল এন্ড কোম্পানির ২০২১ সালের ৩১ ডিসেম্বর তারিখে করপরবর্তী মুনাফা ১,০০,০০০ টাকা, করের হার ৫০% হলে করপূর্ববর্তী মুনাফা কত?**
K ৫০,০০০ টাকা L ৭৫,০০০ টাকা
M ১,৫০,০০০ টাকা N ২,০০,০০০ টাকা

**১৪. ১০% সুদে ১২ বছরের জন্য সঞ্চয়পত্র ক্রয় করা হলো– এটি কোন ধরনের সম্পত্তি?**
